| পাকিস্তান                        | ৭.৪  | ৮.৬  | ৪.৫               | ৪.৭               |

প = প্রক্ষেপণ

উৎস : ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক, অক্টোবর ২০১৫।

চার্ট ৩.৭ খাতভিত্তিক মজুরি হার সূচকের গতিধারা (ভিত্তি : অর্থবছর ১১=১০০)






## গণ I FY

### গণ I FY bWZi tKŠkj MZ Ae`wb

৪.১ অর্থবছর ১৫-এ বাংলাদেশ ব্যাংক সতর্কতামূলক কিন্তু প্রবৃদ্ধিবান্ধব মুদ্রানীতি অনুসরণ করে। অভীষ্ট প্রবৃদ্ধি অর্জন করার পাশাপাশি মূল্যস্ফীতি এবং সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা ছিল মুদ্রানীতির মূল উদ্দেশ্য। অভ্যন্তরীণ অর্থনৈতিক অবস্থা এবং বৈশ্বিক অর্থনীতির প্রেক্ষাপট (outlook) বিবেচনায় রেখে বাংলাদেশ ব্যাংক মুদ্রা প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। বাংলাদেশ ব্যাংক অন্তর্ভুক্তিমূলক এবং পরিবেশবান্ধব টেকসই অর্থনৈতিক কর্মকাণ্ডে ঋণ যোগানের জন্য দেশের আর্থিক খাতকে নিয়োজিত রেখেছে। মে ২০১৫-এ গড় বার্ষিক মূল্যস্ফীতিকে লক্ষ্যমাত্রা শতকরা ৬.৫ ভাগে নামিয়ে আনা সম্ভব হয়েছে, যা জুন ২০১৫-এ পুনরায় হ্রাস পেয়ে শতকরা ৬.৪ ভাগে দাঁড়ায়। জুন ২০১৫-এ পয়েন্ট-টু-পয়েন্ট মূল্যস্ফীতি শতকরা ৬.২৫ ভাগে দাঁড়ায়। অর্থবছর ১৫-এ জিডিপি প্রবৃদ্ধি শতকরা ৬.৫১ ভাগে দাঁড়ায়, যা অর্থবছর ১৪-এর প্রবৃদ্ধি শতকরা ৬.০৬ ভাগের চেয়ে অনেক বেশি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রক্ষেপিত শতকরা ৬.৫-৬.৮ ভাগ ব্যাপ্তির মধ্যে সীমিত ছিল; যদিও জাতীয় বাজেট ২০১৫ এর প্রাথমিক প্রক্ষেপণের চেয়ে কম ছিল। বিগত কয়েক বছর ধরে বৈশ্বিক উৎপাদন প্রবৃদ্ধির ধারা থেকে অনেকটা উচ্চতর অভ্যন্তরীণ দেশজ উৎপাদন প্রবৃদ্ধির হার বজায় থাকায় অর্থবছর ১৫-এ বাংলাদেশ দু'টি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করতে সমর্থ হয়েছে- যার একটি হলো: নিম্ন আয়ের অর্থনীতির দেশের গ্রুপ হতে নিম্ন মধ্যম আয়ের দেশে উত্তরণ এবং অন্যটি হলো ওইসিডি (OECD) দেশগুলোর রপ্তানি অর্থায়ন পাওয়ার উপযুক্ততার মানে গ্রুপ ৫ এ উন্নীত হয়ে দক্ষিণ এশিয়ায় ভারত ছাড়া অন্য সবগুলো দেশের চেয়ে অগ্রসর। স্থিতিশীল অর্থনীতির প্রেক্ষাপটে (stable economic outlook) বাংলাদেশ পর্যায়ক্রমিকভাবে ষষ্ঠবারের মতো সতর্কতামূলক রেটিং এজেন্সি Moody কর্তৃক Ba3 এবং Standard & Poor



কর্তৃক BB- অর্জন করে। স্থিতিশীল প্রকৃত জিডিপি প্রবৃদ্ধি এবং বৈদেশিক ভারসাম্যে শক্তিশালী অবস্থান বাংলাদেশকে প্রথমবারের মতো স্থিতিশীল অর্থনীতির প্রেক্ষাপট হিসেবে Fitch Ratings কর্তৃক BB- পেতে সহায়তা করে। এ সকল অর্জন ছাড়াও সুদৃঢ় সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা, বৈদেশিক মুদ্রার রিজার্ভে প্রবৃদ্ধি এবং হ্রাসমান দারিদ্র্যের হার অর্থবছর ১৫-এ বজায় থাকে, যা অর্থনীতির প্রবৃদ্ধিকে একটি উচ্চতর পথে (higher trajectory) স্থানান্তর করে।

৪.২ বাংলাদেশ ব্যাংকের মুদ্রা ও আর্থিক নীতিমালা উৎপাদনশীল কার্যক্রমসমূহে অর্থায়নের উদ্দেশ্যে সহযোগিতা দিয়ে যাচ্ছে। বাংলাদেশ ব্যাংকের রপ্তানি উন্নয়ন অর্থায়ন তহবিলের (ইডিএফ) দুই বিলিয়ন মার্কিন ডলার থেকে রপ্তানি খাত সাশ্রয়ী সুদহারে বৈদেশিক মুদ্রায় অর্থায়ন পাচ্ছে। পোশাক শিল্পের আনুষঙ্গিক উপকরণ (accessories) রপ্তানিকারকদের জন্য একক ঋণ গ্রহীতার সীমা ১ মিলিয়ন মার্কিন ডলার থেকে ২ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীতকরণের পাশাপাশি ইডিএফ এর আওতায় কাঁচা সূতা ও অন্যান্য তন্তু আমদানির জন্য ঋণ সুবিধা ১০ মিলিয়ন মার্কিন ডলার থেকে ১৫ মিলিয়ন

মার্কিন ডলারে বর্ধিত করা হয়েছে। এছাড়া buyer's credit এর আওতায় ছয় মাসের অনধিক মেয়াদি ঋণের জন্য বিলম্ব আমদানি পরিশোধের সীমা ৫০০০০০ মার্কিন ডলার থেকে ১০০০০০০ মার্কিন ডলারে বর্ধিত করা হয়েছে। বিনিয়োগ প্রণোদনা হিসেবে বিদেশি বিনিয়োগকারীদের স্থানীয় ব্যাংক থেকে মেয়াদি ঋণ গ্রহণ এবং মূল কোম্পানি থেকে সুদমুক্ত চলতি মূলধন ঋণ গ্রহণের অনুমোদন দেয়া হয়েছে। রপ্তানিকারক নয় এমন উৎপাদন উদ্যোগগুলোও মূলধন যন্ত্রপাতি উৎপাদনের উপকরণাদি আমদানির জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদি ব্যয়সাশ্রয়ী বৈদেশিক মুদ্রায় অর্থায়ন আহরণের সুযোগ পাচ্ছে। মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি আকারের উৎপাদন উদ্যোগসমূহ এবং পরিবেশবান্ধব উৎপাদন প্রক্রিয়া অবলম্বন প্রকল্পে অর্থায়নের বিপরীতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশ ব্যাংক থেকে ব্যয়সাশ্রয়ী পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ সুবিধা পাচ্ছে। বিশ্বব্যাংকের আর্থিক সহায়তা সমর্থিত আইপিএফএফ প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক অবকাঠামো খাতে দীর্ঘমেয়াদি ঋণের বিপরীতে ব্যয়সাশ্রয়ী পুনঃঅর্থায়ন যোগান দিচ্ছে। কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্পসমূহ, ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহ, নবায়নযোগ্য শক্তি এবং পরিবেশবান্ধব উদ্যোগসমূহে অর্থায়নের বিপরীতে ইসলামি ব্যাংকসমূহ এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পুনঃঅর্থায়নের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকে “ইসলামী পুনঃঅর্থায়ন ফান্ড একাউন্ট” খোলা হয়েছে। ইসলামি ব্যাংকগুলোর তারল্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে প্রফিট শেয়ারিং অনুপাত অনুযায়ী ৩-মাস এবং ৬-মাস মেয়াদি ইসলামি ইনভেস্টমেন্ট বন্ড ১ জানুয়ারি ২০১৫ হতে চালু হয়েছে। মুদ্রানীতির ট্রান্সমিশন চ্যানেল হিসেবে আর্থিক বাজারকে শক্তিশালীকরণের লক্ষ্যে ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিরীক্ষা ও নিয়ন্ত্রণ, জবাবদিহিতা এবং স্বচ্ছতার উপর বিশেষ গুরুত্ব আরোপসহ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ প্রদান ও ঋণ আদায় শৃংখলায় বাংলাদেশ ব্যাংকের নজরদারি বিশেষভাবে জোরদার করা হয়েছে।

মূল্যস্ফীতির নিম্নগামিতার সাথে সামঞ্জস্য রেখে ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানত গ্রহণ ও ঋণ প্রদানের সুদহার কমে এসেছে। আমানত ও আগামের ভারীত গড় সুদ হারের ব্যাপ্তি শতকরা ৫ ভাগের নিচে নেমে এসেছে। ঋণ প্রদানে প্রতিযোগিতামূলক সুদ হার

সারণী ৪.১ মুদ্রা ও ঋণ পরিস্থিতি

(বিলিয়ন টাকা)


|   | জুন ২০১৪ শেষে    |                  | জুন ২০১৫ শেষে    |           |
|---|------------------|------------------|------------------|-----------|
|   | প্রকৃত স্থিতি    | প্রক্ষেপণ        | প্রকৃত স্থিতি    | প্রক্ষেপণ |
| ১. নিট বৈদেশিক সম্পদ                          | ১৫৫২.৯<br>(৩৮.৬) | ১৬০৮.৮<br>(৩.৬)  | ১৮৭৪.৩<br>(২০.৭) |           |
| ২. নিট অভ্যন্তরীণ সম্পদ (ক+খ)                 | ৫৪৪৯.৪<br>(১১.০) | ৬৫৪৮.৯<br>(২০.২) | ৫৯৯৭.০<br>(১০.০) |           |
| ক) অভ্যন্তরীণ ঋণ (i+ii)                       | ৬৩১১.৭<br>(১১.৬) | ৭৪১০.৭<br>(১৭.৪) | ৬৯৫০.৩<br>(১০.১) |           |
| i) সরকারি খাতে ঋণ <sup>১/</sup>               | ১২৩৫.৩<br>(৮.৮)  | ১৫৪৭.৫<br>(২৫.৩) | ১২০৪.৩<br>(২.৫)  |           |
| ii) বেসরকারি খাতে ঋণ                          | ৫০৭৬.৪<br>(১২.৩) | ৫৮৬৩.২<br>(১৫.৫) | ৫৭৪৬.০<br>(১৩.২) |           |
| খ) অন্যান্য দায়/সম্পদ (নিট)                  | -৮৬২.৩           | -৮৬১.৮           | -৯৫০.৪           |           |
| ৩. সংকীর্ণ মুদ্রা যোগান (i+ii)                | ১৪১২.৫<br>(১৪.৬) | ১৪১২.৫<br>(১৪.৬) | ১৬০০.২<br>(১৩.৫) |           |
| i) জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা | ৭৬৯.১<br>(১০.৮)  | ৭৬৯.১<br>(১০.৮)  | ৮৭৯.৪<br>(১৪.৩)  |           |
| ii) তলবি আমানত <sup>২/</sup>                  | ৬৪৩.৪<br>(১৫.৪)  | ৬৪৩.৪<br>(১৫.৪)  | ৭২০.৮<br>(১২.৫)  |           |
| ৪. মেয়াদি আমানত                              | ৫৫৮৯.৮<br>(১৬.৫) | ৫৫৮৯.৮<br>(১৬.৫) | ৬২৬৮.০<br>(১২.১) |           |
| ৫. ব্যাপক মুদ্রা যোগান (১+২) বা (৩+৪)         | ৭০০২.৩<br>(১৬.১) | ৮১৫৭.৭<br>(১৬.৫) | ৭৮৭১.২<br>(১২.৪) |           |

বন্ধনীভুক্ত সংখ্যাগুলো বছর ভিত্তিক পরিবর্তনের শতকরা হার নির্দেশক

১/ সরকারি খাত (নিট) হিসাবায়নে Govt. lending fund আমানত হিসেবে বিবেচিত হয়েছে।

২/ মনিটারী অর্থটির তলবি আমানত বাদ দেয়া হয়েছে।

চার্ট ৪.২ ব্যাপক মুদ্রা (এম২) এবং এর উপাদানসমূহ




নির্ধারণ এখনো স্থানীয় আর্থিক বাজারে ভালভাবে প্রতিপালিত হয়নি। বাংলাদেশ ব্যাংক কৃষি ঋণ এবং রপ্তানি ঋণের প্রি-শিপমেন্টের ক্ষেত্রে ঋণ দানের সুদ হারের উপর আরোপিত সীমা বজায় রেখেছে। সুদ হারের নিম্নগামিতার প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কৃষি ঋণের সুদ হারকে শতকরা ১৩ থেকে ১১ ভাগে সংশোধন করেছে। বাংলাদেশ ব্যাংক আর্থিক বাজারে প্রতিযোগিতামূলক মূল্য এবং হার নির্ধারণের মানসিকতা এবং অনুশীলনকে ত্বরান্বিত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

দেশের বহিঃখাতের প্রতিযোগী সক্ষমতা বজায় রাখাও মুদ্রানীতির অন্যতম একটি লক্ষ্য। ইউরোপিয়ান ইউনিয়নে পণ্যের নিম্ন চাহিদাসহ বিবিধ অভ্যন্তরীণ এবং বাহ্যিক কারণে অর্থবছর ১৫-এ রপ্তানি প্রবৃদ্ধি শ্লথ হয়ে শতকরা ৩.৩৯ ভাগে দাঁড়ায়। মূলত মূলধনী যন্ত্রপাতিসহ উৎপাদন উপকরণাদি আমদানি বৃদ্ধির ফলে বিগত কয়েক বছরের শ্লথ প্রবৃদ্ধি থেকে আমদানি প্রবৃদ্ধির পুনরুত্থান ঘটে। এ সময়ে রেমিট্যান্সের শতকরা ৭.৬৫ ভাগ পরিমিত প্রবৃদ্ধি অর্জিত হয়। এপ্রেক্ষিতে, লেনদেন ভারসাম্যের চলতি হিসাব উদ্বৃত্ত থেকে ঘাটতিতে পরিবর্তিত হয়। অর্থবছর ১৪-এর ৫.৪৮ বিলিয়ন মার্কিন ডলারের তুলনায় হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ সার্বিক লেনদেন ভারসাম্য ৪.৩৭ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়।


জুন ২০১৫-এ বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ ২৫.০২ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়। টাকার উর্ধ্বমুখী চাপকে নিয়ন্ত্রণে রেখে প্রতিযোগিতামূলক সক্ষমতা ধরে রাখার জন্য বাংলাদেশ ব্যাংক অর্থবছর ১৫-এ বৈদেশিক মুদ্রাবাজার থেকে ৩.৭৬ বিলিয়ন ডলার ক্রয় করে। মুদ্রানীতির এ ভঙ্গি বিগত দুই বছর ধরে বিনিময় হারে স্থিতিশীলতা বজায় রাখতে সাহায্য করে।

আর্থিক খাতের সুবিধাবঞ্চিত এবং স্বল্প সুবিধাপ্রাপ্ত প্রান্তিক জনগোষ্ঠী এবং অবহেলিত এলাকায় আর্থিক সেবাসমূহ পৌঁছে দেয়ার লক্ষ্যে আর্থিক অন্তর্ভুক্তি শক্তিশালী ও বহুমুখীকরণ এবং পরিবেশবান্ধব টেকসই অর্থায়নে বাংলাদেশ ব্যাংকের পদক্ষেপসমূহ অর্থবছর ১৫-এও অব্যাহত ছিল। উদাহরণস্বরূপ, সকল প্রান্তিক উদ্যোক্তা যেমনঃ হিজড়া, সুবিধাবঞ্চিত, শারীরিকভাবে অক্ষম এবং রাখাইন সম্প্রদায়সহ সকল উপজাতিকে ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের আওতায় এনে আর্থিক অন্তর্ভুক্তির সুবিধাসমূহ পৌঁছে দেয়ার জন্য সব ধরনের পদক্ষেপ নেয়া হয়। সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যেক শাখা এলাকায় কমপক্ষে ৩ জন মহিলাকে যারা কোন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে কোনরূপ ঋণ গ্রহণ করেনি তাদের প্রশিক্ষণের নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়। অধিকন্তু, প্রত্যেক শাখা এলাকা থেকে কমপক্ষে একজন প্রশিক্ষিত মহিলাকে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প খাতে ঋণ প্রদানের পদক্ষেপ নেয়া হয়। জুন ২০১৫-এ মোবাইল ফোনের নিবন্ধিত গ্রাহকসংখ্যা বৃদ্ধি পেয়ে ২৮.৬৪ মিলিয়নে দাঁড়ায়। জুন

চার্ট ৪.৩ অভ্যন্তরীণ ঋণ এবং তার উপাদানসমূহ



চার্ট ৪.৪ অর্থবছর ১৫-এ ব্যাপক মুদ্রা (M2) এবং রিজার্ভ মুদ্রার প্রোগ্রাম ও প্রকৃত গতিধারা (বিলিয়ন টাকা)



২০১৫ শেষে “no-frill” হিসাবের সংখ্যা ১৫.৩২ মিলিয়নে উন্নীত হয়। ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে ১০ টাকা হিসাবধারী নিম্ন আয়ের গ্রামীণ পরিবারকে ঋণ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক ২ বিলিয়ন টাকার সমপরিমাণ পুনঃঅর্থায়ন স্কিম চালু করেছে।

অর্থবছর ১৫-এ পুঁজিবাজারে স্থিতিশীলতা বজায় রাখতে বাংলাদেশ ব্যাংকের প্রচেষ্টা অব্যাহত থাকে। ব্যাংকগুলোর পুঁজিবাজারে সম্পৃক্ত হওয়ার ক্ষেত্রে আইনগত সীমারেখা পরিপালনে ক্ষমতা প্রয়োগে বাংলাদেশ ব্যাংকের সংবিধিবদ্ধ দায়িত্ব রয়েছে। অধিকন্তু, মুদ্রানীতিতে পুঁজিবাজারে অনুমোদিত সীমার মধ্যে লেনদেনের বিপরীতে বাংলাদেশ ব্যাংক তারল্য সুবিধা অব্যাহত

রেখেছে। পুঁজিবাজার কার্যক্রমে সহায়তায় এবং পুঁজিবাজার উন্নয়নে নিয়ম-নীতির অধীনে পুনঃঅর্থায়ন কর্মসূচি পুনর্গঠনে বাংলাদেশ ব্যাংক প্রায়োগিক ভূমিকা পালন করে থাকে।

৪.৩ শতকরা ১৬.৫ ভাগ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্থবছর ১৫-এ ব্যাপক মুদ্রা সরবরাহের (M2) প্রবৃদ্ধি শতকরা ১২.৪ ভাগে দাঁড়ায়, যেখানে অর্থবছর ১৪-এ প্রকৃত প্রবৃদ্ধি ছিল শতকরা ১৬.১ ভাগ। আর্থিক সূচকগুলোর লক্ষ্যমাত্রা এবং প্রকৃত অবস্থা সারণী ৪.১-এ দেখানো হলো।

অভ্যন্তরীণ ঋণের নিম্নপ্রবৃদ্ধির কারণে অর্থবছর ১৫-এ ব্যাপক মুদ্রা সরবরাহের (M2) প্রবৃদ্ধি হ্রাস পায়। অর্থবছর ১৫-এ শতকরা ১৭.৪ ভাগ লক্ষ্যমাত্রার বিপরীতে অভ্যন্তরীণ ঋণের প্রবৃদ্ধি শ্লথ হয়ে শতকরা ১০.১ ভাগে দাঁড়ায়, অর্থবছর ১৪-এ প্রকৃত প্রবৃদ্ধি শতকরা ১১.৬ ভাগে ছিল। মূলত বিবিধ কারণে বেসরকারি খাতে বিনিয়োগের চাহিদা হ্রাস পাওয়ায় অভ্যন্তরীণ ঋণের প্রবৃদ্ধি হ্রাস পায়। সরকারের সঞ্চয়পত্রের নিট বিক্রয় বৃদ্ধি এবং এডিপির বীর বাস্তবায়নের কারণে সরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি হ্রাস পায়। অর্থবছর ১৫-এ শতকরা ২৫.৩ ভাগ লক্ষ্যমাত্রার বিপরীতে সরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি ঋণাত্মক শতকরা ২.৫ ভাগে দাঁড়ায়, যা অর্থবছর ১৪-এ শতকরা ৮.৮ ভাগে ছিল। অর্থবছর ১৫-এ বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি পূর্ববর্তী বছরের তুলনায় বৃদ্ধি পায় তবে, লক্ষ্যমাত্রার তুলনায় তা কম ছিল। শতকরা ১৫.৫ ভাগ লক্ষ্যমাত্রা এবং অর্থবছর ১৪-এর শতকরা ১২.৩ ভাগ প্রকৃত প্রবৃদ্ধির বিপরীতে অর্থবছর ১৫-এ বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি শতকরা ১৩.২ ভাগে দাঁড়ায়। ফলে, শতকরা ২০.২ ভাগ লক্ষ্যমাত্রার বিপরীতে এবং অর্থবছর ১৪-এর শতকরা ১১.০ ভাগ প্রকৃত প্রবৃদ্ধির তুলনায় অর্থবছর ১৫-এ নিট অভ্যন্তরীণ সম্পদের প্রবৃদ্ধি শতকরা ১০.০ ভাগে দাঁড়ায়।

অপরপক্ষে, শতকরা ৩.৬ ভাগ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্থবছর ১৫-এ নিট বৈদেশিক সম্পদের প্রবৃদ্ধি শতকরা ২০.৭ ভাগে দাঁড়ায়। লক্ষ্যমাত্রার বিপরীতে নিট বৈদেশিক সম্পদের প্রবৃদ্ধি বৃদ্ধি পেলেও অর্থবছর ১৪-এর শতকরা ৩৮.৬ ভাগ প্রকৃত প্রবৃদ্ধির তুলনায় কম ছিল। বহিঃখাতে পরিমিত রেমিট্যান্স প্রবৃদ্ধি বজায় থাকা সত্ত্বেও (শতকরা ৭.৬৫ ভাগ) মূলত নিম্ন রপ্তানি প্রবৃদ্ধি এবং মূলধন

## সারণী ৪.২ রিজার্ভ মুদ্রা পরিস্থিতি

(বিলিয়ন টাকা)

|  | জুন ২০১৪ শেষের |           | জুন ২০১৫ শেষে |           |
|--|----------------|-----------|---------------|-----------|
|  | প্রকৃত স্থিতি  | প্রক্ষেপণ | প্রকৃত স্থিতি | প্রক্ষেপণ |
| ১। নিট বৈদেশিক সম্পদ <sup>১/</sup> @                 | ১৪০০.২         | -         | ১৬৯৫.১        | -         |
| নিট বৈদেশিক সম্পদ <sup>২/</sup> @                    | ১৩৫২.৫         | ১৪০০.২    | ১৬৭৭.১        | -         |
| ২। নিট অভ্যন্তরীণ সম্পদ <sup>৩/</sup>                | -১০৫.৩         | -         | -২১৫.২        | -         |
| নিট অভ্যন্তরীণ সম্পদ <sup>৩/</sup>                   | -৫৭.৭          | ৯৯.৯      | -১৯৭.২        | -         |
| ক) অভ্যন্তরীণ ঋণ                                     | ১৫৬.৯          | ১৮৬.৯     | ১৪৩.৬         | -         |
|  | (-৫৪.৪)        | (১৯.১)    | (-৮.৪)        | -         |
| i) সরকারি খাতে ঋণ <sup>৩/</sup>                      | ১০২.৩          | ১৩২.৩     | ৯৫.৪          | -         |
|  | (-৬৩.৭)        | (২৯.৩)    | (-৬.৭)        | -         |
| ii) তফসিলি ব্যাংকসমূহকে প্রদত্ত ঋণ <sup>৪/</sup>     | ৫৪.৬           | ৫৪.৬      | ৪৮.২          | -         |
|  | (-১৩.১)        | (০.০)     | (-১১.৬)       | -         |
| খ) অন্যান্য সম্পদ (নিট)                              | -২১৪.৬         | -৮৭.০     | -৩৪০.৮        | -         |
| ৩। রিজার্ভ মুদ্রা (ক+খ) বা (১+২)                     | ১২৯৪.৮         | ১৫০০.১    | ১৪৭৯.৯        | -         |
|  | (১৫.৮)         | (১৫.৮)    | (১৪.৩)        | -         |
| ক) ইস্যুকৃত মুদ্রা                                   | ৮৫৪.৯          | ৯৯২.৬     | ৯৮১.৫         | -         |
|  | (১৩.৮)         | (১৬.১)    | (১৪.৮)        | -         |
| খ) বাংলাদেশ ব্যাংকে ব্যাংকসমূহের জমা <sup>৫/</sup> @ | ৪৪০.০          | ৫০৭.৫     | ৪৯৮.৪         | -         |
|  | (১৯.৫)         | (১৫.৩)    | (১৩.৩)        | -         |
| ৪। মুদ্রা গুণক (এম২/রিজার্ভ মুদ্রা)                  | ৫.৪১           | ৫.৪৪      | ৫.৩২          | -         |

বন্ধনীভুক্ত সংখ্যাগুলো বছর ভিত্তিক পরিবর্তনের শতকরা হার নির্দেশক।

১/ মাস শেষের বিনিময় হার ব্যবহার করে আর্থিক জরিপ উপাত্ত হতে হিসাবায়িত।

২/ স্থির বিনিময় হারের (জুন ২০১১ শেষে) ভিত্তিতে হিসাবায়িত।

৩/ সরকারি খাত (নিট) হিসাবায়নে Govt. Lending Fund আমানত হিসেবে বিবেচিত হয়েছে।

৪/ তফসিলি ব্যাংকসমূহকে প্রদত্ত কেবলমাত্র “ঋণ ও আগাম” বিবেচিত হয়েছে।

৫/ বৈদেশিক মুদ্রা ক্লিয়ারিং স্থিতি এবং নন-ব্যাংক ডিপোজিট ব্যতীত।

@ বৈদেশিক মুদ্রা ক্লিয়ারিং স্থিতি এবং অফশোর ব্যাংক হিসাব ব্যতীত।

## সারণী ৪.৩ মুদ্রার আয় গতি

(বিলিয়ন টাকা)

| অর্থবছর    | চলতি বাজার মূল্যে মোট দেশজ উৎপাদন (ভিত্তিঃ অর্থবছর ০৬) | ব্যাপক মুদ্রা (এম২) (জুন শেষে) | মুদ্রার আয় গতি (জিডিপি/এম২) |
|------------|--|--------------------------------|------------------------------|
| অর্থবছর ০৯ | ৭০৫০.৭২  | ২৯৬৪.৯৯                        | ২.৩৮<br>(-৫.৯৩)              |
| অর্থবছর ১০ | ৭৯৭৫.৩৯  | ৩৬৩০.৩১                        | ২.২০<br>(-৭.৫৬)              |
| অর্থবছর ১১ | ৯১৫৮.২৯  | ৪৪০৫.২০                        | ২.০৮<br>(-৫.৪৫)              |
| অর্থবছর ১২ | ১০৫৫২.০৪   | ৫১৭১.১০                        | ২.০৪<br>(-১.৯২)              |
| অর্থবছর ১৩ | ১১৯৮৯.২৩   | ৬০৩৫.০৬                        | ১.৯৯<br>(-২.৪৫)              |
| অর্থবছর ১৪ | ১৩৪৩৬.৭৪ <sup>স</sup>                                  | ৭০০৬.২৪                        | ১.৯৩<br>(-৩.০২)              |
| অর্থবছর ১৫ | ১৫১৩৬.০০ <sup>স</sup>                                  | ৭৮৭১.২                         | ১.৯২<br>(-০.৫২)              |

নোটঃ বন্ধনীভুক্ত সংখ্যাগুলো পূর্ববর্তী অর্থবছরের তুলনায় শতকরা পরিবর্তন নির্দেশক।

স = সংশোধিত, সা = সাময়িক।

যন্ত্রপাতি ও উৎপাদন উপকরণাদি আমদানির উচ্চ চাহিদার কারণে নিট বৈদেশিক সম্পদের প্রবৃদ্ধি হ্রাস পায়, যা পরিশেষে অর্থবছর ১৫-এ বাণিজ্য হিসাবে ঘাটতির কারণ হয়ে দাঁড়ায়। ব্যাপক মুদ্রা সরবরাহ (M2) এবং এর উপাদানসমূহের গতিধারা চার্ট ৪.২-এ দেখানো হলো।


৮.৪ সার্বিক মুদ্রা প্রক্ষেপণের সাথে সঙ্গতিপূর্ণভাবে

তারল্য সমন্বয়ে রিজার্ভ মুদ্রা ব্যবহারিক লক্ষ্য (operating target) হিসেবে ব্যবহৃত হয়। রিজার্ভ মুদ্রার মাত্রাকে প্রভাবিত করার কাজে ট্রেজারি বিলের সাপ্তাহিক নিলাম এবং মুদ্রাবাজার সুষম করার কাজে রেপো ও রিভার্স রেপোর নিলাম ব্যবহৃত হয়।

৮.৫ ব্যাপক মুদ্রা প্রবৃদ্ধি প্রক্ষেপণের সাথে সঙ্গতি রেখে অর্থবছর ১৫-এর মুদ্রা কর্মসূচিতে রিজার্ভ মুদ্রা প্রবৃদ্ধি শতকরা ১৫.৮ ভাগ ধরা হলেও প্রকৃত প্রবৃদ্ধি শতকরা ১৪.৩ ভাগে দাঁড়ায়। প্রক্ষেপণের তুলনায় নিট অভ্যন্তরীণ সম্পদের পরিমাণ উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়ায় আলোচ্য সময়ে রিজার্ভ মুদ্রার প্রবৃদ্ধি প্রক্ষেপণের তুলনায় হ্রাস পায়। অর্থবছর ১৫-এ ৯৯.৯ বিলিয়ন টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে নিট অভ্যন্তরীণ সম্পদের পরিমাণ ঋণাত্মক ১৯৭.২ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বাংলাদেশ ব্যাংকের অভ্যন্তরীণ ঋণের উপাদানসমূহের সমন্বয়ে এর প্রবৃদ্ধি ঋণাত্মক শতকরা ৮.৪ ভাগে দাঁড়ায়; বাংলাদেশ ব্যাংক থেকে সরকারের ঋণ গ্রহণ প্রত্যাশার তুলনায় হ্রাস পাওয়ায় সরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি শতকরা ২৯.৩ ভাগ লক্ষ্যমাত্রার তুলনায় ঋণাত্মক শতকরা ৬.৭ ভাগে দাঁড়ায়। অর্থবছর ১৫-এ সঞ্চয়পত্র বিক্রির মাধ্যমে মূলত নন-ব্যাংক উৎস থেকে উল্লেখযোগ্য ঋণ গ্রহণ করায় ব্যাংক ব্যবস্থা থেকে সরকারের ঋণ গ্রহণ হ্রাস পায়। প্রয়োজনীয় চাহিদা মিটানোর মত পর্যাপ্ত তারল্য থাকায় ৫৪.৬ বিলিয়ন টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্থবছর ১৫-এ তফসিলি ব্যাংকগুলোকে প্রদত্ত ঋণের পরিমাণ ৪৮.২ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অন্যদিকে, বাংলাদেশ ব্যাংকের নিট বৈদেশিক সম্পদ ব্যাপকভাবে ৩২৪.৬ বিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৪-এর ১৩৫২.৫ বিলিয়ন টাকার বিপরীতে ১৬৭৭.১ বিলিয়ন টাকায় দাঁড়ায়।

৮.৬ মুদ্রাশুণক অর্থবছর ১৪-এর ৫.৪১ থেকে হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ ৫.৩২ এ দাঁড়ায়। রিজার্ভ-আমানত অনুপাত অর্থবছর ১৪-এর ০.০৮৪ থেকে বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ০.০৮৫ এ দাঁড়ায়। মুদ্রা-আমানত অনুপাত অর্থবছর ১৪-এর ০.১২৩৩ থেকে কিছুটা বৃদ্ধি পেয়ে ০.১২৫৮ এ দাঁড়ায়। উভয় অনুপাতে নিট পরিবর্তনের ফলে মুদ্রাশুণক হ্রাস পায়। মুদ্রাশুণক এবং

চার্ট ৪.৫ জিডিপি প্রবৃদ্ধি, এম২ প্রবৃদ্ধি, মূল্যস্ফীতির হার এবং মুদ্রার আয় গতির গতি প্রকৃতি



সারণী ৪.৪ ব্যাংক ঋণ\* : অর্থবছর ১৫-এর ত্রৈমাসিক পরিস্থিতি (বিলিয়ন টাকা)

| তারিখ            | আগামসমূহ           | বিলসমূহ          | মোট     |
|------------------|--------------------|------------------|---------|
| ৩০ জুন ১৪        | ৪৮৫৪.০০<br>(৯৬.১৭) | ১৯৩.৪৯<br>(৩.৮৩) | ৫০৪৭.৪৯ |
| ৩০ সেপ্টেম্বর ১৪ | ৫০২০.৬১<br>(৯৫.৪৪) | ১৮৫.২৭<br>(৩.৫৬) | ৫২০৫.৮৮ |
| ৩১ ডিসেম্বর ১৪   | ৫২৭৩.৫৬<br>(৯৬.৭৬) | ১৭৬.৮৬<br>(৩.২৪) | ৫৪৫০.৪২ |
| ৩১ মার্চ ১৫      | ৫৩৩৫.৭২<br>(৯৬.৫৫) | ১৯০.৭৯<br>(৩.৪৫) | ৫৫২৬.৫১ |
| ৩০ জুন ১৫        | ৫৫২৮.৬৯<br>(৯৬.৫০) | ২০০.৩০<br>(৩.৫০) | ৫৭২৮.৯৮ |

বন্ধনীভুক্ত সংখ্যাগুলো মোট স্থিতির শতকরা অংশ নির্দেশক।  
\* বৈদেশিক ঋণ ও আন্তঃব্যাংক ঋণ বাদে।

রিজার্ভ মুদ্রা প্রবৃদ্ধি উভয়ের কারণে ব্যাপক মুদ্রা (M2) প্রবৃদ্ধি পরিবর্তিত হয়। অর্থবছর ১৫-এ অভ্যন্তরীণ ঋণ ও এর উপাদানগুলোর গতিপ্রকৃতি চার্ট ৪.৩-এ দেখানো হলো।

ব্যাংক মুদ্রা (M2) এবং রিজার্ভ মুদ্রার কর্মসূচির তুলনায় প্রকৃত প্রবৃদ্ধি চার্ট ৪.৪ এ দেখানো হলো।

মুদ্রার আয় গতি

৪.৭ মুদ্রার আয় গতি অর্থবছর ১৪-এর শতকরা ১.৯৩ থেকে ০.৫২ ভাগ হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ ১.৯২ এ দাঁড়ায় (সারণী ৪.৩)। অর্থবছর ১৪-এ মুদ্রার আয় গতি শতকরা ৩.০২ ভাগ হ্রাস পায়। বিগত কয়েক বছর ধরে

মুদ্রার আয় গতির ক্রমহ্রাসমান ধারার অন্য কারণগুলোর মধ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোর দ্রুত শাখা সম্প্রসারণ এবং আর্থিক খাতে আর্থিক অন্তর্ভুক্তিকরণ পদক্ষেপের কারণে অর্থনীতিতে লেনদেনের বর্ধিত গতিকে নির্দেশ করে। অর্থবছর ০৫-১৫ সময়ে জিডিপি প্রবৃদ্ধি, ব্যাপক মুদ্রা (M2) প্রবৃদ্ধি, মূল্যস্ফীতির হার এবং মুদ্রার আয় গতির গতি প্রকৃতি চার্ট ৪.৫-এ দেখানো হলো।

### e vsK FY

৪.৮ অর্থবছর ১৪-এর শতকরা ১২.৬১ ভাগ বৃদ্ধির বিপরীতে অর্থবছর ১৫-এ ব্যাংক ঋণের স্থিতি (বৈদেশিক বিল ও আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৬৮১.৪৯ বিলিয়ন টাকা বা শতকরা ১৩.৫০ ভাগ বৃদ্ধি পেয়ে ৫৭২৮.৯৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলত আগাম ও বিল উভয়েরই বৃদ্ধির কারণে অর্থবছর ১৫-এ ব্যাংক ঋণ বৃদ্ধি পায়।

পূর্ববর্তী অর্থবছরের শতকরা ১৩.৩৩ ভাগ বৃদ্ধির বিপরীতে আলোচ্য অর্থবছরে আগামসমূহ ৬৭৪.৬৯ বিলিয়ন টাকা বা শতকরা ১৩.৯০ ভাগ বৃদ্ধি পায়। ক্রয়কৃত ও বাট্টাকৃত বিলসমূহ অর্থবছর ১৪-এর শতকরা ২.৭৭ ভাগ হ্রাস পাওয়ার বিপরীতে অর্থবছর ১৫-এ ৬.৮১ বিলিয়ন টাকা বা শতকরা ৩.৫২ ভাগ বৃদ্ধি পায়। ত্রৈমাসিক ভিত্তিতে ব্যাংক ঋণ ও এর উপাদানসমূহ সারণী ৪.৪-এ দেখানো হলো।

### e vsK AvgvbZ

৪.৯ ব্যাংক আমানত (আন্তঃব্যাংক লেনদেন বাদে) অর্থবছর ১৪-এর শতকরা ১৫.৬৫ ভাগ বৃদ্ধির বিপরীতে ৮৩৭.৬১ বিলিয়ন টাকা বা শতকরা ১২.৬৪ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ৭৪৬৩.০১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলত সকল ধরনের আমানত বৃদ্ধিই আলোচ্য অর্থবছরে ব্যাংক আমানত বৃদ্ধিতে প্রভাব ফেলেছে। মেয়াদি আমানত অর্থবছর ১৪-এর শতকরা ১৬.৪৮ ভাগ প্রবৃদ্ধির বিপরীতে ৬৭৮.২২ বিলিয়ন টাকা বা শতকরা ১২.১৩ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ৬২৬৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়। তলবি আমানত অর্থবছর ১৪-এর শতকরা ১৫.৪৪ ভাগ হ্রাসের বিপরীতে অর্থবছর ১৫-এ ৮০.৪ বিলিয়ন টাকা বা শতকরা ১২.৫০ ভাগ বৃদ্ধি পেয়ে

### সারণী ৪.৫ ব্যাংক আমানত\* : অর্থবছর ১৫-এর ত্রৈমাসিক পরিস্থিতি


| তারিখ            | (বিলিয়ন টাকা) |               |              |           |
|------------------|----------------|---------------|--------------|-----------|
|                  | তলবি আমানত     | মেয়াদি আমানত | সরকারি আমানত | মোট আমানত |
| ৩০ জুন ১৪        | ৬৪৩.৪৪         | ৫৫৮৯.৭৮       | ৩৯২.১৮       | ৬৬২৫.৪০   |
| ৩০ সেপ্টেম্বর ১৪ | ৬২০.২৫         | ৫৭৫২.৩৯       | ৩৮৭.২৬       | ৬৭৫৯.৯০   |
| ৩১ ডিসেম্বর ১৪   | ৬৫৬.৩৬         | ৫৯৩২.১৬       | ৪৫৬.৯৭       | ৭০৪৫.৪৯   |
| ৩১ মার্চ ১৫      | ৬৪২.০২         | ৬০৪৫.৬৫       | ৪৪৬.৮৫       | ৭১৩৪.৫২   |
| ৩০ জুন ১৫        | ৭২৩.৮৪         | ৬২৬৮.০০       | ৪৭১.১৭       | ৭৪৬৩.০১   |

\* আন্তঃব্যাংক ও নিয়ন্ত্রিত আমানত বাদে।

### সারণী ৪.৬ তফসিলি ব্যাংকসমূহের ভারীত গড় সুদের হার

| খাত     | জুন শেষে (শতকরা সুদের হার) |            |            |            |            |            |
|---------|----------------------------|------------|------------|------------|------------|------------|
|         | অর্থবছর ১০                 | অর্থবছর ১১ | অর্থবছর ১২ | অর্থবছর ১৩ | অর্থবছর ১৪ | অর্থবছর ১৫ |
| আমানত   | ৫.৯৬                       | ৭.২৭       | ৮.১৫       | ৮.৫৪       | ৭.৭৯       | ৬.৮০       |
| আগাম    | ১১.২৩                      | ১২.৪২      | ১৩.৭৫      | ১৩.৬৭      | ১৩.১০      | ১১.৬৭      |
| ব্যক্তি | ৫.২৭                       | ৫.১৫       | ৫.৬০       | ৫.১৩       | ৫.৩১       | ৪.৮৭       |

### চার্ট ৪.৬ আমানত ও আগামের ভারীত গড় সুদের হার



৭২৩.৮৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। সরকারি আমানত অর্থবছর ১৪-এর শতকরা ৫.২৮ ভাগ বৃদ্ধির বিপরীতে ৭৮.৯৯ বিলিয়ন টাকা বা শতকরা ২০.১৪ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ৪৭১.১৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অর্থবছর ১৫-এ ব্যাংক আমানতের ত্রৈমাসিক গতিধারা সারণী ৪.৫ এ দেখানো হলো।

## FY/AvgvZ AbgvZ

৪.১০ বিশেষায়িত ব্যাংকসমূহ বাদে তফসিলি ব্যাংকসমূহের ঋণ/আমানত অনুপাত জুন ২০১৪ এর শতকরা ০.৭৬ ভাগ থেকে জুন ২০১৫ শেষে শতকরা ০.৭৭ ভাগে দাঁড়ায়। আমানতের প্রবৃদ্ধির তুলনায় ঋণের প্রবৃদ্ধি বেড়ে যাওয়ায় ঋণ/আমানত অনুপাত বৃদ্ধি পায়।

## evsj vř`k e`vsK nřZ Zđmwj e`vsKmgñi KR`C

৪.১১ বাংলাদেশ ব্যাংক হতে তফসিলি ব্যাংকসমূহের ঋণের পরিমাণ ২০১৪ সনের জুন শেষে শতকরা ৪১.৪৬ ভাগ হ্রাসের বিপরীতে ২০১৫ সালের জুন শেষে ৭.০৩ বিলিয়ন টাকা বা শতকরা ১২.৭২ ভাগ হ্রাস পেয়ে ৪৮.২৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়।

## evsj vř`k e`vsřK Zđmwj e`vsKmgñi Rgv Ges Zřv`i wbr`^wm`řK i wřřZ Znwěj

৪.১২ বাংলাদেশ ব্যাংকে তফসিলি ব্যাংকসমূহের গচ্ছিত জমা ২০১৪ সনের জুন শেষের শতকরা ১৯.৫৫ ভাগ বা ৪৩৯.৯৮ বিলিয়ন টাকা বৃদ্ধির বিপরীতে ২০১৫ সালের জুন শেষে ৫৮.৪১ বিলিয়ন টাকা বা শতকরা ১৩.২৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৯৮.৩৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৪ সনের জুন শেষের শতকরা ৯.৬৯ ভাগ বা ৮৫.৭৭ বিলিয়ন টাকার বিপরীতে তফসিলি ব্যাংকসমূহের ভল্টে রক্ষিত টাকার পরিমাণ শতকরা ১৯.০৮ ভাগ বা ১৬.৩৬ বিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে জুন ২০১৫ শেষে ১০২.১৩ বিলিয়ন টাকায় দাঁড়ায়।

## evsj vř`k e`vsřK Zđmwj e`vsKmgñi bM` Rgv msi řřY Avek`KZřv (CRR)

৪.১৩ তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে রক্ষিতব্য নগদ জমার হার (CRR) ২৪ জুন ২০১৪ থেকে ৫০ বেসিস পয়েন্ট বৃদ্ধি করে তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের শতকরা ৬.৫ ভাগে নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য যে, ব্যাংকসমূহ গড়ে দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে শতকরা ৬.৫ ভাগ নগদ তহবিল সংরক্ষণ করে এবং এ জমার হার দৈনিক ভিত্তিতে কোনক্রমেই শতকরা ৬.০ ভাগের কম হবে না।

## Zđmwj e`vsKmgñi Zij mřu` msi řřY Avek`KZřv

৪.১৪ ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৩৩ এর উপ-ধারা (২) এ আনীত সংশোধনী অনুযায়ী ব্যাংকসমূহকে তরল সম্পদ সংরক্ষণের আবশ্যিকীয় হার (SLR) পৃথকভাবে পরিপালন করতে হয়। প্রচলিত ধারার ব্যাংকিং এর ক্ষেত্রে সিআরআর এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় মাত্রা দৈনিক ভিত্তিতে তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের শতকরা ১৩.০ ভাগ এবং ইসলামি শরীয়াহ ভিত্তিক ব্যাংকিং এর ক্ষেত্রে এ মাত্রা শতকরা ৫.৫ ভাগের কম হবে না। এ নির্দেশ ১ ফেব্রুয়ারি ২০১৪ থেকে কার্যকর হয়েছে।

## e`vsK řiU

৪.১৫ অর্থবছর ১৫-এ ব্যাংক রেট শতকরা ৫.০ ভাগে অপরিবর্তিত থাকে। এ হার ৬ নভেম্বর ২০০৩ থেকে কার্যকর রয়েছে।

## AvgvZ I AvMřgi Dci mřř i nvi

৪.১৬ অর্থবছর ১০ হতে অর্থবছর ১৩ পর্যন্ত সময়ে তফসিলি ব্যাংকসমূহের আমানতের ভারীত গড় সুদ হার বৃদ্ধি পায় এবং অর্থবছর ১৪ থেকে তা হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ এসে শতকরা ৬.৮০ ভাগে দাঁড়ায়। একইভাবে, অর্থবছর ১০ হতে অর্থবছর ১২ পর্যন্ত সময়ে আগামের ভারীত গড় সুদ হার বৃদ্ধি পায় এবং পরে তা হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ শতকরা ১১.৬৭ ভাগে দাঁড়ায়। বাংলাদেশ ব্যাংকের নীতি সুদহার অপরিবর্তিত থাকা সত্ত্বেও ঋণ প্রদান তহবিলের নিম্ন ব্যয়, ঋণের নিম্ন চাহিদার পাশাপাশি বৈদেশিক ঋণদাতাগণ কর্তৃক এক অংকের সুদ হারে ঋণ প্রদান হতে সৃষ্ট প্রতিযোগিতার কারণে ঋণ প্রদানের সুদ হার হ্রাস পায়। ব্যাংকের ঋণ ও আমানতের সুদ হারের ব্যাপ্তি অর্থবছর ১০ থেকে অর্থবছর ১৪ পর্যন্ত শতকরা ৫.০ ভাগের উপরে ছিল, যা অর্থবছর ১৪-এর শতকরা ৫.৩১ ভাগ হতে হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ শতকরা ৪.৮৭ ভাগে দাঁড়ায়।

## ৫.১ ব্যাংক ব্যবস্থার স্থিতিশীলতা

৫.১ সাম্প্রতিক সময়ে বিশ্ব আর্থিক ব্যবস্থায় অস্থিরতা ও অস্থিতিশীলতা বৃদ্ধির প্রবণতা পরিলক্ষিত হয়। তা সত্ত্বেও অর্থবছর ১৫-এ দেশের ব্যাংকিং খাত একটি পরিমিত অভিঘাত সক্ষমতা অর্জন করেছে। আর্থিক খাতের দৃঢ়তা, দক্ষতা ও স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক আলোচ্য বছরে বেশ কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে, (১) ব্যাংকগুলোর ঝুঁকি ব্যবস্থাপনা ও কর্পোরেট গভর্নেন্স সংক্রান্ত কার্যক্রম অধিকতর জোরদারকরণ, (২) ব্যাংকিং খাতসহ প্রত্যেকটি ব্যাংকের স্থিতিশীলতার নিয়মিত পর্যালোচনা, (৩) স্ট্রেস টেস্টিং এর প্রয়োগ, (৪) সুবিধাবঞ্চিত উৎপাদনশীল অর্থনৈতিক খাত ও জনগোষ্ঠীকে আর্থিক ব্যবস্থার আওতায় নিয়ে আসা, (৫) Self Assessment of Anti-Fraud Internal Controls এর মাধ্যমে জাল-জালিয়াতির ঘটনা তদারকিসহ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ব্যবস্থা জোরদারকরণ ইত্যাদি। এছাড়া, স্টক মার্কেটে তফসিলি ব্যাংকসমূহের বিনিয়োগ এর তদারকি কার্যক্রম জোরদার

করা হয়েছে। ব্যাংকসমূহে যথাযথ ঝুঁকি ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে পর্যদ পর্যায়ে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন বাধ্যতামূলক করা হয়েছে। সার্বিক ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত দক্ষতার ভিত্তিতে বর্তমানে ব্যাংকগুলোর রেটিং করা হচ্ছে। কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা ও গ্রিন ব্যাংকিং কার্যক্রম জোরদার করা হয়েছে এবং বাংলাদেশ ব্যাংকের একটি পৃথক ডিপার্টমেন্ট তফসিলি ব্যাংকসমূহের এ সংক্রান্ত কার্যাবলী তদারকি করছে। বাংলাদেশ ব্যাংক তার রেগুলেশন ও সুপারভিশন এর ক্ষেত্রে compliance-based approach থেকে forward-looking risk-based approach এর দিকে অগ্রসর হচ্ছে। সংশোধিত রেগুলেটরি ক্যাপিটাল ফ্রেমওয়ার্ক এর আওতায় ব্যাসেল-৩ বাস্তবায়ন করা হচ্ছে যাতে প্রতিকূল সময়ে সামগ্রিক ব্যাংকিং খাতে উদ্ভূত ঝুঁকিসমূহ মোকাবেলায় প্রত্যেক ব্যাংকের সক্ষমতা বৃদ্ধি করা যায়। অধিকতর শক্তিশালী এবং লক্ষ্যমাত্রাভিত্তিক তারল্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাসেল-৩ এর আলোকে ব্যাংকগুলোর তারল্য

### সারণী ৫.১ ব্যাংক ব্যবস্থার কাঠামো

(বিলিয়ন টাকা)

| ব্যাংকের ধরন | ২০১৩            |              |           |                       |           |                       | ২০১৪            |              |           |                       |           |                       |
|--------------|-----------------|--------------|-----------|-----------------------|-----------|-----------------------|-----------------|--------------|-----------|-----------------------|-----------|-----------------------|
|              | ব্যাংকের সংখ্যা | শাখার সংখ্যা | মোট সম্পদ | মোট সম্পদের শতকরা অংশ | মোট আমানত | মোট আমানতের শতকরা অংশ | ব্যাংকের সংখ্যা | শাখার সংখ্যা | মোট আমানত | মোট সম্পদের শতকরা অংশ | মোট আমানত | মোট আমানতের শতকরা অংশ |
| এসসিবি       | ৪               | ৩৫২০         | ২১০৮.৫    | ২৬.৪                  | ১৬৩১.২    | ২৬.০                  | ৫               | ৩৫৫৩         | ২৫১৭.১    | ২৭.৫                  | ১৯৫২.১    | ২৮.০                  |
| বিশেষায়িত   | ৪               | ১৪৯৪         | ৪৫৪.৮     | ৫.৭                   | ৩৪৩.০     | ৫.৫                   | ৩               | ১৫০০         | ৩৩৩.৮     | ৩.৭                   | ২৩৭.৬     | ৩.৪                   |
| বেসরকারি     | ৩৯              | ৩৬০২         | ৪৯৪৮.২    | ৬১.৮                  | ৩৯৩৯.৩    | ৬২.৮                  | ৩৯              | ৩৯১৭         | ৫৭৮৭.১    | ৬৩.৩                  | ৪৪৪৯.৪    | ৬৩.৯                  |
| বিদেশি       | ৯               | ৬৯           | ৪৮৮.৭     | ৬.১                   | ৩৫৯.৫     | ৫.৭                   | ৯               | ৭০           | ৫০৫.০     | ৫.৫                   | ৩২৬.০     | ৪.৭                   |
| igil         | ৫৬              | ৪৬৪৫         | ৪০০০.২    | ১০০                   | ৬২৭৩.০    | ১০০                   | ৫৬              | ৯০৪০         | ৯১৪৩.০    | ১০০                   | ৬৯৬৫.১    | ১০০                   |

নোট : ব্যাংকগুলো ৩১ ডিসেম্বর ভিত্তিক স্থিতিপত্র (ব্যালেন্স শীট) প্রস্তুত করে এবং বছরান্তে ব্যাংকসমূহকে নিরীক্ষিত স্থিতিপত্র (ব্যালেন্স শীট) দাখিল করতে হয়। সে জন্য ব্যাংকগুলোর কর্মদক্ষতা সম্পর্কিত তথ্যসমূহ ৩১ ডিসেম্বর ভিত্তিক দেখানো হলো।





পরিমাপের নতুন দু'টি হাতিয়ারের প্রচলন করা হয়েছে যা Liquidity Coverage Ratio (LCR) এবং Net Stable Funding Ratio (NSFR) নামে পরিচিত। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক ব্যাংক কর্তৃক ব্যাসেল-৩ কমপ্লায়েন্স ইউনিট চালু করা হয়েছে এবং পর্যদের সচেতনতা বৃদ্ধির জন্য নন-কমপ্লায়েন্স

ব্যাংকের পর্যদের সাথে সভা আয়োজনেরও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### K. e'vsmKs Lv#Zi Kg#¶Zr

৫.২ বাংলাদেশের ব্যাংকিং খাতে মোট চার ধরনের তফসিলি ব্যাংক রয়েছে। এগুলো হলোঃ রাষ্ট্র





gvwj Kvbvaxb emYwR`K e`vsK, (Gmwmie), iv`a gvwj Kvbvaxb wetklwqZ Aw`R cĀZ`v (wWgdAvB), temiKwi emYwR`K e`vsK (wcmwmie) Ges wet`wk emYwR`K e`vsK (Gdwmie) | m`v`u`ZK mg`q temK e`vsK`K iv`a gvwj Kvbvaxb emYwR`K e`vstĀ cwiYZ Kiv n`q`q` | gj-Z temiKwi LvtZ Zdwmij e`vsK,tjvi bZb bZb kvLv tLjvi dtj e`vsK,tjvi tgvU kvLvi msL`v ep`x tctq 2014 m`b 9040wU`Z `wotq`Q, hv 2013 m`b wQj 8685wU | Rly 2015 chSĀ e`vsK,tjvi tgvU kvLvi msL`v ep`x tctq 9131wU`Z `wotq`Q Ges tgvU e`vstĀKi msL`v 56wU`Z (cwi`wk`o-4, mvi Yx-1) Acwi emZ`Z itq`Q | e`vstĀKi aib Abjv`ti e`vsK e`e`vi Kivvtgv mvi Yx 5.1-G t` Lvtbv ntjv |

5.3 e`vsnĀs LvtZi tgvU m`u`i g`a` iv`a gvwj Kvbvaxb emYwR`K e`vsK,tjvi m`u`i cwi gvY 2014 m`b `wotq`Q kZKiv 27.5 fvM, hv 2013 m`b wQj kZKiv 26.4 fvM | temiKwi e`vsK,tjvi gv`K` tkqvi `v`vmeK aviv eRivq ti`L`Q hv 2013

m`bi kZKiv 61.8 fvM n`Z mvgvb` ep`x tctq 2014 m`b kZKiv 63.3 fvM Dbm`Z n`q`q` | 2014 m`b wet`wk emYwR`K e`vsK,tjvi aviYKZ. tgvU m`u`i`i cwi gvY wQj kZKiv 5.5 fvM, hv ceZ`P eQ`ti Z`zbvq 0.6 cv`m`RUR ctq`U Kg | 2014 m`b wetklwqZ e`vsK,tjvi tgvU m`u`i`i cwi gvY wQj kZKiv 3.7 fvM, hv 2013 m`b wQj kZKiv 5.7 fvM | D`j`L` th, wetklwqZ e`vsK,tjvi ga` t`tK GKwU e`vsK`K iv`a gvwj Kvbvaxb emYwR`K e`vsK wntm`te wetepbv Kiv n`q`q` |

5.4 e`vsK,tjvi tgvU AvgvbZ 2013 m`bi 6273.0 weij qb UvKv n`Z kZKiv 11.0 fvM ep`x tctq 2014 m`b 6965.1 weij qb UvKv `wotq`Q | iv`a gvwj Kvbvaxb emYwR`K e`vsK,tjvi tgvU AvgvbZi cwi gvY 2013 m`bi kZKiv 26.0 fvM n`Z mvgvb` ep`x tctq 2014 m`b kZKiv 28.0 fvM `wotq`Q | 2013 m`b temiKwi emYwR`K e`vsK,tjvi 3939.3 weij qb UvKv AvgvbZ ev e`vsnĀs LvtZi tgvU AvgvbZi kZKiv 62.8 fvM Gi

Z'zbvq 2014 m'tb Zv `wotq'Q 4449.4 we'j qb UvKv ev e'vsniks Ltzi t'gU Avgvbt'zi kZKiv 63.9 f'vM | 2014 m'tb we'`wk e'vsK,tjvi Avgvbt'zi cwi gvY weMZ eQ'tii 359.5 we'j qb UvKv n'tZ kZKiv 9.3 f'vM n'vm t'ctq 326.0 we'j qb UvKv `wotq'Q | we'klwqZ e'vsK,tjvi Avgvbt'zi cwi gvY 2013 m'tbi 343.0 we'j qb UvKv n'tZ kZKiv 30.7 f'vM n'vm t'ctq 2014 m'tb 237.6 we'j qb UvKv `wotq'Q |

**K.1. mgw'sZ w'wZc'i**

5.5 2014 m'tb e'vsniks Ltzi GKrfZ m'ut' i cwi gvY 2013 m'tbi Z'zbvq mwe'f'vte kZKiv 14.3 f'vM ew' t'ctq'Q | Av'tj v'p' mg'tq iv'o' gw'j Kv'vaxb ew'Y'R'K e'vsK,tjvi t'gU m'ut' kZKiv 19.4 f'vM Ges temiKwi ew'Y'R'K e'vsK,tjvi t'gU m'ut' kZKiv 17.0 f'vM ew' t'ctq'Q | 9143.0 we'j qb UvKv m'ut' i g'ta' FY I Av'M'g Ltzi Ae'v'b me'f'ak, hvi cwi gvY w'Qj 5147.2 we'j qb UvKv (kZKiv 56.3 f'vM) | `e't'wkK g'ymn n'v'tZ bM' Zn'we'tj i cwi gvY w'Qj 91.1 we'j qb UvKv; evs'v't'k e'vs'tK M'w'QZ Avgvbt'zi cwi gvY w'Qj 572.8 we'j qb UvKv; Ab'v'b' m'ut' i cwi gvY w'Qj 1668.4 we'j qb UvKv Ges miKwi w'm'KDwi w'ut'R we'bt'q'f'Mi cwi gvY w'Qj 1663.6 we'j qb UvKv (PvU'5.1) |


5.6 2014 m'tb e'vsniks Ltzi m'v'g'M'K `vq I g'j-at'bi g'ta' t'gU Avgvbt'zi n'vi w'Qj kZKiv 76.2 f'vM (6965.1 we'j qb UvKv), hv e'vsniks e'e'v'q Zn'we'tj i c'arb Drm w'nt'm'te KvR K'ti't'Q | 2014 m'tb e'vsK,tjvi g'j-ab I m'w'Av'zi cwi gvY w'Qj 741.3 we'j qb UvKv (kZKiv 8.1 f'vM), hv 2013 m'tb w'Qj 651.9 we'j qb UvKv (kZKiv 8.1 f'vM) (PvU'5.2) |

**K.2. g'j-ab ch'f'Zvi**

5.7 g'j-ab ch'f'Zvi n'vi e'vsK,tjvi mwe'f' g'j-at'bi Ae'v' Ges m'at'e' A'w'\_R 'f'wZ n'tZ Avgvbt'Zvix I Ab'v'b' c'v'lv'v'i't' i m'j'f'v c'v't'bi I ci 'iaZy't'ivc K'ti | G'w' m'at'e' m'Kj A'w'\_R S'uk

**mvi Yx 5.2 e'vst'Ki tk'w'f't' g'j-ab I S'uk f'vixZ m'ut' i Ab'g'vZ** (kZKiv n'vi)

| e'vst'Ki a'ib | 2007 | 2008 | 2009 | 2010 | 2011 | 2012 | 2013 | 2014  | 2015 (R'v) |
|---------------|------|------|------|------|------|------|------|-------|------------|
| G'm'm'e       | 7.9  | 6.9  | 9.0  | 8.9  | 11.7 | 8.1  | 10.8 | 8.3   | 4.9        |
| we'klwqZ      | -5.5 | -5.3 | 0.4  | -7.3 | -4.5 | -7.8 | -9.7 | -17.3 | -18.1      |
| temiKwi       | 10.6 | 11.4 | 12.1 | 10.1 | 11.5 | 11.4 | 12.6 | 12.5  | 11.8       |
| we'`wk        | 22.7 | 24.0 | 28.1 | 15.6 | 21.0 | 20.6 | 20.2 | 22.6  | 24.1       |
| t'gU          | 9.6  | 10.1 | 11.6 | 9.3  | 11.4 | 10.5 | 11.5 | 11.3  | 10.3       |




t'hgb - FY S'uk, ev'Rvi S'uk, cwi P'j b S'uk, m'yn'vi S'uk, Z'vij' S'uk, m'j'v'gn'v'bi S'uk, w'b'v'v'EK i Y S'uk, t'K's'kj MZ S'uk, cwi'tek I R'j ev'q'yc'v'i e'Z'R'v'Z S'uk BZ'w' t'g'v'v'tej'v'q m'v'v'Zv K'ti | e'v't'm'j -2 t'g'v'v'teK e'vsK,tjv'tK b'b'Zg g'j-ab w'nt'm'te S'ukrf'v'EK m'ut' i kZKiv 10.0 f'vM A'ev 4.0 we'j qb UvKv, G'`g'v'v' g'ta' t'hu'U t'ewk Z'v m'si'f'f'Y K'i'tZ n'q | Z'E'yearb ch'f'j v'P'v'v' c'w'v'Zi (Supervisory Review Process) Av'l Z'v'q e'vsK,tjv'tK ch'f'Z g'j-ab Z'v b'b'Zg c'v'q'v'R'bx'q g'j-at'bi t'ewk m'si'f'f'Yi w'bt' R'bv t'q'v n't'q'Q, hv m'at'e' m'Kj S'uk t'g'v'v'tej'v'q m'y'g | e'vsK,tjvi R'b' g'j-at'bi ch'f'Zvi cwi gvY m'v'v'i YZ SRP-SREP (Supervisory Review Evaluation Process, the central bank's assessment) W'v'q'j t'Mi g'v'a't'g w'ba'f'v'v' Z I P'ov's'i n't'q 'v't'K | 31 w'w't'm'at' 2014 ch'f'Z e'vsK,tjvi mwe'f' g'j-at'bi cwi gvY w'Qj 717.5 we'j qb UvKv |

৫.৮ সারণী ৫.২ হতে দেখা যায় যে, ৩১ ডিসেম্বর ২০১৪-এ সমন্বিতভাবে রাষ্ট্র মালিকানাধীন, বিশেষায়িত, বেসরকারি এবং বিদেশি ব্যাংকগুলোর মূলধন পর্যাণ্ডতার হার ছিল যথাক্রমে শতকরা ৮.৩, -১৭.৩, ১২.৫ এবং ২২.৬ ভাগ। কিন্তু শ্রেণিকৃত ঋণ বৃদ্ধি পাওয়ার কারণে ২টি রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক (সোনালী ও বেসিক), ২টি বেসরকারি ব্যাংক (বিসিবিএল, আইসিবি ইসলামিক) এবং ২টি বিশেষায়িত ব্যাংক (বিকেবি, রাকাব) এককভাবে প্রয়োজনীয় ন্যূনতম মূলধন সংরক্ষণ করতে পারেনি। ডিসেম্বর ২০১৪-এ ব্যাংকিং খাতের সার্বিক মূলধন পর্যাণ্ডতার হার ছিল শতকরা ১১.৩ ভাগ, যা ডিসেম্বর ২০১৩ এ ছিল শতকরা ১১.৫ ভাগ। মূলত নতুন ঋণ নীতিমালা বাস্তবায়নের কারণে ২০১৩ ও ২০১৪ সনে মূলধন পর্যাণ্ডতার হার বৃদ্ধি পেয়েছে। জুন ২০১৫ শেষে ব্যাংকিং খাতের সার্বিক মূলধন পর্যাণ্ডতার হার ছিল শতকরা ১০.৩ ভাগ।

### K.3. মূলধন, YMZ gvb

৫.৯ বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট সম্পদের একটি বৃহৎ অংশ হলো ঋণ ও অগ্রিম। ঋণ ও অগ্রিম খাতে উচ্চ মাত্রার কেন্দ্রীভূতকরণ ব্যাংকগুলোর সম্পদের ঋণ ঝুঁকি বৃদ্ধি করেছে।

৫.১০ সম্পদের গুণগত মান নির্ণয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ সূচক হচ্ছে মোট ঋণের তুলনায় মোট শ্রেণিবিন্যাসিত ঋণের হার এবং নিট ঋণের তুলনায় নিট শ্রেণিবিন্যাসিত ঋণের হার। ডিসেম্বর ২০১৪-এ বেসরকারি ব্যাংকগুলোর শ্রেণিবিন্যাসিত ঋণের হার ছিল সবচেয়ে কম এবং বিশেষায়িত ব্যাংকগুলোর ক্ষেত্রে এ হার ছিল সবচেয়ে বেশি। মোট ঋণের তুলনায় শ্রেণিবিন্যাসিত ঋণের হার ডিসেম্বর ২০১৪ শেষে ছিল বেসরকারি ব্যাংকগুলোতে শতকরা ৫.০ ভাগ, যা রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক, বিদেশি ব্যাংক এবং বিশেষায়িত ব্যাংকগুলোর ক্ষেত্রে ছিল যথাক্রমে শতকরা ২২.২, ৭.৩ এবং ৩২.৮ ভাগ (সারণী ৫.৩)। অন্যদিকে জুন ২০১৫ শেষে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক, বেসরকারি ব্যাংক, বিদেশি ব্যাংক এবং বিশেষায়িত ব্যাংকগুলোর মোট ঋণের তুলনায় শ্রেণিবিন্যাসিত ঋণের হার ছিল যথাক্রমে শতকরা ২১.৯, ৫.৭, ৮.২ এবং ২৫.৫ ভাগ।



### সারণী ৫.৩ ব্যাংকের শ্রেণিবিন্যাসিত ঋণের অবস্থা (শতকরা হার)

| ব্যাংকের ধরন | ২০০৭ | ২০০৮ | ২০০৯ | ২০১০ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ (জুন শেষে) |
|--------------|------|------|------|------|------|------|------|------|-----------------|
| এসসিবি       | ২৯.৯ | ২৫.৪ | ২১.৪ | ১৫.৭ | ১১.৩ | ২৩.৯ | ১৯.৮ | ২২.২ | ২১.৯            |
| বিশেষায়িত   | ২৮.৬ | ২৫.৫ | ২৫.৯ | ২৪.২ | ২৪.৬ | ২৬.৮ | ২৬.৮ | ৩২.৮ | ২৫.৫            |
| বেসরকারি     | ৫.০  | ৪.৪  | ৩.৯  | ৩.২  | ২.৯  | ৪.৬  | ৪.৫  | ৫.০  | ৫.৭             |
| বিদেশি       | ১.৪  | ১.৯  | ২.৩  | ৩.০  | ৩.০  | ৩.৫  | ৫.৫  | ৭.৩  | ৮.২             |
| গড়          | ১৩.২ | ১০.৪ | ৭.২  | ৭.৩  | ৬.১  | ১০.০ | ৮.৭  | ১০.০ | ৭.৭             |

### চার্ট ৫.৩ (ক) ব্যাংকের শ্রেণিভেদে নিট শ্রেণিবিন্যাসিত ঋণের অবস্থা

| ব্যাংকের ধরন | ২০০৭ | ২০০৮ | ২০০৯ | ২০১০ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ (জুন শেষে) |
|--------------|------|------|------|------|------|------|------|------|-----------------|
| এসসিবি       | ১২.৯ | ৫.৯  | ১.৯  | ১.৯  | -০.৩ | ১২.৮ | ১.৭  | ৬.১  | ৯.৪             |
| বিশেষায়িত   | ১৯.০ | ১৭.০ | ১৮.৩ | ১৬.০ | ১৭.০ | ২০.৪ | ১৯.৭ | ২৫.৫ | ৯.২             |
| বেসরকারি     | ১.৪  | ০.৯  | ০.৫  | ০.০  | ০.২  | ০.৯  | ০.৬  | ০.৮  | ১.১             |
| বিদেশি       | -১.৯ | -২.০ | -২.৩ | -১.৭ | -১.৮ | -০.৯ | -০.৮ | -০.৯ | -০.৮            |
| গড়          | ৫.১  | ২.৪  | ১.৭  | ১.৩  | ০.৭  | ৪.৪  | ২.০  | ২.৭  | ২.৪             |

৫.১১ ব্যাংকগুলোর মোট ঋণের তুলনায় শ্রেণিবিন্যাসিত ঋণের হার ২০০০ সনের সর্বোচ্চ মাত্রা (শতকরা ৩৪.৯ ভাগ) হতে ২০১১ সন (শতকরা ৬.১ ভাগ) পর্যন্ত সামগ্রিকভাবে নিম্নমুখী প্রবণতা ছিল। কিন্তু, এ হার ২০১২ সনে বৃদ্ধি পেয়ে (শতকরা ১০.০ ভাগ), ২০১৩ সনে হ্রাস পায় (শতকরা ৮.৯ ভাগ) এবং ২০১৪ সন শেষে পুনরায় বৃদ্ধি পায় (শতকরা ৯.৭ ভাগ)। সারণী ৫.৩ হতে দেখা যায় যে, ২০১১ সন হতে সাম্প্রতিক বছরগুলোতে মোট ঋণের তুলনায় ব্যাংকগুলোর শ্রেণিবিন্যাসিত ঋণের হার হ্রাস পাওয়ার অন্যতম

কারণগুলো হচ্ছে বকেয়া ঋণ আদায়ে কিছুটা অগ্রগতি এবং ‘মন্দ’ হিসেবে শ্রেণিকৃত ঋণের অবলোপন। কিন্তু ঋণের শ্রেণিবিন্যাস ও পুনঃতফসিলিকরণ সংক্রান্ত সার্কুলার জারি ও ব্যাংকিং খাতের কতিপয় কেলেংকারির কারণে ২০১২ ও ২০১৪ শেষে এ হার পুনরায় বৃদ্ধি পায়।

৫.১২ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকগুলোর নিকট বিপুল পরিমাণ শ্রেণিবিন্যাসিত ঋণ বিদ্যমান থাকার অন্যতম কারণগুলো হচ্ছে বাণিজ্যিক ভিত্তি বিবেচনা ব্যতিরেকে বিশাল অংকের ঋণ প্রদান, নিম্নমানের ঋণ প্রস্তাব এবং বিতরণকৃত ঋণসমূহের পর্যাপ্ত পরিদর্শন ও তত্ত্বাবধানের অভাব। অধিকন্তু, জামানতের গুণগতমান নিম্ন হওয়ার কারণে দীর্ঘদিনের পুঞ্জীভূত মন্দ ঋণ অবলোপন করার বিষয়ে এ ব্যাংকগুলো উদাসীন ছিল। তবে, সাম্প্রতিককালে ব্যাংকগুলোর বিরূপ শ্রেণিবিন্যাসিত ঋণ আদায় পদ্ধতি জোরদার করার জন্য অভ্যন্তরীণ ব্যবস্থার পুনর্গঠন এবং অবলোপন কার্যক্রম গ্রহণের প্রেক্ষিতে মন্দ ঋণ আদায়ে কিছুটা উন্নতি লক্ষ্য করা যাচ্ছে।


৫.১৩ সারণী ৫.৩ (ক) এবং চার্ট ৫.৪ (ক) হতে দেখা যায় যে, ২০১৪ সনে সামগ্রিক ব্যাংকিং খাতের প্রভিশন ও স্থগিত সুদ সমন্বয়পূর্বক নিট শ্রেণিবিন্যাসিত ঋণ ও মোট নিট ঋণ অনুপাত ছিল শতকরা ২.৭ ভাগ। তবে বিশেষায়িত ব্যাংকগুলোর ক্ষেত্রে এ হার ছিল শতকরা ২৫.৫ ভাগ। বিশেষায়িত ব্যাংকগুলোর প্রভিশন ও স্থগিত সুদ সমন্বয়ের পর এখনও বিপুল পরিমাণ শ্রেণিবিন্যাসিত ঋণ রয়েছে। অপরদিকে, রাষ্ট্র মালিকানাধীন, বিদেশি এবং বেসরকারি ব্যাংকগুলোর শ্রেণিবিন্যাসিত ঋণের বিপরীতে অতিরিক্ত প্রভিশন সংরক্ষিত রয়েছে। ডিসেম্বর ২০১৪-এ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি ব্যাংক এবং বিদেশি ব্যাংকসমূহের মোট নিট ঋণের তুলনায় শ্রেণিবিন্যাসিত ঋণের হার ছিল যথাক্রমে শতকরা ৬.১, ০.৮ এবং -০.৯ ভাগ। একইভাবে, জুন ২০১৫ শেষে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, বেসরকারি ব্যাংক এবং বিদেশি ব্যাংকসমূহের মোট নিট ঋণের তুলনায় শ্রেণিবিন্যাসিত ঋণের হার ছিল যথাক্রমে শতকরা ৯.৪, ৯.২, ১.১ এবং -০.৪ ভাগ।

**সারণী ৫.৩ (খ) ব্যাংকের শ্রেণিভেদে শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ**  
(বিলিয়ন টাকা)

| ব্যাংকের ধরন | ২০০৭  | ২০০৮  | ২০০৯  | ২০১০  | ২০১১  | ২০১২  | ২০১৩  | ২০১৪  | ২০১৫ (জুন শেষে) |
|--------------|-------|-------|-------|-------|-------|-------|-------|-------|-----------------|
| এসসিবি       | ১৩৭.৯ | ১২৭.৬ | ১১৭.৫ | ১০৭.৬ | ৯১.৭  | ২১৫.২ | ১৬৬.১ | ২২৭.৬ | ২২৪.০           |
| বিশেষায়িত   | ৩৭.২  | ৩৭.৩  | ৪২.১  | ৪৯.৭  | ৫৬.৫  | ৭৩.৩  | ৮৩.৬  | ৭২.৬  | ৫৮.৩            |
| বেসরকারি     | ৪৯.২  | ৫৭.০  | ৬১.৭  | ৬৪.৩  | ৭২.০  | ১৩০.৪ | ১৪৩.১ | ১৮৪.৩ | ২২৩.৫           |
| বিদেশি       | ১.৯   | ২.৯   | ৩.৫   | ৫.৫   | ৬.৩   | ৮.৫   | ১৩.০  | ১৭.১  | ১৯.৪            |
| IGIL         | 226.2 | 224.8 | 224.8 | 227.1 | 226.5 | 427.3 | 405.8 | 501.6 | 525.2           |

**সারণী ৫.৪ প্রয়োজনীয় ও সংরক্ষিত প্রভিশন-সকল ব্যাংক**  
(বিলিয়ন টাকা)

| ব্যাংকের ধরন                | ২০০৭  | ২০০৮  | ২০০৯  | ২০১০  | ২০১১  | ২০১২  | ২০১৩  | ২০১৪  | ২০১৫ (জুন শেষে) |
|-----------------------------|-------|-------|-------|-------|-------|-------|-------|-------|-----------------|
| শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ | ২২৬.২ | ২২৪.৮ | ২২৪.৮ | ২২৭.১ | ২২৬.৪ | ৪২৭.৩ | ৪০৫.৮ | ৫০১.৬ | ৫২৫.২           |
| প্রয়োজনীয় প্রভিশন         | ১২৭.২ | ১৩৬.১ | ১৩৪.৮ | ১৪৯.২ | ১৪৮.২ | ২৪২.৪ | ২৫২.৪ | ২৮৯.৬ | ৩০০.৪           |
| সংরক্ষিত প্রভিশন            | ৯৭.১  | ১২৬.২ | ১৩৭.৯ | ১৪২.৩ | ১৫২.৭ | ১৮৯.৮ | ২৪৯.৮ | ২৮১.৬ | ২৭৫.৬           |
| প্রভিশন উচ্চ(+)/ঘাটতি(-)    | -৩০.১ | -৯.৯  | ৩.১   | -৬.৯  | ৪.৬   | -৫২.৬ | -২.৬  | -৭.৯  | -২৪.৮           |
| প্রভিশন সংরক্ষণের হার (%)   | ৭৬.৩  | ৯২.৭  | ১০২.৩ | ৯৫.৪  | ১০৩.০ | ৭৮.৩  | ৯৯.০  | ৯৭.২  | ৯১.৭            |





৫.১৪ সারণী ৫.৩ (খ) এ চার ধরনের ব্যাংকের ২০০৭ হতে ২০১৫ (জুন) সন পর্যন্ত শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ দেখানো হয়েছে। রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়ে ২০১৪ সনে ২২৭.৬ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা ২০০৭ সনে ছিল ১৩৭.৯ বিলিয়ন টাকা। একইভাবে, বেসরকারি ব্যাংকগুলোর শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ

২০০৭ সনে ছিল ৪৯.২ বিলিয়ন টাকা যা মোট ১৩৫.১ বিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০১৪ সনে ১৮৪.৩ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বিশেষায়িত ব্যাংকগুলোর উক্ত ঋণ ২০০৭ সনের ৩৭.২ বিলিয়ন টাকা থেকে ২০১৪ সনে ৭২.৬ বিলিয়ন টাকায় উপনীত হয়েছে। একইভাবে, বিদেশি ব্যাংকগুলোর এ ঋণের পরিমাণ ২০১৪ সনে ১৭.১ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা ২০০৭ সনে ছিল ১.৯ বিলিয়ন টাকা। জুন ২০১৫ শেষে রাষ্ট্র মালিকানাধীন, বিশেষায়িত, বেসরকারি এবং বিদেশি ব্যাংকসমূহের শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল যথাক্রমে ২২৪.০, ৫৮.৩, ২২৩.৫ এবং ১৯.৪ বিলিয়ন টাকা।

৫.১৫ সারণী ৫.৪ এ সকল ব্যাংকের ২০০৭ থেকে জুন ২০১৫ পর্যন্ত সামগ্রিক শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ, প্রয়োজনীয় প্রতিশন ও সংরক্ষিত প্রতিশনের পরিমাণ দেখানো হয়েছে। সারণী ৫.৪ এবং চার্ট ৫.৬ হতে দেখা যায় যে, শুধুমাত্র ২০০৯ ও ২০১১ সন ব্যতীত ২০০৭ থেকে ২০১৪ সন পর্যন্ত সামগ্রিকভাবে ব্যাংকগুলো শ্রেণিবিন্যাসিত ঋণের বিপরীতে প্রয়োজনীয় প্রতিশন সংরক্ষণে ব্যর্থ হয়েছে। ২০০৭ সনে ব্যাংকগুলোর প্রয়োজনীয় প্রতিশন সংরক্ষণের হার ছিল শতকরা ৭৬.৩ ভাগ, যা ২০১১ সনে বৃদ্ধি পেয়ে শতকরা ১০৩.০ ভাগ এ দাঁড়িয়েছে, পরবর্তী সময়ে হ্রাস পেয়ে ২০১৩ সনে শতকরা ৯৯.০ ভাগ এবং জুন ২০১৫ এ শতকরা ৯১.৭ ভাগে উপনীত হয়েছে।

প্রয়োজনীয় প্রতিশন সংরক্ষণে ঘাটতির মূল কারণ ছিল কতিপয় রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং প্রবলেম ব্যাংকসহ কয়েকটি বেসরকারি ব্যাংকের অপরিপূর্ণ মুনাফা এবং ঋণ অবলোপনের জন্য প্রতিশন স্থানান্তর। লক্ষণীয় যে, সাম্প্রতিক বছরগুলোতে বিদেশি মালিকানাধীন ব্যাংকগুলো পর্যাপ্ত প্রতিশন সংরক্ষণের ক্ষেত্রে অধিকতর ভালো অবস্থানে রয়েছে। সারণী ৫.৫-এ ২০১৩, ২০১৪ সন এবং জুন ২০১৫ -এ প্রতিশনের সর্বশেষ অবস্থার একটি তুলনামূলক চিত্র প্রদর্শিত হয়েছে।

৫.১৬ ডিসেম্বর ২০১৪-এ ৩৯টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৩৭টি ব্যাংকই পর্যাপ্ত প্রতিশন সংরক্ষণ করতে সক্ষম হয়েছে এবং অবশিষ্ট ২টি ব্যাংক সম্পদের নিম্ন মান এবং আয় খাতের দুর্বলতার কারণে প্রতিশন সংরক্ষণে ব্যর্থ হয়েছে।



### সারণী ৫.৫ প্রতিশন পর্যাপ্ততা হারের তুলনামূলক চিত্র

(বিলিয়ন টাকা)

| বছর         | আইটেম                     | এসসিবি | বিশেষায়িত | বেসরকারি | বিদেশি |
|-------------|---------------------------|--------|------------|----------|--------|
| ২০১৩        | প্রয়োজনীয় প্রতিশন       | ১০৭.৮  | ৩৮.৩       | ৯৪.৮     | ১১.৬   |
|             | সংরক্ষিত প্রতিশন          | ১২২.৩  | ১৭.৪       | ৯৭.৮     | ১২.৩   |
|             | প্রতিশন সংরক্ষণের হার (%) | ১১৩.৫  | ৪৫.৫       | ১০৩.২    | ১০৬.০  |
| ২০১৪        | প্রয়োজনীয় প্রতিশন       | ১২৮.৬  | ৩৭.১       | ১০৮.৭    | ১৫.৩   |
|             | সংরক্ষিত প্রতিশন          | ১৩৫.৩  | ১৪.৭       | ১১৫.৪    | ১৬.২   |
|             | প্রতিশন সংরক্ষণের হার (%) | ১০৫.২  | ৩৯.৬       | ১০৬.২    | ১০৫.৯  |
| ২০১৫<br>জুন | প্রয়োজনীয় প্রতিশন       | ১২৬.২  | ৩১.২       | ১২৬.৫    | ১৬.২   |
|             | সংরক্ষিত প্রতিশন          | ৯৬.৭   | ৩১.২       | ১৩০.৬    | ১৭.২   |
|             | প্রতিশন সংরক্ষণের হার (%) | ৭৬.৬   | ১০০        | ১০৩.২    | ১০৬.২  |

৫.১৭ অনাবশ্যক ও কৃত্রিমভাবে স্ফীত আর্থিক বিবরণী পরিহারকল্পে ২০০৩ সনে ঋণ অবলোপনের জন্য একটি সুসম নীতিমালা জারি করা হয়। উক্ত নীতিমালা অনুযায়ী ব্যাংক মন্দ/ক্ষতি হিসেবে শ্রেণিবিন্যাসিত ঋণ ও অগ্রিম যে কোন সময় অবলোপন করতে পারে। ৫ বছর ও এর বেশি সময় যাবৎ মন্দ/ক্ষতি হিসেবে শ্রেণিবিন্যাসিত ঋণ এবং যার বিপরীতে ১০০ ভাগ প্রতিশন সংরক্ষিত রয়েছে এরূপ ঋণ হিসাবগুলো অবলোপন করা যায়। সারণী ৫.৬-এ জুন ২০০৮ থেকে জুন ২০১৫ পর্যন্ত ব্যাংকগুলোর মন্দ ঋণের

বিপরীতে মোট অবলোপনকৃত ঋণের পরিমাণ দেখানো হয়েছে।

#### K.4. mgye'e'vcbr

৫.১৮ সুষ্ঠু ব্যবস্থাপনার বৈশিষ্ট্যগুলো সাধারণত গুণবাচক হওয়ায় আর্থিক সূচকগুলোর ভিত্তিতে সুষ্ঠু ব্যবস্থাপনার মান নির্ধারণ করা কঠিন। তথাপি মোট আয়-ব্যয় অনুপাত, পরিচালন ব্যয় ও মোট ব্যয় অনুপাত, কর্মচারী প্রতি আয় ও পরিচালন ব্যয় এবং সুদ হারের ব্যবধান ইত্যাদি সুষ্ঠু ব্যবস্থাপনা মূল্যায়নের মাপকাঠি হিসেবে বিবেচিত। অধিকন্তু, ব্যবস্থাপনার গুণগত মান মূল্যায়নের ক্ষেত্রে মধ্যম এবং উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনার প্রযুক্তিগত দক্ষতা ও নেতৃত্ব, পরিকল্পনা বাস্তবায়ন এবং সমন্বয়যোগ্য উদ্যোগ গ্রহণ ইত্যাদি বিবেচনা করা হয়।

৫.১৯ সারণী ৫.৭ থেকে লক্ষ্য করা যায় যে, ২০১৪ সনে বিশেষায়িত ব্যাংকগুলোর ব্যয়-আয়ের অনুপাত ছিল সর্বোচ্চ। রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ব্যয়-আয়ের অনুপাত শতকরা ৮৪.১ ভাগ যা দ্বিতীয় সর্বোচ্চ অবস্থানে রয়েছে, যার মূল কারণ ছিল উচ্চ প্রশাসনিক ও পরিচালন ব্যয়। বিশেষায়িত ব্যাংকগুলোর ব্যয়-আয়ের অনুপাত ২০১৩ সনে শতকরা ৯৪.৮ ভাগ হতে বৃদ্ধি পেয়ে ২০১৪ সনে শতকরা ৯৯.৫ ভাগে দাঁড়িয়েছে। বেসরকারি ও বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর ব্যয়-আয়ের অনুপাত বিগত বছরের তুলনায় হ্রাস পেয়ে যথাক্রমে শতকরা ৭৫.৮ ভাগ ও ৪৬.৮ ভাগ-এ দাঁড়িয়েছে। জুন ২০১৫-এ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর ব্যয়-আয়ের অনুপাত বৃদ্ধি পেয়ে যথাক্রমে শতকরা ৮৫.৯ ভাগ, ১২০.৪ ভাগ এবং ৪৯.৬ ভাগ-এ দাঁড়িয়েছে। তাছাড়া, বিগত বছরের তুলনায় বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর ব্যয়-আয়ের অনুপাতে উল্লেখযোগ্য কোন পরিবর্তন পরিলক্ষিত হয়নি।

#### K.5. gjydv I DcvRkxj Zv

৫.২০ উপার্জন এবং মুনাফা পরিমাপের বিভিন্ন পদ্ধতি থাকলেও সবচেয়ে ভাল এবং ব্যাপকভাবে ব্যবহৃত সূচক হচ্ছে সম্পদের উপর আয়হার (ROA) যার পরিপূরক অনুপাত হিসেবে কাজ করে ইকুইটি উপর আয় হার (ROE) এবং নিট সুদ মার্জিন (NIM)।


#### সারণী ৫.৬ ব্যাংকের শ্রেণিভেদে অবলোপনকৃত ঋণের পরিমাণ

| (বিলিয়ন টাকা) |           |           |           |           |           |           |           |           |
|----------------|-----------|-----------|-----------|-----------|-----------|-----------|-----------|-----------|
| ব্যাংকের ধরন   | ৩০ জুন ০৮ | ৩০ জুন ০৯ | ৩০ জুন ১০ | ৩০ জুন ১১ | ৩০ জুন ১২ | ৩০ জুন ১৩ | ৩০ জুন ১৪ | ৩০ জুন ১৫ |
| এসসিবি         | ৪৮.৪      | ৬৪.৫      | ৭০.৫      | ৮২.৪      | ৭২.৯      | ১০৭.২     | ১৫৪.৮     | ২১০.৩     |
| বিশেষায়িত     | ৩১.০      | ৩১.৮      | ৩১.৮      | ৩২.০      | ২৪.৫      | ৩২.৬      | ৩৪.২      | ৫.৬       |
| বেসরকারি       | ৪৯.৪      | ৫৪.৭      | ৬৯.৬      | ৭৭.১      | ৬৪.৯      | ১০৯.৭     | ১২৭.৭     | ১৫৫.৫     |
| বিদেশি         | ১.৭       | ২.০       | ২.১       | ২.৪       | ২.৬       | ৩.৭       | ৪.৪       | ৫.১       |
| tgIU           | 130.5     | 153.0     | 174.0     | 193.9     | 164.9     | 253.3     | 321.1     | 376.5     |

#### সারণী ৫.৭ ব্যাংকের শ্রেণিভেদে ব্যয়-আয় অনুপাত

| (বিলিয়ন টাকা) |       |       |       |      |      |      |      |      |          |
|----------------|-------|-------|-------|------|------|------|------|------|----------|
| ব্যাংকের ধরন   | ২০০৭  | ২০০৮  | ২০০৯  | ২০১০ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | জুন ২০১৫ |
| এসসিবি         | ১০০.০ | ৮৯.৬  | ৭৫.৬  | ৮০.৭ | ৬২.৭ | ৭৩.২ | ৮৪.১ | ৮৪.১ | ৮৫.৯     |
| বিশেষায়িত     | ১০৭.৭ | ১০৩.৭ | ১১২.১ | ৮৭.৮ | ৮৮.৬ | ৯১.২ | ৯৪.৮ | ৯৯.৫ | ১২০.৪    |
| বেসরকারি       | ৮৮.৮  | ৮৮.৪  | ৭২.৬  | ৬৭.৬ | ৭১.৭ | ৭৬.০ | ৭৭.৯ | ৭৫.৮ | ৭৫.৫     |
| বিদেশি         | ৭২.৯  | ৭৫.৮  | ৫৯.০  | ৬৪.৭ | ৪৭.৩ | ৪৯.৬ | ৫০.৪ | ৪৬.৮ | ৪৯.৬     |
| মোট            | ৯০.৪  | ৮৭.৯  | ৭২.৬  | ৭০.৮ | ৬৮.৬ | ৭৪.০ | ৭৭.৮ | ৭৬.১ | ৭৮.৩     |

#### চার্ট ৫.৭ সকল ব্যাংকের ব্যয়-আয়ের একীভূত চিত্র



৫.২১ ROA এবং ROE দ্বারা পরিমাপকৃত উপার্জন ক্ষমতার নিরিখে ব্যাংকগুলোর মধ্যে ব্যাপক তারতম্য পরিলক্ষিত হয়ে থাকে। বিভিন্ন ধরনের ব্যাংকের ROA এবং ROE সারণী ৫.৮-এ প্রদর্শন করা হয়েছে। এ সূচকগুলো বিশ্লেষণে দেখা যায় যে, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ROA ছিল ব্যাংকিং খাতের গড় শতকরা হারের নিচে। রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক

## সারণী ৫.৮ ব্যাংকের শ্রেণিভেদে মুনাফা অর্জনের হার


(শতকরা হার)

| ব্যাংকের ধরন | সম্পদের আয় হার (ROA) |      |      |      |      |      |      |      |          | ইকুইটির আয় হার (ROE) |      |       |      |      |       |      |       |          |
|--------------|-----------------------|------|------|------|------|------|------|------|----------|-----------------------|------|-------|------|------|-------|------|-------|----------|
|              | ২০০৭                  | ২০০৮ | ২০০৯ | ২০১০ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | জুন ২০১৫ | ২০০৭                  | ২০০৮ | ২০০৯  | ২০১০ | ২০১১ | ২০১২  | ২০১৩ | ২০১৪  | জুন ২০১৫ |
| এসসিবি       | ০.০                   | ০.৭  | ১.০  | ১.১  | ১.৩  | -০.৬ | ০.৬  | -০.৬ | -০.৬     | ০.০                   | ২২.৫ | ২৬.২  | ১৮.৪ | ১৯.৭ | -১১.৯ | ১০.৯ | -১৩.৫ | -২২.৫    |
| বিশেষায়িত   | -০.৩                  | -০.৬ | ০.৪  | ০.২  | ০.১  | ০.১  | -০.৪ | -০.৭ | -১.৫     | -৩.৪                  | -৬.৯ | -১৭.৭ | -৩.২ | -০.৯ | -১.১  | -৫.৮ | -৬.০  | -৮.২     |
| বেসরকারি     | ১.৩                   | ১.৪  | ১.৬  | ২.১  | ১.৬  | ০.৯  | ১.০  | ১.০  | ০.৯      | ১৬.৭                  | ১৬.৪ | ২১.০  | ২০.৯ | ১৫.৭ | ১০.২  | ৯.৮  | ১০.৩  | ৯.৭      |
| বিদেশি       | ৩.১                   | ২.৯  | ৩.২  | ২.৯  | ৩.২  | ৩.৩  | ৩.০  | ৩.৪  | ৩.১      | ২০.৪                  | ১৭.৮ | ২২.৪  | ১৭.০ | ১৬.৬ | ১৭.৩  | ১৬.৯ | ১৭.৭  | ১৫.৭     |
| tgIU         | 0.9                   | 1.2  | 1.4  | 1.8  | 1.5  | 0.6  | 0.9  | 0.6  | 0.5      | 13.8                  | 15.6 | 21.7  | 21.0 | 17.0 | 8.2   | 11.0 | 8.1   | 6.6      |

ব্যাংকগুলোর ROA ২০১১ সন পর্যন্ত ক্রমান্বয়ে বৃদ্ধি পেলেও ২০১২ সনে বিপুল পরিমাণ নিট ক্ষতি হওয়ায় ROA ঋণাত্মক (শতকরা -০.৬ ভাগ) হয়েছে। ২০১৩ সনে উক্ত ব্যাংকগুলোর ROA বৃদ্ধি পেয়ে ধনাত্মক হলেও ২০১৪ সনে তা হ্রাস পেয়ে পুনরায় ঋণাত্মক (শতকরা -০.৬ ভাগ) হয়েছে। বিকেবি এবং রাকাব কর্তৃক ক্রমাগত পরিচালন ক্ষতি হওয়ায় বিশেষায়িত ব্যাংকগুলোর ক্ষেত্রে এ হারের তেমন কোন উন্নয়ন পরিলক্ষিত হয়নি। ২০১৪ সনে বিশেষায়িত ব্যাংকগুলোর ROA পূর্বের তুলনায় আরও অবনমন হয়ে ঋণাত্মক (শতকরা -০.৭ ভাগ) হয়েছে। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর ROA ২০১০ সন পর্যন্ত ধারাবাহিকভাবে শক্তিশালী মাত্রায় থাকলেও নিট মুনাফা হ্রাস পাওয়ায় ২০১১ সন হতে ২০১৪ সন পর্যন্ত তাতে নিম্নমুখী প্রবণতা পরিলক্ষিত হয়েছে। বিদেশি ব্যাংকগুলোর ROA গত কয়েক বছরে ধারাবাহিকভাবে শক্তিশালী মাত্রায় থাকলেও ২০১৩ সনে তা সামান্য হ্রাস পেয়েছে, পরবর্তীতে ২০১৪ সনে সামান্য উন্নয়ন হলেও জুন ২০১৫-এ পুনরায় তা হ্রাস পেয়েছে।

৫.২২ ২০১৪ সনে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ক্ষেত্রে ঋণাত্মক ROE পরিলক্ষিত হয়েছে। বেসিক ব্যাংকের বিশাল ক্ষতির কারণে এটি ২০১৩ সনের শতকরা ১০.৯ ভাগ থেকে ২০১৪ সনে ঋণাত্মক শতকরা ১৩.৫ ভাগ এবং জুন ২০১৫ এ আরও হ্রাস পেয়ে দাঁড়ায় ঋণাত্মক শতকরা ২২.৫ ভাগে। বিশেষায়িত ব্যাংকগুলোর ২০১৪ সনে ROE ছিল ঋণাত্মক শতকরা ৬.০ ভাগ যা ২০১৩ সনে ছিল ঋণাত্মক শতকরা ৫.৮ ভাগ। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর ২০১৪ সনের ROE বৃদ্ধি পেয়ে শতকরা ১০.৩ ভাগে দাঁড়িয়েছে যা ২০১৩ সনে ছিল শতকরা ৯.৮ ভাগ এবং জুন ২০১৫-এ পুনরায় হ্রাস পেয়ে

চার্ট ৫.৮ সমন্বিত উপার্জনশীলতা-সকল ব্যাংক



## সারণী ৫.৯ ব্যাংকের শ্রেণিভেদে নিট সুদ আয়

(বিলিয়ন টাকা)

| ব্যাংকের ধরন | ২০০৭ | ২০০৮ | ২০০৯ | ২০১০  | ২০১১  | ২০১২  | ২০১৩  | ২০১৪  | জুন ২০১৫ |
|--------------|------|------|------|-------|-------|-------|-------|-------|----------|
| এসসিবি       | ৭.৪  | ৭.৯  | ১২.১ | ১৯.৮  | ৩৪.৩  | ১৪.৯  | -৫.৪  | ৩৯.৭  | ১৯.৪     |
| বিশেষায়িত   | ১.৪  | ১.৯  | ১.৯  | ৬.২   | ৪.৯   | ৪.৭   | ৩.৮   | ২.১   | ১.৯      |
| বেসরকারি     | ৩৬.১ | ৪৮.৫ | ৫৬.৭ | ৮২.৮  | ৯১.৪  | ১১৪.৭ | ১১৮.২ | ২০৫.৮ | ১০৫.০    |
| বিদেশি       | ৯.৯  | ১২.৬ | ১০.৭ | ১৩.০  | ১৬.১  | ১৯.৬  | ১৫.৮  | ২৬.৬  | ১৪.১     |
| tgIU         | 54.8 | 70.9 | 81.5 | 121.9 | 146.7 | 153.8 | 132.3 | 274.2 | 140.3    |

শতকরা ৯.৭ ভাগে দাঁড়িয়েছে। বিদেশি ব্যাংকগুলোর ROE ২০১৪ সনে শতকরা ১৭.৭ ভাগে দাঁড়িয়েছে যা ২০১৩ সনে ছিল শতকরা ১৬.৯ ভাগ এবং জুন ২০১৫-এ কমে শতকরা ১৫.৭ ভাগে দাঁড়ায়।

৫.২৩ ব্যাংকিং খাতের সামগ্রিক নিট সুদ আয় (NII) ব্যাপকভাবে বৃদ্ধি পেয়ে ২০১৪ সনে ২৭৪.২ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা ২০১৩ সনে ছিল ১৩২.৩ বিলিয়ন টাকা। রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর নিট সুদ আয় ২০১৩ সনে ৫.৪ বিলিয়ন (ঋণাত্মক) টাকায় নেমে আসলেও ২০১৪ সনে ব্যাংকগুলো ৩৯.৭ বিলিয়ন

**mvi Yx 5.10 e'vsK'i tk'vtf' Zvij'i nvi**


(kZKiv nvi)

| e'vsK'i aib | Zij m'au' |      |      |      |      |      |      |      |          | AwZwi <sup>3</sup> Zvij'' |      |      |      |      |      |      |      |          |
|-------------|-----------|------|------|------|------|------|------|------|----------|---------------------------|------|------|------|------|------|------|------|----------|
|             | 2007      | 2008 | 2009 | 2010 | 2011 | 2012 | 2013 | 2014 | Rly 2015 | 2007                      | 2008 | 2009 | 2010 | 2011 | 2012 | 2013 | 2014 | Rly 2015 |
| Gmmie       | 24.9      | 32.9 | 25.1 | 27.2 | 31.3 | 29.2 | 44.3 | 42.0 | 39.3     | 6.9                       | 14.9 | 17.6 | 8.2  | 12.3 | 10.2 | 25.3 | 23.9 | 26.4     |
| vet'klwqZ   | 14.2      | 13.7 | 9.6  | 21.3 | 6.9  | 12.0 | 15.3 | 6.6  | 0.0      | 5.6                       | 4.9  | 7.1  | 2.3  | 1.3  | 1.0  | 4.2  | 6.6  | 0.0      |
| temi Kwii   | 22.2      | 20.7 | 18.2 | 21.5 | 23.5 | 26.3 | 28.0 | 28.2 | 20.8     | 6.4                       | 4.7  | 5.3  | 4.6  | 6.6  | 9.5  | 11.3 | 11.0 | 11.9     |
| vet'wk      | 29.2      | 31.3 | 31.8 | 32.1 | 34.1 | 37.5 | 46.2 | 56.9 | 51.1     | 11.2                      | 13.3 | 21.8 | 13.2 | 15.3 | 18.7 | 27.4 | 37.6 | 38.9     |
| tgvU        | 23.2      | 24.8 | 20.6 | 23.0 | 25.4 | 27.1 | 32.5 | 32.7 | 26.8     | 6.9                       | 8.4  | 9.0  | 6.0  | 8.4  | 9.9  | 15.4 | 15.7 | 16.9     |


(abvZtK) UvKv jvf KitZ m'yg ntqtQ| temi Kwii ewYwR'K e'vsK,tj v t\_tK mvguMK e'vsuKs LvtZi wbu my Avtqi epr Ask Avtm Ges 2014 mtb mvguMK e'vsuKs LvtZ Zvt' i Ae'vb wQj kZKiv 75.1 fVM| temi Kwii ewYwR'K e'vsK,tj vi tyt' 2007 mb t\_tK 2014 mb chSi wbu my Avtqi EaYg' aviv cwj j'Yz ntj l vet'klwqZ l vet'wk ewYwR'K e'vsK,tj vi tyt' Aw'wZk'j wbu my Avq cwj j'Yz ntqtQ|

5.24 2007 t\_tK 2011 mb bvM' ivo' gwj Kvbrxb ewYwR'K e'vsK,tj v Znwej e'q nvmKi t'Yi gra'tg Zvt' i wbu my Avq evovtZ m'yg nq| ivo' gwj Kvbrxb ewYwR'K e'vsK,tj vi my Avtqi Z'zbvq my e'q Awak nvti ew' cvl qvq wbu my Avq 2012 mtb nvm cvq Ges 2013 mtb Avk'vRbK ch'q' t'ct'Q| tmvbj x e'vsK wj wgtU'Wi wbu my Avq e'vcKf'ite Ktg 10.5 weij qb UvKv 'wovq| Aciw'tK, 2007 t\_tK 2014 mb chSi temi Kwii ewYwR'K e'vsK,tj vi wbu my Avq j'yYq g'v'vq ew' t'ct'Q| 2013 mb e'ZxZ 2007 t\_tK 2014 mb chSi e'vsuKs LvtZi mvguMK wbu my Avtq EaYg' aviv j'y' Kiv hvq| D'tj' l 'vtK th, 2013 m'tbi my Avq Ktg h'v'qvi c'arb KvY wQj ivo' gwj Kvbrxb ewYwR'K e'vsK,tj vi 'g' Kg'YzV| wbu my Avtqi G EaYg' aviv t\_tK c'Zxqg'v' nq th, temi Kwii Ges vet'wk ewYwR'K e'vsK,tj vi m'tj i e'earb (Interest Spread) ivo' gwj Kvbrxb ewYwR'K e'vsK l vet'klwqZ e'vsK,tj vi Z'zbvq te'wk|

**PvU5.9 e'vsK e'e'vi mgu'SZ wbu my Avq**



**PvU5.10 AwZwi<sup>3</sup> Zvij'' mgu'SZ cwj w'wZ**



**K.6. Zvij''**

5.25 eZ'v'tb ewYwR'K e'vsK,tj vtK w'omvBv'nK w'f'w'EtZ Zvt' i ce'Z' 2q g'vtmi tgvU Zj'we l t'gq'w' 'vtqi kZKiv 6.5 fVM ('w'ok b'bZg kZKiv 6.0 fVM) bM' Zij m'au' (CRR) w'nt'mte msi'Y Ki tZ nq| c'v'MZ (Conventional) e'vsK'i Rb' we'w'ae'x Zij m'au' (SLR) msi'y't'Yi nvi kZKiv 13.0 fVM| Bmj w'g kixq'n' w'f'w'EtZ



পরিচালিত ব্যাংকগুলো এবং বাণিজ্যিক ব্যাংকের ইসলামি শাখাসমূহের SLR সংরক্ষণের পরিমাণ তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের শতকরা ৫.৫ ভাগ। বিশেষায়িত ব্যাংকগুলোকে SLR সংরক্ষণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি দেয়া হয়েছে তবে উপরে উল্লিখিত হারে তাদেরকে নগদ তরল সম্পদ (CRR) সংরক্ষণ করতে হয়। CRR বাংলাদেশ ব্যাংকের সাথে নগদে সংরক্ষণ করতে হয় তবে SLR সংরক্ষণের জন্য ব্যাংকগুলো সরকার অনুমোদিত সিকিউরিটিজ (দায়হীন অংশ) ধারণ করতে পারে।

৫.২৬ সারণী ৫.১০ হতে দেখা যায় যে, বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর পর রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণের হার সর্বোচ্চ ছিল। সার্বিক বিচারে বিগত বছরে ব্যাংকগুলোর মোট সম্পদের মধ্যে তরল সম্পদের শতকরা পরিমাণের স্থিতিশীল অবস্থা বজায় ছিল যদিও বিদেশি ব্যাংকগুলোর ক্ষেত্রে উর্ধ্বমুখী প্রবণতা পরিলক্ষিত হয়।

### K.7. K<sup>o</sup>rtg m&(CAMELS) ti uds

৫.২৭ ক্যামেলস্ রেটিং এমন একটি তদারকি ব্যবস্থা যার মাধ্যমে নিবিড় তদারকির প্রয়োজন এরূপ সমস্যা কবলিত ব্যাংকসমূহ চিহ্নিত করা হয়। আন্তর্জাতিক মানের ব্যাংকিং এর সাথে সামঞ্জস্য রেখে চলা, আধুনিক ব্যাংকিং কার্যক্রমকে যুগোপযোগী করা এবং ব্যাংকের সুস্থতা আরো নির্ভুলভাবে নির্ণয়ের লক্ষ্যে পূর্ববর্তী ক্যামেলস্ রেটিং নির্দেশিকাটি ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন কর্তৃক পুনঃমূল্যায়ন করা হয়েছে। নতুন প্রবর্তিত নির্দেশিকাটি ডিসেম্বর ২০১৩ সন থেকে ক্যামেলস্ রেটিং নির্ণয়ের ক্ষেত্রে অনুসৃত হচ্ছে।

সংশোধিত নির্দেশিকাটিতে অনুপাত বা সূচক এর ক্ষেত্রেই শুধু বড় ধরনের পরিবর্তন আনয়ন করা হয়েছে তা নয়, বরং গুণগত মূল্যায়নের ক্ষেত্রেও প্রশ্নমালা (Questionnaire) নতুনভাবে বিন্যস্ত করা হয়েছে। নির্দেশিকা পর্যালোচনার ক্ষেত্রে মূলধন পর্যাগতা সংক্রান্ত ব্যাসেল-৩ নীতিমালাকে বিবেচনায় নেয়া হয়েছে এবং এ সম্পর্কিত কতিপয় অন্যান্য বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। মূলধন পর্যাগতা হিসাবায়নের ক্ষেত্রে উত্তম মানসম্পন্ন মূলধনের ওপর গুরুত্বারোপ করাসহ মূলধনের তুলনায় পুঁজিবাজারে বিনিয়োগ ও ব্যালেন্সশীট বহির্ভূত দফার

পরিমাণ, মোট মূলধনের তুলনায় বৃহদাংক ঋণের পরিমাণ ইত্যাদি বিষয়ও অন্তর্ভুক্ত করা হয়েছে। নতুন ক্যামেলস্ রেটিং নির্দেশিকাটিতে সম্পদের গুণগতমান মূল্যায়নের জন্য শ্রেণিকৃত ঋণের হার ও প্রতিশিনিং পরিস্থিতির পাশাপাশি সার্বিকভাবে ব্যাংকের লোন পোর্টফোলিও কেন্দ্রীভূত কিনা তা যাচাই করার জন্য HHI (Herfindahl-Hirschman Index) প্রবর্তন করা হয়েছে। ঝুঁকিপূর্ণ বিভিন্ন খাতে প্রদত্ত ঋণের পরিমাণও হিসাবায়নে অন্তর্ভুক্ত করা হয়েছে। ক্যামেলস্ রেটিং এর আওতায় ব্যাংকগুলোকে দুই প্রকার রেটিং আরোপের মাধ্যমে মূল্যায়ন করা হয়- (১) উপাদানভিত্তিক পারফরমেন্স রেটিং, যা ক্যামেলস্ এর ছয়টি উপাদান অর্থাৎ মূলধন পর্যাগতা, সম্পদের গুণগত মান, ব্যবস্থাপনা, উপার্জন ক্ষমতা, তারল্য ও বাজার ঝুঁকির প্রতি সংবেদনশীলতা এর ভিত্তিতে নির্ণয় করা হয় এবং (২) সমন্বিত ক্যামেলস্ রেটিং, যা ব্যাংকের সার্বিক আর্থিক অবস্থার ভিত্তিতে নির্ণীত হয়ে থাকে। উভয় প্রকার রেটিং ‘১-৫’ স্কেলে নির্ণয় করা হয় যেখানে ‘১’ এর মাধ্যমে সবচেয়ে ভাল বা উৎকৃষ্ট রেটিং এবং ‘৫’ এর মাধ্যমে সবচেয়ে খারাপ বা নিকৃষ্ট রেটিং বোঝানো হয়। কোন ব্যাংকের সমন্বিত ক্যামেলস্ রেটিং ‘৪’ বা ‘৫’ অর্থাৎ ‘প্রান্তিক’ বা ‘অসন্তোষজনক’ নির্ণীত হলে সাধারণত ঐ ব্যাংকটিকে ‘প্রবলেম ব্যাংক’ হিসেবে চিহ্নিত করা হয় এবং এর কার্যাবলী ও আর্থিক অবস্থা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয়।

৫.২৮ ক্যামেলস্ সূচকের মাধ্যমে চিহ্নিত ব্যাংকগুলোর দুর্বলতা দূর করার জন্য বাংলাদেশ ব্যাংক মার্চ ২০০৫ হতে আর্লি ওয়ার্নিং সিস্টেম (EWS) সুপারভিশন পদ্ধতি প্রবর্তন করেছে। কোন ব্যাংকের কার্যক্রমে দুর্বলতা পরিলক্ষিত হলে তাকে EWS এর আওতায় নিয়ে আসা হয় এবং নিবিড়ভাবে পর্যবেক্ষণের মাধ্যমে এর কার্যক্রমের মানোন্নয়নে সহায়তা করা হয়। বর্তমানে কোন ব্যাংক EWS পর্যবেক্ষণের অধীনে নেই।

৫.২৯ প্রবর্তিত নতুন ক্যামেলস্ রেটিং নির্দেশিকা অনুযায়ী ডিসেম্বর ২০১৪-এ কোন ব্যাংকের রেটিং ‘১’ বা ‘শক্তিশালী’ নির্ণীত হয়নি, ৩৯টি ব্যাংকের রেটিং ‘২’ বা ‘সন্তোষজনক’, ১০টি ব্যাংকের রেটিং ‘৩’ বা ‘মোটামুটি ভাল’, ৫টি ব্যাংকের রেটিং ‘৪’ বা ‘প্রান্তিক’ এবং ২টি ব্যাংকের রেটিং ‘৫’ বা ‘অসন্তোষজনক’ ছিল।

**সারণী ৫.১১ ইসলামি ব্যাংকিং খাতের তুলনামূলক চিত্র (ডিসেম্বর ২০১৪ শেষে)**

(বিলিয়ন টাকা)

| বিবরণ                         | ইসলামি ব্যাংক |        | প্রচলিত ব্যাংকের ইসলামি শাখা* |      | ইসলামি ব্যাংকিং খাত |        | সকল তফসিলি ব্যাংক |        |
|-------------------------------|---------------|--------|-------------------------------|------|---------------------|--------|-------------------|--------|
|                               | ২০১৪          | ২০১৩   | ২০১৪                          | ২০১৩ | ২০১৪                | ২০১৩   | ২০১৪              | ২০১৩   |
| ১                             | ২             |        | ৩                             |      | ৪=২+৩               |        | ৫                 |        |
| ব্যাংকের সংখ্যা               | ৮             | ৮      | ১৬                            | ১৬   | ২৪                  | ২৪     | ৫৬                | ৫৬     |
| মোট আমানত                     | ১৩৪৯.৭        | ১১১৭.৯ | ৬৭.৬                          | ৬১.০ | ১৪১৭.৩              | ১১৭৮.৯ | ৬৯৬৫.১            | ৬২৭৩.০ |
| মোট বিনিয়োগ                  | ১১৩৭.৬        | ৯৫১.৩  | ৫৭.৭                          | ৫২.৫ | ১১৯৫.৪              | ১০০৩.৭ | ৫১৪৭.২            | ৪৬৩৮.৭ |
| বিনিয়োগ-আমানত অনুপাত         | ৮৪.৩          | ৮৫.১   | ৮৫.৪                          | ৬৮.১ | ৮৪.৩                | ৮৫.২   | ৭৩.৯              | ৭৩.৯   |
| তারল্যঃ উদ্বৃত্ত (+)/ঘাটতি(-) | ১২৭.৫         | ৯১.২   | ০.১                           | ৩.১  | ১২৮.২               | ৯৪.৩   | ১১৪২.২            | ৯৫৫.৮  |

\* প্রচলিত ব্যাংকগুলোর ইসলামি ব্যাংকিং শাখা/শাখাগুলো আলাদাভাবে এসএলআর সংরক্ষণ করে না। সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয় সমন্বিতভাবে এসএলআর সংরক্ষণ এবং তারল্য উদ্বৃত্ত/ঘাটতি হিসাব করে থাকে।

**ক.৮. শহর ও গ্রামীণ অঞ্চলে ব্যাংকগুলোর কার্যক্রম**

৫.৩০ ডিসেম্বর ২০১৪ শেষে ব্যাংকগুলোর গ্রামীণ শাখার সংখ্যা দাঁড়িয়েছে ৫১৫০টি, যা ব্যাংকগুলোর মোট শাখার শতকরা ৫৭.০ ভাগ (পরিশিষ্ট-৪, সারণী-১৩)। একই সময়ে ব্যাংকগুলোর শহরে অবস্থিত শাখার সংখ্যা ৩৮৯০টিতে উন্নীত হয়েছে (মোট শাখার শতকরা ৪৩.০ ভাগ)। ডিসেম্বর ২০১৪ শেষে ব্যাংকগুলোর গ্রামীণ শাখাগুলোর মোট আমানতের পরিমাণ ১৩২৬.০ বিলিয়ন টাকায় (মোট আমানতের শতকরা ১৯.১ ভাগ) এবং শহুরে শাখাগুলোর মোট আমানতের পরিমাণ ৫৬০৫.২ বিলিয়ন টাকায় (মোট আমানতের শতকরা ৮০.৯ ভাগ) উন্নীত হয়েছে। একই সময়ে গ্রামীণ এবং শহরাঞ্চলে অগ্রিমের পরিমাণ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫০৫.১ বিলিয়ন টাকা (মোট অগ্রিমের শতকরা ১০.০ ভাগ) এবং ৪৫৭১.২ বিলিয়ন টাকায় (মোট অগ্রিমের শতকরা ৯০.০ ভাগ) দাঁড়িয়েছে।

**ক.৯. ইসলামিক ব্যাংকিং**

৫.৩১ ১৯৮৩ সন হতে বাংলাদেশে ইসলামিক ব্যাংকিং কার্যক্রম শুরু হয়েছে। অর্থবছর ১৫-এ বাংলাদেশে কার্যরত ৫৬টি ব্যাংকের মধ্যে ৮টি বেসরকারি ব্যাংক পূর্ণাঙ্গ ইসলামি ব্যাংক এবং ১৬টি প্রচলিত ব্যাংক (তিনটি বিদেশি ব্যাংকসহ) ইসলামিক ব্যাংকিং শাখার মাধ্যমে ইসলামিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেছে। শুরু হতেই ইসলামি ব্যাংকিং খাত জোরালো প্রবৃদ্ধি বজায় রেখে চলছে; যা সমগ্র ব্যাংকিং খাতে সম্পদ, অর্থায়ন এবং আমানত বিবেচনায় ইসলামি ব্যাংকিং খাতের বর্ধিত মার্কেট শেয়ার এর মাধ্যমে প্রতিফলিত হচ্ছে। সারণী

৫.১১ এই ইসলামি ব্যাংকিং কার্যক্রমের একটি সংক্ষিপ্ত চিত্র প্রদর্শন করা হয়েছে। ডিসেম্বর ২০১৪ শেষে সকল ইসলামি ব্যাংক এবং প্রচলিত ব্যাংকগুলোর ইসলামি ব্যাংকিং শাখাগুলোর মোট আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ১৪১৭.৩ বিলিয়ন টাকায়, যা সমগ্র ব্যাংকিং খাতের মোট আমানতের শতকরা ২০.৩ ভাগ। ডিসেম্বর ২০১৪ শেষে সকল ইসলামি ব্যাংক এবং প্রচলিত ব্যাংকগুলোর ইসলামি ব্যাংকিং শাখাগুলোর মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ১১৯৫.৪ বিলিয়ন টাকায়, যা দেশের সমগ্র ব্যাংকিং খাতের মোট বিনিয়োগের শতকরা ২২.২ ভাগ।

**খ. আইনগত কাঠামো ও প্রবিধিগত বাধ্যবাধকতা**

**খ.১. ব্যাংকগুলোর জন্য ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাণ্ডতা**

৫.৩২ বাংলাদেশ ব্যাংক রেগুলেটরি বাধ্যবাধকতা হিসেবে জানুয়ারি ২০১০ হতে ব্যাংকগুলোর জন্য ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাণ্ডতার কাঠামো প্রবর্তন করেছে। এছাড়া, বিদ্যমান ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাণ্ডতার নীতি এবং ব্যাংকগুলোর পূর্বের মূলধন পর্যাণ্ডতার প্রতিবেদন সংশোধন করে বাংলাদেশ ব্যাংক ২০১০ সনে ন্যূনতম মূলধন পর্যাণ্ডতার হার এবং ন্যূনতম প্রয়োজনীয় মূলধনের পরিমাণ পুনরায় নির্ধারণ করেছে। জুলাই ২০১১ হতে ব্যাংকগুলোকে ঝুঁকিভিত্তিক সম্পদের শতকরা ১০.০ ভাগের সমপরিমাণ বা তদূর্ধ্ব মূলধন পর্যাণ্ডতার হার সংরক্ষণ করতে হচ্ছে। ব্যাসেল-২ এর পিলার-১ অনুযায়ী ঝুঁকি (credit risk), বাজার ঝুঁকি (market risk) এবং পরিচালন ঝুঁকি (operational risk) এর বিপরীতে ব্যাংকসমূহ ঝুঁকিভিত্তিক সম্পদ হিসাবায়ন করে থাকে। প্রতি ত্রৈমাসিক শেষে মূলধন পর্যাণ্ডতার বিবরণী বাংলাদেশ

ব্যাংকে দাখিলের জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্তমানে বাংলাদেশ ব্যাংক ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাণ্ডতা কাঠামোর তত্ত্বাবধান পর্যালোচনা পদ্ধতি (supervisory review process) বাস্তবায়নের কাজ করছে। তত্ত্বাবধান পর্যালোচনা পদ্ধতি বা supervisory review process (SRP)- এর মূল নীতি হলো “ব্যাংকগুলোতে রিস্ক প্রোফাইলের আলোকে সামগ্রিক মূলধন পর্যাণ্ডতা নিরূপণের জন্য একটি প্রক্রিয়া এবং পর্যাণ্ড মাত্রায় মূলধন সংরক্ষণের জন্য একটি কৌশল থাকতে হবে”। ব্যাংকগুলোকে একটি SRP টিম গঠনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে, যেখানে রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট হচ্ছে একটি অবিচ্ছেদ্য অংশ। এছাড়া, ব্যাংকগুলোকে তাদের সামগ্রিক রিস্ক প্রোফাইল নিরূপণের জন্য Internal Capital Adequacy Assessment Process (ICAAP) শীর্ষক একটি প্রসেস ডকুমেন্ট প্রণয়ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংক ব্যাসেল-৩ বাস্তবায়নের জন্য রোডম্যাপ এবং কর্মপরিকল্পনাও প্রদান করেছে। এই নির্দেশনাগুলো ধাপে ধাপে গ্রহণ করা হবে এবং ইতোমধ্যে জানুয়ারি ২০১৫ হতে প্রাথমিক ধাপের বাস্তবায়ন শুরু হয়েছে। ডিসেম্বর ২০১৯-এ ব্যাসেল-৩ এর সম্পূর্ণ বাস্তবায়ন হবে বলে আশা করা হচ্ছে। নতুন মূলধন পর্যাণ্ডতা কাঠামোর আওতায় ব্যাংকগুলোকে নিম্নে বর্ণিত অনুপাতগুলো সংরক্ষণ করতে হবেঃ

১. কমন ইকুইটি টিয়ার-১ মূলধন হবে মোট ঝুঁকিভিত্তিক সম্পদের কমপক্ষে শতকরা ৪.৫ ভাগ।
২. টিয়ার-১ মূলধন হবে মোট ঝুঁকিভিত্তিক সম্পদের কমপক্ষে শতকরা ৬.০ ভাগ। অর্থাৎ অতিরিক্ত টিয়ার-১ মূলধন মোট ঝুঁকিভিত্তিক সম্পদের সর্বোচ্চ শতকরা ১.৫ ভাগ বা কমন ইকুইটি টিয়ার-১ মূলধনের শতকরা ৩৩.৩ ভাগ (দু'য়ের মধ্যে যেটি বেশি) পর্যন্ত হতে পারবে।
৩. ন্যূনতম মূলধন পর্যাণ্ডতার হার (CRAR) হবে মোট ঝুঁকিভিত্তিক সম্পদের শতকরা ১০.০ ভাগ। অর্থাৎ টিয়ার-২ মূলধন মোট ঝুঁকিভিত্তিক সম্পদের সর্বোচ্চ শতকরা ৪.০ ভাগ বা কমন ইকুইটি টিয়ার-১

মূলধনের শতকরা ৮৮.৯ ভাগ (দু'য়ের মধ্যে যেটি বেশি) পর্যন্ত হতে পারবে।

৪. ন্যূনতম মূলধন পর্যাণ্ডতার হার ছাড়াও ব্যাংকগুলোকে মোট ঝুঁকিভিত্তিক সম্পদের শতকরা ২.৫ ভাগ আপদকালীন সুরক্ষা হিসেবে অতিরিক্ত কমন ইকুইটি টিয়ার-১ মূলধন সংরক্ষণ করতে হবে।

৫.৩৩ তত্ত্বাবধান পর্যালোচনা মূল্যায়ন পদ্ধতি বা Supervisory Review Evaluation Process (SREP) এর অধীনে ব্যাংকগুলোর SRP টিম এর সাথে তাদের ICAAP সংক্রান্ত পর্যবেক্ষণ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সংলাপ অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত SRP-SREP সংলাপকালে বাংলাদেশ ব্যাংক পরিমাণগত ও গুণগত দিক বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট ব্যাংকের পর্যাণ্ড মূলধনের পরিমাণ নির্ণয় করে থাকে। ২০১১ সনে প্রথম SREP সংলাপ শুরু করা হয়। আলোচ্য সংলাপ সহজতর করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে মে ২০১৩ তে একটি সংশোধিত পদ্ধতিগত দলিল প্রণয়ন করা হয়েছে। এ পদ্ধতিগত দলিলের আওতায় ব্যাংকগুলোকে রেসিডুয়াল ঝুঁকি, মুখ্য ঝুঁকিগুলোর ব্যবস্থাপনা সংক্রান্ত মূল্যায়ন, ঋণ পুঞ্জীভূতকরণ ঝুঁকি, সুদ হার ঝুঁকি, তারল্য ঝুঁকি, সুনাম ঝুঁকি, লেনদেন নিষ্পত্তির ঝুঁকি, কৌশলগত ঝুঁকি, পরিবেশগত ঝুঁকি এবং অন্যান্য বস্তুগত ঝুঁকি সংক্রান্ত তথ্য নির্ধারিত ফরম্যাটে বাংলাদেশে ব্যাংকে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রক্রিয়ায় ব্যাংকের ICAAP সংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের অন-সাইট এবং অফ-সাইট সুপারভিশন বিভাগগুলোতে সংরক্ষিত তথ্যাবলীর সাথে মিলিয়ে দেখা হয়। SRP-SREP সংলাপকালে ব্যাংকগুলো ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে যথাযথ প্রমাণসহ তথ্য ও বাস্তবসম্মত পর্যালোচনা দাখিলে সমর্থ না হলে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন বিভাগের প্রাণ্ড তথ্যের ভিত্তিতে ব্যাংকগুলোর জন্য মূলধন পর্যাণ্ডতার স্তর নির্ধারণ করা হয়। মে ২০১৪ তে প্রসেস ডকুমেন্টটি পুনরায় সংশোধন করা হয়েছে, যার উপর ভিত্তি করে ৫৬টি ব্যাংক (নতুন ৯টি ব্যাংকসহ) ৩১ ডিসেম্বর ২০১৩ ভিত্তিক ICAAP সংক্রান্ত রিপোর্ট দাখিল করেছে এবং জুন ২০১৫ এর মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ ও ৪০টি ব্যাংকের SRP টিম এর সাথে পৃথক সভাও সম্পন্ন হয়েছে।

## L.2. FY tkŃKŃY Ges cŃfkŃb

৫.৩৪ অর্থবছর ১৩-এ বাংলাদেশ ব্যাংক ঋণ শ্রেণিবিন্যাসকরণ ও প্রতিশনিং সংক্রান্ত নীতিমালা পরিবর্তন করেছে। বাংলাদেশ ব্যাংক খেলাপি ঋণ (একটি আইনগত ধারণা যা ব্যাংককে ঋণগ্রহীতার বিরুদ্ধে নির্দিষ্ট কিছু পদক্ষেপ নেয়ার অধিকার প্রদান করে) এবং শ্রেণিকৃত ঋণ (হিসাববিজ্ঞানের ধারণা যেখানে ঋণের সম্ভাব্য ক্ষতির জন্য নির্দিষ্ট পরিমাণ প্রতিশনি রাখার নিয়ম) এর ধারণা প্রবর্তন ও এদের মধ্যে পার্থক্য সুস্পষ্টীকরণ করেছে।

## L.3. e'vsK,tj vZ mŃymb cŃZŃv

৫.৩৫ ব্যাংকসমূহে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সাম্প্রতিক সময়ে বাংলাদেশ ব্যাংক নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। এগুলোর মধ্যে- বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের প্রধান নির্বাহী নিয়োগের ক্ষেত্রে উপযুক্ততা যাচাই পরীক্ষা (ফিট অ্যান্ড প্রোপার টেস্ট), পর্যদ অডিট কমিটির সুনির্দিষ্ট নীতিমালা তৈরি, তথ্য প্রকাশ সম্পর্কিত বর্ধিত নির্দেশনা প্রভৃতি উল্লেখযোগ্য। উপরোক্ত সংস্কার প্রক্রিয়ার ধারাবাহিকতায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ক্ষমতা সুনির্দিষ্ট করা এবং ব্যাংকের দৈনন্দিন কার্যক্রমে পরিচালকমণ্ডলীর হস্তক্ষেপ সীমিত করার লক্ষ্যে পর্যদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ভূমিকা ও কার্যক্রম পুনঃসংজ্ঞায়িত ও স্বচ্ছ করা হয়েছে। ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর এতদসংশ্লিষ্ট ধারাসমূহ ইতোমধ্যে সংশোধন করা হয়েছে।

## M. e'vsK,tj vi ZŃyeavb

৫.৩৬ আর্থিক সেक्टरের সক্ষমতা, স্বচ্ছলতা এবং পদ্ধতিগত দৃঢ়তা স্থাপন এবং একইসাথে আমানতকারীদের স্বার্থ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক (১) অফ-সাইট সুপারভিশন ও (২) অন-সাইট সুপারভিশন নামে দু'ধরনের সুপারভিশন কার্যক্রম পরিচালনা করে থাকে। ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন ব্যাংকের অফ-সাইট সংক্রান্ত কাজে সদা সতর্ক। সাম্প্রতিক সময়ে এ বিভাগ ব্যাংকিং সুপারভিশনের ক্ষেত্রে পরিবর্তন আনয়ন করেছে।

## M.1. e'vsK,tj vi Ad-mvBU mŃvi wfkb

৫.৩৭ অর্থবছর ১৫-এ আরও নিবিড় ও দ্রুত বিশ্লেষণের লক্ষ্যে নতুন কৌশল এবং পদ্ধতি প্রবর্তনের

সাথে সাথে অফ-সাইট মনিটরিং অন-সাইট পরিদর্শনের পরিপূরক হিসেবে কার্যক্রম অব্যাহত রেখেছে।

## e'vsŃks mŃvi wfkb t'Ńkwj ÷ (ŃeGmGm)

৫.৩৮ বর্তমান ব্যাংকিং সুপারভিশন কার্যক্রমকে আরও শক্তিশালী ও তীব্রতর করার লক্ষ্যে সাম্প্রতিক সময়ে বাংলাদেশ ব্যাংক অফ-সাইট সুপারভিশন ডিপার্টমেন্টের আওতায় ছয়টি ব্যাংকিং সুপারভিশন স্পেশালিস্ট শাখা (বিএসএস) গঠন করেছে। প্রতিটি শাখা একজন উপ-মহাব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তার তত্ত্বাবধানে পরিচালিত হয়। বিএসএস শাখা যৌক্তিক বিশ্লেষণমূলক কাজের ওপর অপেক্ষাকৃত বেশি জোর দেয়। বিএসএস শাখাগুলো নিজ নিজ শাখার আওতাধীন ব্যাংকসমূহের ক্ষেত্রে প্রাক-সতর্ককারী হিসেবে কাজ করে থাকে। এই শাখাগুলো ব্যাংকসমূহের পরিস্থিতি, কর্মদক্ষতা, ঝুঁকি, প্রাতিষ্ঠানিক সুশাসন, প্রাতিষ্ঠানিক কাঠামো প্রভৃতির প্রতি সার্বক্ষণিক নজর রাখে এবং ব্যাংক পরিদর্শন বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত বিশদ পরিদর্শন প্রতিবেদনসমূহের নির্বাহী সার-সংক্ষেপ সংগ্রহপূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণ করে থাকে। তত্ত্বাবধান কার্যক্রমের সাম্প্রতিক অগ্রগতি সম্পর্কে অবহিত হওয়ার লক্ষ্যে এই শাখাগুলো ব্যাংক পরিদর্শন বিভাগসমূহের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে থাকে। জুনিয়র ব্যাংক সুপারভিশন স্পেশালিস্টগণ ব্যাংকগুলোর ট্রেজারি কার্যক্রম, মূলধন পর্যাগুতা, ঋণ-আমানত হার প্রভৃতি নিরীক্ষণ করে থাকেন এবং নির্ধারিত সময় পরপর ব্যাংকগুলোর নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের তথ্যনুযায়ী ডায়াগনস্টিক রিভিউ রিপোর্ট (DRR), কুইক রিভিউ রিপোর্ট (QRR) প্রস্তুত করেন, যার মাধ্যমে ব্যাংকে বিদ্যমান প্রধান প্রধান ঝুঁকিসমূহ দ্রুত চিহ্নিত করে ঐ সকল ঝুঁকি মোকাবিলার সম্ভাব্য পস্থা নির্ণয় করা যায়।

এছাড়া, ব্যাংকিং সুপারভিশন স্পেশালিস্ট শাখাসমূহ ব্যাংকগুলোর পরিচালনা পর্যদ, নির্বাহী/অডিট কমিটির সভার কার্যবিবরণীসমূহ পর্যালোচনা করার সাথে সাথে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর সাথে সম্পাদিত সমঝোতা স্মারক এর অগ্রগতি পর্যালোচনা করে এবং তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাকে অবহিত করে। বেসিক ব্যাংক এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেডকে যথাক্রমে ডিসেম্বর ২০১৪ এবং মে ২০১৫-এ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হিসেবে

শ্রেণিকৃত করা হয়েছে। সমঝোতা স্মারকের মাধ্যমে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর (বিডিবিএল ব্যতীত) তদারকি কার্যক্রম চলছে। ঋণ ব্যবস্থাপনা এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতির মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক চারটি রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকে (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ এবং রূপালী ব্যাংক লিঃ) বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করছে। ইতোমধ্যে, ডিসেম্বর ২০১৪ সনে সরকার সোনালী ব্যাংক লিঃ এবং বেসিক ব্যাংক লিঃ এর মূলধন পুনর্গঠন বাবদ যথাক্রমে ০.৭১ বিলিয়ন টাকা এবং ০.৭৯ বিলিয়ন টাকা পুনর্ভরণ করেছে। অন্যদিকে, অর্থবছর ১৫-এ বিকেবি এবং রাকাবকেও সমঝোতা স্মারকের মাধ্যমে মনিটর করা হচ্ছে। বর্তমানে বিকেবি এবং রাকাব এর অর্থবছর ১৬-এর সমঝোতা স্মারক প্রস্তুতের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

#### ৫.৩৯ ঋণ ব্যবস্থাপনা

৫.৩৯ ব্যাংকিং খাতে ঋণ ব্যবস্থাপনাকে আরও শক্তিশালী, কার্যকর এবং ফলপ্রসূ করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ৬টি কোর রিস্ক ব্যবস্থাপনা নির্দেশিকা, ঋণভিত্তিক মূলধন পর্যাণ্ডতা নির্দেশিকা এবং স্ট্রেস টেস্টিং নির্দেশিকা জারি করেছে। বাংলাদেশ ব্যাংক ১৫ ফেব্রুয়ারি ২০১২ তারিখে ব্যাংকগুলোর জন্য ঋণ ব্যবস্থাপনা নীতিমালা শীর্ষক শিরোনামে আরেকটি নির্দেশিকা জারি করেছে। এ নির্দেশিকা ঋণ ব্যবস্থাপনার একটি সমন্বিত ব্যাংকিং পদক্ষেপ যা ব্যাংকগুলোকে তাদের প্রতিষ্ঠানের ঋণসমূহ নির্ণয়, পরিমাপ, তদারকি এবং নিয়ন্ত্রণে সমসাময়িক পদ্ধতি আত্মীকরণে সাহায্য করবে।

৫.৪০ উন্নত ঋণ ব্যবস্থাপনা অনুশীলনের লক্ষ্যে জুন ২০০৯-এ প্রতিটি তফসিলি ব্যাংককে একটি আলাদা ঋণ ব্যবস্থাপনা ইউনিট গঠনের নির্দেশনা দেয়া হয়। বিদ্যমান এবং ভবিষ্যতে ঘটতে পারে এমন সব ধরনের ঋণের বিশ্লেষণ সম্বলিত একটি ঋণ ব্যবস্থাপনা প্রতিবেদন প্রস্তুতপূর্বক নিয়মিত মাসিক ঋণ ব্যবস্থাপনা ইউনিট সভায় উপস্থাপন করা এবং পরবর্তী সময়ে সভার সিদ্ধান্তসমূহসহ ঋণ ব্যবস্থাপনা (RMP) প্রতিবেদন ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এ প্রেরণের জন্যেও ব্যাংকগুলোকে নির্দেশনা দেয়া হয়। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক ব্যাংকগুলোর ঋণ ব্যবস্থাপনা

কার্যক্রমকে অধিকতর কার্যকর করার নিমিত্তে বিভিন্ন ধরনের সমসাময়িক ঋণ এবং কিছু প্রশ্নাবলী (ব্যাংকের ঋণ ব্যবস্থাপনার কাঠামো, ঋণ নীতি-পদ্ধতি, ঋণ প্রস্তাব মূল্যায়ন প্রক্রিয়া, ঋণ মঞ্জুর পরবর্তী প্রক্রিয়া, ঋণ তদারকি, পরিচালন ঋণ যাচাই এবং তারল্য ঋণ ইত্যাদি) অন্তর্ভুক্ত করে পূর্বের ঋণ ব্যবস্থাপনা প্রতিবেদন পরিবর্তন করে ব্যাংকগুলোর জন্য Comprehensive Risk Management Report (CRMR) নামক একটি নতুন রিপোর্টিং ফরম্যাট প্রণয়ন করেছে।

৫.৪১ ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমে আরও গুরুত্ব দেয়ার লক্ষ্যে ঋণ ব্যবস্থাপনা ইউনিটের পরিবর্তে ঋণ ব্যবস্থাপনা বিভাগ গঠন এবং ব্যাংকের উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ থেকে একজন কর্মকর্তাকে (ন্যূনতম উপব্যবস্থাপনা পরিচালক) মুখ্য ঋণ অফিসার হিসেবে নিয়োগের জন্যে ব্যাংকগুলোকে নির্দেশনা দেয়া হয়। এছাড়া, বাংলাদেশ ব্যাংক ব্যাংকগুলোকে একটি ঋণ ব্যবস্থাপনা কমিটি গঠনের নির্দেশনা দেয় যার সদস্যবৃন্দ ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক পর্ষদের সদস্য হতে মনোনীত হবে এবং কোম্পানি সচিব উক্ত কমিটির সচিব হিসেবে কাজ করবে। ঋণ ব্যবস্থাপনা প্রতিবেদনের ওপর ভিত্তি করে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন ব্যাংকগুলোর ঋণ ব্যবস্থাপনা কার্যক্রম নিয়মিত মূল্যায়ন করে থাকে এবং পরিস্থিতি উন্নয়নের জন্যে গঠনমূলক পরামর্শ দিয়ে থাকে। ব্যাংকগুলোকে এসব পরামর্শ সম্পাদন করে কমপ্লায়েন্স প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হয়।

৫.৪২ Comprehensive Risk Management Report (CRMR) এ প্রদত্ত তথ্য, ঋণ ব্যবস্থাপনা বিভাগ ও পর্ষদ পর্যায়ের ঋণ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী, ব্যাংক কর্তৃক দাখিলকৃত পূর্ববর্তী ত্রৈমাসিকের পরিপালন তথ্য এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সম্ভাব্য সকল ধরনের ঋণ পরিমাপের লক্ষ্যে রিস্ক রেটিং পদ্ধতির প্রচলন করা হয়েছে। এ রিস্ক রেটিং ক্যামেলস্ রেটিং এর ব্যবস্থাপনা উপাদান (Management Component) এ শতকরা ১৫ ভাগ গুরুত্ব বহন করে। অর্থাৎ একটি ব্যাংকের ঋণ ব্যবস্থাপনার অনুশীলন তাদের ক্যামেলস্ রেটিং এ উল্লেখযোগ্য প্রভাব ফেলবে। ডিসেম্বর ২০১৪-এর রেটিং অনুযায়ী ৫৬টি তফসিলি ব্যাংকের মধ্যে ২৩টিকে নিম্নমাত্রার ঋণ, ২৫টিকে সহনীয়/মাঝারি

(Medium) মাত্রার এবং বাকি ৮টিকে উচ্চ মাত্রার ঝুঁকি সম্পন্ন ব্যাংক হিসেবে চিহ্নিত করা হয়েছে।

৫.৪৩ ব্যাংকগুলোর উপর তাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতি (Internal control system) বিষয়ে একটি স্ব-মূল্যায়ন প্রতিবেদন (Self assessment report) বাংলাদেশ ব্যাংকে দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (Internal control and compliance) ব্যবস্থা শক্তিশালীকরণের মাধ্যমে ব্যাংকের পরিচালন ঝুঁকি ন্যূনতম মাত্রায় রাখাই হচ্ছে এ ধরনের স্ব-মূল্যায়ন প্রতিবেদনের প্রধান উদ্দেশ্য। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক জালিয়াতির বিরুদ্ধে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়ে ৫৩টি প্রশ্ন এবং নির্দিষ্ট সময়ে সংঘটিত জাল-জালিয়াতির বিবরণ ও এর বিরুদ্ধে গৃহীত পদক্ষেপ সম্বলিত একটি রিপোর্টিং ফরম্যাট প্রণয়ন করেছে। বাংলাদেশ ব্যাংক ত্রৈমাসিক ভিত্তিতে এই প্রতিবেদনগুলো পর্যালোচনা করছে এবং ব্যাংকগুলোকে যথাযথ নির্দেশনা প্রদান করছে। উক্ত প্রতিবেদনে সরবরাহকৃত তথ্যের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে তা অন-সাইট সুপারভিশন ডিপার্টমেন্টসমূহেও প্রেরণ করা হয়ে থাকে।

## M.2. e'vsK, tj vi Ab-mvBU cmi`k

৫.৪৪ বাংলাদেশ ব্যাংকের বিধিবদ্ধ কার্যক্রমের অংশ হিসেবে বর্তমানে ৭টি বিভাগ - ব্যাংক পরিদর্শন বিভাগ-১ (ডিবিআই-১), ব্যাংক পরিদর্শন বিভাগ-২ (ডিবিআই-২), ব্যাংক পরিদর্শন বিভাগ-৩ (ডিবিআই-৩), ব্যাংক পরিদর্শন বিভাগ-৪ (ডিবিআই-৪), বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগ (ডিএফআইআই), ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট (এফআইসিএসডি) এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউটস ইউনিট (বিএফআইইউ) পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে। এ সাতটি বিভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (ইসলামি শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকগুলোসহ), বিদেশি ব্যাংক এবং ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ও মানি চেঞ্জারসহ অন্যান্য প্রতিষ্ঠানসমূহে অন-সাইট পরিদর্শন পরিচালনা করে থাকে। এ বিভাগসমূহ বিভিন্ন ধরনের পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে যেগুলোকে তিনভাগে ভাগ করা যায়- (১) বিশদ/নিয়মিত/প্রথাগত পরিদর্শন (২) ঝুঁকি ভিত্তিক/সিস্টেম চেক পরিদর্শন এবং (৩) বিশেষ/তাৎক্ষণিক পরিদর্শন।

৫.৪৫ বিশদ পরিদর্শনে ব্যাংকসমূহের সার্বিক অবস্থা/কার্যক্রম (তথা মূলধন পর্যাণ্ডতা, সম্পদের গুণগত মান, তারল্য, উপার্জন ক্ষমতা, ব্যবস্থাপনার দক্ষতা ইত্যাদি) মূল্যায়ন করা হয়। এগুলো মূল্যায়নের ভিত্তিতে ব্যাংকগুলোকে ১-৫ স্কেলে রেটিং করা হয়। অন-সাইট পরিদর্শন বিভাগসমূহ পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ ও নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তাও পর্যবেক্ষণ করে থাকে। ব্যাংকসমূহের মুখ্য ঝুঁকি ব্যবস্থাপনা নির্দেশিকার পরিপালন তত্ত্বাবধানের উদ্দেশ্যে ঝুঁকিভিত্তিক পরিদর্শন পরিচালনা করা হয়। আমানতকারী, জনসাধারণ বা কোন প্রতিষ্ঠানের অভিযোগের ভিত্তিতে বিশেষ পরিদর্শন পরিচালনা করা হয়।

৫.৪৬ যে সব বাণিজ্যিক ব্যাংকের ক্যামেলস্ রেটিং ৩ থেকে ৫ এর মধ্যে থাকে, সেগুলো প্রতিবছর পরিদর্শন করা হয়। যে সব ব্যাংকের রেটিং ১ অথবা ২, সেগুলো প্রতি দু'বছরে একবার পরিদর্শন করা হয়। প্রভিশন, আয় ও ব্যয় হিসাবসমূহ অনুসন্ধানপূর্বক ব্যাংকগুলোকে তাদের চূড়ান্ত হিসাব সংশোধনের জন্য নির্দেশ দেয়া হয়ে থাকে। অন-সাইট সুপারভিশনের কার্যকারিতা বৃদ্ধি এবং অন-সাইট ও অফ-সাইট সুপারভিশনের সময় ব্যবধান হ্রাসকল্পে এ পদ্ধতি প্রবর্তন করা হয়েছে।

৫.৪৭ অর্থবছর ১৫-এ ২৮টি ব্যাংকের প্রধান কার্যালয়সহ ১২৮৮টি শাখায় ব্যাংক পরিদর্শন বিভাগ-১ (ডিবিআই-১) কর্তৃক পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। একই সময়ে, ডিবিআই-১ এর তত্ত্বাবধানে থাকা ২৮টি ব্যাংকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত মুখ্য ঝুঁকি নির্দেশিকা (সম্পদ-দায় ব্যবস্থাপনা, ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা, তথ্য যোগাযোগ প্রকৌশল, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন) বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে মুখ্য ঝুঁকিভিত্তিক পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। প্রতিটি ব্যাংকের প্রধান কার্যালয়/আঞ্চলিক অফিসসহ যে কোন একটি শাখা মুখ্য ঝুঁকিভিত্তিক পরিদর্শনের আওতায় নেয়া হয়েছে। মুখ্য ঝুঁকি পরিদর্শনের লক্ষ্যে একটি ব্যাংকের প্রধান কার্যালয়সহ মোট ১৯১টি শাখার পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ব্যাংকগুলোর বার্ষিক আর্থিক প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে তাদের ব্যবস্থাপনা কমিটি (MANCOM), বাংলাদেশ ব্যাংকের পরিদর্শক এবং বহিঃনিরীক্ষক এর সমন্বয়ে ত্রি-স্তরীয় সভা করার

নির্দেশ দেয়া হয়েছে। ব্যাংক পরিদর্শন বিভাগ-১ চার কর্মদিবসে ১১টি অভ্যন্তরীণ প্রশিক্ষণ সভার আয়োজন করেছে।

৫.৪৮ অর্থবছর ১৫-এ, ব্যাংক পরিদর্শন বিভাগ-২ (ডিবিআই-২) ৭টি প্রধান কার্যালয়সহ সর্বমোট ৯২৮টি শাখায় বিশদ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে যার মধ্যে ২৯৩টি বড় শাখা এবং ৬২৮টি ছোট শাখা অন্তর্ভুক্ত। একই সময়ে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক এবং বিশেষায়িত ব্যাংকসমূহের একটি প্রধান শাখাসহ সর্বমোট ৬৯টি বিশেষ পরিদর্শন এবং ৬টি প্রধান শাখাসহ ১৪টি ঝুঁকিভিত্তিক পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। অধিকন্তু, বিভাগটি ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর প্রধান কার্যালয় এবং ৫টি শাখায় বিশদ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে।

৫.৪৯ অর্থবছর ১৫-এ ব্যাংক পরিদর্শন বিভাগ-৩ কর্তৃক ৪টি প্রধান কার্যালয়, ৯২টি বৃহৎ শাখা ৬৩০টি ছোট শাখা এবং ১৮২টি ক্ষুদ্র ও মাঝারি সার্ভিস সেন্টার/এসএমই/কৃষি শাখাসহ (অন্যান্য কয়েকটি ব্যাংকের এসএমই সংশ্লিষ্ট কাজসহ) ব্যাংকের উপর মোট ৭২৬টি বিশদ পরিদর্শন কার্য পরিচালনা করা হয়েছে। পাশাপাশি, দু'টো ব্যাংকের উপর (এসএমইসহ) মোট ১৯২টি বিশেষ পরিদর্শন এবং ৫টি ব্যাংকের উপর মোট ৬০টি ঝুঁকিভিত্তিক পরিদর্শন পরিচালনা করা হয়েছে।

৫.৫০ অর্থবছর ১৫-এ ব্যাংক পরিদর্শন বিভাগ-৪ কর্তৃক বিভিন্ন ব্যাংকের প্রধান কার্যালয় এবং শাখার উপর মোট ২৩৭টি পরিদর্শন কার্য পরিচালনা করা হয়েছে। এ সময়ের মধ্যে, ঝুঁকি ব্যবস্থাপনা নীতি-নির্দেশিকা বাস্তবায়ন অগ্রগতি নিরীক্ষণ এবং ঝুঁকি ব্যবস্থাপনা মূল্যায়ন, পরিদর্শন ও ব্যাংকের পরিবেশ নিয়ন্ত্রণের নিমিত্তে ব্যাংক পরিদর্শন বিভাগ-৪ এর পর্যবেক্ষণের ভিত্তিতে ২০টি শাখা অফিসে ও ২০টি প্রধান কার্যালয়ে কোর রিস্ক পরিদর্শন কার্য পরিচালনা করা হয়েছে। উল্লিখিত সময়ে, ব্যাংক পরিদর্শন বিভাগ-৪ কর্তৃক ২০টি প্রধান কার্যালয় এবং ১১৯টি শাখা অফিসে বিশদ পরিদর্শন কার্য পরিচালনা করা হয়েছে। ব্যাংক পরিদর্শন বিভাগ-৪ কর্তৃক ৩৭টি শাখা এবং ২০টি প্রধান কার্যালয়ের উপর মোট ৫৮টি বিশেষ

পরিদর্শন পরিচালনা করা হয়েছে। উক্ত অর্থবছরে স্থানীয় তালিকাভুক্ত সকল স্টক এক্সচেঞ্জও পরিদর্শন করা হয়েছে। প্রথমবারের মতো ব্যাংক পরিদর্শন বিভাগ-৪ কর্তৃক ২০টি প্রধান কার্যালয় ও ২০টি শাখা অফিসের উপর SRP পরিদর্শন পরিচালনা করা হয়েছে। তাছাড়া, ৩১ ডিসেম্বর ২০১৪ ভিত্তিক আর্থিক প্রতিবেদন চূড়ান্তকরণের পূর্বে ২০টি ব্যাংককে পরিদর্শন করা হয়েছে।

৫.৫১ ডিপার্টমেন্ট অব ফরেন এক্সচেঞ্জ- বৈদেশিক বাণিজ্যে অর্থায়ন, ট্রেজারি কর্ম এবং ব্যাংকের বৈদেশিক বিনিময় ঝুঁকি ব্যবস্থাপনা, ব্যাংকের বৈদেশিক লেনদেন এবং মানিচেঞ্জার এর উপর পরিদর্শন পরিচালনা করে থাকে। অর্থবছর ১৫-এ ডিপার্টমেন্ট কর্তৃক ব্যাংকের ১১টি প্রধান কার্যালয় এবং ৪৮৩ অথরাইজড ডিলার এর উপর মোট ৪৮৩টি বিশদ পরিদর্শন কার্য পরিচালনা করা হয়েছে। এছাড়াও, এ ডিপার্টমেন্ট বৈদেশিক বিনিময় ঝুঁকি ব্যবস্থাপনার উপর ৪৫টি, বিশেষ পরিদর্শন ৮৫টি এবং মানি এক্সচেঞ্জার এর উপর ১১৫টি পরিদর্শনসহ বাণিজ্য ও বৈদেশিক বিনিময় এর উপর উল্লেখযোগ্য সংখ্যক পরিদর্শন কার্য পরিচালনা করেছে।

৫.৫২ ২৬ জুলাই ২০১২ সনে কাস্টমার ইন্টারেস্ট প্রোটেকশন সেন্টার (সিআইপিসি)কে ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট অ্যান্ড কাস্টমার সার্ভিসেস নামে নতুনভাবে নামকরণ করা হয়েছে। জালিয়াতি অনুসন্ধান ও অপরাধ শনাক্তে ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট অ্যান্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আন্তঃ ও বহিঃ জাল-জালিয়াতির পূর্বাভাস নির্দেশক সংকেতের নিয়ন্ত্রক হিসেবে কাজ করে যাচ্ছে। এছাড়াও, এ বিভাগ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রদান, কার্যক্ষমতা, কার্যকারিতা, স্বচ্ছতা এবং আইটি ব্যবস্থাপনা ঝুঁকি হ্রাসে গুরুত্ব দিয়ে যাচ্ছে।

৫.৫৩ অর্থবছর ১৫-এ অত্র বিভাগ কর্তৃক নির্ধারিত টেলিফোন নম্বর, ইমেইল এবং প্রচলিত পত্রের মাধ্যমে মোট ১৪৯২০টি অভিযোগ গৃহীত হয়েছে। এ বিভাগ স্বল্পতম সময়ের মধ্যে সেগুলো তদন্ত ও সমাধানে কাজ করে যাচ্ছে। অভিযোগ নিরসনের হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এ বিভাগ কর্তৃক বাংলাদেশে কার্যরত

e. 5.1

**বাংলাদেশে ইসলামি ব্যাংকসমূহের তারল্য ব্যবস্থাপনা**

ইসলামি ব্যাংকসহ অন্য সকল আর্থিক প্রতিষ্ঠানের নিরাপদ ও শক্তিশালী ব্যাংকিং ব্যবস্থাপনার জন্য তারল্য ব্যবস্থাপনাকে একটি মৌলিক উপাদান হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। ব্যাংকসমূহের তারল্য সংকট সফলভাবে মোকাবেলা করার সক্ষমতার উপরই মূলত গ্রাহকদের আস্থা নির্ভর করে। এ কারণেই ব্যাংকের সার্বিক তারল্য ব্যবস্থাপনার জন্য একটি পরিকল্পিত নিরাপদ তারল্য কাঠামো প্রয়োজন। ইসলামি ব্যাংকসমূহ তাদের সকল ব্যাংকিং কার্যক্রম ইসলামি শরীয়াহু ভিত্তিতে পরিচালিত করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশের বাজারে বিনিয়োগের জন্য শরীয়াহুসম্মত SLR-এর যোগ্য হাতিয়ার অপরিপূর্ণ থাকায় ইসলামি ব্যাংকসমূহের জন্য বিধিবদ্ধ তরল সম্পদ (SLR) প্রথাগত বাণিজ্যিক ব্যাংকসমূহের তুলনায় কম হারে নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাক্রমে বর্তমানে ইসলামি ব্যাংকসমূহ তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের শতকরা ৬.৫ ভাগ নগদ তরল সম্পদ (CRR) এবং শতকরা ৫.৫ ভাগ বিধিবদ্ধ তরল সম্পদ (SLR) হিসেবে সংরক্ষণ করছে। প্রথাগত বাণিজ্যিক ব্যাংকসমূহ যাদের ইসলামিক ব্যাংকিং শাখা/উইন্ডো রয়েছে তাদেরও SLR এবং CRR ইসলামি ব্যাংকসমূহের অনুরূপ হারে বাংলাদেশ ব্যাংকের সাথে একটি আলাদা চলতি হিসাব খোলার মাধ্যমে সংরক্ষণের নির্দেশ দেয়া হয়েছে।

সরকারি ট্রেজারি বিল ও বন্ডের মতো আর্থিক হাতিয়ারসমূহ সুদভিত্তিক হওয়ায় এ সকল হাতিয়ারে বিনিয়োগ করতে না পারায় দীর্ঘদিন যাবৎ ইসলামি ব্যাংকগুলো অতিরিক্ত তারল্য সংকটে ভুগছে। পরিস্থিতি বিবেচনা করে তারল্য সংকট মোকাবেলার নিমিত্তে বাংলাদেশ সরকার ২০০৪ সনে "Bangladesh Government Islamic Investment Bond (BGIIIB)" নামে একটি বন্ড বাজারে চালু করেছে। সারণী-১ হতে দেখা যায় যে, বিনিয়োগের অন্য কোন ক্ষেত্র না থাকায় বিগত তিন বছর যাবৎ এই বন্ডে (BGIIIB) ইসলামি ব্যাংকগুলোর বিনিয়োগ উর্ধ্বমুখী রয়েছে। সম্প্রতি BGIIIB-এর ধারাকে আরো শিথিল করে স্বল্পমেয়াদে তিন মাস মেয়াদি করা হয়েছে। অন্যদিকে ইসলামি ব্যাংক/শাখাসমূহে যদি কোন তারল্য ঘাটতি থাকে তাহলে ইসলামি ব্যাংক/শাখাসমূহ ইসলামি বন্ড তহবিল থেকে লিয়েনের বিপরীতে অতিরিক্ত ইসলামি বন্ড ক্রেয়সহ ইসলামি বন্ডের জন্য Repo সিস্টেম চালু এবং পারস্পরিকভাবে একে অন্যের সাথে মুদারাবা চলতি হিসাব খোলার দ্বারা ইসলামি বন্ড তহবিলে বিনিয়োগ সুবিধা গ্রহণের মাধ্যমে উক্ত ঘাটতি মোকাবেলা করতে পারবে। তবে প্রথাগত বাণিজ্যিক ব্যাংকসমূহের ইসলামি শাখা/উইন্ডোসমূহের ক্ষেত্রে তারল্য ঘাটতি মোকাবেলা করতে হলে তারা শরীয়াহুসম্মত যে কোন উৎস হতে তহবিল সংগ্রহ করতে পারবে।

**সারণী ১ : ইসলামি বন্ডে (BGIIIB) ইসলামি ব্যাংকসমূহের বিনিয়োগ, ঋণ এবং মুনাফার হার**

|                         | জুন ২০১৩ | জুন ২০১৪ | জুন ২০১৫ |
|-------------------------|----------|----------|----------|
| বিনিয়োগ (বিলিয়ন টাকা) | ৯৬৮১.৪   | ১৫০৫১.২  | ২১৩১৬.৫  |
| ঋণ (বিলিয়ন টাকা)       | ১৫৯০৬.০  | ৬৭৮৫.০   | ৫১১০.০   |
| মুনাফার হার             |          |          |          |
| বিনিয়োগ                | ৪.৬      | ৩.৪      | ১.০      |
| ঋণ (ভরীত গড়)           | ৫.০      | ৪.৬      | ৪.৫      |

উৎসঃ সিকিউরিটিজ ডিপার্টমেন্ট, মতিবিল অফিস, বাংলাদেশ ব্যাংক।



ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ১২৭টির উপর বিশেষ পরিদর্শন পরিচালনা করা হয়েছে। গ্রাহকের কাছ থেকে এবং তাদের স্ব স্ব এলাকা থেকে প্রাপ্ত অভিযোগ সমাধানে প্রধান কার্যালয়ের কাস্টমার সার্ভিস ডিভিশন এর বাইরেও বাংলাদেশ ব্যাংকের ১০টি শাখা অফিসে কাস্টমার ইন্টারেস্ট প্রোটেকশন সেন্টার (সিআইপিসি) স্থাপন করা হয়েছে।

৫.৫৪ অর্থবছর ১৫-এ মানিলভারিং এবং সন্ত্রাসী অর্থায়ন রোধে ব্যাংকিং খাতে বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মানিলভারিং এবং সন্ত্রাসী অর্থায়ন রোধে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) সার্কুলার জারি করেছে। এ বিভাগ ব্যাংকগুলোর ML/TF তে নিহিত ঝুঁকি নির্ণয়ে ব্যাংকিং সেক্টরের জন্য মানিলভারিং ও সন্ত্রাসী অর্থায়নের ঝুঁকি মূল্যায়ন নীতিমালা জারি করেছে এবং তথ্য বিশ্লেষণ প্রক্রিয়ায় নির্বাচন কমিশনের জাতীয় পরিচয়পত্রের ডাটাবেজ, ক্রেডিট ইনফরমেশন (সিআইবিএ), বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (ব্যাচ) এবং বাংলাদেশ ব্যাংকের ড্যাশ বোর্ড এর ডাটাবেজ ব্যবহার শুরু করেছে। জানুয়ারি ২০১৪ হতে বিএফআইইউ সকল তফসিলি ব্যাংক হতে CTR ও STR সংক্রান্ত তথ্য goAML software এর মাধ্যমে পেয়ে আসছে। অর্থবছর ১৫-এ অত্র বিভাগ ৫৭টি প্রধান কার্যালয়সহ ৫৬টি ব্যাংকের ৪৪টি শাখা অফিসে কোর রিস্ক এর আওতায় সিস্টেম চেক পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করেছে এবং STR/CTRs নিয়মিত এবং যথাযথভাবে প্রদান করা হচ্ছে কি-না সে বিষয়ে ১২টি ব্যাংকের মোট ১৯টি শাখায় পরিদর্শন পরিচালনা করেছে। অধিকন্তু, এ বিভাগ একটি প্রধান কার্যালয়সহ ১৭টি ব্যাংকের ২৪টি শাখা অফিসে কিছু কিছু STR এর অধিকতর পর্যালোচনার জন্যও পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে এবং বিভিন্ন মাধ্যম, ব্যক্তি এবং অন্যান্য প্রতিষ্ঠান হতে প্রাপ্ত অভিযোগ তদন্তে দু'টো প্রধান কার্যালয় ও ২২টি ব্যাংকের ৪৫টি শাখায় পরিদর্শন পরিচালনা করেছে। ব্যাংকগুলোর কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সতর্কতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ৫৬টি জেলায় ব্যাংকসমূহকে তাদের কর্মকর্তা-

কর্মচারীদের AML/CFT এর উপর উল্লেখযোগ্য সংখ্যক প্রশিক্ষণ প্রোগ্রাম পরিচালনা ও প্রোগ্রামসমূহের সফলতার জন্য উৎসাহ এবং সহযোগিতা দিয়ে আসছে। এ বছর ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও ক্যাপিটাল মার্কেটের মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের মুখ্য Anti-Money Laundering Compliance কর্মকর্তাদের নিয়ে আলাদা বার্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে।

### গ.৩. ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ও ম্যাক্রো প্রুডেন্সিয়াল সুপারভিশন

৫.৫৫ ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট দেশের ম্যাক্রো প্রুডেন্সিয়াল সুপারভিশন কাঠামো শক্তিশালী করতে সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে। শুরু থেকেই এ বিভাগ সার্বিক আর্থিক স্থিতিশীলতা মূল্যায়নে আর্থিক স্থিতিশীলতা রিপোর্ট (বার্ষিক এবং ত্রৈমাসিক) প্রকাশ করে আসছে, যা গুরুত্বপূর্ণ প্রণয়নসমূহের সমন্বিত বিশ্লেষণ প্রদান করে।

৫.৫৬ এ বিভাগ প্রাথমিকভাবে আর্থিক ব্যবস্থার উপর অর্থনৈতিক পরিস্থিতির সম্ভাব্য পরিবর্তনের প্রভাব নির্ণয়ের জন্য ম্যাক্রো স্ট্রেস টেস্টিং ডিজাইন করেছে। Financial Projection Model (FPM) বিশ্বব্যাংক এর কারিগরি সহায়তার মাধ্যমে বাস্তবায়িত হয়েছে। Inter-bank Transaction Matrix (ITM) tool চালু করা হয়েছে, যা ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের তারল্য ব্যবস্থাপনা পর্যবেক্ষণে ব্যবহৃত হয়। এ মেট্রিক্সটি সঙ্কটাপন্ন প্রতিষ্ঠানসমূহ খুঁজে বের করতে সাহায্য করবে এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহকে রক্ষার জন্য প্রাথমিক সতর্কতা সংকেত দিয়ে সাহায্য করবে।

৫.৫৭ Domestic Systemically Important Banks (D-SIB) সমূহের ব্যর্থতার প্রভাব একটি অপদ্রুতিগত প্রতিষ্ঠানের ব্যর্থতার প্রভাব থেকে উল্লেখযোগ্যভাবে অধিক হতে পারে- এ অন্তর্নিহিত ধারণার উপর ভিত্তি করে এ বিভাগ তার নিজস্ব এখতিয়ারের মধ্যে D-SIB চিহ্নিতকরণ এবং সেগুলো মোকাবেলার জন্য একটি কাঠামোও প্রণয়ন করেছে। অধিকন্তু, আর্থিক ব্যবস্থার pro-cyclicality প্রতিহত করতে সঙ্কটকালে Counter-cyclical Capital Buffer (CCB) প্রণয়ন ও বাস্তবায়নের পরিকল্পনা প্রক্রিয়াধীন রয়েছে। এ বিভাগ করদাতাদের তহবিল ব্যতিরেকে আরো

কার্যকর সরঞ্জাম, তথ্যের মাধ্যমে সম্ভাব্য সব ঘটনায় ব্যাংকসমূহের সুশৃংখল সমাধান সক্রিয়করণে Bank Intervention Resolution Plan (BIRP) এর সমন্বয়ে ব্যাংক হস্তক্ষেপ এবং রেজুলেশন কাঠামো প্রস্তুত করেছে।

৫.৫৮ এ বিভাগ ঋণদানের শেষ আশ্রয়স্থল (Lender of the Last Resort) এর কাঠামো সংক্রান্ত নথি এবং কর্পোরেট পর্যবেক্ষণ তালিকা (Watch List) প্রস্তুত করেছে। এছাড়া, “সমন্বিত তদারকি কাঠামো (Coordinated Supervision Framework)” এর অগ্রগতি প্রক্রিয়াধীন রয়েছে।

## ঘ. আর্থিক স্থিতিশীলতা ও ঝুঁকি ব্যবস্থাপনা মোকাবিলায় ব্যাংকিং খাতের অবকাঠামো

### ঘ.১. আমানত বীমা স্কিম

৫.৫৯ ব্যাংকের আমানতকারীদের তহবিলের ক্ষতির (যে সব ব্যাংক পরবর্তী সময়ে ব্যর্থ হয়) ঝুঁকিহ্রাস বা দূর করার লক্ষ্যে বাংলাদেশে আমানত বীমা স্কিম (DIS) চালু করা হয়েছে। আমানতকারীদের স্বার্থ সুরক্ষা এ স্কিম চালুর মূল উদ্দেশ্য। অন্যদিকে, ব্যাংকিং খাতের সংকটকালীন ঝুঁকি যেমন- আর্থিকভাবে শক্তিশালী ব্যাংক থেকে অব্যাহতভাবে আমানত উত্তোলন এবং এর ফলে পরিশোধ পদ্ধতিতে (Payment System) সৃষ্ট অস্থিতিশীলতা হ্রাসে এ স্কিম পরোক্ষ ভূমিকা রাখে। আন্তর্জাতিক পরিস্থিতি বিবেচনায় আমানত বীমা অনেক সুবিধা প্রদান করে এবং দীর্ঘমেয়াদে সফল আধুনিক ব্যাংক ব্যবস্থার একটি অপরিহার্য উপাদান হিসেবে পরিগণিত হয়।

৫.৬০ ১৯৮৪ সনের আগস্ট মাসে বাংলাদেশে “ব্যাংক আমানত বীমা অর্ডিনেন্স ১৯৮৪” নামে আমানত বীমা স্কিম (DIS) প্রবর্তন করা হয়। ২০০০ সনের জুলাই মাসে এ অর্ডিনেন্স এর পরিবর্তে সংসদে “ব্যাংক আমানত বীমা আইন, ২০০০” নামে একটি আইন পাস করা হয়। বর্তমানে বাংলাদেশের আমানত বীমা কার্যক্রম এ আইনের আওতায় পরিচালিত হচ্ছে। এ আইন অনুসারে, যদি কোন ব্যাংকের ব্যবসা গুটিয়ে ফেলার উপক্রম হয় সেক্ষেত্রে ক্ষুদ্র আমানতকারীদের সীমাবদ্ধ সুরক্ষা (০.১০ মিলিয়ন টাকা) প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংককে “আমানত বীমা ট্রাস্ট তহবিল (DITF)” নামে একটি তহবিল পরিচালনার অনুমোদন দেয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের পরিচালক

পর্যদ DITF এর ট্রাস্টি বোর্ড হিসেবে দায়িত্ব পালন করে থাকে এবং এ ট্রাস্টি বোর্ডের তত্ত্বাবধানে DITF পরিচালিত হয়ে আসছে। অধিকন্তু, বাংলাদেশ ব্যাংক আন্তর্জাতিক আমানত বীমা অ্যাসোসিয়েশন (IADI) এর সদস্য।

৫.৬১ ব্যাংক আমানত বীমা আইন, ২০০০ অনুযায়ী আমানত বীমা ট্রাস্ট তহবিল (DITF) এর প্রধান কাজ হচ্ছে অর্ধবার্ষিক ভিত্তিতে (জুন-ডিসেম্বর শেষে) সকল তফসিলি ব্যাংক হতে প্রিমিয়াম সংগ্রহ করা এবং তা সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ করা। এ ধরনের বিনিয়োগ হতে প্রাপ্ত আয় পুনরায় বিনিয়োগের উদ্দেশ্যে DITF অ্যাকাউন্টে জমা করা হয়।

৫.৬২ বাজার শৃংখলার কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সকল ব্যাংকের জন্য ঝুঁকিভিত্তিক আমানত বীমা হার প্রবর্তন করেছে, যা জানুয়ারি-জুন ২০০৭ থেকে কার্যকর হয়েছে। সম্প্রতি, প্রিমিয়াম হার বৃদ্ধি করা হয়েছে, যা জানুয়ারি-জুন ২০১৩ সময় থেকে কার্যকর করা হয়েছে। সকল তফসিলি ব্যাংকের ন্যায় আর্থিক প্রতিষ্ঠানসমূহ (NBFIs)-কেও আমানত বীমা স্কিম (DIS) এর আওতায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক পদক্ষেপ গ্রহণ করেছে, যা বর্তমানে অর্থ মন্ত্রণালয়ের (MoF) বিবেচনাধীন রয়েছে।

৫.৬৩ জনগণ যদি আমানত বীমা স্কিমের অস্তিত্ব ও সুযোগ সম্পর্কে সচেতন হয় তবে পদ্ধতিগত ঝুঁকি (Systemic Risk) হ্রাসের ক্ষেত্রে এর কার্যকারিতা নিশ্চিতভাবে বৃদ্ধি পাবে। এ বিষয়টি লক্ষ্য রেখে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে আমানত বীমা স্কিম সম্পর্কে জনসচেতনতা বিষয়ক একটি সার্কুলার ইস্যু করেছে। আবার, সাধারণ জনগণকে প্রতিনিয়ত আমানত বীমা স্কিমের সুবিধাদি ও সক্ষমতা সম্পর্কে অবহিত করার জন্য এ সম্পর্কিত হালনাগাদকৃত তথ্য-উপাত্ত বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট-এ প্রকাশ করা হয়েছে।

### ঘ.২. ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর কার্যক্রম

৫.৬৪ সম্ভাব্য খেলাপি ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে ১৮ আগস্ট ১৯৯২ তারিখে বাংলাদেশ ব্যাংককে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি) স্থাপন করা হয়। ১৯ জুলাই ২০১১ হতে সিআইবি এর অনলাইন সেবা

প্রদান শুরু হয়। ইতালীয় প্রতিষ্ঠান CRIF কর্তৃক প্রতিষ্ঠিত সিআইবি এর অনলাইন সিস্টেম ব্যাংকিং খাতে ঝুঁকিমুক্ত ঋণ প্রদান পদ্ধতি বজায় রাখার জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। অত্যন্ত অত্যাধুনিক আইসিটি সুবিধা গ্রহণ করার মাধ্যমে মান ও দক্ষতার বিচারে সিআইবি সেবার উল্লেখযোগ্য উন্নতি সাধিত হয়েছে। এটি রিপোর্ট প্রণয়নের ক্ষেত্রে প্রশংসনীয়ভাবে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের সময় বাঁচিয়েছে ও সশরীরে উপস্থিত হওয়ার আবশ্যিকতা এড়িয়েছে যা ঋণ প্রদানের প্রক্রিয়াকে ত্বরান্বিত করেছে। একটি নতুন অনলাইন সিস্টেম প্রতিষ্ঠার লক্ষ্যে বিগত বেশ কিছু বছর যাবৎ বিদ্যমান সিস্টেমটিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে। নতুন অনলাইন সিস্টেমটি ভেঙের উপর নির্ভরতা দূর করার পাশাপাশি বিদ্যমান অনলাইন সিস্টেম রক্ষণাবেক্ষণের বিপুল ব্যয়হ্রাস করবে।

৫.৬৫ ঋণগ্রহীতা এবং জামিনদারদের বিস্তারিত ঋণ তথ্য নিয়ে সিআইবি ডাটাবেইস গড়ে উঠেছে। যে সকল ঋণগ্রহীতার ঋণের স্থিতি ৫০০০০ টাকা বা তার বেশি

### চাট ৫.১২ DITF এর সাম্প্রতিক অবস্থা

| উপাদানসমূহ                                       | অনিরীক্ষিত হিসাব<br>(৩০ জুন ২০১৩ ভিত্তিক) | প্রিমিয়াম<br>হার* |
|--|---|--------------------|
| মোট তহবিল  | ৪.০৫ (বিলিয়ন টাকায়)                     | -                  |
| মোট বিনিয়োগ                                     | ৩.৯০ (বিলিয়ন টাকায়)                     | -                  |
| মোট বীমাযোগ্য আমানতের মধ্যে<br>বীমাকৃত আমানত     | ২৭.৫৪%                                    | -                  |
| বীমাযোগ্য আমানত এবং তলবি<br>ও মেয়াদি দায়ের হার | ৮১.২০%                                    | -                  |
| সম্পূর্ণ বীমাকৃত আমানতকারী                       | ৮৭.৯৮%                                    | -                  |
| সাইন্ড ব্যাংক                                    | -   | ০.০৮%              |
| আর্লি ওয়ার্নিংভুক্ত ব্যাংক                      | -   | ০.০৯%              |
| প্রবলেম ব্যাংক                                   | -   | ০.১০%              |

\* ২০১৩ সন হতে কার্যকর

এবং ক্রেডিট কার্ড তথ্য অনুযায়ী শ্রেণিকৃত/খেলাপি ঋণের পরিমাণ ১০০০০ টাকা বা তার বেশি তাদের সিআইবি ডাটাবেইস এর আওতায় আনা হয়েছে। ২০১৫ সনের জুন শেষে মোট ঋণগ্রহীতার সংখ্যা গত বছরের একই সময়ের ৮৫৩৮৫১ এর তুলনায় শতকরা ৬.০ ভাগ বৃদ্ধি পেয়ে ৯০৫১১২ এ দাঁড়ায়। জুন ২০১৪ এর তুলনায় জুন ২০১৫ এ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে খেলাপি ঋণগ্রহীতার সংখ্যা শতকরা ৭.১৫ ভাগ বৃদ্ধি পেয়েছে।

## †UKmB e'vsmKs

৬.১ টেকসই ব্যাংকিং এমন এক ব্যাংকিং পন্থা যা পরিবেশবান্ধব দায়িত্বশীল ও অন্তর্ভুক্তিমূলক কৌশল এবং কিভাবে পরিবেশগত, সামাজিক ও অর্থনৈতিক অবস্থায় ব্যবসা পরিচালনা করা যায় তার প্রতিটি ক্ষেত্র বিবেচনায় নিয়ে দীর্ঘমেয়াদি অভিঘাত সক্ষম এবং টেকসই অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশ সচেতন মূল্যবোধ সৃষ্টি করে। এ এমন প্রতিষ্ঠান গড়ার কৌশল প্রণয়ন করে যার সম্পদের স্বচ্ছ ও দক্ষ ব্যবহারের মাধ্যমে স্থায়িত্ব, অভিঘাত সক্ষমতা এবং অর্থনীতি, সমাজ ও পরিবেশে টেকসই অবস্থা ধরে রাখে। টেকসই ব্যাংকিং কার্যক্রমের মূল উদ্দেশ্য হলো অর্থনৈতিক ও সামাজিক কল্যাণের মাধ্যমে আর্থিক ও সামাজিক স্থিতিশীলতা বজায় রাখা। পরিবেশবান্ধব ব্যাংকিং, করপোরেট সামাজিক দায়বদ্ধতা, আর্থিক অন্তর্ভুক্তি এবং আর্থিক শিক্ষার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক 'টেকসই অবস্থা' মূল ব্যাংকিং ব্যবস্থায় একীভূত করে আসছে। সমাজ ও পরিবেশভিত্তিক এ সকল ব্যাংকিং ব্যবস্থা ক্রমান্বয়ে টেকসই ব্যাংকিং ব্যবস্থার ধারণার জন্ম দিয়েছে। এভাবে বাংলাদেশ ব্যাংক সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য টেকসই ব্যাংকিং এর জন্য সম্ভাব্য সকল ক্ষেত্রে নীতিমালা ও নির্দেশনা অনুসরণ করে আসছে। টেকসই ব্যাংকিং ব্যবস্থা মূলত তিনটি বড় ক্ষেত্রের উপর নিবদ্ধ : পরিবেশবান্ধব ব্যাংকিং, করপোরেট সামাজিক দায়বদ্ধতা ও আর্থিক অন্তর্ভুক্তি।

### K. cwi tekerUe e'vsmKs

৬.২ ২০১১ সন হতে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে বহুমুখী টেকসই ব্যাংকিং খাতে দিকনির্দেশনা প্রদানের মাধ্যমে পরিবেশবান্ধব ব্যাংকিং এর অগ্রদূত হিসেবে অন্যদের জন্য বাংলাদেশ ব্যাংক দৃষ্টান্ত স্থাপন করেছে। বাংলাদেশ ব্যাংকের পরিবেশবান্ধব ব্যাংকিং সংক্রান্ত কার্যক্রমসমূহ সাধারণভাবে নিম্নোক্তরূপে ভাগ করা যায়: নীতিনির্ধারণী উদ্যোগসমূহ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রমের

পরিবীক্ষণ, বিভিন্ন ধরনের পরিবেশবান্ধব পণ্য/খাতের জন্য বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন সুবিধা এবং বাংলাদেশ ব্যাংকের নিজস্ব পরিবেশ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলী।

### K.1. bxwZibaŕ Yx D† `Wmgn

৬.৩ জানুয়ারি ২০১১ এ সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশ ব্যাংক পরিবেশ ঝুঁকি ব্যবস্থাপনার নীতিমালা জারি করে, যা বাংলাদেশ ব্যাংকের পরিবেশবান্ধব ব্যাংকিং সংক্রান্ত প্রথম নীতি নির্দেশনা। তফসিলি ব্যাংকগুলোর জন্য ফেব্রুয়ারি ২০১১, আর্থিক প্রতিষ্ঠানগুলোর আগস্ট ২০১৩ ও নতুন ব্যাংকগুলোর জন্য সেপ্টেম্বর ২০১৩ এ পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালা জারি করা হয়। বাংলাদেশ ব্যাংক ডিসেম্বর ২০১৩ এ সকল ব্যাংকের জন্য উক্ত নীতিমালা বাস্তবায়নের সময়সীমা অভিন্ন সময় নির্ধারণ করে। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় টেকসই পরিবেশ ব্যবস্থা নিশ্চিতকল্পে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের চলমান উদ্যোগ ত্বরান্বিত করতে সেপ্টেম্বর ২০১৪ এ বাংলাদেশ ব্যাংক একটি সার্কুলার জারি করে। উক্ত সার্কুলারে জানুয়ারি ২০১৫ হতে ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট বিতরণকৃত ঋণের একটি নির্দিষ্ট অংশ প্রত্যক্ষ পরিবেশবান্ধব অর্থায়নের সর্বনিম্ন লক্ষ্যমাত্রা হিসেবে নির্ধারণ করা হয়েছে। ২০১৩ সনের পূর্বে তফসিলিভুক্ত ব্যাংকগুলোর জন্য ২০১৫ সনে তাদের মোট বিতরণকৃত ঋণের/বিনিয়োগের শতকরা ৫ ভাগ হারে পরিবেশবান্ধব অর্থায়নের লক্ষ্যমাত্রা হিসেবে নির্ধারণ করা হয়েছে। ২০১৩ সনে তফসিলিভুক্ত নতুন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য ২০১৫ সনে তাদের মোট বিতরণকৃত ঋণের/বিনিয়োগের যথাক্রমে শতকরা ৩ ও ৪ ভাগ হারে পরিবেশবান্ধব অর্থায়নের লক্ষ্যমাত্রা হিসেবে নির্ধারণ করা হয়েছে। জানুয়ারি ২০১৬ হতে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য এ লক্ষ্যমাত্রার পরিমাণ হবে মোট বিতরণকৃত ঋণের/বিনিয়োগের শতকরা ৫ ভাগ।

## K.2. cwi ꞤekvÙe A\_Ꞥqb

৬.৪ অর্থবছর ১৫-এ ৪৬টি ব্যাংক সর্বমোট ৪৬৫.৯ বিলিয়ন টাকা পরিবেশবান্ধব কর্মসূচিতে অর্থায়ন করেছে। মোট পরিবেশবান্ধব কর্মসূচি অর্থায়নে ব্যাংকগুলোর খাতওয়ারি অবদান লক্ষ্য করলে দেখা যায়, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোই মুখ্য ভূমিকা পালন করেছে (শতকরা ৭৮.৬ ভাগ), এর পর আছে বিদেশি ব্যাংকগুলো (শতকরা ১৫.৪ ভাগ), আর্থিক প্রতিষ্ঠানগুলো (শতকরা ৫.১ ভাগ), রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলো (শতকরা ০.৯ ভাগ) এবং বিশেষায়িত ব্যাংকগুলো (শতকরা ০.১ ভাগ)। ব্যাংকগুলোর পণ্যভিত্তিক এবং প্রত্যক্ষ ও পরোক্ষ পরিবেশবান্ধব কর্মসূচিতে অর্থায়ন যথাক্রমে সারণী ৬.১ ও ৬.২ এ দেয়া হলো।

## K.3. cwi ꞤekMZ SꞤk e'e`vcbv

৬.৫ ঋণ বিতরণকালে পরিবেশ ঝুঁকি ব্যবস্থাপনা বিবেচনা করা হয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর জন্য পরিবেশ ঝুঁকি ব্যবস্থাপনার নীতিমালা অনুসারে পরিবেশ ঝুঁকি রেটিং সম্পাদন করা হয় এবং ঋণ বিতরণে সিদ্ধান্ত নেয়ার জন্য নির্ধারিত সীমা প্রয়োগ করা হয়। অর্থবছর ১৫-এ সকল ব্যাংকই পরিবেশ ঝুঁকি রেটিং সম্পাদন করেছে। ঐ সময়ে পরিবেশ ঝুঁকি রেটিং যোগ্য ৫৫৮৮১টি প্রকল্পের মধ্যে ৪৭৯২৬টি প্রকল্পের রেটিং করা হয়। তন্মধ্যে ৩৯৬১৩টি প্রকল্পে সর্বমোট ১৫০০.১ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে (সারণী ৬.৩)।

## K.4. Rj evqySꞤk Znñej I cwi ꞤekvÙe ꞤecYb

৬.৬ অর্থবছর ১৫-এ জলবায়ু ঝুঁকি তহবিল হতে ২২টি ব্যাংক ও পরিবেশবান্ধব বিপণন খাতে ২৯টি ব্যাংক যথাক্রমে ৫৬৪.৩ বিলিয়ন ও ১৬৮.৭ বিলিয়ন টাকা ব্যয় করেছে। একই সময়ে আর্থিক প্রতিষ্ঠানগুলো তাদের জলবায়ু ঝুঁকি তহবিল হতে ও পরিবেশবান্ধব বিপণন খাতে যথাক্রমে ৪.৩ বিলিয়ন ও ৪.৯ বিলিয়ন টাকা ব্যয় করেছে।

## K.5. Abj vBb kvLv I Rjy wb `jyZv

৬.৭ অর্থবছর ১৫ শেষে বর্তমানে কার্যরত ৫৬টি ব্যাংকের মধ্যে অনলাইন শাখা রয়েছে এরূপ ব্যাংকের

### সারণী ৬.১ বিভিন্ন পণ্য/খাতে পরিবেশবান্ধব অর্থায়ন

(মিলিয়ন টাকা)

| পরিবেশবান্ধব অর্থায়নের খাত                | এসসিবি | বিশেষায়িত | বেসরকারি | বিদেশি  | আর্থিক প্রতিষ্ঠান | মোট     |
|--|--------|------------|----------|---------|-------------------|---------|
| নবায়নযোগ্য জ্বালানি                       | ১০৭.৪  | ৫.৮        | ২২৮৪.২   | ৫৫৪.৫   | ৬২৪৯.৩            | ৯২০১.৩  |
| জ্বালানি দক্ষতা                            | ৯২.০   | ০.০        | ১৪০০.৭   | ০.০     | ৮১.৭              | ১৫৭৪.৪  |
| কঠিন বর্জ্য ব্যবস্থাপনা                    | ১৪.৯   | ০.০        | ২১১২.৭   | ০.০     | ০.০               | ২১২৭.৬  |
| তরল বর্জ্য ব্যবস্থাপনা                     | ২২.০   | ০.০        | ১৭৫৫.৫   | ৫২.৫    | ২০২.০             | ২০৩২.০  |
| বিকল্প জ্বালানি                            | ১৭.৩   | ০.০        | ০.০      | ০.০     | ০.০               | ১৭.৩    |
| আগুনে পোড়ানো ইট                           | ১৭৯৭.৩ | ৩৪.০       | ৫২৯২.৩   | ০.০     | ৫৯.০              | ৭৮২২.৫  |
| নন ফায়ার ব্লক ব্রিক                       | ০.০    | ০.০        | ২০.৫     | ০.০     | ০.০               | ২০.৫    |
| পুনঃপ্রক্রিয়াকৃত ও পুনঃপ্রক্রিয়াকৃত পণ্য | ০.০    | ৮.৯        | ২৩৭৬.৮   | ২৬.৮    | ১২৪.৩             | ২৫৩৬.৮  |
| গ্রিন ইভান্সি                              | ৪২০.০  | ০.০        | ৮৩১.১    | ২৬৩৮.৩  | ৮০.০              | ৩৯৬৯.৫  |
| কারখানার কর্ম পরিবেশ উন্নয়ন               | ০.০    | ০.০        | ২৩৩.৪    | ১.৫     | ২৪.৭              | ২৬২.৬   |
| বিবিধ                                      | ৫৯৬.৩  | ৩৭.৪       | ৩৭৮৮.৪   | ০.০     | ৪৩.২              | ৪৪৬৫.২  |
| ꞤgꞤU                                       | 3067.2 | 86.1       | 20098.6  | 32733.6 | 6864.2            | 33389.7 |

সূত্র : সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

### সারণী ৬.২ প্রত্যক্ষ এবং পরোক্ষ পরিবেশবান্ধব অর্থায়ন : অর্থবছর ১৫

(মিলিয়ন টাকা)

| প্রতিষ্ঠানের ধরন  | প্রত্যক্ষ পরিবেশবান্ধব অর্থায়ন | পরোক্ষ পরিবেশবান্ধব অর্থায়ন | মোট পরিবেশবান্ধব অর্থায়ন | খাতভিত্তিক অবদান |
|-------------------|---------------------------------|------------------------------|---------------------------|------------------|
| এসসিবি            | ৩০৬৭.২                          | ৯১০.৬                        | ৩৯৭৭.৭                    | ০.৯              |
| বিশেষায়িত        | ৮৬.১                            | ২৬৩.০                        | ৩৪৯.০                     | ০.১              |
| বেসরকারি          | ২০০৯৮.৬                         | ৩৪৬১৩৪.৭                     | ৩৬৬২৩৩.২                  | ৭৮.৬             |
| বিদেশি            | ৩২৭৩.৬                          | ৬৮২৪০.৭                      | ৭১৫১৪.৩                   | ১৫.৪             |
| আর্থিক প্রতিষ্ঠান | ৮৩২০.৭                          | ১৫৪৯৩.০                      | ২৩৮১৩.৬                   | ৫.১              |
| ꞤgꞤU              | 34846.0                         | 431041.9                     | 465887.9                  | 100.0            |

সূত্র : সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

### সারণী ৬.৩ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পরিবেশ ঝুঁকি রেটিং : অর্থবছর ১৫

| প্রতিষ্ঠানের ধরন  | রেটিং যোগ্য প্রকল্পের সংখ্যা | রেটিংকৃত প্রকল্পের সংখ্যা | অর্থায়নকৃত রেটেড প্রকল্পের সংখ্যা | রেটেড প্রকল্পে বিতরণকৃত অর্থায়নের পরিমাণ (মিলিয়ন টাকা) |
|-------------------|------------------------------|---------------------------|------------------------------------|--|
| এসসিবি            | ২২২৪                         | ১৮০৪                      | ১৭১৮                               | ২৮৮৯৬.৮  |
| বিশেষায়িত        | ২২৫                          | ২২৫                       | ২২৫                                | ৩৮২৪.৩   |
| বেসরকারি          | ৪৭৩১৬                        | ৪০৫৭৫                     | ৩৩৮৯৭                              | ১২৮১৫২৭.১  |
| বিদেশি            | ৩৭৬৫                         | ২৮৫৫                      | ১৩৭৫                               | ১০৯২৩০.৫   |
| আর্থিক প্রতিষ্ঠান | ২৩৫১                         | ২৪৬৭                      | ২৩৯৮                               | ৭৬৫৭৮.৩  |
| ꞤgꞤU              | 55881                        | 47926                     | 39613                              | 1500057.0  |

সূত্র : সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

সংখ্যা দাঁড়িয়েছে ৫৫টিতে যেখানে অর্থবছর ১৪-এ ছিল ৫৪টি। অর্থবছর ১৫-এ মোট শাখার অনুপাতে অনলাইন শাখার সংখ্যা দাঁড়িয়েছে শতকরা ৬৮.১ ভাগ যা অর্থবছর ১৪-এ ছিল শতকরা ৫১.৯ ভাগ। সৌরবিদ্যুৎ চালিত শাখা স্থাপন করার ব্যাপারে পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালা ব্যাংকগুলোকে উৎসাহিত করেছে। অর্থবছর ১৫ শেষে পরিবেশবান্ধব ব্যাংকিং এর নীতিমালা অনুসরণকারী এরূপ ব্যাংক শাখার সংখ্যা দাঁড়িয়েছে ৪১৬টিতে, অর্থবছর ১৪-এ এরূপ ব্যাংক শাখা ছিল ৩১৫টি।

### K.6. ewsj vt` k e`vstKi wBR`^cwi tek e`e`vcbv


৬.৮ জ্বালানির দক্ষ ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক তার ভবনের ছাদে সৌর শক্তি ব্যবস্থা ও সিএফসি নির্গমন হ্রাসের লক্ষ্যে চিলারভিত্তিক কেন্দ্রীয় এয়ার কন্ডিশনিং ব্যবস্থা স্থাপন করেছে। বাংলাদেশ ব্যাংক কার্বন পদচিহ্ন পরিমাপের জন্য নিজস্বভাবে পদক্ষেপ গ্রহণ করেছে। দাপ্তরিক কাজে কাগজের ব্যবহার হ্রাসের লক্ষ্যে ইন্ট্রানেটের মাধ্যমে ই-রিফ্রুটমেন্ট, ডকুমেন্টেশন ম্যানেজমেন্ট সিস্টেম, লিভ ম্যানেজমেন্ট সিস্টেম, অনলাইন অফিস অর্ডার সিস্টেম, ইলেকট্রনিক পাস সিস্টেম, অনলাইন স্যালারি ও অ্যাকাউন্ট স্টেটমেন্ট, ব্যক্তিগত নথি হালনাগাদ সিস্টেম ইত্যাদি চালু করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল বিভাগ ও ৯টি শাখা অফিসকে ৩৫০০ এরও বেশি কম্পিউটার সংযোগের মাধ্যমে কম্পিউটার নেটওয়ার্কের (LAN/WAN) আওতায় আনা হয়েছে। বাংলাদেশ ব্যাংক এর ইন্টারঅ্যাক্টিভ ওয়েবসাইটের মাধ্যমে মুক্ত তথ্য উদ্যোগ চালু করেছে যা প্রতি মুহূর্তে হালনাগাদ করা হয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর অধিকাংশ রেগুলেটরি রিপোর্টিং ওয়েব আপলোড ও এন্টারপ্রাইজ ডাটা ওয়ারহাউজের মাধ্যমে সংগ্রহ করার ব্যবস্থা করা হয়েছে। বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম, বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক, অনলাইন ক্রেডিট ইনফরমেশন ব্যুরো এবং এন্টারপ্রাইজ রিসোর্স প্র্যানিং এর কার্যক্রম ইতোমধ্যেই শুরু হয়েছে। এছাড়াও, বাংলাদেশ ব্যাংক ই-প্রকিউরমেন্ট চালু করেছে।

### সারণী ৬.৪ পরিবেশবান্ধব পণ্যের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক পুনঃঅর্থায়ন ক্ষিমের ব্যবহার প্রথা

| (মিলিয়ন টাকা)               |            |            |            |            |            |
|------------------------------|------------|------------|------------|------------|------------|
| পরিবেশবান্ধব পণ্যের ধরন      | অর্থবছর ১১ | অর্থবছর ১২ | অর্থবছর ১৩ | অর্থবছর ১৪ | অর্থবছর ১৫ |
| বায়োগ্যাস                   | ৫০.২       | ১৩৩.২      | ১১৩.৬      | ২১২.৮      | ৮৩.৩       |
| সোলার হোম সিস্টেম            | ৫৯.৪       | ১০.৫       | ৪০.২       | ৩২.২       | ৮৭.৫       |
| সোলার ইরিগেশন পাম্প          | ১২.৪       | ৮.৪        | ০.০        | ১৭.৯       | ২৬.৫       |
| ইটিপি                        | ১০.৮       | ২২.২       | ৫৭.৪       | ১০.০       | ০.০        |
| HHK Technology in Brick Kiln | ০.০        | ৫৫.০       | ১৭২.২      | ৫৯.০       | ৪৭.০       |
| সোলার অ্যাসেম্বলি পাম্প      | ০.০        | ২৪৮.৮      | ১২২.৭      | ৪৯.৬       | ১৪৮.১      |
| কেচো কম্পোস্ট                | ০.০        | ০.০        | ০.০        | ০.০        | ১.১        |
| igul                         | 132.8      | 478.1      | 506.1      | 381.5      | 393.5      |

সূত্র : সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

### চার্ট ৬.১ পুনঃঅর্থায়নের ক্ষেত্রে পরিবেশবান্ধব পণ্যসমূহের অবদান : অর্থবছর ১৫



### K.7. cwitekevÜe cY`/LvZi Rb` ewsj vt` k e`vstKi cgtA`qbw`g

৬.৯ নবায়নযোগ্য জ্বালানি এবং পরিবেশবান্ধব খাতে অর্থায়নের পথ সুগম করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক নিজস্ব তহবিল হতে ২০০৯ সনে ২.০ বিলিয়ন টাকার একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন ক্ষিম গঠন করেছে। এ উদ্দেশ্য বাস্তবায়নের জন্য অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানগুলোকে এ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। পুনঃঅর্থায়ন গ্রহণের লক্ষ্যে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত ৩৭টি ব্যাংক এবং ১৫টি আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হয়েছে। প্রাথমিক অবস্থায় শুধুমাত্র ৫টি প্রোডাক্ট পুনঃঅর্থায়নের আওতাভুক্ত ছিল। বাংলাদেশ ব্যাংক অর্থবছর ১৫-এ পুনঃঅর্থায়নের আওতায় প্রোডাক্টের সংখ্যা ৪৭টিতে উন্নীত করেছে। বাংলাদেশ ব্যাংক এ প্রোডাক্টগুলোকে নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা,

কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, তরল বর্জ্য ব্যবস্থাপনা, বিকল্প জ্বালানি, আঙুনে পোড়ানো ইট, নন ফায়ার ব্লক ব্রিক, পুনঃপ্রক্রিয়াকৃত ও পুনঃপ্রক্রিয়াকৃত পণ্য, গ্রিন ইন্ডাস্ট্রি, কারখানার কর্ম পরিবেশ উন্নয়ন, বিবিধ নামে এগারোটি খাতে বিভক্ত করেছে। জুন ২০১৫ পর্যন্ত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় পুঞ্জীভূত বিতরণ দাঁড়িয়েছে সর্বমোট ১৯০৯.২ মিলিয়ন টাকা। অর্থবছর ১৫-এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বিতরণ হয়েছে ৩৯৩.৫ মিলিয়ন টাকা যা অর্থবছর ১৪-এ বিতরণের (৩৮১.৫ মিলিয়ন টাকা) তুলনায় শতকরা ৩.১ ভাগ বেশি। অর্থবছর ১৫-এ পুনঃঅর্থায়ন স্কিমের এফুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট ব্যতীত পণ্যভিত্তিক বিতরণ বৃদ্ধি পেয়েছে। সারণী ৬.৪ এবং চার্ট ৬.১ এ পুনঃঅর্থায়ন তহবিলের বিতরণের চিত্র তুলে ধরা হয়েছে। গ্রিন ফাইন্যান্স খাতে সরাসরি অর্থায়নের জন্য ইসলামি শরিয়াহভিত্তিক ব্যাংকসমূহ ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উদ্বৃত্ত তারল্য নিয়ে বাংলাদেশ ব্যাংক সেক্টরের ২০১৪ এ একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করেছে। ইসলামি শরিয়াহভিত্তিক ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলো ৪৭টি গ্রিন প্রোডাক্টে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিলটি ব্যবহার করতে পারে।

#### ক.৮. এডিবি'র আর্থিক সহযোগিতায় বাস্তবায়নাবীন "ইট-ভাটা চুল্লির দক্ষতা উন্নয়ন প্রকল্প"

৬.১০ কার্বন নির্গমন ও দূষিত বস্তুকণা হ্রাসসহ জ্বালানি ও প্রযুক্তির দক্ষ ব্যবহারের মাধ্যমে ইট-ভাটা চুল্লির দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ঋণ সুবিধা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক এডিবি'র আর্থিক সহযোগিতায় "Financing Brick Kiln Efficiency Improvement Project" ২০১২ সনে গঠন করেছে। উক্ত তহবিলে এডিবি'র আর্থিক সহায়তার পরিমাণ প্রায় ৫০.০০ মিলিয়ন ডলার/সমমূল্যের বাংলাদেশি টাকা। তহবিলটির দু'টি অংশ রয়েছে; পার্ট-এ এর জন্য Fixed Chimney Kiln (FCK) Improved Zigzag Kiln এ রূপান্তর/উন্নয়ন খাতে পুনর্ভরণযোগ্য অর্থের পরিমাণ ৩০.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশি টাকা এবং পার্ট-বি এর জন্য নতুনভাবে Vertical Shaft Brick Kiln (VSBK), Hybrid Hoffman Kiln (HHK), Tunnel Kiln প্রযুক্তিতে ইট ভাটা নির্মাণ খাতে পুনর্ভরণযোগ্য অর্থের পরিমাণ প্রায় ২০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের

#### সারণী ৬.৫ বাংলাদেশ ব্যাংক দুর্যোগ ব্যবস্থাপনা ও সামাজিক দায়বদ্ধতা তহবিল হতে খাতওয়ারি ব্যয়ের চিত্র

| খাত                                 | অর্থের পরিমাণ<br>(মিলিয়ন টাকা) |
|-------------------------------------|---------------------------------|
| শিক্ষা                              | ২২.২                            |
| স্বাস্থ্য                           | ৬.০                             |
| পরিবেশবান্ধব খাত                    | ৩.২                             |
| মানবসম্পদ উন্নয়ন/সক্ষমতা উন্নয়ন   | ৭.৫                             |
| আর্থিক অন্তর্ভুক্তি/নারীর ক্ষমতায়ন | ৯.৪                             |
| অন্যান্য                            | ৩.০                             |
| মোট                                 | ৫১.৩                            |

সূত্র: ৪ সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

বাংলাদেশি টাকা। আলোচ্য উদ্দেশ্য বাস্তবায়নের জন্য অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানগুলোকে এ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। এ প্রকল্পের আওতায় ৩০ জুন ২০১৫ পর্যন্ত ৩৫টি ব্যাংক ও ১৮টি আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণ চুক্তি স্বাক্ষর করেছে। ডিসেম্বর ২০১৪ পর্যন্ত এ প্রকল্পের আওতায় ৪.৬ মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করা হয়েছে। ২০১৫ সনের এপ্রিল-জুন মেয়াদে বিতরণ করা হয়েছে ২.৭৪ মিলিয়ন মার্কিন ডলার। অর্থবছর ১৫-এ এ প্রকল্পে মোট পুঞ্জীভূত বিতরণের পরিমাণ ৭.৪ মিলিয়ন মার্কিন ডলার।

#### খ. কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা

৬.১১ বাংলাদেশ ব্যাংক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে আর্থিক খাতের সিএসআর এর বাজেট বন্টন ও প্রান্তিক ব্যবহার পর্যবেক্ষণে একটি নতুন নির্দেশনামূলক নীতিমালা জারি করেছে। এ নীতিমালায় সিএসআর কার্যক্রমের জন্য প্রশাসনিক কাঠামো, বাজেট বন্টন, প্রত্যাশিত পরিধি এবং সিএসআর ব্যয় ও প্রান্তিক ব্যবহার পরিবীক্ষণ বিষয়ক সুনির্দিষ্ট বর্ণনা প্রদান করা হয়েছে।

#### খ.১. বাংলাদেশ ব্যাংকের নিজস্ব সিএসআর কার্যক্রম

৬.১২ বাংলাদেশ ব্যাংক কর্তৃক অর্থবছর ১৫-এ 'বাংলাদেশ ব্যাংক দুর্যোগ ব্যবস্থাপনা ও সামাজিক দায়বদ্ধতা তহবিল' হতে শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ, মানব সম্পদ উন্নয়ন, আর্থিক অন্তর্ভুক্তি, নারীর ক্ষমতায়ন ইত্যাদি বিভিন্ন খাতে ৫১.৩ মিলিয়ন টাকা (বাংলাদেশ ব্যাংকের বার্ষিক মুনাফার অংশ + ব্যাংক হতে প্রাপ্ত সুদ) অনুদানের



অনুমোদন দেয়া হয়, যা অর্থবছর ১৪-এ ছিল ৫০.২ মিলিয়ন টাকা। এ তহবিল হতে মোট অনুদানের পরিমাণ সারণী ৬.৫ এ প্রদান করা হলো।

## খ.২. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রম

৬.১৩ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সিএসআর কার্যক্রম মূলত ১) প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগণ ও অপরিপুষ্ট সুবিধাপ্রাপ্ত অর্থনৈতিক খাতসমূহের আর্থিক অন্তর্ভুক্তি ২) সুবিধাবঞ্চিত জনগণের শিক্ষা, স্বাস্থ্য এবং সংস্কৃতি/বিনোদন এর প্রসার, ৩) পরিবেশবান্ধব প্রকল্পের প্রসার, ৪) নিজস্ব কার্যালয় ও স্থাপনায় অভ্যন্তরীণ কর্মকাণ্ডে জ্বালানি সাশ্রয় ও কার্বন নিঃসরণ হ্রাসকরণ। অর্থবছর ১৫-এ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সিএসআর-এ মোট ব্যয়ের পরিমাণ ছিল ৫৪০০.৭ মিলিয়ন টাকা। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের খাতওয়ারি সিএসআর ব্যয়ের বিবরণ সারণী ৬.৬ এ দেয়া হলো।

৬.১৪ ব্যাংকগুলো সিএসআর খাতে ব্যয় বরাদ্দের ক্ষেত্রে শিক্ষা, স্বাস্থ্য, এবং মানবিক ও দুর্যোগ ব্যবস্থাপনা খাতসমূহে প্রাধান্য প্রদান অব্যাহত রেখেছে। ব্যাংকসমূহের অর্থবছর ১৫-এর সিএসআর-এ খাতওয়ারি ব্যয়ের দিকে লক্ষ্য করলে দেখা যায় যে, মোট ব্যয়ের মধ্যে শিক্ষা শতকরা ৩৪.৫ ভাগ, স্বাস্থ্য শতকরা ২১.৮ ভাগ, মানবিক ও দুর্যোগ ব্যবস্থাপনা শতকরা ২৩.৫ ভাগ, শিল্প-সংস্কৃতি ও ক্রীড়া শতকরা ৮.৩ ভাগ এবং পরিবেশে শতকরা ৩.৫ ভাগ ব্যয় করা হয়েছে। যেহেতু সুবিধাবঞ্চিত এলাকায় অবকাঠামোগত উন্নয়ন ও দরিদ্র মানুষের জন্য আয় উৎসারী কর্মকাণ্ড তুলনামূলকভাবে নতুন ধারণা, সেহেতু এ সব এলাকায় ব্যাংকগুলোর ব্যয় তাৎপর্যপূর্ণ ছিল না। ব্যাংকগুলোর সিএসআর কার্যক্রমের আওতায় ব্যয়ের উল্লেখযোগ্য উপাত্ত চার্ট ৬.৬ এ দেখানো হলো।

৬.১৫ অর্থবছর ১৫-এ আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের আওতায় প্রত্যক্ষ ব্যয় ছিল ৪৪.২ মিলিয়ন টাকা। আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যয় শিল্প-সংস্কৃতি ও ক্রীড়া (শতকরা ২৪.৮ ভাগ), মানবিক ও দুর্যোগ ব্যবস্থাপনা (শতকরা ২২.৯ ভাগ) এবং অন্যান্য (শতকরা ২৭.৭ ভাগ) খাতে বেশি কেন্দ্রীভূত রয়েছে। এক্ষেত্রে শিক্ষা, স্বাস্থ্য এবং পরিবেশ খাত কম গুরুত্ব পেয়েছে;



## সারণী ৬.৬ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সিএসআর কার্যক্রম

(মিলিয়ন টাকা)

| খাত                          | ব্যাংক     |               | আর্থিক প্রতিষ্ঠান |               |
|------------------------------|------------|---------------|-------------------|---------------|
|                              | অর্থবছর ১৫ | খাতওয়ারি অংশ | অর্থবছর ১৫        | খাতওয়ারি অংশ |
| শিক্ষা                       | ১৮৪৫.২     | ৩৪.৮          | ৫.১               | ১১.৬          |
| স্বাস্থ্য                    | ১১৬৫.৩     | ২১.৮          | ৩.৩               | ৭.৪           |
| মানবিক ও দুর্যোগ ব্যবস্থাপনা | ১২৫৭.২     | ২৩.৫          | ১০.০              | ২২.৯          |
| পরিবেশবান্ধব                 | ১৮৯.৬      | ৩.৫           | ২.৬               | ৫.৮           |
| শিল্প ও সংস্কৃতি             | ৪৪৫.০      | ৮.৩           | ১১.০              | ২৪.৮          |
| অবকাঠামোগত উন্নয়ন           | ২৭.০       | ০.৫           | ০.০১              | ০.০১          |
| আয় উৎসারী কর্মকাণ্ড         | ৪.০        | ০.১           | ০.০               | ০.০           |
| অন্যান্য                     | ৪২৩.২      | ৭.৯           | ১২.২              | ২৭.৭          |
| মোট                          | ৫৩৫৬.৫     | ১০০           | ৪৪.২              | ১০০           |

সূত্র : সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

অর্থবছর ১৫-এ তিন খাতে যথাক্রমে শতকরা ১১.৬ ভাগ, শতকরা ৭.৪ ভাগ এবং শতকরা ৫.৮ ভাগ ব্যয়িত হয়েছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ সুবিধাবঞ্চিত এলাকায় অবকাঠামোগত উন্নয়ন ও দরিদ্র মানুষের জন্য আয়



উৎসারী কর্মকাণ্ডেও কম গুরুত্ব দিয়েছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের আওতায় খাতওয়ারি ব্যয়ের বিবরণ চার্ট ৬.৩ এ দেখানো হলো।

**M. Amr K Asif**

৬.১৬ আর্থিক সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত সম্প্রদায়ের কাছে আর্থিক সেবা পৌঁছে দিতে বাংলাদেশ ব্যাংক নানা ধরনের গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণ করেছে। বিশেষ করে, শহর ও পল্লি অঞ্চলের সুবিধাবঞ্চিত মানুষের কাছে আনুষ্ঠানিক ব্যাংকিং সেবা পৌঁছে দিয়েছে। বাংলাদেশ ব্যাংক বিভিন্ন টার্গেট (কৃষক, অতি দরিদ্র, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধাভোগী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র বীমা পলিসি গ্রাহক, সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কর্মী, খাদ্য ও জীবিকা নিরাপত্তা প্রকল্প, ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগী, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুস্থ পুনর্বাসনের লক্ষ্যে অনুদানের উপকারভোগী, তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, চামড়া ও পাদুকা শিল্পজাত কারখানায় কর্মরত শ্রমিক, পথ কর্মজীবী শিশু এবং স্কুল শিক্ষার্থী) গ্রুপকে চিহ্নিত করেছে এবং তফসিলি ব্যাংকসমূহকে এ সকল টার্গেট গ্রুপের জন্য চার্জ ও ফি মুক্ত হিসাব (No-Frill Accounts) খোলার নির্দেশ দিয়েছে।

**M.1. PrKl md gŷ KIK Ges KIK e"ZxZ Ab'vb' nmme**

৬.১৭ বাংলাদেশ ব্যাংক রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকগুলোকে জানুয়ারি ২০১০-এ কৃষকদের জন্য চার্জ ও ফি মুক্ত হিসাব খোলার নির্দেশনা প্রদান করে। পরবর্তী সময়ে অর্থবছর ১৫ পর্যন্ত ক্রমান্বয়ে কৃষক ছাড়াও নয়টি গ্রুপের জন্য চার্জ ও ফি মুক্ত হিসাব খোলার জন্য সকল ব্যাংককে নির্দেশনা প্রদান করা হয়। তৈরি পোশাক শিল্প, ক্ষুদ্র চামড়া ও পাদুকা শিল্পজাত কারখানায় কর্মরত শ্রমিকদের জন্য চার্জ ও ফি মুক্ত হিসাব খোলার জন্য সকল তফসিলি ব্যাংককে নির্দেশনা প্রদান করা হয়েছে। অর্থবছর ১৫-এ শারীরিক প্রতিবন্ধীদের জন্য চার্জ ও ফি মুক্ত হিসাব খোলার জন্য সকল ব্যাংককে নির্দেশনা প্রদান করা হয়।

৬.১৮ জুন ২০১৫ শেষে চার্জ ও ফি মুক্ত হিসাবের খাতওয়ারি বিন্যাস থেকে দেখা যায় যে, রাষ্ট্র

**সারণী ৬.৭ জুন ২০১৫ শেষে চার্জ ও ফি মুক্ত কৃষক এবং কৃষক ব্যতীত সর্বমোট হিসাব সংখ্যা**

|   | এসসিবি  | বিশেষায়িত | বেসরকারি | বিদেশি | মোট      |
|---|---------|------------|----------|--------|----------|
| কৃষক  | ৪১৩০১১৪ | ৩৯৭৩৮১৫    | ৪৮৬৯৪৭   | ০      | ৮৫৯০৮৭৬  |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধাভোগী | ২৭২৫৩৮৯ | ৮০২৪০০     | ২০       | ০      | ৩৫২৭৮০৯  |
| মুক্তিযোদ্ধা                                  |         |            |          |        |          |
| ক্ষুদ্র বীমা পলিসি গ্রাহক                     | ১৫৬৬৬১  | ২৭০৯       | ৩৭৭      | ০      | ১৫৯৭৭৭   |
| ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগী         | ৩০১৫৩   | ৬০৮৫       | ১৫৭০     | ০      | ৩৭৮০৮    |
| অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি       | ৩৪৩৬    | ১১৪৩১      | ৯১৪      | ০      | ১৫৭৮১    |
| সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কর্মী              | ১১৫৯৭২৬ | ৭৩৫১৯৪     | ১০৭০৩    | ০      | ১৯০৫৬২৩  |
| দুস্থ পুনর্বাসনের লক্ষ্যে                     | ৯৭০৩    | ০          | ৯        | ০      | ৯৭১২     |
| অনুদানের উপকারভোগী                            | ২৮৬০৮   | ১          | ০        | ০      | ২৮৬০৯    |
| খাদ্য ও জীবিকা নিরাপত্তা প্রকল্প              | ১৬০৩৬   | ৩৪৪        | ২৩       | ০      | ১৬৪০৩    |
| দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী            | ৬১০০৬   | ২২৮৬১      | ৩০       | ০      | ৮৩৮৯৭    |
| বাক্তির জন্য ব্যাংকিং সেবা                    |         |            |          |        |          |
| তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক               | ৩০২৬৭   | ৫৬৩        | ১৬৮৭৬৭   | ২১০    | ১৯৯৮০৭   |
| এলএসবিপিসি প্রকল্পভুক্ত কারিগর                | ৪১      | ৩২         | ৩৭৬৭     | ০      | ৩৮৪০     |
| অন্যান্য                                      | ৭০৯০৬৪  | ২৬১৩৬      | ১৭৪৬     | ০      | ৭৩৬৯৪৬   |
| TOTAL   | 9060204 | 5581571    | 674873   | 210    | 15316858 |

সূত্র : ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

**সারণী ৬.৮ জুন ২০১৫ শেষে চার্জ ও ফি মুক্ত কৃষক এবং কৃষক ব্যতীত হিসাবের সর্বমোট স্থিতি (মিলিয়ন টাকা)**

|   | এসসিবি | বিশেষায়িত | বেসরকারি | বিদেশি | মোট    |
|---|--------|------------|----------|--------|--------|
| কৃষক  | ৩০৮.৩  | ৪২৩.৭      | ৯৮.৭     | ০.০    | ১৭১৯.০ |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধাভোগী | ৯৭৩.৩  | ১১১৯.৭     | ১২.০     | ০.০    | ২১০৫.০ |
| মুক্তিযোদ্ধা                                  |        |            |          |        |        |
| ক্ষুদ্র বীমা পলিসি গ্রাহক                     | ২৯৬.৬  | ১.৮        | ১.৭      | ০.০    | ৩০০.১  |
| ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগী         | ৪৫.১   | ২৬.৯       | ৬.৯      | ০.০    | ৭৮.৯   |
| অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি       | ৫০.৭   | ১১.৬       | ১.১      | ০.০    | ৬৩.৪   |
| সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কর্মী              | ২৮৩.৫  | ৫৮৪.১      | ১০২৬.৩   | ০.০    | ১৮৯৩.৯ |
| দুস্থ পুনর্বাসনের লক্ষ্যে                     | ২.০    | ০.০        | ০.২      | ০.০    | ২.২    |
| অনুদানের উপকারভোগী                            | ১.৯    | ০.০        | ০.০      | ০.০    | ১.৯    |
| খাদ্য ও জীবিকা নিরাপত্তা প্রকল্প              | ৭.৭    | ০.১        | ০.০      | ০.০    | ৭.৮    |
| দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী            | ২৯.৩   | ২২.৭       | ০.১      | ০.০    | ৫২.১   |
| বাক্তির জন্য ব্যাংকিং সেবা                    |        |            |          |        |        |
| তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক               | ৪৮৬.৪  | ৩.৬        | ৭২৭.১    | ০.২    | ১২১৭.৩ |
| এলএসবিপিসি প্রকল্পভুক্ত কারিগর                | ০.০    | ০.০        | ১৪.২     | ০.০    | ১৪.২   |
| অন্যান্য                                      | ৫০৪.৭  | ৯.৬        | ২.৯      | ০.০    | ৫১৭.২  |
| TOTAL   | 2989.5 | 2203.8     | 2779.5   | 0.2    | 7973.0 |

সূত্র : ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক এবং বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলো সর্বমোট কৃষক হিসাব খুলেছে ৮৫৯০৮৭৬টি। এছাড়া, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায়

সুবিধাভোগী ৩৫২৭৮০৯টি হিসাব, মুক্তিযোদ্ধা ১৫৯৭৪৭টি হিসাব, ক্ষুদ্র বীমা পলিসি গ্রাহক ৩৭৮০৮টি হিসাব, ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগী ১৫৭৮১টি হিসাব, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ১৯০৫৬২৩টি হিসাব, সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কর্মী ৯৭১২টি হিসাব, দুস্থ পুনর্বাসনের লক্ষ্যে অনুদানের উপকারভোগী ২৮৬০৯টি হিসাব, খাদ্য ও জীবিকা নিরাপত্তা প্রকল্প ১৬৪০৩টি হিসাব, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তির জন্য ব্যাংকিং সেবা ৮৩৮৯৭টি হিসাব, তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক ১৯৯৮০৭টি হিসাব, চামড়া ও পাদুকা শিল্পজাত কারখানায় কর্মরত শ্রমিক ৩৮৪০টি হিসাব এবং অন্যান্য ১০ টাকার হিসাব ৭৩৬৯৪৬টি মিলে সর্বমোট হিসাব সংখ্যা দাঁড়িয়েছে ১৫৩১৬৮৫৮টি। ব্যাংকসমূহে চার্জ ও ফি মুক্ত কৃষক হিসাবে স্থিতি দাঁড়ায় ১৭১৯ মিলিয়ন টাকা এবং চার্জ ও ফি মুক্ত সকল হিসাবে মোট স্থিতি দাঁড়ায় ৭৯৭৩ মিলিয়ন টাকা। জুন ২০১৫ শেষে চার্জ ও ফি মুক্ত সর্বমোট হিসাবসংখ্যা এবং স্থিতির পরিমাণ সারণী ৬.৭ ও ৬.৮ এ সন্নিবেশিত করা হয়েছে।

## M.2. গু e'vsiKs

৬.১৯ ১৮ বছরের কমবয়স্ক শিক্ষার্থীদের ব্যাংকিং খাতে অন্তর্ভুক্তকরণের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি প্রক্রিয়ার পরিধি আরো গভীর ও প্রসারিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০১০ সনে স্কুল ব্যাংকিং কার্যক্রম শুরু করে। তখন থেকে ব্যাংকগুলো সঞ্চয়ী ও মেয়াদি হিসাবের মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংকিং সুবিধা প্রদান করে আসছে। স্কুল ব্যাংকিং কার্যক্রমের মূল উদ্দেশ্য ছিল স্কুলগামী শিক্ষার্থীদের মধ্যে সঞ্চয় প্রবণতা সৃষ্টি এবং তাদের আর্থিক শিক্ষা ও আধুনিক, প্রযুক্তিবান্ধব ব্যাংকিং এর সাথে পরিচিত করানো। ব্যাংকগুলোর স্কুল ব্যাংকিং কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে অক্টোবর ২০১৩-এ বাংলাদেশ ব্যাংক একটি বিশদ নীতিমালা জারি করে। নীতিমালা অনুযায়ী, ৬ থেকে ১৮ বছর বয়স পর্যন্ত যে কোন শিক্ষার্থী তার পিতা-মাতা অথবা আইনগত অভিভাবকের মাধ্যমে ন্যূনতম ১০০ টাকা জমার মাধ্যমে স্কুল ব্যাংকিং হিসাব খুলতে পারবে। জুন ২০১৫ পর্যন্ত ৯০৪০৯৩টি স্কুল ব্যাংকিং হিসাবে মোট জমার পরিমাণ দাঁড়ায় ৬৮৭৯.৯ মিলিয়ন টাকা। জুন ২০১৫ শেষে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদকৃত তথ্যাদি সারণী ৬.৯ এ বর্ণিত রয়েছে।

## সারণী ৬.৯ জুন ২০১৫ শেষে স্কুল ব্যাংকিং সর্বমোট হিসাব সংখ্যা এবং স্থিতি

| ব্যাংকের ধরন  | হিসাব সংখ্যা | স্থিতি (মিলিয়ন টাকা) |
|---|--------------|-----------------------|
| এসসিবি  | ২০৬৮৫৬       | ৩৩৭.৪                 |
| বিশেষায়িত  | ১৩৯৭৮০       | ২০৭.৩                 |
| বেসরকারি  | ৫৫৬২৩৩       | ৬৩২০.৯                |
| বিদেশি  | ১২২৪         | ১৪.৩                  |
| IGLU  | 904652       | 6879.9                |
| সূত্র : ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক। |              |                       |

## M.3. KgrRex iki/c\_iki f i Rb e'vsiKs

৬.২০ কৃষকসহ বিভিন্ন সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য ব্যাংকিং সুবিধা চালু করার পর, বাংলাদেশ ব্যাংক ৯ মার্চ ২০১৪ তারিখে সকল তফসিলি ব্যাংককে কর্মজীবী শিশু/পথশিশুদের প্রাতিষ্ঠানিক আর্থিক সহায়তার আওতায় আনার নির্দেশনা প্রদান করে। এ প্রক্রিয়ার আওতায় ব্যাংক সংশ্লিষ্ট এনজিও এর সহায়তায় ন্যূনতম ১০ টাকা জমা প্রদান করে কর্মজীবী শিশু/পথশিশুদের ব্যাংক হিসাব খুলতে পারবে এবং এ হিসাব থেকে কোনরূপ চার্জ/ফি কর্তন করা হবে না। এ উদ্যোগটি কর্মজীবী শিশু/পথশিশুদের মধ্যে সঞ্চয় প্রবণতা গড়ে তুলবে এবং ক্রমান্বয়ে তাদের ভবিষ্যৎকে সুরক্ষিত করবে। সংশ্লিষ্ট এনজিও কর্মজীবী শিশু/পথশিশুদের হিসাব পরিচালনার সকল দায়িত্ব বহন করবে এবং তাদের কল্যাণে কাজ করবে। জুন ২০১৫ পর্যন্ত ১২টি ব্যাংক বিভিন্ন নিবন্ধনকৃত এনজিও'র সাথে এ সকল হিসাব পরিচালনার বিষয়ে দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর করেছে। কর্মজীবী শিশু/পথশিশুদের জন্য ব্যাংকিং বিষয়ক কার্যক্রমের অগ্রগতি সারণী ৬.১০ এ বর্ণিত রয়েছে।

## M.4. GfR>U e'vsiKs

৬.২১ ভৌগোলিকভাবে প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী সমাজের সুবিধাবঞ্চিত, আর্থিক সেবাপ্রত্যাশী দরিদ্র জনসাধারণের নিকট সুরক্ষিত, নিরাপদ ও সুষ্ঠু ব্যাংকিং সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ডিসেম্বর ২০১৩-এ এজেন্ট ব্যাংকিং নীতিমালা জারি করে। যে সকল স্থানে ব্যাংকের শাখা স্থাপন করা অত্যন্ত কঠিন এবং অলাভজনক, সে সকল স্থানে ব্যাংকিং সেবা প্রদানের

ক্ষেত্রে এজেন্ট ব্যাংকিং ব্যবস্থা একটি নতুন সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে। এ কার্যক্রম প্রসারে ব্যাংকের এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের অনুমোদন ও পরিচালনার জন্য জুন ২০১৪-এ গাইডেন্স নোট ইস্যু করা হয়। জুন ২০১৫ পর্যন্ত ৯টি ব্যাংক এজেন্ট ব্যাংকিং কার্যক্রম চালুর জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন লাভ করেছে এবং ৪টি ব্যাংক কার্যক্রম শুরু করেছে। জুন ২০১৫ পর্যন্ত এজেন্ট ও আউটলেটের সংখ্যা যথাক্রমে ১০৭টি এবং ১১৮টি।

#### M.5. 10 UvKvi nmveavixt i Rb clytA\_fqb w\_g

৬.২২ সমাজের আর্থিক সুবিধাবঞ্চিত তৃণমূল জনগোষ্ঠীকে আনুষ্ঠানিক ব্যাংকিং সেবার আওতাধীন করতে এবং ১০ টাকার হিসাবধারীদের ব্যাংকিং কার্যক্রমে উৎসাহিত করতে বাংলাদেশ ব্যাংক মে ২০১৪-এ একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল গঠন করে। তহবিলটির পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা। এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির সর্বোচ্চ সীমা ৫০ হাজার টাকা এবং অংশগ্রহণকারী ব্যাংকগুলোকে নির্দিষ্ট শর্তে সুদ হারের উপর তরুঁকি প্রদান করা হয়। ৩০ জুন ২০১৫ পর্যন্ত পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে ৩১টি ব্যাংক বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণকারী চুক্তি স্বাক্ষর করেছে এবং অর্থবছর ১৫-এ ৬৫.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

#### M.6. GbAvi we WuUteR

৬.২৩ অনিবাসী বাংলাদেশিদের মাধ্যমে প্রেরিত বৈদেশিক রেমিট্যান্স বাংলাদেশের অর্থনীতির উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থবছর ১৫-এ রেমিট্যান্স আয় অর্থবছর ১৪-এর ১৪২২৮.৩ মিলিয়ন মার্কিন ডলার থেকে শতকরা ৭.৭ ভাগ বৃদ্ধি পেয়ে ১৫৩১৬.৯ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। রেমিট্যান্স প্রেরণকারীদের তথ্য একটি গতিশীল, সক্রিয় ও অন-লাইন ডাটাবেজে সংরক্ষণের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক অনিবাসী বাংলাদেশিদের তথ্য সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছে। বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটের মাধ্যমে যে কোন অনিবাসী তাঁর তথ্য প্রদান করে এ তথ্যভাণ্ডারে অন্তর্ভুক্ত হতে পারে। এ তথ্যভাণ্ডারটি বাংলাদেশ ব্যাংক এবং অনিবাসী বাংলাদেশিদের মধ্যে যোগাযোগের মাধ্যম হিসেবেও কাজ করবে। এ তথ্যভাণ্ডারের মাধ্যমে

#### সারণী ৬.১০ জুন ২০১৫ শেষে কর্মজীবী শিশু/পথশিশুদের মোট হিসাব সংখ্যা এবং স্থিতি

| ব্যাংকের নাম             | তালিকাভুক্ত এনজিও                          | হিসাব সংখ্যা | স্থিতি (মিলিয়ন টাকা) |
|--------------------------|--|--------------|-----------------------|
| রূপালী ব্যাংক লিঃ        | মাসাস, সাফ                                 | ৯০০          | ০.৬১                  |
| অগ্রণী ব্যাংক লিমিটেড    | উদীপন                                      | ৩০০          | ০.০৩                  |
| বাংলাদেশ কৃষি ব্যাংক     | উদীপন                                      | ১৩৫          | ০.১৬                  |
| পূবালী ব্যাংক লিঃ        | অপরায়েজ বাংলাদেশ,<br>ব্র্যাক, নারী মৈত্রী | ৫১১          | ০.৭২                  |
| সিটি ব্যাংক লিঃ          | প্রদীপন                                    | ১৩১          | ০.১০                  |
| ওয়ান ব্যাংক লিঃ         | সাজিদা ফাউন্ডেশন                           | ২২৪          | ০.১১                  |
| মার্কেটস্টাইল ব্যাংক লিঃ | অপরায়েজ বাংলাদেশ                          | ১১৩          | ০.০৬                  |
| ব্যাংক এশিয়া লিঃ        | প্রদীপন                                    | ১২৩          | ০.১৬                  |
| মিউচুয়াল ট্রাস্ট        |  |              |                       |
| ব্যাংক লিঃ               | এএসডি                                      | ৩৪           | ০.০০                  |
| ন্যাশনাল ব্যাংক লিঃ      | সিপিডি                                     | ১৯           | ০.০১                  |
| আল আরাফাহ ইসলামী         |  |              |                       |
| ব্যাংক লিঃ               | এএসডি                                      | ৩৮           | ০.০০                  |
| ট্রাস্ট ব্যাংক লিমিটেড   | মাসাস                                      | ৫৩           | ০.০৪                  |
| মোট (১২টি ব্যাংক)        | ১০ টি এনজিও                                | ২৭৮১         | ২.০০                  |

সূত্র : ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

বাংলাদেশ ব্যাংক অনিবাসী বাংলাদেশিদের মধ্যে বিভিন্ন সরকারি বিনিয়োগ সুবিধা বিষয়ক তথ্য প্রচার, বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ এবং অনিবাসীদের জন্য সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ আর্থিক কার্যক্রম সম্বন্ধে অনিবাসী বাংলাদেশিদের অবহিত করতে পারে। অনিবাসী বাংলাদেশিরা এর মাধ্যমে তাঁদের অভিযোগ, জিজ্ঞাসা এবং অভিমত প্রদান করতে পারবেন। তাঁরা নিজেদের এবং দেশ, পেশা ইত্যাদি অনুযায়ী অন্য দেশের এনআরবিদের সাথে যোগাযোগ স্থাপনের জন্যও এ তথ্যভাণ্ডার ব্যবহার করতে পারবেন। জুন ২০১৫ পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের এনআরবি ডাটাবেজে ৩৫৯ জন অনিবাসী নিবন্ধন করেছে। দেশের অর্থনীতিতে অনিবাসী বাংলাদেশিদের অবদানের স্বীকৃতিস্বরূপ এবং বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ উৎসাহিত করার জন্য বাংলাদেশ ব্যাংক “বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড” প্রবর্তন করেছে। ২০১৪ সনে সর্বোচ্চ রেমিটার ও বন্ডে বিনিয়োগকারী হিসেবে ব্যক্তি পর্যায়ে ৩১ জনকে এবং ২টি অনিবাসী বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ হাউজকে অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে।

## e- 6.1

### আর্থিক শিক্ষার উন্নয়নকে কেন্দ্র করে কাজ করা

আর্থিক শিক্ষা বয়স, আয় ও প্রেক্ষাপট নির্বিশেষে সকলেরই উপকার করতে পারে; আর্থিক পণ্য ও সেবা গ্রহণের চাহিদা সৃষ্টি করে আর্থিক অন্তর্ভুক্তিকরণ প্রক্রিয়ার গতি বৃদ্ধি করতে পারে এবং স্বচ্ছতা প্রয়োগ করে গ্রাহক স্বার্থ নিশ্চিত করতে পারে। আর্থিক খাতের সাথে সংযুক্ত প্রত্যেকেরই আর্থিক শিক্ষায় শিক্ষিত হওয়ার প্রয়োজনীয়তা রয়েছে। আর্থিক সেবা গ্রহণকারী সকল গ্রাহক যেমন- স্কুলগামী ছাত্র-ছাত্রী, গ্রাম ও শহরের গরিব/নিম্নমধ্যবিত্ত জনগোষ্ঠী, বিত্তশালী ব্যক্তিগণ, এমনকি যারা সেবা প্রদান করছেন তাদের জন্যও আর্থিক শিক্ষা অপরিহার্য। তবে, প্রাথমিক পর্যায়ে বাংলাদেশ ব্যাংক ১৮ বছর বয়স পর্যন্ত শিশু-কিশোর এবং সুবিধাবঞ্চিত বয়স্ক জনগোষ্ঠীকে কেন্দ্র করে কাজ করবে।

#### www.finedu.bb.org.bd

একটি ওয়েবপেইজ (<http://finedu.bb.org.bd>) তৈরি করে বাংলাদেশ ব্যাংকের মূল ওয়েবসাইট এর সাথে যুক্ত করা হয়েছে। এ পেইজে আর্থিক শিক্ষার মৌলিক বিষয়সমূহ, ফাইন্যান্সিয়াল ক্যালকুলেটর, ফাইন্যান্সিয়াল গেমস ইত্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে। এ কার্যক্রমের মূল উদ্দেশ্য হলো স্কুলগামী শিক্ষার্থীদের এবং বয়স্কদের আর্থিক শিক্ষায় শিক্ষিত করা। এছাড়াও সবার ভিতরে সঞ্চয়, ঋণ ও অন্যান্য আর্থিক সেবা সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে পেইজটি ব্যবহৃত হচ্ছে। ২টি ভিডিওচিত্র এবং ১০টি অডিও বিজ্ঞাপন প্রস্তুত করা হয়েছে এবং বিভিন্ন টেলিভিশন ও রেডিও চ্যানেলের মাধ্যমে প্রচার করা হচ্ছে। আর্থিক শিক্ষা সম্পর্কিত বিভিন্ন পোস্টার ও বিজ্ঞাপন পত্রিকাগুলোতে প্রকাশিত হচ্ছে। এছাড়াও দেশজুড়ে স্কুলগামী শিক্ষার্থীদের মধ্যে আর্থিক শিক্ষা বিষয়ক বিভিন্ন প্রচারণা পরিচালিত হচ্ছে।

#### আর্থিক শিক্ষার উন্নয়নকে কেন্দ্র করে কাজ করা

বৈশ্বিক আর্থিক মন্দার প্রেক্ষাপটে আর্থিক শিক্ষা বিষয়টি একটি নতুন মাত্রা পেয়েছে এবং ব্যক্তিপর্যায়ে আর্থিক শিক্ষা একটি গুরুত্বপূর্ণ দক্ষতা হিসেবে আন্তর্জাতিকভাবে স্বীকৃতি পেয়েছে। এর প্রেক্ষিতে অনেক উন্নয়নশীল দেশ জাতীয় আর্থিক শিক্ষা কৌশল এবং বিভিন্ন খাতে নীতিমালা প্রণয়ন করেছে। বাংলাদেশ ব্যাংকও আর্থিক শিক্ষা বিষয়ক নীতিমালা প্রণয়নের মাধ্যমে তফসিলি ব্যাংকগুলোকে ১) একজন আর্থিক শিক্ষা বিষয়ক ফোকাল পয়েন্ট/কনটাক্ট পার্সন মনোনয়ন, ২) সহজ ভাষায় ব্যাংকের পণ্য ও সেবাসমূহের বর্ণনা তৈরি, ৩) সুদ/মুনাফা ক্যালকুলেটর, ৪) প্রতারণামূলক কর্মকাণ্ডের ব্যাপারে সতর্কবার্তা প্রচার, ৫) ১৮ বছর পর্যন্ত শিশু-কিশোরদের জন্য স্কুল ব্যাংকিং, ফাইন্যান্সিয়াল গেমস, ব্যাংকিং ধারণার উপর গল্প ইত্যাদি অন্তর্ভুক্ত করে পৃথক ট্যাব এবং ৬) জনগণের জিজ্ঞাসা এবং অভিযোগ জানানোর জন্য একটি পেইজ (FAQs সহ) তৈরির নির্দেশনা প্রদান করেছে।

আর্থিক শিক্ষার উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট আমাদের মূলধারার শিক্ষা ব্যবস্থায় আর্থিক শিক্ষা নিয়ে আসতে তৃতীয় শ্রেণি হতে আর্থিক শিক্ষা বিষয়ক একটি অধ্যয় পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে। এ উদ্যোগ শিক্ষকদের আনন্দ ও অভিজ্ঞতালব্ধ শিক্ষার মাধ্যমে আর্থিক দায়বদ্ধতা শেখাতে সহায়তা করবে। গণমানুষের মধ্যে আর্থিক শিক্ষা প্রবর্তন ও বৃদ্ধির লক্ষ্যে আর্থিক শিক্ষা বিষয়ক বিভিন্ন শ্লোগান, ছড়া, ছবি, প্রতীক ইত্যাদি ATM-এ, বিলবোর্ডে, চেক বইয়ের পিছনে, জমা রশিদে এবং ব্যাংকের বিভিন্ন প্রকাশনায় ছাপানো যেতে পারে।

## M.6. আর্থিক শিক্ষা

৬.২৪ সমাজের আর্থিক সেবাবঞ্চিত বৃহৎ জনগোষ্ঠীকে আর্থিক অন্তর্ভুক্তিকরণ প্রক্রিয়ার আওতায় আনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে।

আর্থিক শিক্ষা প্রসারে ২০১৪ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের মূল ওয়েবসাইটে “ফাইন্যান্সিয়াল লিটারেসি” নামে একটি ওয়েবলিংক সংযুক্ত করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের আর্থিক শিক্ষা বিষয়ক বিভিন্ন কর্মকাণ্ড বন্ধ ৬.১ এ সন্নিবেশ করা হলো।

## আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম

৭.১ ব্যাংকিং খাত যে সকল আর্থিক সেবা প্রদান করতে পারে না, আর্থিক প্রতিষ্ঠানসমূহ সে সকল অতিরিক্ত সেবা প্রদানের মাধ্যমে অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বহুমুখী পণ্য ও সেবাসহ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ভোক্তার পরিবর্তনশীল চাহিদা পূরণের মাধ্যমে সমৃদ্ধি অর্জন করে প্রতিযোগিতামূলক বাজারে উল্লেখযোগ্য স্থান দখল করেছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ গ্রাহ্যগণ খাতের পাশাপাশি পুঁজি বাজারেও জোরালো ভূমিকা রাখছে। ব্যাংকের ন্যায় অধিকাংশ আর্থিক প্রতিষ্ঠান তাদের সহযোগী প্রতিষ্ঠানের মাধ্যমে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঝুঁকি ভিত্তিক তত্ত্বাবধান ব্যবস্থার মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তত্ত্বাবধান করা হয়।

৭.২ আর্থিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর আওতায় লাইসেন্স প্রদান ও নিয়ন্ত্রণ করা হয়ে থাকে। আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠানসমূহের ন্যূনতম পরিশোধিত মূলধনের পরিমাণ ১.০ বিলিয়ন টাকা। বাংলাদেশে আর্থিক প্রতিষ্ঠানসমূহ ব্যাংক-কোম্পানিসমূহের তুলনায় সীমিত পরিসরে ব্যবসা করছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ২ ডিসেম্বর ২০১৩ হতে তিন মাসের মেয়াদি আমানত গ্রহণের অনুমতি দেয়া হয়েছে।

৭.৩ বর্তমানে ৩২টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৩টি সরকারি মালিকানাধীন, ১০টি যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত এবং অবশিষ্ট ১৯টি স্থানীয় ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান। ৩০ জুন ২০১৫ এ দেশব্যাপী আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখার সংখ্যা বৃদ্ধি পেয়ে ১৯৮টিতে দাঁড়িয়েছে। সারণী ৭.১-এ আর্থিক প্রতিষ্ঠানসমূহের গঠন কাঠামো দেখানো হলো।

### K.1 মূল্য

৭.৪ আর্থিক প্রতিষ্ঠানের সামগ্রিক সম্পদের পরিমাণ ২০১৩ সনের ৪৩৬.৩ বিলিয়ন টাকা হতে ২০১৪ সনে

### সারণী ৭.১ আর্থিক প্রতিষ্ঠানসমূহের কাঠামো

|                            | ২০০৯ | ২০১০ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫* |
|----------------------------|------|------|------|------|------|------|-------|
| আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা | ২৯   | ২৯   | ৩১   | ৩১   | ৩১   | ৩১   | ৩২    |
| সরকারি মালিকানাধীন         | ১    | ১    | ২    | ৩    | ৩    | ৩    | ৩     |
| যৌথ মালিকানাধীন            | ৮    | ৮    | ৮    | ১০   | ১০   | ১০   | ১০    |
| বেসকারি                    | ২০   | ২০   | ২০   | ১৮   | ১৮   | ১৮   | ১৯    |
| নতুন শাখা সংখ্যা           | ২০   | ২০   | ৫৩   | ৮    | ৭    | ৭    | ১৫    |
| টিউ কিএল মসএল              | ৪৪   | ১০৪  | ১৬১  | ১৬৯  | ১৭৬  | ১৮৩  | ১৯৪   |

\* জুন ২০১৫ শেষে।

উৎস : আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

উল্লেখযোগ্য পরিমাণ শতকরা ১৮.৬ ভাগ বৃদ্ধি পেয়ে ৫১৭.৬ বিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। জুন ২০১৫ শেষে মোট সম্পদের পরিমাণ ৫৬৩.৮ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

### K.2 বৈশিষ্ট্য

৭.৫ আর্থিক প্রতিষ্ঠানসমূহ অর্থনীতির বিভিন্ন খাতে বিনিয়োগ করলেও মূলত শিল্প খাতেই তাদের বিনিয়োগ পুঞ্জীভূত। জুন ২০১৫ এ আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতভিত্তিক বিনিয়োগ ছিল শিল্পে শতকরা ৪৪.৯ ভাগ, আবাসনে ১৭.৪ ভাগ, মার্জিন লেনে ৩.২ ভাগ, ব্যবসা ও বাণিজ্যে ১৬.০ ভাগ, মার্চেন্ট ব্যাংকিং-এ ৪.০ ভাগ, কৃষিতে ১.৭ ভাগ এবং অন্যান্য খাতে ১২.৯ ভাগ (চার্ট-৭.১)।

৭.৬ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর বিধান অনুসারে আর্থিক প্রতিষ্ঠানসমূহ একটি নির্দিষ্ট পরিমাণ পর্যন্ত পুঁজি বাজারে বিনিয়োগ করতে পারে। ডিসেম্বর ২০১৪ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের পুঁজি বাজারে মোট বিনিয়োগ ছিল ১৮.৪ বিলিয়ন টাকা (মোট সম্পদের শতকরা ৩.৫ ভাগ) যা ডিসেম্বর ২০১৩-এ ছিল ১০.৭ বিলিয়ন টাকা। জুন ২০১৫ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের পুঁজি বাজারে মোট বিনিয়োগ ১৪.৮ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

### ক.৩ আমানত

৭.৭ আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট আমানতের পরিমাণ ২০১৩ সনের ১৯৮.৩ বিলিয়ন টাকা (মোট দায়ের শতকরা ৫৬.৬ ভাগ) হতে ২০১৪ সনে শতকরা ২৩.৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২৪৫.৭ বিলিয়ন টাকায় (মোট দায়ের শতকরা ৫৮.১ ভাগ) উন্নীত হয়েছে। জুন ২০১৫-এর শেষে মোট আমানতের পরিমাণ বৃদ্ধি পেয়ে ২৭১.৮ বিলিয়ন টাকায় উন্নীত হয়েছে (সারণী-৭.২)।

### ক.৪. অন্যান্য দায় এবং ইকুইটি



৭.৮ আর্থিক প্রতিষ্ঠানসমূহের সামগ্রিক দায়ের পরিমাণ ২০১৩ সনের ৩৫০.৪ বিলিয়ন টাকা হতে শতকরা ২০.৭ ভাগ বৃদ্ধি পেয়ে ২০১৪ সনে ৪২৩.১ বিলিয়ন টাকায় উন্নীত হয়। মোট ইকুইটির পরিমাণ ২০১৩ সনের ৮৫.৯ বিলিয়ন টাকা হতে শতকরা ৯.৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২০১৪ সনে ৯৪.৪ বিলিয়ন টাকায় উন্নীত হয়। জুন ২০১৫-এ সামগ্রিক দায় ও ইকুইটির পরিমাণ যথাক্রমে ৪৬৫.৫ ও ৯৮.৩ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

### ক.৫. বন্ড এবং সিকিউরিটাইজেশন কার্যক্রম

৭.৯ বাংলাদেশের বন্ড মার্কেটের আধুনিকায়ন এখনো সম্ভব হয়নি। স্বল্প সংখ্যক প্রতিষ্ঠান ও সীমিত সংখ্যক ইস্ট্রুমেন্ট নিয়ে এ মার্কেট পরিচালিত হচ্ছে। জিরো কুপন বন্ড ও অ্যাসেট ব্যাকড সিকিউরিটি ইস্যুর মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানসমূহ বন্ড মার্কেট উন্নয়নে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করছে। আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ হতে অনাপত্তি গ্রহণপূর্বক দুইটি আর্থিক প্রতিষ্ঠান (আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড ও লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড) কর্তৃক জুন ২০১৫ তে যথাক্রমে ১.৫ বিলিয়ন এবং ৩.০ বিলিয়ন টাকার নন-কনভার্টিবল জিরো কুপন বন্ড ইস্যু করা হয়েছে। উল্লেখ্য, সম্প্রতি বাংলাদেশ ব্যাংক আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড-এর অনুকূলে ৫.০ বিলিয়ন টাকার “আইডিএলসি ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড এসএমই জিরো কুপন বন্ড”- ইস্যুর জন্য অনাপত্তিপত্র প্রদান করেছে।

### খ. আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মদক্ষতা ও রেটিং

৭.১০ ব্যাংকের ন্যায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মদক্ষতা ক্যামেলস্ রেটিং এর মাধ্যমে মূল্যায়ন করা হয়ে থাকে,



### সারণী ৭.২ আর্থিক প্রতিষ্ঠানসমূহের সম্পদ, দায় ও আমানত (বিলিয়ন টাকা)

|                               | ২০০৮  | ২০১০  | ২০১১  | ২০১২  | ২০১৩  | ২০১৪  | ২০১৫* |
|-------------------------------|-------|-------|-------|-------|-------|-------|-------|
| মোট সম্পদ                     | ১৯৮.৩ | ২০৬.৮ | ২৪৫.৭ | ২৪৫.৭ | ৪২৩.১ | ৪২৩.১ | ৪৬৫.৫ |
| মোট দায়                      | ৮৫.৯  | ৮২.২  | ৯৪.৪  | ৯৪.৪  | ১৬৫.৫ | ১৬৫.৫ | ১৯৮.৩ |
| দায়-সম্পদ অনুপাত             | ৮৫.৯  | ৮২.২  | ৯৪.৪  | ৯৪.৪  | ১৬৫.৫ | ১৬৫.৫ | ১৯৮.৩ |
| মোট আমানত                     | ১১২.৪ | ১২৪.৬ | ১৫১.৩ | ১৫১.৩ | ২৫৮.৬ | ২৫৮.৬ | ২৭১.৮ |
| মোট দায়ের শতকরা হিসেবে আমানত | ৪৯.২  | ৪৫.৯  | ৪৯.৮  | ৪৯.৮  | ৬১.১  | ৬১.১  | ৬৮.৮  |

\* জুন ২০১৫ শেষে।

উৎস: আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

যাতে তাদের কর্মপস্থার ছয়টি গুরুত্বপূর্ণ নির্দেশকের পর্যালোচনা ও মূল্যায়ন করা হয়। ক্যামেলস্ রেটিং এ ব্যবহৃত নির্দেশক ছয়টি হলো ১. মূলধন পর্যাগতা, ২. সম্পদের গুণগতমান, ৩. ব্যবস্থাপনা দক্ষতা, ৪. উপার্জন ক্ষমতা ৫. তারল্য পরিস্থিতি ও ৬. বাজার ঝুঁকিজনিত সংবেদনশীলতা।

### L.1. gj-ab ch#ßZv

৭.১১ মূলধন পর্যাপ্ততা আর্থিক প্রতিষ্ঠানসমূহের মূলধনের সার্বিক অবস্থার উপর আলোকপাত করে এবং সম্ভাব্য আর্থিক ক্ষতির হাত থেকে আমানতকারীদের সুরক্ষা প্রদানসহ প্রধান আর্থিক ঝুঁকি (যেমন- ঋণ ঝুঁকি, বাজার ঝুঁকি, সুদহার ঝুঁকি ইত্যাদি) মোকাবেলায় প্রতিষ্ঠানসমূহকে সহায়তা করে। ব্যাসেল একর্ড এর আওতায় আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের ঝুঁকিভিত্তিক সম্পদের কমপক্ষে শতকরা ১০.০ ভাগ, যার মধ্যে মুখ্য মূলধন কমপক্ষে শতকরা ৫.০ ভাগ মূলধন হিসেবে সংরক্ষণ করতে হয়। জুন ২০১৫ শেষে ক্যামেলস্ রেটিং এর মূলধন পর্যাপ্ততার ক্ষেত্রে ৩২টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২টির রেটিং ছিল “১ বা সুদৃঢ়”, ১৮টির “২ বা সন্তোষজনক”, ১০টির “৩ বা মোটামুটি ভাল” এবং ১টির “৪ বা প্রান্তিক (১টি প্রতিষ্ঠান এখনো রেটিংয়ের আওতায় আসেনি)।

### L.2. m#ú` i ,YMZ gvb

৭.১২ সম্পদের গুণগত মান নির্ণয়ের গুরুত্বপূর্ণ সূচক হচ্ছে মোট ঋণ/লিজের তুলনায় শ্রেণিবিন্যাসিত ঋণ/লিজের হার। জুন ২০১৫ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের এ হার ছিল শতকরা ৭.৭ ভাগ। আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সম্পদের মধ্যে ঋণ, লিজ ও অগ্রিমের পরিমাণ শতকরা ৭২.৬ ভাগ। জুন ২০১৫ শেষে, সম্পদের গুণগত মানের ক্ষেত্রে ৩২টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৭টির রেটিং ছিল “২ বা সন্তোষজনক”, ১৪টির “৩ বা মোটামুটি ভাল” এবং ১০ টির “৪ বা প্রান্তিক” (১টি প্রতিষ্ঠান এখনো রেটিংয়ের আওতায় আসেনি)।

### L.3. e`e`lcbv`ÿZv

৭.১৩ সুষ্ঠু ব্যবস্থাপনা যে কোন আর্থিক প্রতিষ্ঠান শক্তিশালীকরণ ও প্রবৃদ্ধি অর্জনের সবচেয়ে গুরুত্বপূর্ণ পূর্বশর্ত। মোট আয়-ব্যয় অনুপাত, পরিচালন ব্যয় ও মোট ব্যয় অনুপাত, কর্মচারী প্রতি আয় ও পরিচালন ব্যয় এবং সুদ হার ব্যবধান ইত্যাদি সুষ্ঠু ব্যবস্থাপনা মূল্যায়নের মাপকাঠি হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। জুন ২০১৫ শেষে, ব্যবস্থাপনা দক্ষতায় ৩২টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২টির

### সারণী ৭.৩ মোট ঋণ/লিজ এবং শ্রেণিকৃত ঋণ/লিজ


(বিলিয়ন টাকা)

|                           | ২০০৯  | ২০১০  | ২০১১  | ২০১২  | ২০১৩  | ২০১৪  | ২০১৫* |
|---------------------------|-------|-------|-------|-------|-------|-------|-------|
| ঋণ/লিজ                    | ১১৬.৭ | ১৭৮.১ | ২০৯.৭ | ২৫২.১ | ২৭৩.৬ | ৩৭২.৮ | ৪০৯.২ |
| শ্রেণিকৃত ঋণ/লিজ          | ৭.৩   | ১০.৫  | ১০.৩  | ১৩.৭  | ১৬.৮  | ১৯.৭  | ৩১.৬  |
| মোট ঋণ/লিজের শতকরা হিসেবে |       |       |       |       |       |       |       |
| শ্রেণিকৃত ঋণ/লিজ          | ৬.৩   | ৫.৯   | ৪.৯   | ৫.৪   | ৬.১   | ৫.৩   | ৭.৭   |

\* জুন ২০১৫ শেষে।

উৎস : আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ।

### চার্ট ৭.৩ আর্থিক প্রতিষ্ঠানের মোট শ্রেণিকৃত ঋণ/লিজ ও তাদের অনুপাত



\* ৩০ জুন ২০১৫

রেটিং ছিল “১ বা সুদৃঢ়”, ১৮টির “২ বা সন্তোষজনক”, ৮টির “৩ বা মোটামুটি ভাল” এবং ৩টির “৪ বা প্রান্তিক” (১টি প্রতিষ্ঠান এখনো রেটিংয়ের আওতায় আসেনি)।

### L.4. Avq I DcvR# ÿgZv

৭.১৪ আয় ও উপার্জন ক্ষমতা আর্থিক প্রতিষ্ঠানের দক্ষ সম্পদ ব্যবস্থাপনা ও দীর্ঘমেয়াদি সক্ষমতার পরিচায়ক। উপার্জন এবং মুনাফা পরিমাপের বিভিন্ন পদ্ধতির মধ্যে বহুল ও সর্বোত্তম ব্যবহৃত সূচক হচ্ছে সম্পদের ওপর আয় হার (ROA), যা ইকুইটিটির ওপর আয় হার (ROE) এর সম্পূরক। জুন ২০১৫ এ সকল আর্থিক প্রতিষ্ঠানের ROA ও ROE ছিল যথাক্রমে শতকরা ১.৩ ও ৭.৬ ভাগ। জুন ২০১৫ এর শেষে, উপার্জন ক্ষমতায় ৩২টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২টির রেটিং ছিল “১ বা সুদৃঢ়”, ১৭টির “২ বা সন্তোষজনক”, ১১টির “৩ বা মোটামুটি ভাল” এবং ১টির “৪ বা প্রান্তিক” (১টি প্রতিষ্ঠান এখনো রেটিংয়ের আওতায় আসেনি)।

### L.5. Zvij` cwiw`wZ

৭.১৫ আর্থিক প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র মেয়াদি আমানত গ্রহণ করতে পারে। বর্তমানে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে মোট মেয়াদি দায়ের শতকরা ৫.০ ভাগ বিধিবদ্ধ তরল সম্পদ (এসএলআর) রূপে, যার মধ্যে মেয়াদি আমানতের শতকরা ২.৫ ভাগ (দৈনিক ন্যূনতম শতকরা ২.০ ভাগ) নগদ তরল সম্পদ (সিআরআর) হিসাবে দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে সংরক্ষণ করতে হয়। মেয়াদি আমানত গ্রহণ করে না এমন আর্থিক প্রতিষ্ঠানসমূহের এসএলআর শতকরা ২.৫ ভাগ। সরকারি আর্থিক প্রতিষ্ঠান ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (IDCOL) বিধিবদ্ধ তরল সম্পদ সংরক্ষণের এ বাধ্যবাধকতা থেকে অব্যাহতিপ্রাপ্ত। জুন ২০১৫ শেষে তারল্য পরিস্থিতিতে ৩২টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২০টির রেটিং ছিল “২ বা সন্তোষজনক”, ৯টির “৩ বা মোটামুটি ভাল” এবং ২টির “৪ বা প্রাস্তিক” (১টি প্রতিষ্ঠান এখনো রেটিংয়ের আওতায় আসেনি)।

### L.6. evRvi S#K#R#bZ mste`bkxj Zv

৭.১৬ সুদ হার বা ইকুইটি পরিবর্তন কোন আর্থিক প্রতিষ্ঠানের সম্পদ-দায়, উপার্জন এবং মূলধনের উপর কী ধরনের বিরূপ প্রভাব ফেলে, তা বাজার ঝুঁকিজনিত সংবেদনশীলতার মাত্রা নির্দেশ করে। এ সংবেদনশীলতা মূল্যায়নের সময় কার্যকর ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে বাজার ঝুঁকি নিরূপণ ও নিয়ন্ত্রণে কোন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সক্ষমতার উপর গুরুত্ব দেয়া হয়ে থাকে। সংবেদনশীলতা মূল্যায়নের ক্ষেত্রে কোন কঠিন পরিস্থিতিতে সুদহার অথবা ইকুইটি মূল্যের (অথবা উভয়েরই) সম্ভাব্য অভিঘাতজনিত দুর্বলতাকে বিবেচনায় নেয়া হয়। অনেক আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রেই বাজার ঝুঁকির প্রাথমিক উৎস নন-ট্রেডিং অবস্থা এবং সুদের হার পরিবর্তনে তার সংবেদনশীলতা থেকে উদ্ভূত হয়। জুন ২০১৫ শেষে বাজার ঝুঁকির সাথে সংবেদনশীলতায় ৩২টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৬টির রেটিং ছিল “২ বা সন্তোষজনক”, ১৮টির “৩ বা মোটামুটি ভাল” এবং ৭টির “৪ বা প্রাস্তিক” (১টি প্রতিষ্ঠান এখনো রেটিংয়ের আওতায় আসেনি)।

### সারণী ৭.৪ আর্থিক প্রতিষ্ঠানসমূহের মুনাফা অর্জনের হার (শতকরা)

|                      | ২০০৮ | ২০০৯ | ২০১০ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫* |
|----------------------|------|------|------|------|------|------|------|-------|
| ইকুইটি আয় হার (ROE) | ১২.৯ | ২০.৯ | ২৪.৪ | ১১.৭ | ১০.৪ | ৭.৫  | ৯.৯  | ৭.৬   |
| সম্পদ আয় হার (ROA)  | ২.১  | ৩.২  | ৪.৩  | ২.১  | ১.৯  | ১.৫  | ১.৮  | ১.৩   |

\* ৩০ জুন ২০১৫।  
উৎস : আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

### L.7. mgwS#Z K`v#gj m#ti#Us

৭.১৭ জুন ২০১৫-এ ৩২টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ১টির সমন্বিত ক্যামেলস্ রেটিং ছিল “১ বা সুদৃঢ়” ১৪টির “২ বা সন্তোষজনক”, ১৫টির “৩ বা মোটামুটি ভাল” এবং ১টির “৪ বা প্রাস্তিক” (অবশিষ্ট ১টি এখনো রেটিংয়ের আওতায় আসেনি)।

### M. AvB#b KWv#gv I c#W#W#q#j ti .#j kY

৭.১৮ আর্থিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক সামর্থ্য উন্নয়ন এবং কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়নপূর্বক এ খাতকে শক্তিশালীকরণের ধারাবাহিক প্রক্রিয়ার অংশ হিসেবে অর্থবছর ১৫-এ কতিপয় নীতি নির্ধারণী ও নিয়ন্ত্রণমূলক পদক্ষেপ গৃহীত হয়েছে।

### M.1. Aw\_# c#Z#v#b#m#g#ni gj-ab ch#B#Zv Ges e`v#mj GKW#ev`lvq#b AM#W#Z

৭.১৯ ১ জানুয়ারি ২০১২ হতে আর্থিক প্রতিষ্ঠানসমূহে ব্যাসেল-২ এর বাস্তবায়ন কার্যক্রম চলছে। আন্তর্জাতিক উত্তম পন্থাসমূহের অনুশীলন এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের মূলধন কাঠামো অধিকতর ঝুঁকিভিত্তিক ও আঘাত-সহনশীল করণার্থে বাংলাদেশ ব্যাংক প্রণেয় গাইডলাইনস্ অন ক্যাপিটাল অ্যাডিকোয়েসি অ্যান্ড মার্কেট ডিসিপ্লিন (CAMD) নামক একটি গাইডলাইন প্রণয়ন করেছে। বিধিবদ্ধ পরিপালন হিসেবে সকল আর্থিক প্রতিষ্ঠানকে এ গাইডলাইন অনুসরণ করতে হয়। বাংলাদেশ ব্যাংকের একজন ডেপুটি গভর্নরের নেতৃত্বে আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহীর সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের স্টিয়ারিং কমিটি রয়েছে, যারা নীতিগত সিদ্ধান্তের উপর কার্যক্রম পরিচালনা করে থাকেন। বাংলাদেশ ব্যাংকের একজন নির্বাহী পরিচালকের নেতৃত্বে একটি ওয়ার্কিং গ্রুপ স্টিয়ারিং কমিটিকে সহায়তা করেন।



ব্যাসেল একর্ড বাস্তবায়নে স্টিয়ারিং কমিটি ও ওয়ার্কিং গ্রুপের বিভিন্ন নির্দেশনা পরিপালনের জন্য আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগে ব্যাসেল বাস্তবায়ন সেল কাজ করছে।

### গ.২. আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্পোরেট সুশাসন

৭.২০ আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্পোরেট সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে পরিচালনা পর্ষদ, বিভিন্ন কমিটি, ব্যবস্থাপনা ও প্রধান নির্বাহী কর্মকর্তার ক্ষমতা, দায়িত্ব ও কার্যাবলী বাংলাদেশ ব্যাংক কর্তৃক সুস্পষ্টভাবে নির্ধারিত রয়েছে। পরিচালনা পর্ষদ প্রতিষ্ঠানের ভিশন/মিশন, বার্ষিক কৌশলগত পরিকল্পনা, মুখ্য কার্যদক্ষতা নির্দেশক, মুখ্য ঝুঁকি ব্যবস্থাপনার গাইডলাইন ইত্যাদি নির্ধারণ ও অনুমোদন করে থাকেন। তারা কোনভাবেই প্রতিষ্ঠানের দৈনন্দিন পরিচালন কার্যক্রমে হস্তক্ষেপ করবেন না। প্রধান নির্বাহী কর্মকর্তা প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যাবলী ও ব্যবসা পরিকল্পনা বাস্তবায়নের জন্য দায়বদ্ধ।

### গ.৩. সম্পদের শ্রেণিবিন্যাস ও প্রতিভিশনিং

৭.২১ আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঋণ, অগ্রিম, লিজ, বিনিয়োগ ইত্যাদির মেয়াদ পর্যালোচনায় সম্ভাব্য ক্ষতির বিপরীতে সংস্থান সংরক্ষণ করে থাকে। ঋণ/লিজের মেয়াদোত্তীর্ণের ভিত্তিতে এদের স্ট্যান্ডার্ড, বিশেষ উল্লেখ হিসাব, নিলুমান, সন্দেহজনক ও মন্দ/ক্ষতি মানে শ্রেণিকরণ করে যথাক্রমে শতকরা ১, ৫, ২০, ৫০ ও ১০০ ভাগ সংস্থান সংরক্ষণ করতে হয়। জুন ২০১৫ এ মোট বকেয়া ঋণ/লিজের পরিমাণ ছিল ৪০৯.২ বিলিয়ন টাকা, যার মধ্যে শ্রেণিকৃত ছিল ৩১.৬ বিলিয়ন টাকা (শতকরা ৭.৭ ভাগ)।

### গ.৪. ঋণ পুনঃতফসিলকরণের নীতিমালা

৭.২২ বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে ডাউন পেমেণ্ট নগদে গ্রহণ সাপেক্ষে আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের ঋণ/লিজ হিসাব পুনঃতফসিল করতে পারে। ঋণ/লিজ হিসাব ১ম, ২য় ও তদ্পরবর্তী ধাপে পুনঃতফসিলকরণের জন্য ন্যূনতম গৃহীতব্য ডাউন পেমেণ্টের পরিমাণ হবে যথাক্রমে মেয়াদোত্তীর্ণ কিস্তির শতকরা ১৫, ৩০ ও ৫০ ভাগ বা মোট বকেয়ার শতকরা ১০, ২০ ও ৩০ ভাগ-এ দু'য়ের মধ্যে যা কম।

### গ.৫. মুখ্য ঝুঁকি ব্যবস্থাপনা

৭.২৩ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পাঁচটি মুখ্য ঝুঁকি যেমন- ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন, সম্পদ-দায় ব্যবস্থাপনা, মানিলাভারিং প্রতিরোধ ঝুঁকি ব্যবস্থাপনা ও তথ্য-প্রযুক্তি ব্যবস্থাপনা সম্পর্কিত গাইডলাইন ইস্যু করা হয়েছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত গাইডলাইনসমূহের ন্যূনতম ভিত্তি বিবেচনায় তাদের নিজস্ব ঝুঁকি ব্যবস্থাপনার গাইডলাইন প্রস্তুত করে থাকে।

### গ.৬. স্ট্রেস টেস্টিং

৭.২৪ দেশের অর্থায়ন ব্যবস্থা অধিকতর শক্তিশালী করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০১০ সন হতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের স্ট্রেস টেস্টিং কার্যক্রম অর্ধ-বার্ষিক ভিত্তিতে পরিচালনা করে আসছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য আর্থিক অবস্থার নির্দেশক, দেউলিয়াত্বের হার (Insolvency Ratio), কার্য পরিকল্পনার সুপারিশমালা স্বয়ংক্রিয়ভাবে নির্ণয়ের লক্ষ্যে বুদ্ধিভিত্তিক স্বয়ংক্রিয় ফরম্যাট, ১ থেকে ৫ পর্যন্ত রেটিং স্কেল, ভারীত স্থিতিস্থাপকতা- ভারীত দেউলিয়াত্বের হার (WAR-WIR Matrix) দ্বারা অঞ্চলভিত্তিক অবস্থান (সবুজ, হলুদ ও লাল) সম্বলিত সংশোধিত গাইডলাইন জারি করা হয়েছে। সংশোধিত গাইডলাইন অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ত্রৈমাসিক অর্থাৎ ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর ভিত্তিতে স্ট্রেস টেস্টিং করতে হয়। জুন ২০১৫ এর স্ট্রেস টেস্টিং প্রতিবেদন অনুযায়ী ৩১টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৪টি সবুজ অঞ্চলে, ১৩টি হলুদ অঞ্চলে এবং অবশিষ্ট ১৪টি লাল অঞ্চলে অবস্থান করছিল।

### ঘ. গ্রাহক স্বার্থ সংরক্ষণ সংক্রান্ত বিধিমালা

#### ঘ.১. চার্জ-এর তালিকা

৭.২৫ আমানতকারী/ বিনিয়োগকারী/ গ্রাহক স্বার্থ সংরক্ষণার্থে কতিপয় সেবার বিপরীতে ধার্যকৃত চার্জ যৌক্তিক পর্যায়ে নির্ধারণসহ বিভিন্ন সেবার বিপরীতে ধার্যকৃত চার্জের একটি সম্পূর্ণ তালিকা শাখা ও প্রধান কার্যালয়ের সুবিধাজনক দৃশ্যমান স্থানে প্রদর্শন করার পাশাপাশি প্রতিষ্ঠানের স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য বাংলাদেশ ব্যাংক হতে আর্থিক প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দেয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক যথাযথ

মনিটরিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ ষাণ্মাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত বিবরণী দাখিল করে থাকে। কমিটমেন্ট ফি, সুপারভিশন ফি এবং চেক ডিজঅনার ফি নামে কোন কমিশন/চার্জ আরোপ করা যাবে না।

## N.2. evsj v`tk Aw\_ℙ cāZōv#bi cY" I tmewmg#ni MwBWj vBb

৭.২৬ আর্থিক খাতের পণ্য ও সেবার চ্যাঞ্জে মোকাবেলায় আর্থিক প্রতিষ্ঠানগুলোর এ বিষয়ক নিয়ন্ত্রণ কাঠামোর পুনর্মূল্যায়ন ও পুনর্বিদ্যায়ন প্রয়োজন। এ উদ্দেশ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য "Guidelines on Products and Services of Financial Institutions in Bangladesh" প্রণয়ন করা হয়েছে। এ গাইডলাইনে বিদ্যমান ও ভবিষ্যৎ পণ্য ও সেবাসমূহের বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রাহক-স্বার্থ সংরক্ষণ বাংলাদেশ ব্যাংকের অন্যতম প্রধান লক্ষ্য, এ গাইডলাইনটির মাধ্যমে তা নিশ্চিতকরণের ব্যবস্থা গৃহীত হয়েছে। এটি প্রতিষ্ঠানসমূহের পণ্য ও সেবা সংক্রান্ত ঝুঁকি ব্যবস্থাপনার উন্নয়ন এবং নতুন পণ্য ও সেবা উদ্ভাবনের ক্ষেত্রে শৃংখলা আনয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## 0. Aw\_ℙ cāZōvbm#g#ni Rb" Cost of Funds Index

৭.২৭ ২০১৩ সনে প্রণীত গাইডলাইনের আলোকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ Base Rate এবং Cost of

Funds সংক্রান্ত মাসিক বিবরণী নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংকে দাখিল করছে। এসব বিবরণীর ভিত্তিতে প্রস্তুতকৃত Cost of Funds Index নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড এবং হালনাগাদ করা হচ্ছে। উল্লেখ্য, Base Rate হলো ঋণ/লিজ সুবিধা প্রদানের সর্বনিম্ন সুদ হার-যার কম হারে ঋণ প্রদান করা লাভজনক হবে না। ঋণ/লিজ সুবিধার ক্ষেত্রে সুদ হার নির্ধারণের কোনরূপ গাইডলাইন না থাকায় আর্থিক প্রতিষ্ঠানসমূহ ইতঃপূর্বে নিজস্ব আঙ্গিকে ভিন্ন ভিন্ন ভাবে সুদ হার নির্ধারণ করত। কোন কোন আর্থিক প্রতিষ্ঠান ভাসমান বা floating সুদহারে ঋণ সুবিধা প্রদান করত। সেক্ষেত্রে তাদের নিজস্ব তহবিল ব্যয়ের তারতম্যের উপর নির্ভর করে সুদারোপ করা হতো। ফলে, তাদের তারল্য ব্যবস্থাপনার দক্ষতা বা অদক্ষতার প্রভাব সরাসরি গ্রাহকের উপর পড়ত। আর্থিক প্রতিষ্ঠানসমূহের floating interest rate নির্ধারণে Cost of Funds Index (তহবিল ব্যয় সূচক) গ্রহণযোগ্য reference rate হিসেবে ব্যবহৃত হচ্ছে। Base Rate System আর্থিক প্রতিষ্ঠানসমূহের সুদ হার নির্ণয় প্রক্রিয়াকে সহজতর এবং হিসাবায়নের স্বচ্ছতা ও প্রতিষ্ঠানসমূহের জবাবদিহিতা অধিকতর নিশ্চিত করছে। আমাদের প্রতিবেশী দেশ ভারত, নেপাল ও ভুটানসহ বিভিন্ন দেশে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য ভিত্তি হার পদ্ধতি (Base Rate System) প্রচলিত রয়েছে। বাংলাদেশে এ প্রথম আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য ভিত্তি হার পদ্ধতি চালু করা হয়েছে। উল্লেখ্য, Cost of Funds Index এর ব্যবহার এ এটাই প্রথম।

## আর্থিক বাজার

৮.১ বাংলাদেশ ব্যাংক দেশের আর্থিক বাজারকে একটি উন্নতমানের কার্যকরী আর্থিক বাজার হিসেবে গড়ে তোলার পাশাপাশি এর স্থিতিশীলতা বজায় রাখার প্রয়াস অর্থবছর ১৫-তেও অব্যাহত রেখেছে।

### মুদ্রা বাজার

#### কলমানি মার্কেট-অর্থবছর ১৫

৮.২ আলোচ্য অর্থবছরে আর্থিক প্রতিষ্ঠানসহ ব্যাংকসমূহে সুদ হারে স্থিতিশীলতা বজায় থাকে। বাংলাদেশ ব্যাংক প্রাইমারি ডিলার ও প্রাইমারি ডিলার বহির্ভূত ব্যাংকগুলোর ধারণকৃত যোগ্য ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ডের বিপরীতে রেপো, বিশেষ রেপো ও তারল্য সহায়তা সুবিধা প্রদান করে। বাংলাদেশ ব্যাংকের বিচক্ষণ নীতি পদক্ষেপের ফলে অর্থবছর ১৫-এ আন্তঃব্যাংক কলমানি বাজারে ভারীত গড় সুদের হার শতকরা ৫.৮ ভাগ থেকে শতকরা ৮.৬ ভাগের মধ্যে স্থিতিশীল থাকে (সারণী ৮.১ এবং চার্ট ৮.১)। অর্থবছর ১৫-এ কলমানি বাজারে গড় লেনদেনের পরিমাণ ২৭১.৪ বিলিয়ন টাকা হ্রাস পায়, যা অর্থবছর ১৪-এর তুলনায় শতকরা ১৮.৯ ভাগ কম ছিল। কলমানি মার্কেটে লেনদেনের পরিমাণ এবং ভারীত গড় সুদ হারে অর্থবছর ১৫-এ একটি সুষম প্রবণতা বজায় থাকে। তবে, অর্থবছরের ৪র্থ প্রান্তিকে কিছুটা নিম্ন হার লক্ষ্য করা যায়।

#### পুনঃক্রয় চুক্তি নিলাম-অর্থবছর ১৫


- Avg`wb w`k`i w`w`0 wKQz dmj (thgb-Wwj, tZj exR, gmj v Ges f`Zv) Drcv`tbi j`y` kZKiv 4.0 fV M tiq`w`Z m`ynv`ti 0.8 wej qb UvKv FY weZiY Kiv n`qtQ |
- cveZ` A`A`j i 3w tRjvq c0q 18340 Rb DcRw`Z K`i`Ki gvtS gv`I kZKiv 5.0 fV M m`ynv`ti 0.5 wej q`tbi temk UvKv FY weZiY Kiv n`qtQ |

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক অর্থবছর ১৬-এর জন্য বার্ষিক কৃষি ও পল্লি ঋণ নীতিমালা এবং কর্মসূচি ঘোষণা করেছে। এ কর্মসূচিতে কৃষি ও পল্লি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৬৪.০ বিলিয়ন টাকা, যা বিগত অর্থবছর ১৫-এর লক্ষ্যমাত্রা ১৫৫.৫ বিলিয়ন টাকার তুলনায় শতকরা ৫.৫ ভাগ বেশি।

### ৯.২.১

বার্ষিক কৃষি ঋণ কর্মসূচির আওতায় অর্থবছর ১৫-এ অংশগ্রহণকারী ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রকৃত বিতরণ ছিল ১৫৯.৮ বিলিয়ন টাকা, যা অর্থবছর ১৪-এর মোট বিতরণ ১৬০.৪ বিলিয়ন টাকার তুলনায় শতকরা ০.৪ ভাগ কম। সারণী ৯.১ এ কৃষি ঋণের সামগ্রিক বিতরণ ও আদায় পরিস্থিতির তুলনামূলক অবস্থা এবং চার্ট ৯.১ ও ৯.২ এ অর্থবছর ১৫-এ কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ও প্রকৃত বিতরণ দেখানো হলো।

সার্বিক ঋণ বিতরণের প্রায় শতকরা ৭৯.৮ ভাগ ছিল স্বল্পমেয়াদি এবং অবশিষ্ট অংশ ছিল সেচ ও কৃষি যন্ত্রপাতি এবং গবাদিপশু ইত্যাদি দীর্ঘমেয়াদি ঋণ। স্বল্পমেয়াদি ঋণের সিংহভাগই ছিল শস্য উৎপাদন ও দারিদ্র্য বিমোচন কর্মসূচিতে, যা মোট স্বল্পমেয়াদি ঋণের যথাক্রমে শতকরা ৫৯.৬ ও ১১.৬ ভাগ (সারণী ৯.১)।

কৃষি খাতে মোট বকেয়া ঋণের পরিমাণ অর্থবছর ১৪-এর ৩৪৬.৩ বিলিয়ন টাকার তুলনায় ১৬.৯ বিলিয়ন টাকা বা শতকরা ৪.৯ ভাগ হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ ৩২৯.৪ বিলিয়ন টাকায় দাঁড়ায় (সারণী ৯.২)।

দুটি বিশেষায়িত ব্যাংক যথা- বিকেবি ও রাকাব এবং ছয়টি রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক কৃষি ও পল্লি ঋণ বিতরণের ক্ষেত্রে যেমন মুখ্য ভূমিকা পালন করে আসছে, তেমনি বিদেশি ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের অবদানও ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। তবে, অর্থবছর ১৫-এ রাকাব এবং রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলো লক্ষ্যমাত্রার তুলনায় যথাক্রমে শতকরা ৪.০ ভাগ এবং ৯.২ ভাগ কম ঋণ বিতরণ করেছে। অন্যদিকে, বিকেবি, বিদেশি ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ অর্থবছর ১৫-এ লক্ষ্যমাত্রার তুলনায় যথাক্রমে শতকরা ০.১, ১৩.৩ ও ১১.৮ ভাগ বেশি ঋণ বিতরণ করেছে (সারণী ৯.২)। এছাড়া, বিআরডিবি এবং বিএসবিএল

### সারণী ৯.১ কৃষি ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক বিবরণী

(বিলিয়ন টাকা)

| বিতরণ  | অর্থবছর | অর্থবছর | অর্থবছর |
|--|---------|---------|---------|
|  | ১৩*     | ১৪*     | ১৫*     |
| ১  | ২       | ৩       | ৪       |
| 1   FY ৯২i tYi j y g v                             | 141.30  | 145.95  | 155.50  |
| ক) শস্য (চা ব্যতীত)                                | ৬৫.৩৮   | ৬৯.৩৮   | ৭৫.৬৯   |
| খ) সেচ যন্ত্রপাতি                                  | ৪.৩৪    | ৩.৬৮    | ৩.৩৯    |
| গ) গবাদিপশু  | ১৩.৫৫   | ১৫.২৬   | ১৬.৭০   |
| ঘ) কৃষি পণ্যের বিপণন                               | ৩.৩২    | ২.৫৭    | ১.৯১    |
| ঙ) মৎস্য   | ১২.৬৮   | ১২.৬৮   | ১৫.৩৬   |
| চ) দারিদ্র্য দুরীকরণ                               | ১২.৬৩   | ১১.১৬   | ১১.৩৭   |
| ছ) অন্যান্য কৃষি কর্মকাণ্ড                         | ২৯.৪০   | ৩১.২২   | ৩১.০৮   |
| 2   cKZ. ৯২i Y                                     | 146.67  | 160.37  | 159.78  |
| ক) শস্য (চা ব্যতীত)                                | ৬৪.৩৪   | ৭১.৩১   | ৭৬.০৪   |
| খ) সেচ যন্ত্রপাতি                                  | ২.৭৯    | ২.৩৯    | ২.৩৮    |
| গ) গবাদিপশু  | ১৮.০৩   | ১৯.৯৬   | ২০.৫৭   |
| ঘ) কৃষি পণ্যের বিপণন                               | ২.২৬    | ১.৬৭    | ১.৫৪    |
| ঙ) মৎস্য   | ১৩.২১   | ১৩.৭৮   | ১৬.৫৩   |
| চ) দারিদ্র্য দুরীকরণ                               | ১৬.৫৮   | ১৮.৬৪   | ১৪.৮১   |
| ছ) অন্যান্য কৃষি কর্মকাণ্ড                         | ২৯.৪৬   | ৩২.৬২   | ২৭.৯১   |
| 3   tggv' ৯২i Y                                    |         |         |         |
| স্বল্পমেয়াদি                                      | ১০৬.১২  | ১১৮.৮৫  | ১২৭.৪৮  |
| দীর্ঘমেয়াদি                                       | ৪০.৫৫   | ৪১.৫২   | ৩২.৩০   |
| ৪। প্রকৃত আদায়                                    | ১৪৩.৬২  | ১৭০.৪৬  | ১৫৪.০৭  |
| ৫। আদায়যোগ্য                                      | ১৯৫.৪৬  | ২৪৮.১৩  | ২২০.৩৪  |
| ৬। মোট ঋণের স্থিতি                                 | ৩১০.৫৮  | ৩৪৬.৩৩  | ৩২৯.৩৭  |
| ৭। মোট মেয়াদোত্তীর্ণ ঋণ                           | ৫২.০৯   | ৭৬.১২   | ৬৭.২৯   |
| ৮। মোট ঋণের স্থিতিতে মেয়াদোত্তীর্ণ ঋণের শতকরা হার | ১৬.৭৭   | ২১.৯৮   | ২০.৪৩   |

\* বিআরডিবি এবং বিএসবিএল ব্যতীত।

উৎস : কৃষি ঋণ ও আর্থিক সেবাসূচী বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

নিজস্ব তহবিল থেকে ৭.২ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। ফলে, অর্থবছর ১৫-এ মোট কৃষি ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ১৬৭.০ বিলিয়ন টাকা (সকল ব্যাংকসহ)।

### ৯.৩



কৃষি ঋণ সংক্রান্ত কিছু নীতিগত পদক্ষেপ যেমন- ঋণ পুনঃতফসিলিকরণ, মন্দ ঋণ অবলোপন এবং রাজনৈতিক অস্থিতিশীলতার দরুন অর্থবছর ১৫-এ কৃষি ঋণ আদায় পূর্ববর্তী অর্থবছর ১৪-এর মোট আদায় ১৭০.৫ বিলিয়ন টাকার তুলনায় শতকরা ৯.৬ ভাগ হ্রাস পেয়ে ১৫৪.১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। তথাপি কৃষি ঋণের

প্রকৃত আদায়ের হার (আদায়যোগ্য ঋণসহ) বিবেচ্য অর্থবছরে ছিল শতকরা ৬৯.৯ ভাগ যা অর্থবছর ১৪ এ ছিল শতকরা ৬৮.৫ ভাগ (সারণী ৯.১)।

জুন ২০১৫ শেষে কৃষি ঋণের স্থিতির তুলনায় মেয়াদোত্তীর্ণ ঋণের শতকরা হার ২২.০ ভাগ থেকে কমে শতকরা ২০.৪ ভাগে দাঁড়ায় (সারণী ৯.২)। সঠিক তথ্য সরবরাহ নিশ্চিতকরণের মাধ্যমে ফসল কাটার মৌসুমের সাথে সামঞ্জস্য রেখে ব্যাংকগুলোর ঋণ আদায়ের কর্মকৌশল নির্ধারণ এবং প্রণোদনামূলক পদক্ষেপগুলো অধিকতর জোরদার করা উচিত, যাতে আগামী বছরগুলোতে কৃষি ঋণ আদায়ে অধিকতর অগ্রগতি হয়।

### Kw. F†Yi Drmmgn

৯.৪ কৃষি খাতে অর্থায়নের উৎস হিসেবে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকগুলোই এখন পর্যন্ত মুখ্য ভূমিকা পালন করেছে। তবে, বার্ষিক কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে বেসরকারি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অংশ ছিল সর্বাধিক। অর্থবছর ১৫-এ বেসরকারি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলো মোট কৃষি ঋণের শতকরা ৪১.২ ভাগ বিতরণ করে, এরপর রয়েছে বিকেবি (শতকরা ৩০.১ ভাগ), রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ (শতকরা ১৬.১ ভাগ), রাকাব (শতকরা ৯.৬ ভাগ) এবং বিদেশি বাণিজ্যিক ব্যাংকসমূহ (শতকরা ৩.০ ভাগ)। অর্থবছর ১৫ শেষে মোট বকেয়া ঋণের স্থিতিতে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ দাঁড়ায় শতকরা ৩১.২ ভাগ, যেখানে রাকাব এবং বিকেবি-এর মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ছিল বকেয়া ঋণের যথাক্রমে শতকরা ৩৩.৭ ও ১৮.১ ভাগ (সারণী ৯.২)। কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে বেসরকারি ব্যাংকগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যা সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। অর্থবছর ১৫-এ কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর অবদান ছিল ৬৫.৮ বিলিয়ন টাকা, যা অর্থবছর ১৪-এর ৬১.০ বিলিয়ন টাকার তুলনায় শতকরা ৭.৯ ভাগ বেশি। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর কৃষি ঋণের স্থিতির তুলনায় মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ অর্থবছর ১৫ শেষে শতকরা ৩.২ ভাগে দাঁড়ায়।



### Kw. F†Yi weci†Z ersj vt`k e'vst†Ki c†y†A\_†q†b

৯.৫ শুধু বিকেবি, রাকাব এবং ব্র্যাক বাংলাদেশ ব্যাংক থেকে অর্থবছর ১৫ এ মোট ১১.১ বিলিয়ন টাকার পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করে। পূর্বের পুনঃঅর্থায়নকৃত ঋণের ১৮.৪ বিলিয়ন (সুদসহ) টাকা আদায় করার ফলে অর্থবছর ১৫-এর জুন শেষে ব্যাংক/প্রতিষ্ঠানগুলোর আদায়যোগ্য বকেয়া স্থিতির পরিমাণ ৪৩.৬ বিলিয়ন (সুদসহ) টাকায় দাঁড়ায়। বাংলাদেশ ব্যাংক থেকে বিভিন্ন প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়নের বিস্তারিত পরিস্থিতি সারণী ৯.৩-এ দেখানো হলো।

পাট উৎপাদনকারীদের নিকট থেকে কাঁচাপাট ত্রয়ের উদ্দেশ্যে পাটজাত পণ্য উৎপাদনকারী ও রপ্তানিকারী প্রতিষ্ঠানকে চলতি মূলধন সরবরাহের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক অর্থবছর ১৫-এ ২.০ বিলিয়ন টাকার একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কিম গঠন করেছে। মোট ১১টি ব্যাংক এ বিশেষ স্কিমের আওতায় অর্থবছর ১৫-এ প্রায় ১.৫ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

সারণী ৯.২ কৃষি ঋণদাতা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম-অর্থবছর ১৫

(বিলিয়ন টাকা)

| ঋণদাতা                                 | বিতরণ<br>লক্ষ্যমাত্রা | প্রকৃত<br>বিতরণ | আদায়  | মেয়াদোত্তীর্ণ | স্থিতি | মোট ঋণের স্থিতির তুলনায়<br>মেয়াদোত্তীর্ণ ঋণের হার |
|--|-----------------------|-----------------|--------|----------------|--------|---|
| ১                                      | ২                     | ৩               | ৪      | ৫              | ৬      | ৭   |
| রুট্ট মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ | ২৮.৪০                 | ২৫.৭৯           | ২৫.৩০  | ২৬.২১          | ৮৪.০৪  | ৩১.১৯   |
| বিকেবি                                 | ৪৮.০০                 | ৪৮.০৩           | ৪৮.৫৬  | ২৩.৯৮          | ১৩২.৭১ | ১৮.০৭   |
| রাকাব                                  | ১৬.০০                 | ১৫.৩৬           | ১৮.২৭  | ১৪.৯৬          | ৪৪.৩৮  | ৩৩.৭১   |
| Dc:gyU                                 | 92.40                 | 89.18           | 92.13  | 65.15          | 261.13 | 24.95   |
| এফসিবি                                 | ৪.২০                  | ৪.৭৬            | ৭.০৭   | ০.০০           | ২.১৩   | ০.১৭  |
| পিসিবি                                 | ৫৮.৯০                 | ৬৫.৮৪           | ৫৪.৮৭  | ২.১৪           | ৬৬.১১  | ৩.২৪  |
| Dc:gyU                                 | 63.10                 | 70.60           | 61.94  | 2.14           | 68.24  | 3.14  |
| me:gyU                                 | 155.50                | 159.78          | 154.07 | 67.29          | 329.37 | 20.43   |
| সংক্ষিপ্তসার*                          |                       |                 |        |                |        |   |
| অর্থবছর ১৫                             | ১৫৫.৫০                | ১৫৯.৭৮          | ১৫৪.০৭ | ৬৭.২৯          | ৩২৯.৩৭ | ২০.৪৩   |
| অর্থবছর ১৪                             | ১৪৫.৯৫                | ১৬০.৩৭          | ১৭০.৪৬ | ৭৬.১২          | ৩৪৬.৩৩ | ২১.৯৮   |
| অর্থবছর ১৩                             | ১৪১.৩০                | ১৪৬.৬৭          | ১৪৩.৬২ | ৫২.০৯          | ৩১০.৫৮ | ১৬.৭৭   |
| অর্থবছর ১২                             | ১৩৮.০০                | ১৩১.৩২          | ১২৩.৫৯ | ৬০.৫২          | ২৫৯.৭৫ | ২৩.৩০   |
| অর্থবছর ১১                             | ১২৬.১৭                | ১২১.৮৪          | ১২১.৪৮ | ৬০.৯৭          | ২৫৪.৯২ | ২৩.৯২   |

\* বিআরডিবি ও বিএসবিএল বাদে।

উৎস : কৃষিঋণ ও আর্থিক সেবাজুড়ি বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

৯.৬ অর্থবছর ১৫-এ দাতাদের আর্থিক সহযোগিতাপুষ্টি এবং ব্যাংকের নিজস্ব অর্থায়নে পরিচালিত কতিপয় চলমান কৃষি ঋণ প্রকল্প/কর্মসূচির আওতায় ১.১ বিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং বাংলাদেশ ব্যাংকের নিবিড় পরিবীক্ষণ এবং তত্ত্বাবধানের মাধ্যমে ০.৬ বিলিয়ন টাকা আদায় করা হয়।

এরূপ কতিপয় চলমান প্রকল্প/কর্মসূচির মধ্যে রয়েছে কৃষিভিত্তিক শিল্প ও প্রযুক্তি উন্নয়ন প্রকল্প (ATDP), প্রান্তিক ও ক্ষুদ্র খামার ব্যবস্থায় শস্য নিবিড়করণ প্রকল্প (MSFSCIP), শস্য গুদামজাতকরণ ঋণ প্রকল্প (SHOGORIP), উত্তর-পশ্চিম শস্য বহুমুখীকরণ প্রকল্প (NCDP) এবং দ্বিতীয় শস্য বহুমুখীকরণ প্রকল্প (SCDP)। এডিবি'র অর্থায়নে পরিচালিত উত্তর-পশ্চিম শস্য বহুমুখীকরণ প্রকল্প কার্যক্রম ২০০১ সনের ডিসেম্বর মাসে শুরু হয় এবং ২০০৯ সনের জুন মাসে শেষ হয়। ১.৮ বিলিয়ন টাকার এ প্রকল্পটি বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চলের ১৬টি জেলায় উচ্চমূল্য সম্পন্ন শস্য উৎপাদন ও বাজারজাতকরণে অর্থায়নের জন্য পরিচালিত হয়। প্রকল্পটি সফলভাবে শেষ হওয়ার পর এর ঋণ তহবিল

ঘূর্ণায়মান তহবিলে রূপান্তরিত করা হয়, যা ২০১৯ সনের জুন মাস পর্যন্ত অব্যাহত থাকবে। এ ঘূর্ণায়মান তহবিল থেকে পুনর্ভরণের ভিত্তিতে কৃষক ও কৃষিভিত্তিক শিল্প উদ্যোক্তাদের মাঝে ৪টি এনজিও/এমএফআই এর মাধ্যমে ঋণ বিতরণের জন্য রাকাবকে অর্থ সরবরাহ করা হবে। এ প্রকল্পের আওতায় অর্থবছর ১৫-এ রাকাবকে মোট ০.৫ বিলিয়ন টাকা প্রদান করা হয়েছে। অপরদিকে, এডিবি'র অর্থায়নে পরিচালিত দ্বিতীয় শস্য বহুমুখীকরণ প্রকল্পটির আওতায় অর্থবছর ১৫-এ ০.৬ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

৯.৭ বাংলাদেশের অর্থনীতিতে উদীয়মান ক্ষুদ্র ও মাঝারি শিল্প মুখ্য ভূমিকা পালন করছে, যা ব্যক্তি মালিকানা ও প্রতিষ্ঠানিক দক্ষতাকে উৎসাহ প্রদান, কর্মসংস্থান সৃষ্টি, অর্থনৈতিক কর্মকাণ্ডের বহুমুখীকরণ এবং সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

বাংলাদেশ ব্যাংক এসএমই খাতে অর্থায়নকারী বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে তুলনামূলক কম সুদে

| সারণী ৯.৩ কৃষি ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন |                    |                     |                     |                    |                     |                     |                    |                     |                     |
|--|--------------------|---------------------|---------------------|--------------------|---------------------|---------------------|--------------------|---------------------|---------------------|
| (বিলিয়ন টাকা)   |                    |                     |                     |                    |                     |                     |                    |                     |                     |
| বিবরণ  | অর্থবছর ১৩         |                     |                     | অর্থবছর ১৪         |                     |                     | অর্থবছর ১৫         |                     |                     |
|  | পুনঃঅর্থায়ন গ্রহণ | পুনঃঅর্থায়ন পরিশোধ | পুনঃঅর্থায়ন স্থিতি | পুনঃঅর্থায়ন গ্রহণ | পুনঃঅর্থায়ন পরিশোধ | পুনঃঅর্থায়ন স্থিতি | পুনঃঅর্থায়ন গ্রহণ | পুনঃঅর্থায়ন পরিশোধ | পুনঃঅর্থায়ন স্থিতি |
| ১। বিকেবি  | ৫.০০               | ২.২০                | ৩৩.৪২               | ০.০০               | ৩.৪২                | ৩১.১৩               | ৫.০০               | ৯.০৬                | ২৮.৩৪               |
| ২। রাকাব   | ০.১৮               | ১.৭৬                | ১৬.১৪               | ৬.০০               | ৯.১২                | ১৩.০০               | ২.০০               | ৪.৭৯                | ১১.১১               |
| ৩। ব্র্যাক   | ৪.৪৯               | ২.৪৬                | ৪.৪৯                | ৪.৫০               | ৪.৪৯                | ৪.৫০                | ৪.১১               | ৪.৫০                | ৪.১১                |
| ৪। বিএসবিএল  | -                  | ০.০৪                | ০.১৩                | -                  | ০.০৪                | ০.০৮৫               | -                  | ০.০৪                | ০.০৪৩               |
| †gW  | ৯.৬৭               | ৬.৬৬                | ৫৬.১৮               | ১০.৫০              | ১৭.০৭               | ৪৮.৭১               | ১১.১১              | ১৮.৩৯               | ৪৬.৬০               |

উৎস : কৃষিঋণ ও আর্থিক সেবাত্তুক্তি বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

অর্থায়নের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। নারী উদ্যোক্তাদের দেশের উন্নয়নের মূল শ্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। উৎপাদনশীল খাতে নারীর অংশ গ্রহণ বৃদ্ধির উদ্যোগ হিসেবে বাংলাদেশ ব্যাংক মোট এসএমই অর্থায়নের শতকরা ১৫.০ ভাগ বার্ষিক সর্বোচ্চ শতকরা ১০ ভাগ সুদ হারে নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষিত রাখার নীতি গ্রহণ করেছে। বাংলাদেশ ব্যাংকের এসএমই ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ এটি সহজীকরণ এবং এসএমই অর্থায়ন কার্যক্রম ও উন্নয়নে পরিবীক্ষণের কাজ করেছে। বাংলাদেশ ব্যাংক অর্থবছর ১৫-এ এসএমই খাতের অগ্রগতি ও সম্প্রসারণের জন্য ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের জন্য এ খাতে পুনঃঅর্থায়ন কর্মসূচি অব্যাহত রেখেছে।

বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে ২০১৫ সনের জুন পর্যন্ত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ৪৭,৯৮৮টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে মোট ৪৮.২ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে। ২০১৫ অর্থবছরে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কতিপয় বিশেষ স্কিম ও কর্মসূচির মাধ্যমে প্রদত্ত পুনঃঅর্থায়ন সুবিধাগুলো নিম্নে আলোচনা করা হলো :

#### K. ȳž`křf cjtA\_řqb

সরকার ও বিভিন্ন উন্নয়নসহযোগী সংস্থার সহায়তায় ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশ ব্যাংক আট ধরনের ঘূর্ণায়মান পুনঃঅর্থায়ন সুবিধা বাস্তবায়ন করেছে। নতুন, ক্ষুদ্র ও কুটির শিল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সম্প্রতি ১

বিলিয়ন টাকার একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করেছে। এসএমই খাতের উন্নয়নের লক্ষ্যে পরিচালিত বিভিন্ন কর্মসূচি ও বিশেষ স্কিম নিম্নে বর্ণনা করা হলোঃ

K.1. eısjıř`k e'ısk Zrıej t দেশের ক্ষুদ্র শিল্প উদ্যোগ উন্নয়নে সহায়তাদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ব্যাংক রেটে ৬.০ বিলিয়ন টাকার স্মল এন্টারপ্রাইজ ফান্ড (এসইএফ) নামে একটি পুনঃঅর্থায়ন স্কিম প্রবর্তন করেছে, যা ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে। এ তহবিলের অধীনে ২০১৫ সনের জুন পর্যন্ত ২২টি ব্যাংক ও ২২টি আর্থিক প্রতিষ্ঠানকে ২৫১১৫টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে ২৩.৩ বিলিয়ন (নারী তহবিলসহ) টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে।

K.2. Gıvırc0BR řM0\_ GÜ e'ısk gWıřBřRkb řc0M0g (EGBMP) dıÜ t ২০০৪ সনে দেশের ক্ষুদ্র শিল্পখাতের অর্থায়ন ও উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের সাথে স্বাক্ষরিত উন্নয়নমূলক ঋণ চুক্তির আওতায় বিশ্বব্যাংকের ইজিবিএমপি ফান্ডে অতিরিক্ত ১০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। এ ছাড়া বাংলাদেশ সরকারও উক্ত চুক্তির আওতায় এ প্রকল্পে ০.৬ বিলিয়ন টাকা বরাদ্দ দিয়েছে। পুনঃঅর্থায়নের জন্য আইডিএ অর্থায়ন ও বাংলাদেশ সরকারের অর্থায়ন মিলে এখাতে মোট ১.২ বিলিয়ন টাকা গৃহীত হয়েছে। এ ফান্ড ছাড়াও ৩২টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে ৩১৬০টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ৩.১ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। ২০১১ সনের জুনে এ তহবিল থেকে বিতরণ শেষ হয়।

ক.৩. স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইএসডিপি) : বাংলাদেশে এসএমই খাতকে শক্তিশালী করার লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক এসএমইএসডিপিতে প্রাথমিকভাবে ৩০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। এ তহবিলের আওতায় ২০০৯ সনের সেপ্টেম্বর পর্যন্ত ৩২৬৪টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে ৩.৪ বিলিয়ন টাকা বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে বিতরণ করা হয়েছে। ২০১৫ সনের জুন শেষে বিতরণকৃত পুরো অর্থই আদায় করা হয়েছে।

ক.৪. স্মল এন্ড মিডিয়াম-সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি) : উপযুক্ত এসএমইসমূহের জন্য মধ্যম থেকে দীর্ঘমেয়াদে অর্থায়ন ত্বরান্বিত করার লক্ষ্য নিয়ে এসএমইডিপি ঋণ সুবিধা প্রদান করেছে। এসএমইডিপি (এডিপি-২) এর মোট তহবিল ০.৯৫ বিলিয়ন মার্কিন ডলার। এ ছাড়াও এডিবি এর বিশেষ তহবিল হতে ০.৭৬ বিলিয়ন মার্কিন ডলার এবং বাংলাদেশ ব্যাংক বাংলাদেশ সরকারের পক্ষে ০.১৯ বিলিয়ন মার্কিন ডলার প্রদান করে, যা পূর্ববর্তী এডিবি-১ (এসএমইডিপি) এর স্থিতি থেকে স্থানান্তর করা হয়েছে। ২০১৩ সনের ডিসেম্বরে এ তহবিল হতে বিতরণ সমাপ্ত হয় এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে ১৩৬৪৫টি উদ্যোক্তা প্রতিষ্ঠানে অর্থায়নের বিপরীতে ৭.৫ বিলিয়ন টাকা প্রদান করা হয়েছে।

ক.৫. জাইকা টু-স্টেপ লোন ফান্ড : দেশের অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতকে একটি উল্লেখযোগ্য খাত হিসেবে বিবেচনা করা হয়। এ লক্ষ্যে জাইকা, জাপান এবং বাংলাদেশ সরকারের মধ্যে ঋণ চুক্তি অনুযায়ী বাংলাদেশ ব্যাংক “ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের লক্ষ্যে আর্থিক খাত প্রকল্প (FSPDSME)-BD-P67” নামে একটি প্রকল্প বাস্তবায়ন করেছে। এসএমই খাতে বিশেষ করে উৎপাদনশীল বিনিয়োগের ক্ষেত্রে মধ্যম থেকে দীর্ঘমেয়াদে অর্থায়ন প্রাপ্তির সুযোগ সৃষ্টি করাই ছিল এ প্রকল্পের মূল লক্ষ্য। এ ফান্ডের মূল উপাদান টু-স্টেপ ঋণ (টিএসএল) এর ৪৭৮-৭.৫ মিলিয়ন জাপানিজ ইয়েনসহ মোট তহবিল ৫০০০ মিলিয়ন জাপানিজ ইয়েন। বাজার হারে মধ্যম থেকে দীর্ঘমেয়াদি এসএমই উপ-প্রকল্পে উৎপাদনশীল বিনিয়োগের জন্য

অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে ব্যাংক রেটে এ পুনঃঅর্থায়ন ও প্রাক-পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। এ প্রকল্পের আওতায় ২০১৫ সনের জুন পর্যন্ত ৪৩৬টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে ৩.২ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে।

রানা প্লাজা ধস এবং তৈরি পোশাক ও নিটওয়্যার খাতে সম্প্রতি সৃষ্ট সংকট এর প্রেক্ষাপটে জাইকার সহযোগিতাপুঞ্জ আর্থিক খাত প্রকল্প (এফএসপিডিএসএমই)-এর আওতায় তৈরি পোশাক খাতে পরিবেশ উন্নয়নে অর্থায়নের লক্ষ্যে একটি বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিজিএমইএ এবং বিকেএমইএ-এর সদস্যভুক্ত ও ১০০-২০০০ শ্রমিক-কর্মচারী সম্বলিত একটি তৈরি পোশাক কারখানা যেটি আবেদনকারী উদ্যোক্তার ভবনে স্থাপিত সেটি রিট্রোফিটিং, ভবন পুনঃনির্মাণ এবং প্রতিস্থাপনের জন্য ১০ কোটি টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদানের নীতি গ্রহণ করা হয়েছে।

ক.৬. কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পের জন্য পুনঃঅর্থায়ন স্কিম : বাংলাদেশ ব্যাংক বিভাগীয় সদর দপ্তর এবং নারায়ণগঞ্জ শহরের বাইরে কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্পের উন্নয়নে অর্থায়নের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ব্যাংক রেটে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করেছে। ২০১৫ সনের জুন পর্যন্ত এ স্কিমের আওতায় ২১১০টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে ৭৪.১ বিলিয়ন টাকা ঘূর্ণায়মান তহবিল হিসেবে বিতরণ করা হয়েছে।

ক.৭. ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্পের নব্য উদ্যোক্তা ফান্ড : ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্পের নব্য উদ্যোক্তাদের প্রারম্ভিক মূলধন সরবরাহের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক নিজস্ব অর্থায়নে ১.০ বিলিয়ন টাকার একটি তহবিল গঠন করেছে, যা হতে সম্ভাবনাময় উদ্যোক্তাগণের মধ্যে শতকরা ১০ ভাগ হারে (ব্যাংক হার + ৫%) পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। জুন ২০১৫ শেষে ৮টি নতুন উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে মোট ৫.৩ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে।

ক.৮. ইসলামি শরীয়াহৃত্তিক পুনঃঅর্থায়ন স্কিম : এসএমই খাতের অর্থায়নে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক

১৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে ইসলামি শরীয়াহুভিত্তিক একটি বিশেষ পুনঃঅর্থায়ন তহবিল গঠন করেছে। এ তহবিলের আওতায় কৃষিভিত্তিক শিল্পসমূহ, ক্ষুদ্র শিল্প (নারীদের দ্বারা পরিচালিত এসএমইসমূহ) এবং নব্য উদ্যোক্তাদের দ্বারা পরিচালিত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্পসমূহ খাতে অর্থায়নের বিপরীতে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। জুন ২০১৫ শেষে ১৩১টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে মোট ০.৫ বিলিয়ন টাকা ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পুনঃঅর্থায়ন করা হয়েছে।

#### খ. নারী উদ্যোক্তাদের পুনঃঅর্থায়ন

নারী উদ্যোক্তাদের শতকরা ১০ ভাগ সুদ হারে ঋণ দেয়ার জন্য বাংলাদেশ ব্যাংক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিত করছে। বাংলাদেশ ব্যাংকের এসএমইএন্ডএসপি ডিপার্টমেন্টে একটি নারীবান্ধব উদ্যোক্তা ডেস্ক প্রতিষ্ঠা করা হয়েছে, সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকেও এ ধরনের ডেস্ক স্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে। মোট এসএমই ঋণের শতকরা ১৫ ভাগ শুধু নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষিত রাখার জন্যও তাদের নির্দেশনা দেয়া হয়েছে। ২০১৫ সনের জুন পর্যন্ত নারী উদ্যোক্তাদের ১২৮৩৪টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে ১১.৭ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে।

#### গ. নব্য উদ্যোক্তা তৈরি ও উদ্যোক্তাদের উন্নয়ন তহবিল

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এবং সুইস এজেন্সি ফর ডেভলপমেন্ট কর্পোরেশন (এসডিসি) এর সহায়তায় বাংলাদেশ সরকার শ্রমবাজারে নব্য প্রবেশকারী এবং যুবক শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "Skills for Employment Investment Programme (SEIP)" নামে একটি প্রকল্প হাতে নিয়েছে। সরকারের প্রচেষ্টার সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ ব্যাংকও নব্য উদ্যোক্তা সৃষ্টি ও উন্নয়নে কিছু পদক্ষেপ নিয়েছে। এ লক্ষ্যে আগামী তিন বছরে বাংলাদেশ ব্যাংক ১০২০০ জন লোককে বাজারমুখী চাকুরী প্রশিক্ষণ প্রদান করবে, যাতে তারা এসএমই ব্যবসা শুরু এবং এ খাতে নিজেদেরকে নিযুক্ত করতে পারে।

#### সারণী ৯.৪ গ্রামীণ ব্যাংক ও বৃহৎ এনজিওগুলোর ক্ষুদ্রঋণ কার্যক্রম

(বিলিয়ন টাকা)

|   | অর্থবছর ১৩ | অর্থবছর ১৪ | অর্থবছর ১৫ |
|---|------------|------------|------------|
| ১। মোট বিতরণ                            | ৩৬৭.৬০     | ৩৯৫.৯৮     | ৫০৭.৯২     |
| ক) গ্রামীণ ব্যাংক                       | ১২২.০১     | ১১৭.২৩     | ১৩৯.১৮     |
| খ) ব্র্যাক                              | ১১২.৬৫     | ১৩৩.৮৭     | ১৭২.৫৭     |
| গ) আশা                                  | ৯৬.১৮      | ১০২.৬০     | ১৪৬.৩৯     |
| ঘ) টিএমএসএস                             | ১৪.৬৪      | ১৮.৬৪      | ২৩.৪৮      |
| ঙ) ব্যুরো বাংলাদেশ                      | ২২.১১      | ২৩.৬৩      | ২৬.৩০      |
| ২। মোট আদায়                            | ৩৪৫.৫৮     | ৩৯০.০৪     | ৪৪৮.৮৭     |
| ক) গ্রামীণ ব্যাংক                       | ১১৭.৬১     | ১১৩.৬৮     | ১৩৫.৬৩     |
| খ) ব্র্যাক                              | ১০৩.৩৪     | ১৩৮.৩৯     | ১৫০.৮২     |
| গ) আশা                                  | ৯৫.৪৫      | ৯৯.০৪      | ১১৭.৯৫     |
| ঘ) টিএমএসএস                             | ১৩.১৮      | ১৬.০২      | ২০.৯২      |
| ঙ) ব্যুরো বাংলাদেশ                      | ১৬.০০      | ২২.৯০      | ২৩.৫৬      |
| ৩। মোট ঋণের স্থিতি                      | ২২৭.৩০     | ২৫২.৪৮     | ৪৭৯.৭৯     |
| ক) গ্রামীণ ব্যাংক                       | ৮৪.১৮      | ৮৭.৭৩      | ৯১.২৯      |
| খ) ব্র্যাক                              | ৬৬.৪৫      | ৮১.১৭      | ১৯৩.৪৬     |
| গ) আশা                                  | ৫৫.৭৩      | ৫৯.২৯      | ১৫৩.৫৭     |
| ঘ) টিএমএসএস                             | ৭.৯৫       | ১০.৫৭      | ২৫.০১      |
| ঙ) ব্যুরো বাংলাদেশ                      | ১৩.০০      | ১৩.৭২      | ১৬.৪৭      |
| ৪। মেয়াদোত্তীর্ণ ঋণ                    | ৬.৯২       | ৬.১৬       | ৬.৯১       |
| ক) গ্রামীণ ব্যাংক                       | ১.৫৪       | ১.৬৮       | ১.৩৪       |
| খ) ব্র্যাক                              | ৩.৮০       | ২.১২       | ২.৯৬       |
| গ) আশা                                  | ১.১৮       | ১.৭০       | ১.৮৯       |
| ঘ) টিএমএসএস                             | ০.২৪       | ০.৩৩       | ০.৩৫       |
| ঙ) ব্যুরো বাংলাদেশ                      | ০.১৬       | ০.৩২       | ০.৩৮       |
| ৫। মোট স্থিতিতে মেয়াদোত্তীর্ণ ঋণের হার | ৩.০৪       | ২.৪৩       | ১.৪৪       |
| ক) গ্রামীণ ব্যাংক                       | ১.৮৩       | ১.৯১       | ১.৪৭       |
| খ) ব্র্যাক                              | ৫.৭২       | ২.৬১       | ১.৫৩       |
| গ) আশা                                  | ২.১১       | ২.৮৭       | ১.২৩       |
| ঘ) টিএমএসএস                             | ৩.০১       | ৩.১৭       | ১.৩৯       |
| ঙ) ব্যুরো বাংলাদেশ                      | ১.২৪       | ২.৩৬       | ২.২৮       |

উৎস : গ্রামীণ ব্যাংক ও মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ)।

#### গ্রামীণ ব্যাংক ও বৃহৎ এনজিওসমূহের ক্ষুদ্রঋণ কার্যক্রম

৯.৮ বর্তমানে ক্ষুদ্র ঋণ ব্যাপকভাবে বিশ্ব সম্প্রদায়ের মনোযোগ আকর্ষণ করেছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমকে বিশ্বের দরিদ্রতম জনগোষ্ঠীর দারিদ্র্য দূরীকরণের হাতিয়ার এবং পৃথিবীর দরিদ্রতম জনগণের অর্থনৈতিক সুযোগ সৃষ্টির উপাদান হিসেবে বিবেচনা করা হয়। দেশব্যাপী আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণ এবং আত্ম-কর্মসংস্থানে দেশের দরিদ্র জনগণকে সহায়তা করার লক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ নানাবিধ সামাজিক ও আর্থিক সেবা প্রদান করছে। অধিকন্তু, এ কার্যক্রম দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে সঞ্চয় আহরণ বাড়ানোর মাধ্যমে দেশের সামগ্রিক বিনিয়োগে গঠনমূলক ভূমিকা রাখছে। বাংলাদেশে এক হাজারেরও বেশি এনজিও এবং ক্ষুদ্রঋণ প্রদানকারী

প্রতিষ্ঠান ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে, যার মধ্যে গ্রামীণ ব্যাংকসহ লাইসেন্সপ্রাপ্ত ৪টি শীর্ষস্থানীয় ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান (ব্র্যাক, আশা, টিএমএসএস এবং ব্যুরো বাংলাদেশ) সামগ্রিক ঋণ স্থিতি ও সঞ্চয়ের সিংহভাগ অংশই ধারণ করছে। অর্থবছর ১৫-এ ঋণ বিতরণের ক্ষেত্রে তালিকার শীর্ষে রয়েছে ব্র্যাক (১৭২.৬ বিলিয়ন টাকা), এর পরে রয়েছে আশা (১৪৬.৪ বিলিয়ন টাকা) এবং গ্রামীণ ব্যাংক (১৩৯.২ বিলিয়ন টাকা)। লাইসেন্সপ্রাপ্ত ৬৯৭টি ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের মধ্যে শীর্ষ তালিকাভুক্ত ৪টি প্রতিষ্ঠানের ঋণ বিতরণের অংশ অর্থবছর ১৫-এ প্রায় শতকরা ৩৬ ভাগে পৌঁছেছে।

ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সামগ্রিক ঋণ বিতরণের পরিমাণ অর্থবছর ১৪-এর শতকরা ৭.৭ ভাগের তুলনায় অর্থবছর ১৫-এ শতকরা ২৮.৩ ভাগ বৃদ্ধি পেয়েছে।

ঋণ আদায়ের পরিমাণ অর্থবছর ১৪-এর শতকরা ১২.৯ ভাগের তুলনায় অর্থবছর ১৫-এ শতকরা ১৫.১ ভাগ বৃদ্ধি পেয়েছে। বকেয়া ঋণের স্থিতিতে মেয়াদোত্তীর্ণ ঋণের হার অর্থবছর ১৪-এর শতকরা ২.৪ ভাগের তুলনায় কিছুটা হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ শতকরা ১.৪ ভাগে দাঁড়ায়।

১৯৯০ সনের মে মাসে সূচনালগ্ন থেকে পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) অংশীদার সংস্থাগুলোর (পিও) মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য ক্ষুদ্রঋণ সুবিধা প্রদানের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণে ক্ষুদ্রঋণ তহবিল সরবরাহকারী এবং সামর্থ্য সৃষ্টিকারী শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে। পিকেএসএফ কর্তৃক অর্থবছর ১৫-এ ২৭৪টি অংশীদার সংস্থাকে (পিও) প্রদত্ত ঋণের পরিমাণ দাঁড়ায় ২১৬.৬ বিলিয়ন টাকা, যেখানে অর্থবছর ১৪-এ ২৭৩টি অংশীদার সংস্থাকে (পিও) প্রদত্ত ঋণের পরিমাণ ছিল ১৮৮.৩ বিলিয়ন টাকা।



mi Kwii A<sub>15</sub>-vb

10.1 mvgwK A<sub>15</sub>Zi eZgvb w<sup>1</sup>wZkxj Zv eRvq ivLv Ges c<sup>1</sup>x Zi v<sup>1</sup>SZ Kivi c<sup>1</sup>vb j<sup>1</sup>tk mvgtb ti<sup>1</sup>L mi Kwii A<sub>15</sub> 2015 Gi evfRU c<sup>1</sup>vb Kti | A<sup>1</sup>g<sup>1</sup>g<sup>1</sup>-K c<sup>1</sup>x<sup>1</sup>tk mrvqZv Kiv Ges evsj<sup>1</sup>vt<sup>1</sup> k<sup>1</sup>tk 2021 mvtj i g<sup>1</sup>ta<sup>1</sup> ga<sup>1</sup>g Avtqi t<sup>1</sup>tk i<sup>1</sup>cv<sup>1</sup>sh<sup>1</sup>i Z Kivi Rb<sup>1</sup> evfRtU w<sup>1</sup>fb<sup>1</sup>eb<sup>1</sup>w<sup>1</sup>Z Ges t<sup>1</sup>K<sup>1</sup>skj M<sup>1</sup>h<sup>1</sup>Y Kiv nq| temi Kwii Lv<sup>1</sup>Z w<sup>1</sup>eb<sup>1</sup>t<sup>1</sup>qv<sup>1</sup>M e<sup>1</sup>x<sup>1</sup>i M<sup>1</sup>wZkxj Zvi c<sup>1</sup>Z<sup>1</sup>vk<sup>1</sup>vq A<sub>15</sub>-G A<sub>15</sub>wZK c<sup>1</sup>x<sup>1</sup>i nvi aiv nq kZKiv 7.3 f<sup>1</sup>vM| A<sub>15</sub>-Gi m<sup>1</sup>st<sup>1</sup>kwaZ evfRtU tgvU e<sup>1</sup>q Ges tgvU Avq c<sup>1</sup>u<sup>1</sup>gK c<sup>1</sup>u<sup>1</sup>ct<sup>1</sup>Yi Z<sup>1</sup>zbvq Kg nq| w<sup>1</sup>R<sup>1</sup>w<sup>1</sup>vc<sup>1</sup>oi kZKiv Ask w<sup>1</sup>nt<sup>1</sup>mt<sup>1</sup>e evfRU NvUwZ (Ab<sup>1</sup>vb evf<sup>1</sup>) kZKiv 5.0 f<sup>1</sup>vtM<sup>1</sup> w<sup>1</sup>vq, hv c<sup>1</sup>u<sup>1</sup>gK j<sup>1</sup>g<sup>1</sup>v<sup>1</sup>i m<sup>1</sup>gvb (mvi Yx-10.1)|

A<sub>15</sub>-Gi m<sup>1</sup>st<sup>1</sup>kwaZ evfRtU ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi j<sup>1</sup>g<sup>1</sup>v<sup>1</sup>i A<sub>14</sub>-Gi c<sup>1</sup>KZ evfRtU c<sup>1</sup>u<sup>1</sup>Bi Z<sup>1</sup>zbvq kZKiv 16.4 f<sup>1</sup>vM te<sup>1</sup>w<sup>1</sup> w<sup>1</sup>ba<sup>1</sup>h<sup>1</sup>Y Kiv nq| A<sub>15</sub>-Gi m<sup>1</sup>st<sup>1</sup>kwaZ evfRtU Pj<sup>1</sup>wZ e<sup>1</sup>q A<sub>14</sub>-Gi c<sup>1</sup>KZ evfRtU Pj<sup>1</sup>wZ e<sup>1</sup>qi Z<sup>1</sup>zbvq kZKiv 15.2 f<sup>1</sup>vM te<sup>1</sup>w<sup>1</sup>| Ab<sup>1</sup>w<sup>1</sup>tk, A<sub>15</sub>-Gi m<sup>1</sup>st<sup>1</sup>kwaZ evfRtU 750.0 w<sup>1</sup>ej<sup>1</sup> qb UvKvi ew<sup>1</sup>l<sup>1</sup> R<sup>1</sup> Db<sup>1</sup>qb Kg<sup>1</sup>m<sup>1</sup>P (G<sup>1</sup>w<sup>1</sup>vc) A<sub>14</sub>-Gi c<sup>1</sup>KZ evfRtU G<sup>1</sup>w<sup>1</sup>vc<sup>1</sup>oi Z<sup>1</sup>zbvq kZKiv 35.6 f<sup>1</sup>vM te<sup>1</sup>w<sup>1</sup> w<sup>1</sup>vq| A<sub>15</sub>-Gi m<sup>1</sup>st<sup>1</sup>kwaZ evfRtU w<sup>1</sup>R<sup>1</sup>w<sup>1</sup>vc<sup>1</sup>oi kZKiv 5.0 f<sup>1</sup>vM evfRU NvUwZ (Ab<sup>1</sup>vb e<sup>1</sup>Z<sup>1</sup>iZ) A<sub>14</sub>-Gi c<sup>1</sup>KZ evfRtU NvUwZi Z<sup>1</sup>zbvq 0.9 cv<sup>1</sup>tm<sup>1</sup>BUR ct<sup>1</sup>qU te<sup>1</sup>w<sup>1</sup> w<sup>1</sup>Qj (mvi Yx-10.1)|

A<sub>15</sub>-Gi evfRU Ges ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup> w<sup>1</sup>Z

(K) ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>

10.2 A<sub>15</sub>-G tgvU m<sup>1</sup>st<sup>1</sup>kwaZ ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi c<sup>1</sup>u<sup>1</sup>gv<sup>1</sup> w<sup>1</sup>Qj 1633.7 w<sup>1</sup>ej<sup>1</sup> qb UvKv, hv c<sup>1</sup>u<sup>1</sup>gK j<sup>1</sup>g<sup>1</sup>v<sup>1</sup>i Z<sup>1</sup>zbvq kZKiv 10.7 f<sup>1</sup>vM Kg Ges

**mvi Yx 10.1 mi Kwii ivR<sup>1</sup>-<sup>1</sup>Avq I e<sup>1</sup>q**

(w<sup>1</sup>ej<sup>1</sup> qb UvKv)

|  | A <sub>14</sub> # | w <sup>1</sup> R <sup>1</sup> w <sup>1</sup> vc <sup>1</sup> oi kZKiv mi | A <sub>15</sub> * | w <sup>1</sup> R <sup>1</sup> w <sup>1</sup> vc <sup>1</sup> oi kZKiv mi | A <sub>16</sub> | w <sup>1</sup> R <sup>1</sup> w <sup>1</sup> vc <sup>1</sup> oi kZKiv mi |
|--|-------------------|--|-------------------|--|-----------------|--|
| tgvU ivR <sup>1</sup> - <sup>1</sup>   | 1403.7            | 11.9   | 1633.7            | 10.8   | 2084.4          | 12.1   |
| K) Ki  | 1160.3            | 9.8  | 1406.8            | 9.3  | 1822.4          | 10.6   |
| L) Ki-e <sup>1</sup> w <sup>1</sup> f <sup>1</sup> Z   | 243.4             | 2.1  | 226.9             | 1.5  | 262.0           | 1.5  |
| tgvU e <sup>1</sup> q  | 1882.1            | 15.9   | 2396.7            | 15.8   | 2951.0          | 17.2   |
| K) Pj <sup>1</sup> wZ  | 1105.7            | 9.4  | 1273.7            | 8.4  | 1645.7          | 9.6  |
| L) ew <sup>1</sup> l <sup>1</sup> R <sup>1</sup> Db <sup>1</sup> qb Kg <sup>1</sup> m <sup>1</sup> P | 553.3             | 4.7  | 750.0             | 5.0  | 970.0           | 5.7  |
| M) Ab <sup>1</sup> vb <sup>1</sup>   | 223.1             | 1.9  | 373.0             | 2.5  | 335.3           | 2.0  |
| evfRU NvUwZ  | 478.4             | 4.1  | 763.0             | 5.0  | 866.6           | 5.0  |


# = c<sup>1</sup>KZ, \* = m<sup>1</sup>st<sup>1</sup>kwaZ evfRU|  
 t<sup>1</sup>gvU t<sup>1</sup> w<sup>1</sup>R<sup>1</sup>w<sup>1</sup>vc<sup>1</sup>oi (w<sup>1</sup>f<sup>1</sup>l<sup>1</sup> t<sup>1</sup> A<sub>15</sub> 06)|  
 Drm t<sup>1</sup> evfRtU i m<sup>1</sup>sv<sup>1</sup>Bmvi 2015-16, A<sub>15</sub>-g<sup>1</sup>g<sup>1</sup>v<sup>1</sup>q|

A<sub>14</sub>-Gi c<sup>1</sup>KZ ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi Z<sup>1</sup>zbvq kZKiv 16.4 f<sup>1</sup>vM te<sup>1</sup>w<sup>1</sup>| Ki ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi hv tgvU ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi kZKiv 86.1 f<sup>1</sup>vM, A<sub>14</sub>-Gi kZKiv 8.0 f<sup>1</sup>vM c<sup>1</sup>x<sup>1</sup>i Z<sup>1</sup>zbvq kZKiv 21.2 f<sup>1</sup>vM nvti e<sup>1</sup>x<sup>1</sup> cv<sup>1</sup>q (mvi Yx 10.1)|


A<sub>15</sub>-G Ki-e<sup>1</sup>w<sup>1</sup>f<sup>1</sup>Z ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi A<sub>15</sub>-G kZKiv 17.7 f<sup>1</sup>vM e<sup>1</sup>x<sup>1</sup>i Z<sup>1</sup>zbvq kZKiv 6.7 f<sup>1</sup>vM nvm cv<sup>1</sup>q| w<sup>1</sup>R<sup>1</sup>w<sup>1</sup>vc<sup>1</sup>oi kZKiv Ask w<sup>1</sup>nt<sup>1</sup>mt<sup>1</sup>e tgvU ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi A<sub>14</sub>-Gi kZKiv 11.9 f<sup>1</sup>vM t<sup>1</sup>tk nvm t<sup>1</sup>ct<sup>1</sup>q A<sub>15</sub>-G kZKiv 10.8 f<sup>1</sup>vtM t<sup>1</sup>ct<sup>1</sup>q| w<sup>1</sup>R<sup>1</sup>w<sup>1</sup>vc<sup>1</sup>oi kZKiv Ask w<sup>1</sup>nt<sup>1</sup>mt<sup>1</sup>e Ki ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi ce<sup>1</sup>z<sup>1</sup>P A<sub>15</sub>-G kZKiv 9.8 f<sup>1</sup>vM, hv A<sub>15</sub>-G kZKiv 9.3 f<sup>1</sup>vtM<sup>1</sup> w<sup>1</sup>vq| GKBfv<sup>1</sup>te, w<sup>1</sup>R<sup>1</sup>w<sup>1</sup>vc<sup>1</sup>oi kZKiv Ask w<sup>1</sup>nt<sup>1</sup>mt<sup>1</sup>e Ki-e<sup>1</sup>w<sup>1</sup>f<sup>1</sup>Z ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi A<sub>14</sub>-G kZKiv 2.1 f<sup>1</sup>vtMi Z<sup>1</sup>zbvq A<sub>15</sub>-G kZKiv 1.5 f<sup>1</sup>vM nvm cv<sup>1</sup>q| A<sub>15</sub>-Gi evfRtU c<sup>1</sup>vb ivR<sup>1</sup>-<sup>1</sup>c<sup>1</sup>u<sup>1</sup>Bi t<sup>1</sup>g<sup>1</sup>v<sup>1</sup>i t

- ব্যক্তিশ্রেণি করদাতাদের করমুক্ত আয় সীমা ২২০,০০০ টাকায় অপরিবর্তিত রাখা হয়। মহিলা এবং পঁয়ষট্টি বছর বয়সোপার্ধ করদাতাদের আয় সীমা ২৫০,০০০ টাকা থেকে বাড়িয়ে ২৭৫,০০০ টাকা করা হয়। শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে এ সীমা ৩০০,০০০ টাকা থেকে বাড়িয়ে ৩৫০,০০০ টাকা করা হয়। যুদ্ধাহত গেজেটেড মুক্তিযোদ্ধা করদাতাদের আয় সীমা ২২০,০০০ টাকা থেকে বাড়িয়ে ৪০০,০০০ টাকা করা হয়।
- নন-লিস্টেড কোম্পানিগুলোর জন্য কর্পোরেট ট্যাক্স ৩৭.৫ শতাংশ হতে হ্রাস করে ৩৫ শতাংশ করা হয়।
- কোম্পানি ও অংশীদারী ব্যবসার টার্নওভারের ওপর প্রদেয় ন্যূনতম করের হার ০.৫ শতাংশ হতে কমিয়ে ০.৩ শতাংশ করা হয়।
- আয়কর আইনে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের মাধ্যমে বাড়ি ভাড়া বলতে ভাড়া ও সার্ভিস চার্জ দুটোই অন্তর্ভুক্ত করা এবং ২৫ হাজার টাকার বেশি বাড়ি ভাড়া ব্যাংকের মাধ্যমে লেনদেনের ব্যবস্থা করা হয়।
- কাঠাভিত্তিক অগ্রিম আয়কর নির্ধারণে ঢাকা ও চট্টগ্রামের অভিজাত এলাকার জমি বিক্রির ক্ষেত্রে বিদ্যমান দলিল মূল্যের ৩ শতাংশের পরিবর্তে কাঠা প্রতি অগ্রিম নির্দিষ্ট পরিমাণ আয়কর আরোপ করা হয়। একইভাবে ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কতিপয় গুরুত্বপূর্ণ আবাসিক/ব্যবসায়িক/অন্যান্য স্থাপনা হস্তান্তরের ক্ষেত্রে বর্গফুট আয়তন ভিত্তিক নির্দিষ্ট কর আরোপ করা হয়। রাজউক ও সিডিএ অধিক্ষেত্রাধীন অন্যান্য এলাকায় উৎসে কর কর্তনের হার দলিল মূল্যের ৩ শতাংশ হতে বৃদ্ধি করে ৪ শতাংশ আরোপ করা হয়। অন্যান্য সিটি কর্পোরেশন এবং জেলা সদর দপ্তরের পৌরসভায় রেজিস্ট্রেশন মূল্যের উপর ৩ শতাংশ, অন্যান্য পৌরসভার ক্ষেত্রে ২ শতাংশ এবং পৌরসভার বাইরে সকল জমির ক্ষেত্রে ১ শতাংশ হারে অগ্রিম আয়কর আরোপ করা হয়।
- কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) এর ক্ষেত্রে বিদ্যমান কর সুবিধা বিস্তৃত করার পাশাপাশি

চার্ট ১০.১ রাজস্ব আয়ের বণ্টন : অর্থবছর ১৫ (সংশোধিত)



চার্ট ১০.২ রাজস্ব আয়ের বণ্টন : অর্থবছর ১৬ (প্রাক্কলিত)



প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ঘটনা কবলিত জনসাধারণের কল্যাণার্থে গঠিত এবং সরকার অনুমোদিত তহবিলে অনুদান প্রদান করাকে সিএসআর এর আওতাভুক্ত করা হয়।

- কোম্পানির মোট আয়ের ২০ শতাংশের শর্ত বহাল রেখে ৮০ মিলিয়ন টাকার পরিবর্তে ১২০ মিলিয়ন টাকা পর্যন্ত CSR ব্যয়সীমা বৃদ্ধি করা হয়।
- ডিমিউচুয়ালাইজড স্টক এক্সচেঞ্জসমূহকে ক্রমহ্রাসমান হারে ৫ বছরের জন্য কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়। করমুক্ত লভ্যাংশ আয়সীমা ১০০০০ টাকা থেকে বৃদ্ধি করে ১৫০০০ টাকা করা হয়।

- সরকার অনুমোদিত গার্লস স্কুল বা কলেজ এবং ভোকেশনাল ও টেকনিক্যাল ইনস্টিটিউশনে ব্যাংকিং চ্যানেলে প্রদত্ত অনুদানকে সম্পূর্ণ করমুক্ত করা হয়।
- আইন দ্বারা সৃষ্ট জাতীয় পর্যায়ের কৃষি, শিল্প, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কোন গবেষণা প্রতিষ্ঠানকে গবেষণা কাজের জন্য ব্যাংকিং চ্যানেলে প্রদত্ত অনুদানকে সম্পূর্ণ করমুক্ত করা হয়।
- বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে বিদ্যমান কর অবকাশ সুবিধার সময়সীমা জুন, ২০১৫ থেকে বৃদ্ধি করে জুন ২০১৯ পর্যন্ত করা হয়। নতুন শিল্পের উদ্যোক্তাগণকে কর অবকাশ সুবিধার বিকল্প হিসেবে ত্বরান্বিত অবচয় ভাতার বিধান পুনঃপ্রবর্তন করা হয়।
- কৃষি খাতে করমুক্ত আয় সীমা ৫০০০০ টাকা থেকে বৃদ্ধি করে ২০০০০০ টাকা করা হয়।
- Hybrid Hoffmann Kiln (HHK) পদ্ধতির দূষণমুক্ত আধুনিক ব্রিক ফিল্ডকে কর অবকাশ সুবিধা প্রদান করা হয়।
- ঢাকা ওয়াসা, চট্টগ্রাম ওয়াসা, খুলনা ওয়াসা, রাজশাহী ওয়াসা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনসহ সকল স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের আয়ের উপর বিদ্যমান করহার ৩৭.৫ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ করা হয়।
- লোকাল এলসি এবং অনুমিত কমিশনের উপর উৎসে করহার বিদ্যমান ৫ শতাংশ থেকে হ্রাস করে ৫০০০০০ টাকার অধিক এলসির ক্ষেত্রে ৩ শতাংশ করা হয়। এছাড়াও, অনুমিত কমিশনের উপর উৎসে কর কর্তনের হার ৫ শতাংশ থেকে হ্রাস করে ৩ শতাংশ করা হয়।
- পেনশনার সঞ্চয়পত্র ও ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড ক্রয়ে ৫০০০০০ টাকা পর্যন্ত বিনিয়োগ হতে অর্জিত সুদ আয়করমুক্ত রাখা হয়।
- রপ্তানি খাতে সরকার প্রদত্ত নগদ সহায়তার উপর উৎসে কর কর্তনের হার ৫ শতাংশ থেকে কমিয়ে ৩ শতাংশ করা হয়।

## সারণী ১০.২ খাতভিত্তিক রাজস্ব আদায়

(বিলিয়ন টাকা)

|                                      | অর্থবছর<br>১৪# | অর্থবছর<br>১৫* | অর্থবছর<br>১৬ |
|--------------------------------------|----------------|----------------|---------------|
| Ki iVR <sup>-^</sup>                 | 1160.3         | 1406.8         | 1822.4        |
| মূল্য সংযোজন কর (মুসক)               | ৪১০.৮          | ৪৯৫.৭          | ৬৪২.৬         |
| আমদানি শুল্ক                         | ১৩১.৩          | ১৫১.০          | ১৮৭.৫         |
| রপ্তানি শুল্ক                        | ০.০            | ০.৩            | ০.৪           |
| সম্পূরক শুল্ক                        | ১৭৯.৩          | ১৯৮.৫          | ২৫৮.৮         |
| আয় ও মুনাফার ওপর কর                 | ৩৭৮.৩          | ৪৮৬.১          | ৬৪৯.৭         |
| স্ট্যাম্প বিক্রয় (নন জুডিশিয়াল)    | ২৮.৮           | ৩৫.১           | ৩৬.৫          |
| আবগারি শুল্ক                         | ৮.২            | ৯.৪            | ১২.৪          |
| ভূমি রাজস্ব                          | ৬.৯            | ৮.০            | ৮.৩           |
| যানবাহন কর                           | ৯.৭            | ১২.৫           | ১৩.০          |
| মাদক শুল্ক                           | ০.৭            | ১.০            | ১.০           |
| অন্যান্য কর ও শুল্ক                  | ৬.৩            | ৯.২            | ১২.৩          |
| Ki-eanfZ iVR <sup>-^</sup>           | 243.4          | 226.9          | 262.1         |
| প্রশাসনিক ফি                         | ৩০.৩           | ৪৬.৪           | ৫২.১          |
| লভ্যাংশ ও মুনাফা                     | ৪৪.৯           | ৩১.০           | ৫২.০          |
| সুদ                                  | ৬.৭            | ৭.৩            | ৭.৬           |
| মূলধন রাজস্ব                         | ০.৮            | ১.৩            | ১.৪           |
| সেবা বাবদ প্রাপ্তি                   | ৭.৮            | ৪.৮            | ৫.০           |
| অ-বাণিজ্যিক বিক্রয়                  | ৪.১            | ৫.১            | ৫.৩           |
| ভাড়া, ইজারা ও আদায়                 | ১.১            | ১.৬            | ১.৭           |
| প্রতিরক্ষা বাবদ প্রাপ্তি             | ৯.৩            | ২৪.৫           | ২৫.৫          |
| টোল ও লেভি                           | ৩.১            | ৫.০            | ৫.২           |
| জরিমানা, দণ্ড ও বাজেয়াপ্তকরণ        | ৩.৪            | ২.৪            | ২.৫           |
| রেলপথ                                | ৮.০            | ১১.০           | ১১.৪          |
| ডাক বিভাগ                            | ২.৬            | ২.৭            | ২.৯           |
| কর ব্যতীত অন্যান্য রাজস্ব ও প্রাপ্তি | ১২১.৩          | ৮৩.৮           | ৮৯.৫          |
| †gU                                  | 1403.7         | 1633.7         | 2084.6        |

# = প্রকৃত, \* = সংশোধিত বাজেট।

উৎস : বাজেটের সংক্ষিপ্তসার ২০১৫-১৬, অর্থ মন্ত্রণালয়।

- অপরিশোধিত ও পরিশোধিত পাম, সয়াবিন ও সূর্যমুখী তেল আমদানির ক্ষেত্রে ১০ শতাংশ রেয়াতি হার ৩০ জুন ২০১৪ হতে ৩০ জুন ২০১৫ পর্যন্ত বর্ধিত করা হয়।
- LPG সিলিন্ডার আমদানির ক্ষেত্রে শুল্কহার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ২৫ শতাংশ করা হয়।
- প্রতিস্থাপিত সিমকার্ডের ক্ষেত্রে ১০০ টাকা হারে নির্দিষ্ট কর আরোপ করা হয়।

- ক্যানসার চিকিৎসায় ব্যবহার্য ঔষধ তৈরির ১৪টি কাঁচামালের বিদ্যমান শুল্কহার সম্পূর্ণ মওকুফ করা হয়।
- থ্যালাসিমিয়া রোগীদের জন্য অত্যাৱশ্যক ইনফিউশন পাম্প এর আমদানি শুল্ক সম্পূর্ণ মওকুফ করা হয়।
- আয়ুর্বেদিক ঔষধ শিল্পে ব্যবহৃত ৪১টি অত্যাৱশ্যক কাঁচামালে ১০ থেকে ২৫ শতাংশ হারে বিদ্যমান শুল্ক ৫ শতাংশ হারে পুনঃনির্ধারণ করা হয়।
- প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সুপারিশ মোতাবেক হাঁস, মুরগী এবং গবাদিপশু খাতে ব্যবহৃত কিছু নতুন উপকরণ ও কাঁচামালের শুল্ককর সম্পূর্ণ মওকুফ করা হয়।
- ক্রমবিকাশমান দেশীয় কাগজ শিল্প, গ্লাস ও সিরামিক শিল্প, রাবার শিল্প, ফার্নিচার শিল্প, রং শিল্প, ইলেকট্রিক্যাল শিল্প, প্লাস্টিক শিল্প কর্তৃক ব্যবহৃত কিছু কাঁচামালে বর্তমানে প্রযোজ্য ১০ শতাংশ ও ২৫ শতাংশ শুল্কহার যথাক্রমে ৫ শতাংশ ও ১০ শতাংশে ধার্য করা হয়।
- ১৫-১৬ ইঞ্চি রিম সাইজের বাসের টায়ার আমদানিতে প্রযোজ্য শুল্ক ও করের সাথে অতিরিক্ত হিসেবে ৫ শতাংশ হারে রেগুলেটরি ডিউটি আরোপ করা হয়।
- বাইসাইকেল টিউবের আমদানি শুল্ক ১০ শতাংশ থেকে বাড়িয়ে ২৫ শতাংশ করা হয়।
- অপরিশোধিত পেট্রোলিয়াম অয়েলের ব্যারেল প্রতি ট্যারিফ মূল্য ৩২ মার্কিন ডলার থেকে বাড়িয়ে ৪০ মার্কিন ডলার করা হয়। পরিশোধিত পেট্রোলিয়াম পণ্যের ট্যারিফ মূল্য লিটার প্রতি ৩১ সেন্ট থেকে ৪০ সেন্টে বৃদ্ধি করা হয়।
- নেভিগেশন লাইট, ব্রডকাস্টিং যন্ত্রপাতি অগ্নিনির্বাপক যন্ত্রপাতির আমদানি শুল্ক হার ৫ শতাংশে নির্ধারণ করা হয়।
- ডাম্প ট্রাক আমদানিতে ১০ শতাংশ আমদানি শুল্কের পরিবর্তে রেয়াতি সুবিধা প্রদান করা হয়।

## সারণী ১০.৩ রাজস্ব ব্যয়ের ধারা

(বিলিয়ন টাকা)

|                                | অর্থবছর<br>১৪# | অর্থবছর<br>১৫* | অর্থবছর<br>১৬ |
|--------------------------------|----------------|----------------|---------------|
| সামাজিক খাত                    | ৩২৭.৯          | ৩৮৫.৮          | ৪২৪.৯         |
| জনপ্রশাসন                      | ৮৫.১           | ১৩০.৯          | ৪০১.১         |
| অভ্যন্তরীণ ঋণের সুদ            | ২৬৬.০          | ২৮১.৯          | ৩৩৪.০         |
| প্রতিরক্ষা                     | ৯৮.৭           | ১১৮.২          | ১২৪.৪         |
| জনশৃঙ্খলা ও নিরাপত্তা          | ৯৯.৬           | ১১১.৮          | ১১০.৩         |
| বৈদেশিক ঋণের সুদ               | ১৬.০           | ১৬.৮           | ১৭.১          |
| কৃষি খাত                       | ১৩৩.৬          | ১৩৭.৩          | ১৩৯.১         |
| পরিবহন ও যোগাযোগ               | ৪২.৩           | ৪৮.৭           | ৫১.৮          |
| স্থানীয় সরকার ও পল্লি উন্নয়ন | ২৩.৩           | ২৬.১           | ২৭.৯          |
| গৃহায়ণ                        | ৮.৭            | ৯.৯            | ৯.৭           |
| অন্যান্য                       | ৪.৬            | ৬.৩            | ৫.৬           |
| total                          | 1105.7         | 1273.7         | 1645.7        |

# = প্রকৃত, \* = সংশোধিত বাজেট।

উৎস : বাজেটের সংক্ষিপ্তসার ২০১৫-১৬, অর্থ মন্ত্রণালয়।

- রপ্তানিমুখী পোশাক শিল্পখাতকে আমদানিকৃত ৪ প্রি ফেব্রিকিটেড বিল্ডিংয়ের কাঁচামাল কতিপয় শর্ত সাপেক্ষে শুল্কমুক্তভাবে আমদানির সুযোগ দেয়া হয়।
- ফায়ার রেসিসটেন্ট ডোর, ইমার্জেন্সি লাইট, স্প্রিংকলার সিস্টেম ইত্যাদির আমদানি শুল্কহার সম্পূর্ণ মওকুফ করা হয়।
- দ্রুতগতির ইন্টারনেট সংযোগ স্থাপনে ব্যবহৃত মাল্টিপ্লেক্সার, গ্রাভ মাস্টার ক্লক ইত্যাদিতে প্রযোজ্য ২৫ শতাংশ আমদানি শুল্ক এবং ৫ শতাংশ রেগুলেটরি ডিউটি এর ক্ষেত্রে ৫ শতাংশ আমদানি শুল্ক আরোপ করা হয়।
- মোবাইল ফোন আমদানি পর্যায়ে ১৫ শতাংশ মূসক আরোপ করা হয়।
- এনার্জি সেভিং ল্যাম্প, ইলেকট্রিক ফ্যানের মোটর ইত্যাদির আমদানি শুল্ক ২৫ শতাংশ নির্ধারণ করা হয়।

- পরিবেশ হানিকর শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে উৎপাদিত সকল ধরনের পণ্যের উপর মূল্যভিত্তিক ১ শতাংশ হারে পরিবেশ সুরক্ষা সারচার্জ বা Green Tax আরোপ করা হয়।
- আমদানিকৃত বা দেশে উৎপাদিত তামাকজাত পণ্যের উপর মূল্যভিত্তিক ১ শতাংশ হারে স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ আরোপ করা হয়।

১০.৩ অর্থবছর ১৫-এর সংশোধিত বাজেটে আয় ও মুনাফার ওপর প্রত্যক্ষ কর শতকরা ২৮.৫ ভাগ হারে বৃদ্ধি পেয়ে ৪৮৬.১ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট কর রাজস্বের এর অবদান অর্থবছর ১৪-এর শতকরা ৩২.৬ ভাগ হতে শতকরা ৩৪.৬ ভাগে উন্নীত করে। অর্থবছর ১৪-এর প্রকৃত বাজেটের তুলনায় অন্যান্য কর ও শুল্ক, মাদক শুল্ক, যানবাহন কর, স্ট্যাম্প বিক্রয় (নন জুডিশিয়াল), মূল্য সংযোজন কর (মূসক), ভূমি রাজস্ব, আমদানি শুল্ক, আবগারি শুল্ক এবং সম্পূর্ণ শুল্ক যথাক্রমে শতকরা ৪৬.০, ৪২.৯, ২৮.৯, ২১.৯, ২০.৭, ১৫.৯, ১৪.৬ এবং ১০.৭ ভাগ বৃদ্ধি পায়। অর্থবছর ১৫-এর সংশোধিত বাজেটে ০.৩ বিলিয়ন টাকা রপ্তানি শুল্ক বাবদ ধরা হয় (সারণী ১০.২)।

১০.৪ কর-বহির্ভূত রাজস্ব খাতে প্রতিরক্ষা, মূলধন রাজস্ব, টোল ও লেভি বাবদ প্রাপ্তি, প্রশাসনিক ফি বাবদ প্রাপ্তি এবং ভাড়া, ইজারা ও আদায় অর্থবছর ১৪-এর প্রকৃত বাজেটের তুলনায় ব্যাপকভাবে যথাক্রমে শতকরা ১৬৩.৪, ৬২.৫, ৬১.৩, ৫৩.১ এবং ৪৫.৫ ভাগ বৃদ্ধি পায়। বৃদ্ধিপ্রাপ্ত অন্য উপখাতগুলোর মধ্যে ছিল রেলপথ শতকরা ৩৭.৫ ভাগ, অ-বাণিজ্যিক বিক্রয় শতকরা ২৪.৪ ভাগ, সুদ শতকরা ৯.০ ভাগ ও ডাক বিভাগ শতকরা ৩.৮ ভাগ। অন্যদিকে, সেবা বাবদ প্রাপ্তি, লভ্যাংশ ও মুনাফা, কর ব্যতীত অন্যান্য রাজস্ব ও প্রাপ্তি এবং জরিমানা, দণ্ড ও বাজেয়াপ্তকরণ বাবদ প্রাপ্তি যথাক্রমে শতকরা ৩৮.৫, ৩১.০, ৩০.৯ ও ২৯.৪ ভাগ হ্রাস পায়।

## L) e'q

১০.৫ অর্থবছর ১৫-এর সংশোধিত বাজেটে মোট সরকারি ব্যয় দাঁড়ায় ২৩৯৬.৭ বিলিয়ন টাকা, যা

### সারণী ১০.৪ সামাজিক খাতে ব্যয়ের ধারা

(বিলিয়ন টাকা)

|                            | অর্থবছর<br>১৪# | অর্থবছর<br>১৫* | অর্থবছর<br>১৬ |
|----------------------------|----------------|----------------|---------------|
| শিক্ষা ও প্রযুক্তি         | ১৭৫.৮          | ১৯৯.৬          | ২১৫.৯         |
| স্বাস্থ্য                  | ৫৭.২           | ৬৭.৮           | ৭১.৯          |
| বিনোদন, সংস্কৃতি ও ধর্ম    | ৬.৭            | ৮.১            | ৮.৪           |
| শ্রম ও কর্মসংস্থান         | ০.৪            | ০.৬            | ০.৮           |
| সামাজিক নিরাপত্তা ও কল্যাণ | ৮৭.৮           | ১০৯.৭          | ১২৭.৯         |
| tgIU                       | 327.9          | 385.8          | 424.9         |

# = প্রকৃত, \* = সংশোধিত বাজেট।

উৎস : বাজেটের সংক্ষিপ্তসার ২০১৫-১৬, অর্থ মন্ত্রণালয়।

### সারণী ১০.৫ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বিভিন্ন খাতের অংশ

(শতকরা হার)

|  | অর্থবছর<br>১৪* | অর্থবছর<br>১৫* | অর্থবছর<br>১৬ |
|--|----------------|----------------|---------------|
| কৃষি   | ৫.৯            | ৫.৮            | ৫.২           |
| পল্লি উন্নয়ন ও প্রতিষ্ঠান                     | ১১.৬           | ১০.৫           | ৯.০           |
| পানি সম্পদ                                     | ৩.২            | ২.৮            | ৩.০           |
| শিল্প  | ৪.৬            | ২.১            | ১.৫           |
| বিদ্যুৎ  | ১৩.৪           | ৮.৮            | ১৭.০          |
| তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ                   | ৩.২            | ১.৬            | ২.১           |
| পরিবহন   | ১৭.২           | ২৭.৫           | ২২.৫          |
| যোগাযোগ  | ১.৩            | ১.৩            | ১.৯           |
| ভৌত পরিকল্পনা, পানি<br>সরবরাহ এবং গৃহায়ণ      | ৯.০            | ৮.২            | ১১.৫          |
| শিক্ষা ও ধর্ম                                  | ১৩.৩           | ১৪.৪           | ১০.৭          |
| স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও<br>পরিবার কল্যাণ | ৭.০            | ৪.৫            | ৬.৩           |
| অন্যান্য                                       | ১০.৩           | ১২.৫           | ৯.৩           |
| tgIU   | 100            | 100            | 100           |

\* = সংশোধিত বাজেট।

উৎস : বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬,

পরিকল্পনা মন্ত্রণালয়।

২৫০৫.১ বিলিয়ন টাকা প্রাথমিক প্রক্ষেপণের তুলনায় শতকরা ৪.৫ ভাগ কম এবং অর্থবছর ১৪-এর ১৮৮২.১ বিলিয়ন টাকা প্রকৃত ব্যয়ের তুলনায় শতকরা ২৭.৩ ভাগ বেশি। অর্থবছর ১৫-এ ১২৭৩.৪ বিলিয়ন টাকার সংশোধিত চলতি ব্যয় প্রাথমিক প্রক্ষেপণ ১২৮২.৩ বিলিয়ন টাকার চেয়ে শতকরা ০.৭ ভাগ কম ছিল (সারণী ১০.১)।

১০.৬ অর্থবছর ১৪-এ কয়েকটি খাতে যথা জন শৃঙ্খলা ও নিরাপত্তা, কৃষি খাত, স্থানীয় সরকার ও পল্লি উন্নয়ন, গৃহায়ণ এবং অন্যান্য খাতে সংশোধিত চলতি ব্যয় প্রাথমিক বরাদ্দকে অতিক্রম করে (সারণী ১০.৩)।

অর্থবছর ১৫-এর প্রস্তাবিত অনুন্নয়নমূলক চলতি ব্যয়ে নিম্নোক্ত সংশোধনীগুলো ছিল:


- বেতন ভাতা খাতে ৬.৪ বিলিয়ন টাকা অতিরিক্ত বরাদ্দ দেয়া হয়।
- সম্পদ সংগ্রহ ও পূর্ত কাজ খাতে ১২.১ বিলিয়ন টাকা অতিরিক্ত বরাদ্দ দেয়া হয়।
- মূল বাজেটের তুলনায় অতিরিক্ত ১০.২ বিলিয়ন টাকা পণ্য ও সেবা খাতে বরাদ্দ দেয়া হয়।

১০.৭ অর্থবছর ১৫-এ বার্ষিক উন্নয়ন কর্মসূচি অর্থবছর ১৪-এর ৫৫৩.৩ বিলিয়ন টাকা থেকে শতকরা ৩৫.৬ ভাগ বাড়িয়ে ৭৫০.০ বিলিয়ন টাকায় পুনর্নির্ধারণ করা হয়। প্রবৃদ্ধি ও দারিদ্র্য নিরসন লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে মোট ব্যয়ের শতকরা ৩৯.২ ভাগ অবকাঠামো খাতে (বিদ্যুৎ, তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ, পরিবহন এবং যোগাযোগ) ও শতকরা ১৮.৯ ভাগ সামাজিক খাতে (শিক্ষা ও ধর্ম এবং স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ) ব্যয় করা হয় (সারণী ১০.৫)।


### (M) A\_@Qi 15-Gi ex#RU N#Uz A\_#qb

১০.৮ অর্থবছর ১৫-এর সংশোধিত বাজেটে ঘাটতি (অনুদান ব্যতীত) দাঁড়ায় ৭৬৩.০ বিলিয়ন টাকা (জিডিপি'র শতকরা ৫.০ ভাগ)। এ অনুপাত প্রাথমিকভাবে প্রক্ষেপিত অনুপাতের তুলনায় বেশি। অর্থবছর ১৫-এ ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ঋণের অংশ ছিল ৫৪৭.১ বিলিয়ন টাকা (জিডিপি'র শতকরা ৩.৬ ভাগ)। এর মধ্যে ৩১৭.১ বিলিয়ন টাকা (জিডিপি'র শতকরা ২.১ ভাগ) ছিল ব্যাংক ব্যবস্থা থেকে গৃহীত ঋণ এবং অবশিষ্ট ২৩০.০ বিলিয়ন টাকা (জিডিপি'র শতকরা ১.৫ ভাগ) ছিল ব্যাংক-বহির্ভূত ঋণ, প্রধানত জাতীয় সংঘের প্রকল্পসমূহ হতে গৃহীত ঋণ (চার্ট ১০.৩)। বাজেট ঘাটতির বৈদেশিক অর্থায়ন উপাদান ছিল ২১৫.৮ বিলিয়ন টাকা (জিডিপি'র শতকরা ১.৪ ভাগ)।

চার্ট ১০.৩ বাজেট ঘাটতি অর্থায়ন : অর্থবছর ১৫ (সংশোধিত) (জিডিপি'র শতকরা হার)



চার্ট ১০.৪ বাজেট ঘাটতি অর্থায়ন : অর্থবছর ১৬ (প্রাক্কলিত) (জিডিপি'র শতকরা হার)




### A\_@Qi 16-Gi ex#RU

১০.৯ অর্থবছর ১৬-এর বাজেট ৪ জুন ২০১৫-এ পেশ করা হয় এবং ৩০ জুন ২০১৫-এ জাতীয় সংসদে পাস হয়। উচ্চ প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যকে সামনে রেখে অর্থবছর ১৬-এর বাজেট প্রণয়ন করা হয়েছে। অধিকতর অর্থনৈতিক কর্মকাণ্ডের পরিবেশ সৃষ্টি করা এবং উচ্চ জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে বাজেটের আরও লক্ষ্য হচ্ছে প্রবৃদ্ধি সহায়ক মুদ্রানীতি বজায় রাখা যার মাধ্যমে কৃষিসহ উৎপাদনশীল খাতে লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ সরবরাহ, নিম্নতর সুদহার এবং বাজার সংবেদনশীল বিনিময় হার নিশ্চিত করা। অর্থবছর ১৬-এ অর্থনৈতিক প্রবৃদ্ধির হার ধরা হয়েছে শতকরা ৭.০ ভাগ। বাজেট ঘাটতির পরিমাণ জিডিপির ৫ শতাংশ হবে বলে ধারণা করা হচ্ছে। এ সকল বিষয় বিবেচনায়, অর্থবছর ১৬ শেষে গড়


## e- 10.1

## জিডিপি শতকরা হার


বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোতে বাজেট ঘাটতি একটি স্বাভাবিক বিষয়। কেননা, এ সকল দেশে সরকারের রাজস্ব আদায়ের তুলনায় উন্নয়ন ও অনুন্নয়ন খাতে ব্যয় বেশি হয়ে থাকে। জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় বেসরকারি বিনিয়োগের ঘাটতি মেটানোর জন্য ভৌত ও সামাজিক অবকাঠামোতে সরকারি বিনিয়োগ বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। সাম্প্রতিক বছরগুলোতে ব্যয় বৃদ্ধির পাশাপাশি সরকারের রাজস্ব আদায় পরিস্থিতিরও উন্নতি হচ্ছে। সরকারের সামগ্রিক বাজেট ঘাটতি জিডিপির শতকরা ৫ ভাগের মধ্যে সীমাবদ্ধ রয়েছে যদিও অর্থবছর ০৮-এ তা জিডিপির শতকরা ৫.৩ ভাগে উঠেছিল (চার্ট ১)।



বাজেট ঘাটতি অর্থায়নের জন্য বাংলাদেশ সরকার সাধারণত বৈদেশিক ঋণকে প্রাধান্য দিয়ে থাকে। বৈদেশিক অর্থায়নের ব্যয় মুদ্রা বিনিময় হারের উঠানামার সাথে সম্পর্কিত বিষয়গুলোর উপর নির্ভরশীল, যা দেশকে বৈদেশিক ঋণ সঙ্কটে ফেলতে পারে। অন্যদিকে, অভ্যন্তরীণ উৎস থেকে (যেমন- কেন্দ্রীয় ব্যাংক, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং জাতীয় সঞ্চয়পত্র বিক্রির মাধ্যমে) ঘাটতি অর্থায়ন মূল্যস্ফীতির উপর চাপ সৃষ্টিসহ বেসরকারি বিনিয়োগকে বাধাগ্রস্ত করার সম্ভাবনা থাকে। চার্ট-২ অভ্যন্তরীণ অর্থায়নের গতিধারা দেখাচ্ছে।



যদিও অর্থায়নের পদ্ধতি নির্বাচনের ক্ষেত্রে সামগ্রিক অর্থনীতির ব্যয় ও ঝুঁকিসমূহ সর্বনিম্ন রাখার উদ্দেশ্যে এককভাবে নির্দিষ্ট কোনো পদ্ধতি নেই যা সব ক্ষেত্রেই প্রযোজ্য হবে। দেশের অর্থনৈতিক অবস্থা, প্রয়োজনীয় তহবিলের পর্যাপ্ততা, অভ্যন্তরীণ আর্থিক বাজার এবং প্রাতিষ্ঠানিক কাঠামো ইত্যাদি বিষয়সমূহ ঘাটতি অর্থায়নের পদ্ধতি নির্বাচনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।



সর্বোপরি, এটা খুবই গুরুত্বপূর্ণ যে, সরকার দেশের মোট ঋণের স্থিতি এবং তা পরিশোধ করার ক্ষমতার প্রতি দৃষ্টি রাখবে। কারণ, এ দু'টি বিষয় একটি দেশের ঋণ ধারণক্ষমতার গুরুত্বপূর্ণ নির্ণায়ক। চার্ট ৩ এ অর্থবছর ০৬ থেকে অর্থবছর ১৫ পর্যন্ত জিডিপির শতকরা হিসেবে সরকারের মোট ঋণের স্থিতি দেখানো হয়েছে। উল্লেখ্য যে, জিডিপির শতকরা হিসেবে সরকারের মোট ঋণের স্থিতি অর্থবছর ০৬-এ শতকরা ৪০.২ ভাগ থেকে ধারাবাহিকভাবে কমে অর্থবছর ১৫ তে শতকরা ২৭.৩ ভাগে দাঁড়িয়েছে। যদিও এ সময়ে অভ্যন্তরীণ উৎস থেকে সরকারের ঋণের পরিমাণ জিডিপির প্রায় শতকরা ১৫.০ ভাগে স্থিতিশীল রয়েছে।

মূল্যস্ফীতির হার শতকরা ৬.২ ভাগের কম হবে বলে ধরা হয়েছে।

অর্থবছর ১৬-এর বাজেটের মোট আকার দাঁড়িয়েছে ২৯৫১.০ বিলিয়ন টাকা, যা জিডিপি'র শতকরা ১৭.২ ভাগ এবং অর্থবছর ১৫-এর সংশোধিত বাজেট অপেক্ষা শতকরা ২৩.১ ভাগ বেশি। প্রাক্কলিত অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় হলো যথাক্রমে ১৮৪৫.৬ বিলিয়ন টাকা ও ১০২৫.৬ বিলিয়ন টাকা। বাজেটে রাজস্ব বাজেট থেকে অর্থায়নকৃত উন্নয়নমূলক কর্মসূচি বাবদ ৬.৩ বিলিয়ন টাকা, এডিপি-বহির্ভূত প্রকল্প বাবদ ৩৩.৪ বিলিয়ন টাকা এবং এডিপি-বহির্ভূত কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি ও স্থানান্তর বাবদ ১৫.৯ বিলিয়ন টাকা বরাদ্দ রাখা হয়েছে। মোট ব্যয়কে তিনটি বড় শ্রেণিতে ভাগ করা যায়, যেমন সামাজিক অবকাঠামো, ভৌত অবকাঠামো এবং সাধারণ সেবা। বাজেটে সামাজিক অবকাঠামো খাতে মোট ব্যয়ের প্রায় শতকরা ২৩.৪ ভাগ বরাদ্দ দেয়া হয়েছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন (শিক্ষা, স্বাস্থ্য, বিজ্ঞান ও প্রযুক্তি এবং অন্যান্য সম্পর্কিত খাত) খাতে বরাদ্দ শতকরা ২০.৪ ভাগ। ভৌত অবকাঠামো খাতে মোট ব্যয়ের শতকরা ৩০.৬ ভাগ বরাদ্দ দেয়া হয়েছে, যার মধ্যে রয়েছে সার্বিক কৃষি ও পল্লি উন্নয়ন খাতে শতকরা ১৩.৯ ভাগ, বৃহত্তর যোগাযোগ খাতে শতকরা ৮.৯ ভাগ এবং বিদ্যুৎ ও জ্বালানি খাতে শতকরা ৬.৩ ভাগ। সাধারণ সেবা খাতে শতকরা ২৮.০ ভাগ বরাদ্দ দেয়া হয়েছে, যার মধ্যে সরকারি বেসরকারি অংশীদারত্ব (পিপিপি) প্রকল্প, বিভিন্ন শিল্পে নগদ সহায়তা এবং রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোয় ভর্তুকি ও বিনিয়োগ খাতে শতকরা ২.২ ভাগ রাখা হয়েছে। এ প্রধান তিনটি খাত ছাড়া, সুদ পরিশোধ খাতে শতকরা ১১.৯ ভাগ বরাদ্দ দেয়া হয়েছে এবং বাকি শতকরা ৩.৮ ভাগ নিট ঋণদান ও অন্যান্য ব্যয় বাবদ দেয়া হয়েছে। পূর্ববর্তী অর্থবছরের ন্যায় আঞ্চলিক সমতা, উন্নত অবকাঠামো এবং ব্যয়ের গুণগত মানের প্রতি অঙ্গীকারের বিষয়টি মনে রেখে বড় আকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রস্তাব করা হয়েছে।

অর্থবছর ১৬-এর মোট উন্নয়ন ব্যয় ধরা হয়েছে ১০২৫.৬ বিলিয়ন টাকা, যা জিডিপি'র শতকরা ৬.০ ভাগ। এ

উন্নয়ন ব্যয় পূর্ববর্তী অর্থবছরের সংশোধিত বাজেটের চেয়ে শতকরা ২৭.৪ ভাগ বেশি।

### (K) iVR<sup>-</sup>^cMB

১০.১০ পূর্ববর্তী অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনায় অর্থবছর ১৬-এ রাজস্ব প্রাপ্তি শতকরা ২৭.৬ ভাগ বৃদ্ধি পেয়ে ২০৮৪.৪ বিলিয়ন টাকায় দাঁড়াবে বলে লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। অর্থবছর ১৫-এর সংশোধিত বাজেটের কর ও কর-বহির্ভূত প্রাপ্তির প্রবৃদ্ধি যথাক্রমে শতকরা ২১.২ ও ৬.৮ ভাগের তুলনায় যথাক্রমে শতকরা ২৯.৫ ও ১৫.৪ ভাগ হবে বলে প্রত্যাশা করা হয়েছে। মোট রাজস্ব-জিডিপি'র অনুপাত অর্থবছর ১৪-এর শতকরা ১১.৯ ভাগের তুলনায় অর্থবছর ১৬-এ শতকরা ১২.১ ভাগে দাঁড়াবে বলে প্রক্ষেপণ করা হয়েছে (সারণী ১০.১)। আয় ও মুনাফার ওপর প্রত্যক্ষ কর প্রাপ্তির শতকরা ৩৩.৭ ভাগ প্রবৃদ্ধির বিপরীতে পরোক্ষ কর (মুসক, আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক এবং রপ্তানি শুল্ক) এর প্রবৃদ্ধি শতকরা ২৮.৮ ভাগ হবে বলে প্রক্ষেপণ করা হয়েছে (সারণী ১০.২)

কর-বহির্ভূত রাজস্ব উৎসের মধ্যে লভ্যাংশ ও মুনাফা বাবদ প্রাপ্তি পূর্ববর্তী অর্থবছরে শতকরা ৩১.০ ভাগ হ্রাসের তুলনায় শতকরা ৬৭.৭ ভাগ বৃদ্ধি পাবে বলে প্রক্ষেপণ করা হয়েছে। অর্থবছর ১৬-এ প্রশাসনিক ফি, মূলধন রাজস্ব, ডাক বিভাগ, অন্যান্য কর বহির্ভূত রাজস্ব এবং প্রাপ্তি, ভাড়া, ইজারা ও আদায়, জরিমানা, দণ্ড ও বাজেয়াপ্তকরণ এবং সেবা বাবদ প্রাপ্তি যথাক্রমে শতকরা ১২.৩, ৭.৭, ৭.৪, ৬.৭, ৬.৩, ৪.২ এবং ৪.২ ভাগ বৃদ্ধি পাবে বলে ধারণা করা হয়েছে। অর্থবছর ১৬-এ সুদ, প্রতিরক্ষা বাবদ প্রাপ্তি, টোল ও লেভি, অ-বাণিজ্যিক বিক্রয় এবং রেলপথ থেকে প্রাপ্তির লক্ষ্যমাত্রা পূর্ববর্তী অর্থবছর থেকে যথাক্রমে শতকরা ৪.১, ৪.১, ৪.০, ৩.৯ এবং ৩.৬ ভাগ বৃদ্ধি পাবে বলে ধরা হয়েছে। (সারণী ১০.২)।

### (L) e'q

১০.১১ অর্থবছর ১৫-এর সংশোধিত মোট সরকারি ব্যয়ের তুলনায় অর্থবছর ১৬-এ ব্যয় শতকরা ২৩.১ ভাগ বৃদ্ধি পেয়ে ২৯৫১.০ বিলিয়ন টাকায় দাঁড়াবে বলে প্রত্যাশা করা হয়েছে। অর্থবছর ১৫-এর সংশোধিত বাজেটের



Zj'bvq Pj'wZ e'q kZKiv 29.2 fV'M Ges ewl'K Db'qb Kgf'mP kZKiv 29.3 fV'M ew'x t'ctj I Ab'vb' e'q kZKiv 10.2 fV'M nvm cv'te etj aiv n'tq'tQ| t'gvU e'q-wR'wñ'c'oi Ab'zvZ A\_@Qi 15-Gi m'stkwaZ ev'tR'tU kZKiv 15.8 f'v'tMi Zj'bvq A\_@Qi 16-G kZKiv 17.2 f'v'tM ew'x cv'te etj c'ñ'cY Kiv n'tq'tQ (mvi Yx 10.1)|

10.12 A\_@Qi 15-Gi ev'tR'tU c'ñ'ycZ Pj'wZ e'q 'wovq 1645.7 we'j qb UvKv (mvi Yx 10.1 I 10.3)| t'gvU Pj'wZ e'tqi c'ñ' GK PZz'ñ'tki te'wk eiv'i Kiv n'tq'tQ m'v'gmRK Lv'tZ, hvi c'äv'b AskB w'k'ñ'v I c'ñ'v'z, 'ñ'v', m'v'gmRK w'bivc'Ev I Kj'vY Kgf'mP'tZ e'w'qZ n'l qvi gva'tg g'vbe m'v' D'qb I m'v'gmRK w'bivc'Ev te'obx m'v'ñ'v'i'tY m'v'qZv Ki'te (mvi Yx 10.4)|

Kwl.Lv'tZi Rb' (Db'qb I Ab'v'qb e'q w'g'tj) t'gvU 199.8 we'j qb UvKv eiv'i t'qv n'tq'tQ, hv ce'Z'P A\_@Q'tii m'stkwaZ ev'tR'tU eiv'ti Zj'bvq kZKiv 10.3 fV'M te'wk| G Lv'tZ f'Z'K w'ñ'tm'te 90.0 we'j qb UvKv eiv'i t'qv n'tq'tQ|

g'vbe m'v' D'qb n'tjv me'ñ'vY D'qb c'ñ'P'ovi ALD Ask| g'vbe m'v' D'qb Lv'tZ (Db'qb I Ab'v'qb e'q GK'tI) t'gvU 600.7 we'j qb UvKv eiv'i t'qv n'tq'tQ| G e'q t'gvU D'qb I Ab'v'qb ev'tR'tUi kZKiv 20.4 fV'M|

10.13 A\_@Qi 16-G ewl'K Db'qb Kgf'mP 970.0 we'j qb UvKv c'ñ'cY Kiv nq, hv A\_@Qi 15-Gi m'stkwaZ ewl'K Db'qb Kgf'mP 750.0 we'j qb UvKv A't'c'ñ'v kZKiv 29.3 fV'M te'wk| t'gvU ewl'K Db'qb Kgf'mPi kZKiv 43.5 fV'M AeKw'v't'g Lv'tZ eiv'i t'qv n'tq'tQ| Ab'w'ñ'K, t'gvU ewl'K Db'qb Kgf'mPi kZKiv 17.0 fV'M t'ct'q'tQ m'v'gmRK Lv'tZ (mvi Yx 10.5)|

(M) A\_@Qi 16-Gi ev'tRU NvUwZ A\_ñ'qb

10.14 A\_@Qi 16-Gi c'ñ'v'j Z 866.6 we'j qb UvKv ev'tRU NvUwZ (Ab'v'v e'Z'xZ) A\_@Qi 15-Gi m'stkwaZ ev'tRU NvUwZi Zj'bvq 103.6 we'j qb UvKv te'wk| A\_@Qi 16-G c'ñ'ycZ ev'tRU NvUwZ-wR'wñ'c'oi Ab'zvZ kZKiv 5.0 fV'M| Av'kv Kiv n't'Q th, Af'ñ'li'xY e'v'sK I e'v'sK-ew'nf'Z F'tYi gva'tg NvUwZi 565.2 we'j qb UvKv (wR'wñ'c'oi kZKiv 3.3 fV'M) c'jY Kiv n'te, hv A\_@Qi 15-Gi m'stkwaZ ev'tR'tU w'qj 547.1 we'j qb UvKv (wR'wñ'c'oi kZKiv 3.6 fV'M) Ges 'e't'w'kK A\_ñ'q'tbi gva'tg Ae'w'ó 243.3 we'j qb UvKv (wR'wñ'c'oi kZKiv 1.4 fV'M) t'gUv't'v n'te, hv A\_@Qi 15-G w'qj 159.1 we'j qb UvKv (wR'wñ'c'oi kZKiv 1.1 fV'M) (PvU©10.3 I 10.4)| Af'ñ'li'xY FY 565.2 we'j qb UvKvi g'ta' e'v'sK e'e'v' n'tZ FY 385.2 we'j qb UvKv c'ñ'cY Kiv nq|

## বৈদেশিক খাত





### বৈদেশিক খাতের প্রধান নির্দেশকসমূহ

১১.১ দেশে চলতি হিসাব ভারসাম্যে অর্থবছর ১৩ ও অর্থবছর ১৪-এ উদ্বৃত্ত ছিল, যা অর্থবছর ১৫-এ ঘাটতি হিসেবে দেখা যায়। আরো সুনির্দিষ্ট করে বললে, অর্থবছর ১৫-এ চলতি হিসাবে ঘাটতি ছিল ১৬৪৫ মিলিয়ন মার্কিন ডলার, যা অর্থবছর ১৪-এ উদ্বৃত্ত ছিল ১৪০৬ মিলিয়ন মার্কিন ডলার এবং অর্থবছর ১৩-এ ২৩৮৮ মিলিয়ন মার্কিন ডলার। মূলত, সেবা হিসাবের তুলনামূলক কম অবদান এবং বাণিজ্য ঘাটতি বৃদ্ধির কারণে চলতি হিসাবের ভারসাম্য উদ্বৃত্ত থেকে ঘাটতি দেখা দেয়।

অর্থবছর ১৫-এ মূলধনী হিসাব ও আর্থিক হিসাবে উদ্বৃত্ত যথাক্রমে ৪৮৩ মিলিয়ন মার্কিন ডলার এবং ৫৩০৮ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। আর্থিক হিসাবের মধ্যে ছিল সরাসরি বৈদেশিক বিনিয়োগ ১৮৩০ মিলিয়ন মার্কিন ডলার, পোর্টফোলিও বিনিয়োগ ৬১৮ মিলিয়ন মার্কিন ডলার এবং অন্যান্য বিনিয়োগ ২৮৬০ মিলিয়ন মার্কিন ডলার। সার্বিক লেনদেন ভারসাম্যে উদ্বৃত্ত অর্থবছর ১৪-এর ৫৪৮৩ মিলিয়ন মার্কিন ডলার এবং অর্থবছর ১৩-এর ৫১২৮ মিলিয়ন মার্কিন ডলার থেকে হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ ৪৩৭৩ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। অর্থবছর ১৫ শেষে বৈদেশিক মুদ্রার মজুদ ২৫ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছে। বৈদেশিক খাতের প্রধান কিছু নির্দেশকসমূহের গতিধারা চার্ট ১১.১-এ দেখানো হলো।

১১.২ অর্থবছর ১৫-এ রপ্তানি আয় (এফওবি) ৯৯১ মিলিয়ন ডলার (বা শতকরা ৩.৩ ভাগ) বৃদ্ধি পেয়ে ৩০৭৬৮.০ মিলিয়ন ডলারে দাঁড়ায় (পরিশিষ্ট-৩ এর সারণী-১৬)। অর্থবছর ১৪-এর তুলনায় অর্থবছর ১৫-এ পেট্রোলিয়াম উপজাত, চা, চামড়া ও চামড়াজাত পণ্য, কাঁচাপাট, হিমায়িত চিংড়ি ও মাছ খাতে ঋণাত্মক প্রবৃদ্ধি হওয়া সত্ত্বেও পাদুকা, প্রকৌশলজাত সামগ্রী এবং রাসায়নিক দ্রব্য খাতের প্রবৃদ্ধি রপ্তানি আয় বৃদ্ধিতে

চার্ট ১১.১ বৈদেশিক খাতের প্রধান নির্দেশকসমূহ



উল্লেখযোগ্য অবদান রাখে। অর্থবছর ১৫-এ অন্যান্য শ্রেণির অন্তর্ভুক্ত বিবিধ পণ্য হিসেবে রপ্তানি আয়ে শতকরা ০.৬ ভাগ ঋণাত্মক প্রবৃদ্ধি অর্জিত হয়। রপ্তানি জিডিপি শতকরা অংশ হিসেবে ১.৪ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়ে অর্থবছর ১৪-এর শতকরা ১৭.২ ভাগ থেকে অর্থবছর ১৫-এ শতকরা ১৫.৮ ভাগে দাঁড়ায়।

১১.৩ মোট আমদানি ব্যয় (এফওবি) অর্থবছর ১৫-এ ৪১১৪ মিলিয়ন ডলার (শতকরা ১১.৩ ভাগ) বৃদ্ধি পেয়ে ৪০৬৮৫ মিলিয়ন ডলারে দাঁড়ায় (পরিশিষ্ট-৩, সারণী-১৬)। অর্থবছর ১৫-এ ঔষধ সামগ্রী, তৈলবীজ, এবং চিনির ঋণাত্মক প্রবৃদ্ধি হওয়া সত্ত্বেও খাদ্যশস্য, মসলা, ডাল, অপরিিশোধিত জ্বালানি তেল ও সার ইত্যাদি আমদানিতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি সামগ্রিক আমদানির প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করে। আমদানি জিডিপি শতকরা অংশ হিসেবে ০.৩ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়ে অর্থবছর ১৪-এর শতকরা ২১.২ ভাগ থেকে অর্থবছর ১৫-এ শতকরা ২০.৯ ভাগে দাঁড়ায়।

১১.৪ আমদানি ব্যয়ের উচ্চ প্রবৃদ্ধির পাশাপাশি রপ্তানি আয়ের সন্তোষজনক প্রবৃদ্ধির কারণে অর্থবছর ১৪-এর তুলনায় অর্থবছর ১৫-এ সামগ্রিকভাবে বাণিজ্য ঘাটতির পরিমাণ বৃদ্ধি পায়। বাণিজ্য ঘাটতি অর্থবছর ১৪-এর ৬৭৯৪ মিলিয়ন ডলার থেকে বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ৯৯১৭ মিলিয়ন ডলারে দাঁড়ায়। সেবা হিসাবে ঘাটতি অর্থবছর ১৪-এর ৪০৯৯ মিলিয়ন ডলার থেকে উল্লেখযোগ্য পরিমাণে ৫২৯ মিলিয়ন ডলার (শতকরা ১২.৯ ভাগ) বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ৪৬২৮ মিলিয়ন ডলারে দাঁড়ায়। প্রাথমিক আয় হিসাবে ঘাটতিও অর্থবছর ১৪-এর ২৬৩৫ মিলিয়ন ডলার থেকে শতকরা ১৩.৭ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ২৯৯৫ মিলিয়ন ডলারে দাঁড়ায়। মাধ্যমিক আয় হিসাবে ঘাটতি অর্থবছর ১৪-এর ১৪৯৩৪ মিলিয়ন ডলার থেকে বৃদ্ধি পেয়ে (শতকরা ৬.৪ ভাগ) অর্থবছর ১৫-এ ১৫৮৯৪ মিলিয়ন ডলারে দাঁড়ায়। চলতি হিসাবে অন্তর্ভুক্ত প্রবাসী বাংলাদেশিদের প্রেরিত রেমিট্যান্স অর্থবছর-১৫ এ ৭.৫ ভাগ বৃদ্ধি পায়। এ সকল খাতের সার্বিক ফল হলো পূর্বে উল্লিখিত চলতি হিসাব খাতের ভারসাম্যে ঘাটতি। জিডিপি-এর শতকরা অংশ হিসেবে চলতি হিসাব ভারসাম্য অর্থবছর ১৪-এর শতকরা

০.৮১ এর বিপরীতে অর্থবছর ১৫-এ শতকরা -০.৮৪ ভাগে দাঁড়ায়। এ রিপোর্টের পরিশিষ্ট-৩ এর সারণী-১৬ এ অর্থবছর ০৯ থেকে অর্থবছর ১৫ পর্যন্ত লেনদেন ভারসাম্যের বিবরণী দেখানো হলো। চার্ট-১১.২ এ জিডিপি এর শতকরা অংশ হিসেবে সাম্প্রতিক বছরগুলোর বাণিজ্য, চলতি হিসাব এবং সার্বিক লেনদেন ভারসাম্যের গতিধারা দেখানো হয়েছে।

১১.৫ বৈদেশিক মুদ্রার রিজার্ভের সম্ভাবনাময় উৎস হিসেবে প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগকে সরকার কর্তৃক বেশি গুরুত্ব প্রদান করা হয়। রাজনৈতিক অস্থিরতাসহ পারিপার্শ্বিক বিভিন্ন সমস্যার কারণে এক্ষেত্রে উল্লেখযোগ্য সফলতা এখনও অর্জিত হয়নি। প্রাথমিক হিসাব অনুযায়ী নিট প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগের পরিমাণ অর্থবছর ১৪-এর ১৪৭৪.০ মিলিয়ন ডলার থেকে শতকরা ২৪.১ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ১৮৩০.০ মিলিয়ন ডলারে দাঁড়ায়।

### i Bwb (GdI we)

১১.৬ অর্থবছর ১৪-এর তুলনায় অর্থবছর ১৫-এ দেশের মোট রপ্তানি আয়ে নিম্ন প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়, যা সারণী ১১.১ এ দেখানো হয়েছে। অর্থবছর ১৫-এ মোট রপ্তানি আয় অর্থবছর ১৪-এর ৩০১৮৬.৬ মিলিয়ন ডলার থেকে শতকরা ৩.৪ ভাগ বৃদ্ধি পেয়ে ৩১২০৮.৯ মিলিয়ন ডলারে দাঁড়ায়।

### i Bwbi MŠe"

১১.৭ ইপিজেড হতে রপ্তানি ব্যতীত ইউরোপের বাজারসমূহের উপর বাংলাদেশের রপ্তানিজাত পণ্যের অধিকতর নির্ভরতা অর্থবছর ১৫-তেও অব্যাহত থাকে, আলোচ্য অর্থবছরে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোতে শতকরা ৫৪.৬ ভাগ এবং নাফটা (NAFTA) জোটভুক্ত দেশগুলোতে শতকরা ২২.৩ ভাগ পণ্য রপ্তানি করা হয়। অর্থবছর ১৫-এ মোট রপ্তানি আয়ের শতকরা ১.৫ ভাগ রপ্তানি হয় ASEAN গ্রুপভুক্ত দেশগুলোতে। সার্ক (SAARC) এবং অন্যান্য অঞ্চলভুক্ত দেশগুলোর অংশ ছিল যথাক্রমে শতকরা ২.১ ভাগ এবং ১৯.৫ ভাগ (চার্ট ১১.৩)।

**১১.৮**  $\text{Ziii tcvkvK (I\#fb tcvkvK I wBUl q'vi cY)}$

বাংলাদেশের মোট রপ্তানির আয়ের শতকরা ৮১.৭ ভাগ অর্জনকারী তৈরি পোশাক খাতের আয় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৪-এর ২৪৪৯১.৯ মিলিয়ন ডলার থেকে অর্থবছর ১৫-এ ২৫৪৯১.৮ মিলিয়ন ডলারে দাঁড়ায়। ওভেন এবং নিটওয়্যার পণ্যের ক্ষেত্রে অর্থবছর-১৪ এর তুলনায় অর্থবছর-১৫ এ যথাক্রমে শতকরা ৫.০ ও ৩.১ ভাগ হারে প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়।

**১১.৯**  $\text{Pigov t}$  চামড়ার রপ্তানি আয় অর্থবছর ১৪ এর ৭৪৫.৬ মিলিয়ন ডলার থেকে শতকরা ১৩.৩ ভাগ হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ ৬৪৬.৭ মিলিয়ন ডলারে দাঁড়ায়।

**১১.১০**  $\text{ingwqZ Lv'' t}$  অর্থবছর ১৫-এ হিমায়িত খাদ্য খাতে বিশেষ করে চিংড়ি রপ্তানি হতে আয় হ্রাস পায়। হিমায়িত চিংড়ি ও মাছ রপ্তানি হতে আয় অর্থবছর ১৪-এর ৬০২.৬ মিলিয়ন ডলার থেকে শতকরা ৭.৩ ভাগ হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ ৫৫৮.৮ মিলিয়ন ডলারে দাঁড়ায়।

**১১.১১**  $\text{CV' kv t}$  অর্থবছর ১৫-এ পাদুকা রপ্তানি হতে আয় অর্থবছর-১৪ এর ৫৫০.১ মিলিয়ন ডলারের তুলনায় শতকরা ২২.৪ ভাগ বৃদ্ধি পেয়ে ৬৭৩.৩ মিলিয়ন ডলারে দাঁড়ায়।


**১১.১২**  $\text{cuURvZ `h' (Kivc\ e'ZiZ) t}$  অর্থবছর ১৫-এ পাটজাত দ্রব্য রপ্তানি করে ৭৫৭.০ মিলিয়ন ডলার আয় হয়, যা অর্থবছর ১৪-এ ছিল ৬৯৮.১ মিলিয়ন ডলার।

**১১.১৩**  $\text{Kivv cuU t}$  অর্থবছর ১৫-এ কাঁচা পাট রপ্তানি হতে আয় অর্থবছর-১৪ এর ১২৬.৪ মিলিয়ন ডলারের বিপরীতে ১১১.৬ মিলিয়ন ডলারে দাঁড়ায়।


**১১.১৪**  $\text{ivmvqmbK `h'' t}$  রাসায়নিক দ্রব্য রপ্তানি হতে আয় অর্থবছর ১৪-এর ৯৩.২ মিলিয়ন ডলার থেকে শতকরা ২০.১ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ১১১.৯ মিলিয়ন ডলারে দাঁড়ায়।

**১১.১৫**  $\text{Pv t}$  অর্থবছর ১৫-এ চা রপ্তানি হতে আয় অর্থবছর-১৪-এর ৩.৭ মিলিয়ন ডলারের বিপরীতে ২.৬ মিলিয়ন ডলারে দাঁড়ায়।

**চাট ১১.২** বাণিজ্যের ভারসাম্য, চলতি হিসাবের ভারসাম্য ও লেনদেন ভারসাম্য-এর গতিধারা



**চাট ১১.৩** অর্থবছর ১৫-এ গন্তব্য-ভিত্তিক রপ্তানির প্যাটার্ন



**সারণী ১১.১** রপ্তানি কার্ঠামো (মিলিয়ন মার্কিন ডলার)

| খাতসমূহ                     | অর্থবছর ১৪     | অর্থবছর ১৫     | শতকরা পরিবর্তন |
|-----------------------------|----------------|----------------|----------------|
| ১. কাঁচা পাট                | ১২৬.৪          | ১১১.৬          | -১১.৭          |
| ২. পাটজাত দ্রব্য            | ৬৯৮.১          | ৭৫৭.০          | ৮.৮            |
| ৩. চা                       | ৩.৭            | ২.৬            | -২৯.১          |
| ৪. চামড়া ও চামড়া জাত পণ্য | ৭৪৫.৬          | ৬৪৬.৭          | -১৩.৩          |
| ৫. হিমায়িত চিংড়ি এবং মাছ  | ৬০২.৬          | ৫৫৮.৮          | -৭.৩           |
| ৬. ওভেন পোশাক               | ১২৪৪২.১        | ১৩০৬৪.৬        | ৫.০            |
| ৭. নিটওয়্যার দ্রব্যাদি     | ১২০৪৯.৮        | ১২৪২৬.৮        | ৩.১            |
| ৮. রাসায়নিক দ্রব্য         | ৯৩.২           | ১১১.৯          | ২০.১           |
| ৯. পেট্রোলিয়াম উপজাত       | ১৬২.৩          | ৭৭.৬           | -৫২.২          |
| ১০. প্রকৌশলী দ্রব্যাদি      | ৩৬৬.৬          | ৪৪৭.০          | ২১.৯           |
| ১১. বিশেষ বস্ত্রখাত         | ১০৮.৮          | ১০৭.০          | -১.৬           |
| ১২. পাদুকা                  | ৫৫০.১          | ৬৭৩.৩          | ২২.৪           |
| ১৪. অন্যান্য                | ২২৩৭.৩         | ২২২৪.০         | -০.৬           |
| <b>†gU</b>                  | <b>30186.6</b> | <b>31208.9</b> | <b>3.4</b>     |

উৎস: রপ্তানি উন্নয়ন ব্যুরো।

## i Bwlb Dbqpb Znwej (BwW/Gd)

১১.১৬ বাংলাদেশ সরকার এবং আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ) যৌথভাবে দেশের রপ্তানি খাতকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে বৈদেশিক মুদ্রা পুনঃঅর্থায়নের জন্য ১৯৮৯ সাল থেকে রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ) নিয়ে ৩০.১৬ মিলিয়ন ডলারের প্রাথমিক তহবিল চালু করে। রপ্তানি আয় প্রবৃদ্ধির সাথে সাথে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন সময়ে রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ)-এর পরিমাণ বৃদ্ধি করেছে। মে ২০১৫ থেকে দেশের রপ্তানিকারকদের চাহিদা পূরণের জন্য রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ) ১৫০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে বৃদ্ধি করে ২০০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করা হয়। ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রোগ্রাম এর আওতায় আইডিএ কর্তৃক প্রস্তাবিত বর্ধিত তহবিল মোট ২০০০ মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে ১৮০০ মিলিয়ন মার্কিন ডলার স্বল্পমেয়াদি পুনঃঅর্থায়ন এবং বাকি ২০০ মিলিয়ন মার্কিন ডলার দীর্ঘমেয়াদি পুনঃঅর্থায়নের জন্য ব্যবহৃত হবে। রপ্তানিকারকগণ অনুমোদিত ডিলার ব্যাংকগুলোর মাধ্যমে রপ্তানি কাজে ব্যবহারের জন্য উপকরণ আমদানিতে রপ্তানি এলসি/ফার্ম রপ্তানি চুক্তি/ইনল্যান্ড ব্যাংক টু ব্যাংক এলসির বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবেন। রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ) কোন নির্দিষ্ট খাতের পরিবর্তে রপ্তানির প্রায় সকল খাতের জন্য বরাদ্দ। বর্তমানে পোশাক, টেক্সটাইল, এক্সেসরিজ এবং প্যাকেজিং সামগ্রী, প্লাস্টিক সামগ্রী, চামড়াজাত পণ্য ও পাদুকা, সিরামিক ওয়্যারস, রপ্তানি সূতা, কৃষিখাদ্য প্রক্রিয়াজাতকরণ, বাই-সাইকেল ইত্যাদি ক্ষেত্রে রপ্তানিকারকগণ রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ)-এর পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারে।

একজন ঋণগ্রহীতার সর্বোচ্চ ঋণ সীমা ঋণ নীতিমালা অনুযায়ী নির্ধারিত হয়। বর্তমানে এক্সেসরিজ অ্যান্ড প্যাকেজিং এবং প্লাস্টিক পণ্য প্রস্তুতকারী রপ্তানিকারক ব্যতীত একক ঋণগ্রহীতার জন্য সর্বোচ্চ ১৫ মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রয়েছে। যাহোক, এক্সেসরিজ অ্যান্ড প্যাকেজিং-এর জন্য ২.০ মিলিয়ন মার্কিন ডলার এবং প্লাস্টিক পণ্য প্রস্তুতকারী রপ্তানিকারকদের জন্য ১.০ মিলিয়ন মার্কিন ডলার সর্বোচ্চ ঋণ সীমা বরাদ্দ।

ইডিএফ এর আওতায় ঋণের সুদ হার ছয় মাস LIBOR+২.৫%। এর মধ্য থেকে LIBOR+১.০% বাংলাদেশ ব্যাংকের জন্য এবং ১.৫% সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার বাণিজ্যিক ব্যাংকগুলোর জন্য।

সাধারণত, ইডিএফ হতে ঋণ পরিশোধের প্রাথমিক সময়সীমা নির্ধারিত হয় ১৮০ দিনে, তবে প্রয়োজনে আরো ৯০ দিন পর্যন্ত বাড়ানো যাবে এ শর্তে যদি রপ্তানিকারকদের বিলম্বে রপ্তানি আয় পাওয়ার সম্ভাবনা থাকে।

আবর্তনশীল পদ্ধতিতে ইডিএফ ঋণ বিতরণের মোট পরিমাণ অর্থবছর ১৪-এ ২.৪৯ বিলিয়ন মার্কিন ডলারের তুলনায় অর্থবছর ১৫-এ ৩.৫৫ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। জুন ২০১৫-এ ইডিএফ-এর ঋণ স্থিতির পরিমাণ ১.৬৪ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায় যা, পূর্ববর্তী বছরে ছিল ১.৩৫ বিলিয়ন মার্কিন ডলার।

## Avg`wb



১১.১৭ অর্থবছর ১৫-এ মোট আমদানি (এফওবি) ব্যয় এর পরিমাণ অর্থবছর ১৪-এর ৩৬৫৭১ মিলিয়ন মার্কিন ডলার থেকে শতকরা ১১.২ ভাগ বৃদ্ধি পেয়ে ৪০৬৮৫ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। অর্থবছর ১৫-এ কাঁচা তুলা, তৈলবীজ, চিনি, দুধ এবং মাখন ব্যতীত অন্যান্য সকল পণ্যের মোট আমদানি (এফওবি) ব্যয়ের পরিমাণ অর্থবছর ১৪-এর তুলনায় বৃদ্ধি পেয়েছে। খাদ্যশস্য আমদানি ব্যয় উল্লেখযোগ্য হারে শতকরা ৬৪.৫ ভাগ বৃদ্ধি পেয়েছে যার প্রধান কারণ ছিল চাল আমদানি বৃদ্ধি। খাদ্যশস্যের আমদানি ব্যয় অর্থবছর ১৪-এর ৯০৬.২ মিলিয়ন মার্কিন ডলারের বিপরীতে অর্থবছর ১৫-এ ১৪৯০.৭ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায় (চাল শতকরা ৩৯৪.৩ ভাগ ও গম শতকরা ২২.৩ ভাগ)। অন্যান্য খাদ্যদ্রব্যের আমদানি ব্যয় অর্থবছর ১৪-এর ৪৯৫৮.০ মিলিয়ন মার্কিন ডলারের বিপরীতে শতকরা ৩.২ ভাগ হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ ৪৮০০.১ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। অর্থবছর ১৫-এ মসলা (শতকরা ৭০.৫ ভাগ) ও ডাল (শতকরা ৩৬.৩ ভাগ) ব্যতীত অন্যান্য সকল পণ্যের মোট আমদানি (এফওবি) ব্যয় এর পরিমাণ অর্থবছর ১৪-এর তুলনায় হ্রাস পেয়েছে। ভোগ্য ও মধ্যবর্তী পণ্য আমদানি ব্যয় অর্থবছর ১৪-এর ১৯৮২৩.৩ মিলিয়ন ডলার থেকে শতকরা ১৩.৬ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর

e- 11.1

ԵՄԿՆԻԻ ԼԵԻ ԱՎԿԻ ԸՈՒՄԻԶ ՔՐԿԻ ԸՐՎԵ

Վեճճճ ՆՎԻ 30 ԴԳ 2003 ԶՆԻԼ ԴՒԿ ԵՎՅՎԴԻԿ ԵՊՄԿԿԼԻԶԻ ԳՅՆԻ ՔՆՆՆՎ Լ ԻՆՎՍՏԻԿ ԲԻՆԵՒԶ ՎԵՎԻԶ ՆԴԳ ԱՎՄԴՈՒ ԵՎճճճ ՆՎԻԻ ԸՈՒՄԻԶ ԱՎԳՆՎԻ ԶԻՆՏՅԻ ԿԻ, ԻԲՆՎ ԿՆԴԳ ԴՂԳ ԳԵՏ ԳԻ ԸԴՅ ԵՄԿՆԻՆԻ ՆՎԱՆԶ ԴԵՏՈ ԻՎԳՂ ԻՎՎՈՒԶԿԿՎԴՅ ԵՎՅՎԴԻԿ ԵՎճճճ ՆՎԻ ՐԻՅԳՆԻ 2014 ԴՒԿ ԻՄԴԻՐԻ 2014 ԸՏԻՆԿՈՒՆ ԸՈՒՄԻԶԻ ԱՎԻ, ԳԻ ԸԻ ՐԻՅԳՆԻ 2015 ԸՏԻ ԱԵՒՄԻԶԻ ԱՎԻ ԸՈՅՅՆԻՅ ՆԳ ԳԵՏ ԴԵԿՏԵՄԲԻ 2015 Գ ԱՎԵՒԻՎ ԸՈՒՄԻԶ ԸԻ ԳՄՔ2015 ԴՒԿ ՐԿՅ 2015 ԸՏԻՆԿՈՒԶԿՅԻ ԻՂԴՈՒ (ՔՎՈՒ) |

Գ ՄԴԴ ԵՄԿՆԻԿ ԲՎԻՄՎՂՂ ՎԵճճճ ՆՎԻ ԸՈՒԵԶՔԻ ԻՄԴՒ ԲՅՎԶԿԲՎԵ ԻՄՈՎ ԴՂԳՂ ԴՒԼՎ ԻՎԳ ԻՆ, ՎԵճճճ ՆՎԻ ԸՈՒՄԻԶԻ ԳՆՄՂՅՎԶ ԵՄԿՆԻԿ ՆՎԱՆԶ ԵՐՈՒԶ ՎՂՎԿ ԳԵՏ ԶՎ ՐԻՅԳՆԻ 2014 ԳԻ ՎԵՐՅԻ ԴՒԻ 652 ՂԳՅՅ ԳԲ ԳՆԿՈՒՅ ՂԳՅՎԻ ՆԴԶ ԻՄԴԻՐԻ 2014 Գ ՄԵՔՔ ԴՒԻ 1801 ՂԳՅՅ ԳԲ ԳՆԿՈՒՅ ՂԳՅՎԻ ԴԸՆՈՎԳ (ՔՎՈՒ2) | ԳԻ ԸԻ ԵՄԿՆԻԿ ՆՎԱՆԶ ԿԴՂԶ ՎՂՎԿ ԻԼԲ ՎԵճճճ ՆՎԻ ԱԵՒՄԻԶ ՆԴՈՒՎԶԿՅԻ ՆԳ ԳԵՏ ՐԿՅ 2015 Գ ԶՎ 1205 ՂԳՅՅ ԳԲ ԳՆԿՈՒՅ ՂԳՅՎԻ ԴՂՎՈՎԳՂ ԱՒՁՈԻ 15 Գ ՔՅՂԶ ՎՄՄՎԵ ԲՎԻՄՎՂՂ ԲՅՎԶԿ ՆԻ ԳՅՂ ԿՎԻ ԿՎԻ ԿՎԻ ՎՈՅ ՎԵճճճ ՆՎԻ ԸՈՒԵԶՔԻ ԸԴՅ ԸՄՂԶ ԵՎԸԿԶԻ ԵՄԿՆԻԿ ՆՎԱՆԶՂ ԻՄՐԵԻՆ ԻԲՆՎ ՔՎՅՎ ԿԻ ԵՄԿՆԻԿ ՆՎԱՆԶ ԿԴՂԶ ՎԵճճճ ՆՎԻ ՎՂՎԶԿՅԻ ԻՎԼՎ ԱՎԵԿՂԿ | ՎԿՏՂ, ԴԿԵՅ ԳՂՂ ՎԵճճճ ՆՎԻ ԱՎՏՐՈՒԶԿ ԵՄԿՆԻԿ ՎԵՐՅՎԻԿ ԳՅՂ ԸՈՒՎՎ ԻՆԴՄԵՎԵՎԵՒՄԶ ՆԴԶ ԸՎԴԻ ԲՎ; ԱԲՎՎՂ ԸՈՒՎՎ ԻՆԳԲ- ԵՆԴՈՒԶԻՆՎՄԶՎ ՄՅԳԶՎ, ԵՆԴՈՒԶԻՆՎՄԶՎԻ ՎՂԳՄԸՍ ԲՆՂԶ, ԵՈՒՎՂԿ ԵՄԿՆԻԿ ՔՒՅ, ԱԲՏԻՆԻԿ Լ ԵՆԴՂՎԶ ԸՈՒԶԵՍԿԶՎ ԲԶՂՂ ԳԿԲԲՎԵ ՎԵՎԵՒՎ ԿԻՎ ԸՈՒՄԻԶ |



১৫-এ ২২৫১৪.৪ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায় (অপরিশোধিত পেট্রোলিয়াম ৩৩৭.১ ভাগ, সার ৪২.৩ ভাগ, পিওএল ৪০.৭ ভাগ, প্লাস্টিক এবং রাবার সামগ্রী ১২.৬ ভাগ, ট্যানিং ও ডাইং প্রক্রিয়াজাত সামগ্রী ১০.৩ ভাগ ইত্যাদি)। মূলধনী দ্রব্য ও অন্যান্য পণ্যের আমদানি ব্যয়ে অর্থবছর ১৪-এর ১৪৯২৮.৯ মিলিয়ন ডলার থেকে শতকরা ৯.৮ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ১৬৩৮৫.০ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায় (মূলধনী দ্রব্য শতকরা ১৭.৮ ভাগ, লৌহ, ইস্পাত এবং অন্যান্য বেজ ধাতু ১২.৬ ভাগ এবং অন্যান্য শতকরা ৬.৪ ভাগ)। ইপিজেড এর আমদানি অর্থবছর ১৪-এর ৩০৭৭.০ মিলিয়ন ডলারের তুলনায় শতকরা ২.০ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ৩১৩৮.১ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়।


### enwYR<sup>®</sup> kZ<sup>®</sup>

১১.১৮ অর্থবছর ১৪-এর বাণিজ্য শর্ত ৮৫.৮৯ এর বিপরীতে অর্থবছর ১৫-এ বাণিজ্য শর্ত ছিল ৮৬.০৫ (ভিত্তি : অর্থবছর ০৬=১০০)। অর্থবছর ১৫-এ রপ্তানি মূল্য সূচক ও আমদানির মূল্য সূচক উভয়ই যথাক্রমে শতকরা ৬.০ ভাগ ও শতকরা ৫.৮ ভাগ বৃদ্ধি পায় (চার্ট ১১.৫)।

### WOCWYK Ges eUCWYK mWUK<sup>®</sup>

১১.১৯ বাংলাদেশ অর্থবছর ১৫-এ দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক আলোচনা ও চুক্তির মাধ্যমে বৈদেশিক বাণিজ্য প্রসারের ধারা অব্যাহত রাখে। দেশের বাণিজ্য ও অর্থনৈতিক স্বার্থ রক্ষার জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ আলোচনায় বাংলাদেশ অংশগ্রহণ করেছে।

১১.২০ ১৪৪ তম BIMSTEC ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভা ১৪ সেপ্টেম্বর ২০১৫-এ BIMSTEC সচিবালয়ে অনুষ্ঠিত হয়। ঢাকায় অনুষ্ঠিত এ সভায় মায়ানমার, নেপাল, শ্রীলংকা এবং থাইল্যান্ডের হাইকমিশনার/রাষ্ট্রদূতের নেতৃত্বাধীন প্রতিনিধিদল এবং BIMSTEC-এর মহাসচিব অংশগ্রহণ করে। BIMSTEC FTA-এর আওতায় আন্তঃআঞ্চলিক বাণিজ্য ও বিনিয়োগের বিষয়টি বাস্তবিক গুরুত্বপূর্ণ হবে।



### সারণী ১১.২ আমদানি কাঠামো

(মিলিয়ন মার্কিন ডলার)

| বিবরণ                                   | অর্থবছর ১৪ | অর্থবছর ১৫সা | % পরিবর্তন |
|---|------------|--------------|------------|
| ক) খাদ্যশস্য                            | ৯০৬.২      | ১৪৯০.৭       | ৬৪.৫       |
| ১। চাল                                  | ১০২.৮      | ৫০৮.১        | ৩৯৪.৩      |
| ২। গম                                   | ৮০৩.৪      | ৯৮২.৬        | ২২.৩       |
| খ) অন্যান্য খাদ্যদ্রব্য                 | ৪৯৫৮.০     | ৪৮০০.১       | -৩.২       |
| ১। দুধ এবং দুধজাত দ্রব্য                | ২৮০.৩      | ২৭৭.২        | -১.১       |
| ২। মসলা                                 | ১০৭.০      | ১৮২.৪        | ৭০.৫       |
| ৩। তেলবীজ                               | ৪৫৩.৬      | ৩৭৪.০        | -১৭.৫      |
| ৪। ভোজ্য তেল                            | ২৯৪৬.৩     | ২৭৪৩.৫       | -৬.৯       |
| ৫। ডাল (সকল প্রকার)                     | ৩১৮.৬      | ৪৩৪.৩        | ৩৬.৩       |
| ৬। চিনি                                 | ৮৫২.২      | ৭৮৮.৭        | -৭.৫       |
| গ) ভোজ্য ও মধ্যবর্তী পণ্য               | ১৯৮২৩.৩    | ২২৫১৪.৪      | ১৩.৬       |
| ১। ক্রিংকার                             | ৬৩৩.২      | ৬৩৮.৪        | ০.৮        |
| ২। অপরিশোধিত পেট্রোলিয়াম               | ৭২.৩       | ৩১৬.০        | ৩৩৭.১      |
| ৩। পিওএল                                | ৩৩৭১.৫     | ৪৭৪২.৫       | ৪০.৭       |
| ৪। রাসায়নিক দ্রব্য                     | ১৫৭৭.৫     | ১৭২৩.৭       | ৯.৩        |
| ৫। ঔষধ সামগ্রী                          | ২১০.৮      | ১৩৬.৯        | -৩৫.১      |
| ৬। সার                                  | ৯৪০.৯      | ১৩৩৮.৯       | ৪২.৩       |
| ৭। ট্যানিং ও ডাইং প্রক্রিয়াজাত সামগ্রী | ৫৪৩.১      | ৫৯৯.০        | ১০.৩       |
| ৮। প্লাস্টিক এবং রাবার সামগ্রী          | ১৮২২.২     | ২০৫২.৩       | ১২.৬       |
| ৯। কাঁচা তুলা                           | ২৪৬৪.৩     | ২২৯৫.৫       | -৬.৮       |
| ১০। সুতা                                | ১৮১৬.৯     | ১৮৫১.২       | ১.৯        |
| ১১। টেক্সটাইল এবং আনুষঙ্গিক উপকরণ       | ৫৩৬০.৫     | ৫৭৪২.০       | ৭.১        |
| ১২। তন্তুজাত দ্রব্য                     | ১০১০.১     | ১০৭৮.০       | ৬.৭        |
| ঘ) মূলধনী পণ্য ও অন্যান্য               | ১৪৯২৮.৯    | ১৬৩৮৫.০      | ৯.৮        |
| ১। লৌহ এবং ইস্পাত এবং অন্যান্য বেজ ধাতু | ২৮৯৯.৪     | ৩২৬৫.০       | ১২.৬       |
| ২। মূলধনী দ্রব্য                        | ২৮১৯.১     | ৩৩২০.৫       | ১৭.৮       |
| ৩। অন্যান্য                             | ৯২১০.৪     | ৯৭৯৯.৫       | ৬.৪        |
| ঙ) ইপিজেড-এর আমদানি                     | ৩০৭৭.০     | ৩১৩৮.১       | ২.০        |
| †gw Avg`mb (mwAvBGd)                    | 40616.4    | 45190.2      | 11.3       |
| †gw Avg`mb (GdI me)                     | 36571.0    | 40685.0      | 11.2       |

সা = সাময়িক।

উৎস : এনবিআর-এর তথ্য পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সম্পাদিত।

## ১১.২১

প্রবাসী বাংলাদেশিদের প্রেরিত অর্থের অন্তঃপ্রবাহ দেশের বৈদেশিক মুদ্রা মজুদ এবং চলতি হিসাব ভারসাম্যকে শক্তিশালী করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ খাত থেকে প্রাপ্তি অর্থবছর ১৪-এর ১৪২২৮.৩১ মিলিয়ন ডলার হতে শতকরা ৭.৭ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ১৫৩১৬.৯২ মিলিয়ন ডলারে দাঁড়ায় (পরিশিষ্ট-৩, সারণী-১৬)। দেশীয় ব্যাংক এবং বিদেশে বৈদেশিক বিনিময় হাউজের মধ্যে উত্তোলন চুক্তির অনুমোদন নীতি সহজীকরণসহ রেমিট্যান্স বিতরণ নেটওয়ার্ক সরলীকরণে বাংলাদেশ ব্যাংক এর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ফলে রেমিট্যান্স আহরণে বাংলাদেশের ৩৯টি ব্যাংক ও বিশ্বের বিভিন্ন স্থানে অবস্থিত ৩২০ বিদেশি ব্যাংক/এক্সচেঞ্জ হাউজ এর মধ্যে ১২০০টিরও বেশি উত্তোলন চুক্তি স্থাপনের অনুমোদন লাভ করে। ইতোমধ্যে রেমিট্যান্স সংগ্রহের জন্য কয়েকটি স্থানীয় ব্যাংক নিজ উদ্যোগে বিদেশে ৩৪টি এক্সচেঞ্জ হাউজ/অঙ্গ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছে। কিছু মাইক্রো ফাইন্যান্স ইনস্টিটিউট (এমএফআই) রেমিট্যান্স বিতরণ সহজীকরণের সাথে যুক্ত রয়েছে। ৩০ জুন ২০১৫ পর্যন্ত ২৭টি এমএফআই তাদের শাখাগুলোর মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে রেমিট্যান্স বিতরণের জন্য অনুমোদনপ্রাপ্ত হয়েছে। রেমিট্যান্স সংগ্রহ প্রতিযোগিতা বৃদ্ধির জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে বহুজাতিক মানি রেমিটার/এক্সচেঞ্জ হাউজগুলোর সঙ্গে "Pay Cash Exclusivity Clause" বা এধরনের অন্যান্য ব্যাখ্যা পরিহারের ব্যাপারে চুক্তিবদ্ধ হওয়ার নির্দেশ দেয়া হয়েছে। অর্থবছর ১৪ এবং ১৫-এর সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী দেশগুলোর অবস্থান চার্ট ১১.৬(ক) ও চার্ট ১১.৬(খ)-এ দেখানো হয়েছে।

## ১১.২২

বৈদেশিক সাহায্যের মোট পরিমাণ অর্থবছর ১৪-এর ৩১২২ মিলিয়ন ডলার থেকে শতকরা ৩.৬২ ভাগ হ্রাস পেয়ে অর্থবছর ১৫-এ ৩০০৯ মিলিয়ন ডলারে দাঁড়ায় (সারণী-১১.৪)। অর্থবছর ১৫-এ খাদ্য সাহায্যের পরিমাণ ৩৮.০ মিলিয়ন ডলারে দাঁড়ায় যা অর্থবছর ১৪-এ একই ছিল। অর্থবছর ১৫-এ প্রকল্প সাহায্যের পরিমাণ দাঁড়ায়


## সারণী ১১.৩ বাংলাদেশের বাণিজ্য শর্ত

(ভিত্তি : অর্থবছর ০৬=১০০)

| অর্থবছর            | রপ্তানি মূল্য সূচক | আমদানি মূল্য সূচক | পণ্য বাণিজ্য শর্ত |
|--------------------|--------------------|-------------------|-------------------|
| ২০০৭               | ১০৪.৮৫             | ১০৩.৬৪            | ১০১.১৭            |
| ২০০৮               | ১১৬.৩৪             | ১৩১.৪২            | ৮৮.৫৩             |
| ২০০৯               | ১২৫.১৩             | ১৪০.৩৫            | ৮৯.১৬             |
| ২০১০               | ১৩২.৬৪             | ১৪৮.৩২            | ৮৯.৪৩             |
| ২০১১               | ১৪৬.৪১             | ১৬৬.৫১            | ৮৭.৯৩             |
| ২০১২               | ১৫১.৭১             | ১৭৬.৪৪            | ৮৫.৯৮             |
| ২০১৩               | ১৬৩.০৪             | ১৮৯.৬২            | ৮৫.৯৮             |
| ২০১৪               | ১৭২.০৯             | ২০০.৩৭            | ৮৫.৮৯             |
| ২০১৫ <sup>সা</sup> | ১৮২.৩৪             | ২১১.৯১            | ৮৬.০৫             |

সা = সাময়িক। উৎস : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

## চার্ট ১১.৫ বাংলাদেশের বাণিজ্য শর্ত



২৯৭২ মিলিয়ন ডলার, যা অর্থবছর ১৪-এ ছিল ৩০৪৭ মিলিয়ন ডলার। উল্লেখ্য যে, অর্থবছর ১৫-এ পূর্ববর্তী বছরের ন্যায় কোন প্রকার পণ্য সাহায্য পাওয়া যায়নি। ৩০ জুন ২০১৫-এ মোট বকেয়া বৈদেশিক ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ২৩৪৮৯ মিলিয়ন ডলার (অর্থবছর ১৫-এর জিডিপি'র শতকরা ১২.১ ভাগ) যেখানে ৩০ জুন ২০১৪ পর্যন্ত এর পরিমাণ ছিল ২৪৩৮৮ মিলিয়ন ডলার (অর্থবছর ১৪-এর জিডিপি'র শতকরা ১৪.১ ভাগ)। অর্থবছর ১৫-এ বৈদেশিক ঋণ পরিশোধের পরিমাণ দাঁড়ায় ১১০৬ মিলিয়ন ডলার (IMF থেকে পুনঃক্রয় ছাড়া), যা অর্থবছর ১৪-এর ১২৯৪ মিলিয়ন ডলারের



তুলনায় ১৮৮ মিলিয়ন ডলার বা শতকরা ১৪.৫৩ ভাগ কম। অর্থবছর ১৫-এ আসল এবং সুদ বাবদ যথাক্রমে ৯২৪ মিলিয়ন ও ১৮২ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধ করা হয়, যেখানে অর্থবছর ১৪-এ এর পরিমাণ ছিল যথাক্রমে ১০৮৮ মিলিয়ন ও ২০৬ মিলিয়ন মার্কিন ডলার। অর্থবছর ১৫-এ ঋণ পরিশোধের পরিমাণ রপ্তানি আয়ের শতকরা ৩.৬ ভাগে দাঁড়ায়।

### বৈদেশিক মুদ্রা বাজার কার্যক্রম

১১.২৩ ২০০৩ সালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবর্তিত ভাসমান বৈদেশিক মুদ্রা বিনিময় ব্যবস্থার ভিত্তিতে বৈদেশিক মুদ্রা বিনিময়কালে ব্যাংকসমূহ ও গ্রাহকের সংশ্লিষ্ট মুদ্রার বাজারের চাহিদা ও যোগানের উপর বিনিময় হার নির্ধারিত হয়। অর্থবছর ১৫-এ প্রধানত রপ্তানি আয়ের প্রবৃদ্ধি ও স্থিতিশীল রেমিট্যান্স প্রবাহের কারণে স্থানীয় বৈদেশিক মুদ্রা বাজারে তারল্যের পরিমাণ যথেষ্ট ছিল। টাকা-ডলার বিনিময় হার জুন ২০১৪-এ প্রতি ডলার ৭৭.৬৩ টাকার বিপরীতে শতকরা ০.২২ ভাগ অবচিতি হয়ে ৩০ জুন ২০১৫ শেষে ৭৭.৮০ টাকায় দাঁড়ায়, যা মোটামুটি স্থিতিশীল বৈদেশিক মুদ্রা বাজার নির্দেশ করে। আন্তঃব্যাংক বৈদেশিক মুদ্রা লেনদেনের (স্পট, ফরোয়ার্ড ও সোয়াপ) পরিমাণ অর্থবছর ১৪-এর ১৭.২ বিলিয়ন মার্কিন ডলার থেকে শতকরা ১৩.৩৭ ভাগ বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ১৯.৫ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। বৈদেশিক মুদ্রা বাজারে বিনিময় হার স্থিতিশীল রাখার জন্য বাংলাদেশ ব্যাংক পূর্ববর্তী অর্থবছরের ৫.২ বিলিয়ন ডলারের বিপরীতে অর্থবছর ১৫-এ ৩.৪ বিলিয়ন ডলারের বৈদেশিক মুদ্রা ক্রয় করে।

### বৈদেশিক মুদ্রার মজুদ

১১.২৪ বাংলাদেশ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা মজুদ বৈদেশিক মুদ্রা, সংরক্ষিত স্বর্ণ এবং স্পেশাল ড্রয়িং রাইটস্ (এসডিআর) এর সমষ্টি। অর্থবছর ১৫-এ বাংলাদেশের বৈদেশিক মুদ্রা মজুদ দৃঢ়ভাবে বৃদ্ধি পেতে থাকে, যা ২৫ জুনে ২৫ বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করে। অর্থবছর ১৫-এর জুন শেষে বৈদেশিক মুদ্রার মজুদ দাঁড়ায় ২৫.০২ বিলিয়ন। বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রা মজুদ বিনিয়োগের মাধ্যমে কাজক্ষিত আয় বজায় রাখতে তার বৈদেশিক পোর্টফোলিও বিনিয়োগকে বহুমুখী


### সারণী ১১.৪ বৈদেশিক সাহায্য প্রাপ্তি এবং দায় পরিশোধ\*

(মিলিয়ন মার্কিন ডলার)


| বিবরণ   | অর্থবছর ১৩ | অর্থবছর ১৪* | অর্থবছর ১৫** |
|---|------------|-------------|--------------|
| ১। প্রাপ্তি   | ২৮১১       | ৩১২২        | ৩০০৯         |
| ক) খাদ্য সাহায্য  | ৫০         | ৩৮          | ৩৮           |
| খ) পণ্য সাহায্য   | -          | -           | -            |
| গ) প্রকল্প সাহায্য  | ২৭৬১       | ৩০৪৭        | ২৯৭২         |
| ২। পরিশোধ (মধ্যম ও দীর্ঘমেয়াদি)                                  | ১১০২       | ১২৯৪        | ১১০৬         |
| ক) আসল  | ৯০৬        | ১০৮৮        | ৯২৪          |
| খ) সুদ  | ১৯৬        | ২০৬         | ১৮২          |
| ৩। জুন শেষে বকেয়া বৈদেশিক ঋণের স্থিতি                            | ২২৩৮১      | ২৪৩৮৮       | ২৩৪৮৯        |
| ৪। জিডিপি'র শতকরা হিসেবে বৈদেশিক ঋণের স্থিতি                      | ১৪.৯       | ১৪.১        | ১২.১         |
| ৫। রপ্তানির শতকরা হিসেবে বৈদেশিক ঋণ (মধ্যম ও দীর্ঘমেয়াদি) পরিশোধ | ৪.২        | ৪.১         | ৩.৬          |

\* আইএমএফ লোন বাদে।  
\*\* সাময়িক।

### চার্ট ১১.৬(ক) অর্থবছর ১৪-এর প্রবাসীদের প্রেরিত অর্থ



### চার্ট ১১.৬(খ) অর্থবছর ১৫-এর প্রবাসীদের প্রেরিত অর্থ



সভরেন/সুপারান্যাশনাল/অধিক সুনামখ্যাত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুকৃত বন্ড, ইউএস গভর্নমেন্ট ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বাণিজ্যিক ব্যাংকে স্বল্প মেয়াদি আমানত বিনিয়োগে সর্বাঙ্গক চেষ্টা করে থাকে।

### মুদ্রা মজুদ ব্যবস্থাপনা কার্যক্রম

১১.২৫ বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা মজুদের ব্যবস্থাপনা কৌশল ও কার্যক্রম পদ্ধতি মূলত অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক আর্থিক বাজারের উন্নয়ন ও বিভিন্ন নীতি-নির্ধারণ দ্বারা প্রভাবিত হয়। নীতি কাঠামোর সংশ্লিষ্ট উপাদানগুলো হলোঃ বিশেষত মুদ্রানীতি, বৈদেশিক মুদ্রা বিনিময় নীতি এবং বৈদেশিক দায়ের অবস্থা। ২০০৩ সনে ভাসমান বৈদেশিক মুদ্রা বিনিময় ব্যবস্থা প্রবর্তনের পর আন্তর্জাতিক অনুশীলনের সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ ব্যাংক আর্থিক ব্যবস্থাপনার পদ্ধতিতে উল্লেখযোগ্য পরিবর্তন আনে। বর্তমানে বাংলাদেশ ব্যাংক এর পরিচালক পর্ষদ অনুমোদিত মুদ্রা মজুদ ব্যবস্থাপনা গাইডলাইন দ্বারা চলতি মুদ্রা মজুদ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালিত হয়। বাংলাদেশ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা মজুদ রাখার প্রধান উদ্দেশ্য হলো লেনদেন ভারসাম্য অস্থিতিশীলতা রোধে পর্যাপ্ত মাত্রায় মজুদ নিশ্চিতকরণ, টাকার বিনিময় মূল্য এবং টাকার মজুদ মূল্য রক্ষার মাধ্যমে দেশের অর্থনৈতিক সাফল্য বজায় রাখা। বৈদেশিক মুদ্রা মজুদ ব্যবস্থাপনার অন্যান্য একীভূত অংশগুলো হলোঃ বৈদেশিক দায় মেটানো, মজুদের তারল্য নিশ্চিতকরণে বিনিময় হার ব্যবস্থাপনা, রপ্তানির প্রবৃদ্ধিকে উৎসাহিতকরণ এবং বিনিময় হারের ক্রমাগত উঠানামা নিয়ন্ত্রণকরণ এবং বিচক্ষণতার সাথে মজুদের ঝুঁকি নিয়ন্ত্রণ (যা মজুদের আর্থিক মূল্য বজায় রাখে) এবং কাজিফত আয় অর্জন করা। বাংলাদেশ ব্যাংক তার মজুদের উপর থেকে ঝুঁকি কমানোর উদ্দেশ্যে তার বিনিয়োগকে বহুমুখী করে আন্তর্জাতিকভাবে পরিচিত এজেন্সি কর্তৃক (স্ট্যাভার্ড এন্ড পুর'স, মুডি এবং ফিচ) নির্ধারিত ভাল ক্রেডিট রেটিং এর ভিত্তিতে বিভিন্ন কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকে সংরক্ষণ করে। মজুদকে প্রধান প্রধান মুদ্রার ভিত্তিতে বহুমুখী করা হয় যাতে বিনিময় হার ঝুঁকি হ্রাস পায় এবং আন্তর্জাতিক অঙ্গনে মুদ্রা ও বিনিময় হার নীতির অগ্রগতির প্রতি লক্ষ্য রাখা হয়। সুদ হার ঝুঁকি হ্রাস করার জন্য


### সারণী ১১.৫ বাংলাদেশ ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা মজুদ

(মিলিয়ন মার্কিন ডলার)

| মাস         | অর্থবছর ১১ | অর্থবছর ১২ | অর্থবছর ১৩ | অর্থবছর ১৪ | অর্থবছর ১৫ |
|-------------|------------|------------|------------|------------|------------|
| জুলাই       | ১০৭৪৯      | ১০৩৮১      | ১০৫৭০      | ১৫৫৩৪      | ২১৩৮৪      |
| আগস্ট       | ১০৯৯২      | ১০৯১৪      | ১১৪৩৫      | ১৬২৫২      | ২২০৭০      |
| সেপ্টেম্বর  | ১০৮৩৪      | ৯৮৮৪       | ১১২৫২      | ১৬১৫৫      | ২১৮৩৭      |
| অক্টোবর     | ১১১৬০      | ১০৩৩৮      | ১২৩৪০      | ১৭৩৪৬      | ২২৩১৩      |
| নভেম্বর     | ১০৭০০      | ৯২৮৫       | ১১৭৫৪      | ১৭১০৬      | ২১৫৯০      |
| ডিসেম্বর    | ১১১৭৪      | ৯৬৩৫       | ১২৭৫১      | ১৮০৯৫      | ২২৩১০      |
| জানুয়ারি   | ১০৩৮২      | ৯৩৮৬       | ১৩০৭৭      | ১৮১১৯      | ২২০৪২      |
| ফেব্রুয়ারি | ১১১৫৯      | ১০০৬৭      | ১৩৮৪৮      | ১৯১৫১      | ২৩০৩২      |
| মার্চ       | ১০৭৩১      | ৯৫৭৯       | ১৩৯৭১      | ১৯২৯৫      | ২৩০৫৩      |
| এপ্রিল      | ১১৩১৬      | ১০১৯৩      | ১৪৮২৯      | ২০৩৭০      | ২৪০৭২      |
| মে          | ১০৪৩১      | ৯৫২০       | ১৪৫৩১      | ২০২৬৮      | ২৩৭০৮      |
| জুন         | ১০৯১২      | ১০৩৬৪      | ১৫৩১৫      | ২১৫০৮      | ২৫০২৬      |

উৎস : একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

### চার্ট ১১.৭ বিদেশে রক্ষিত তরল সম্পদ



সঠিক বিনিয়োগ সময় সীমা অনুসরণ করা হয়, যেখানে মজুদ ব্যবস্থাপনা ও বিনিয়োগ তিনটি বিভিন্ন রিপোর্টিং এজেন্সির (Front Office, Middle Office and Back Office) অধীনে কার্যক্রম পরিচালিত হয়। যাহোক, নির্ধারিত তারল্যের বিধিনিষেধ রক্ষা এবং বাজার ও ঋণ ঝুঁকি সীমিত করার জন্য বাংলাদেশ ব্যাংক তার পোর্টফোলিও বিনিয়োগকে স্বর্ণ, টি-বিল, রেপো, স্বল্প মেয়াদি ডিপোজিটসহ অর্থ বাজারের বিভিন্ন উপকরণ, উচ্চহারের সভরেন, সুপারান্যাশনাল ও কর্পোরেট বন্ডে বহুমুখিতা করেছে। ইউরো দায় সংকটাপন্ন দেশগুলোর

ব্যাংক ও সিকিউরিটিতে বিনিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক দূরদৃষ্টিসম্পন্ন ও সতর্ক ব্যবস্থা গ্রহণ করে।

### ১১.২৬ অর্থবছর ১৫-এ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়নের (ACU) সদস্যভুক্ত দেশগুলোর সাথে বাংলাদেশের মোট লেনদেন কিছুটা বৃদ্ধি পায়। আলোচ্য বছরে ACU সদস্যভুক্ত দেশগুলোতে বাংলাদেশের রপ্তানি আয় অর্থবছর ১৪-এর ৭৯.৭ মিলিয়ন ডলার (৬.১৯ বিলিয়ন টাকা) থেকে উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ১১৫.৫ মিলিয়ন ডলারে (৮.৯৯ বিলিয়ন টাকা) দাঁড়ায় এবং ACU সদস্যভুক্ত দেশগুলো হতে আমদানি ব্যয়ের পরিমাণ ৫৭০৬.৯ মিলিয়ন ডলার (৪৪৩.০৩ বিলিয়ন টাকা) হতে কিছুটা বৃদ্ধি পেয়ে ৫৭৪৮.৯ মিলিয়ন ডলার (৪৪৭.২৬ বিলিয়ন টাকা) এ দাঁড়ায়। এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়নের (ACU) সদস্যভুক্ত দেশগুলোর সাথে বাংলাদেশের মোট লেনদেনের চিত্র থেকে দেখা যায় যে, অর্থবছর ১৫-এও বাংলাদেশ নিট দেনাদার ছিল। বাংলাদেশের নিট দেনার পরিমাণ অর্থবছর ১৫-এ পূর্ববর্তী বছরের ৫৬২৭.২ মিলিয়ন ডলার (৪৩৬.৮৪ বিলিয়ন টাকা) থেকে ৬.২ মিলিয়ন বা শতকরা ০.১১ ভাগ বৃদ্ধি পেয়ে ৫৬৩৩.৪ মিলিয়ন ডলারে (৪৩৮.২৮ বিলিয়ন টাকা) দাঁড়ায়। ACU এর আওতায় বিগত তিন বছরে বাংলাদেশের প্রাপ্তি ও পরিশোধ সারণী-১১.৬ এ দেখানো হলো।

১১.২৬ অর্থবছর ১৫-এ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়নের (ACU) সদস্যভুক্ত দেশগুলোর সাথে বাংলাদেশের মোট লেনদেন কিছুটা বৃদ্ধি পায়। আলোচ্য বছরে ACU সদস্যভুক্ত দেশগুলোতে বাংলাদেশের রপ্তানি আয় অর্থবছর ১৪-এর ৭৯.৭ মিলিয়ন ডলার (৬.১৯ বিলিয়ন টাকা) থেকে উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়ে অর্থবছর ১৫-এ ১১৫.৫ মিলিয়ন ডলারে (৮.৯৯ বিলিয়ন টাকা) দাঁড়ায় এবং ACU সদস্যভুক্ত দেশগুলো হতে আমদানি ব্যয়ের পরিমাণ ৫৭০৬.৯ মিলিয়ন ডলার (৪৪৩.০৩ বিলিয়ন টাকা) হতে কিছুটা বৃদ্ধি পেয়ে ৫৭৪৮.৯ মিলিয়ন ডলার (৪৪৭.২৬ বিলিয়ন টাকা) এ দাঁড়ায়। এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়নের (ACU) সদস্যভুক্ত দেশগুলোর সাথে বাংলাদেশের মোট লেনদেনের চিত্র থেকে দেখা যায় যে, অর্থবছর ১৫-এও বাংলাদেশ নিট দেনাদার ছিল। বাংলাদেশের নিট দেনার পরিমাণ অর্থবছর ১৫-এ পূর্ববর্তী বছরের ৫৬২৭.২ মিলিয়ন ডলার (৪৩৬.৮৪ বিলিয়ন টাকা) থেকে ৬.২ মিলিয়ন বা শতকরা ০.১১ ভাগ বৃদ্ধি পেয়ে ৫৬৩৩.৪ মিলিয়ন ডলারে (৪৩৮.২৮ বিলিয়ন টাকা) দাঁড়ায়। ACU এর আওতায় বিগত তিন বছরে বাংলাদেশের প্রাপ্তি ও পরিশোধ সারণী-১১.৬ এ দেখানো হলো।

### ১১.২৭ এপ্রিল ২০১২-এ আন্তর্জাতিক অর্থ তহবিল (আইএমএফ)-এর নির্বাহী বোর্ড বাংলাদেশের জন্য ৩-বছর মেয়াদি Extended Credit Facility (ECF) অনুমোদন করেছে। ECF সুবিধার আওতায় ৭টি সমান কিস্তির মাধ্যমে ৬৪০ মিলিয়ন এসডিআর প্রদান করা হয়েছে। আইএমএফ অর্থবছর ১৫-এ ECF-এর অধীনে কোন কিস্তি ছাড় করেনি। ফলে ৩০ জুন ২০১৫ শেষে ECF-এর অধীনে বাংলাদেশের দায়ের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৪৫৭.১১ মিলিয়ন এসডিআর। অর্থবছর ১৫-এর জুন শেষে বাংলাদেশ আইএমএফকে PRGF-এর

১১.২৭ এপ্রিল ২০১২-এ আন্তর্জাতিক অর্থ তহবিল (আইএমএফ)-এর নির্বাহী বোর্ড বাংলাদেশের জন্য ৩-বছর মেয়াদি Extended Credit Facility (ECF) অনুমোদন করেছে। ECF সুবিধার আওতায় ৭টি সমান কিস্তির মাধ্যমে ৬৪০ মিলিয়ন এসডিআর প্রদান করা হয়েছে। আইএমএফ অর্থবছর ১৫-এ ECF-এর অধীনে কোন কিস্তি ছাড় করেনি। ফলে ৩০ জুন ২০১৫ শেষে ECF-এর অধীনে বাংলাদেশের দায়ের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৪৫৭.১১ মিলিয়ন এসডিআর। অর্থবছর ১৫-এর জুন শেষে বাংলাদেশ আইএমএফকে PRGF-এর

### সারণী ১১.৬ এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়নের আওতাধীন বাংলাদেশের প্রাপ্তি ও পরিশোধ

(মিলিয়ন মার্কিন ডলার)

| লেনদেনের খাত                     | অর্থবছর ১৩            | অর্থবছর ১৪            | অর্থবছর ১৫            | শতকরা পরিবর্তন |
|----------------------------------|-----------------------|-----------------------|-----------------------|----------------|
| প্রাপ্তি (রপ্তানি)               | ১৬১.১০<br>(২২.৫৩)     | ৭৯.৭৪<br>(৬.১৯)       | ১১৫.৪৬<br>(৮.৯৯)      | ৪৪.৮৩          |
| পরিশোধ (আমদানি)                  | ৪৪১৯.৫৪<br>(৩৪৩.৬৬)   | ৫৭০৬.৯০<br>(৪৪৩.০৩)   | ৫৭৪৮.৮৭<br>(৪৪২.৭৬)   | ০.৭৩           |
| নিট ঃ ঘাটতি (-)/<br>উদ্বৃত্ত (+) | -৪২৫৮.৪৪<br>(-৩৩১.১৩) | -৫৬২৭.১৬<br>(-৪৩৬.৮৪) | -৫৬৩৩.৩৮<br>(-৪৩৮.২৮) | ০.১১           |

নোট ঃ ১) বন্ধনীভুক্ত সংখ্যাসমূহ বিলিয়ন টাকা নির্দেশ করে।

২) এসিইউ ডলার = ১ মার্কিন ডলার; ১ মার্কিন ডলার = ৭৭.৮০ টাকা।

### সারণী ১১.৭ আইএমএফ থেকে প্রাপ্ত সুবিধাদির বিপরীতে বকেয়া দায়ের স্থিতি

(মিলিয়ন এসডিআর)

| সুবিধাদি             | অর্থবছর<br>জুন ১৫<br>পর্যন্ত<br>উত্তোলন/<br>ক্রয় | জুন<br>২০১৪ শেষে<br>বকেয়া<br>দায়ের<br>স্থিতি | অর্থবছর<br>২০১৫-এ<br>পরিশোধ | জুন<br>২০১৫ শেষে<br>বকেয়া<br>দায়ের<br>স্থিতি |
|----------------------|---|--|-----------------------------|--|
| পিআরজিএফ<br>জুন ২০০৩ | ৩১৬.৭৩  | ৬৮.৮৬  | ৩৮.৬০                       | ৩০.২৫  |
| ইসিএফ<br>এপ্রিল ২০১২ | ৪৫৭.১১  | ৪৫৭.১১   | --                          | ৪৫৭.১১   |
| tgU                  | 773.84  | 525.97   | 38.60                       | 487.36   |

উৎস ঃ ফরেস্ট রিজার্ভ এন্ড ট্রেজারী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক।

বিপরীতে ৩৮.৬০ মিলিয়ন এসডিআর পরিশোধ করে। এর ফলে অর্থবছর ১৫ শেষে PRGF-এর অধীনে বকেয়া দায়ের পরিমাণ দাঁড়ায় ৩০.২৫ মিলিয়ন এসডিআর। অর্থবছর ১৫-এ বাংলাদেশ আন্তর্জাতিক অর্থ তহবিলকে সার্ভিস চার্জ বাবদ ০.৩২ মিলিয়ন এসডিআর পরিশোধ করে (সারণী-১১.৭)।

### ১১.২৮ বাংলাদেশ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা

১১.২৮ বাংলাদেশ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থা সহজীকরণের ধারাবাহিকতায় অর্থবছর ১৫-এ বৈদেশিক মুদ্রা বিধি-বিধানের ক্ষেত্রে নিম্নলিখিত উল্লেখযোগ্য পরিবর্তনসমূহ পরিলক্ষিত হয়েছে-

- **e-Delivery**’র মাধ্যমে সফটওয়্যার আমদানিমূল্য পরিশোধ : e-Delivery’র মাধ্যমে সফটওয়্যার ক্রয়ের প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, কতিপয় শর্তাবলী যেমন- e-Delivery’র মাধ্যমে ক্রয়কৃত সফটওয়্যারটি যথাযথ এবং তা নির্ভরযোগ্য সরবরাহকারীর নিকট থেকে সংগ্রহ করা হচ্ছে মর্মে BASIS এর প্রত্যয়ন সনদ প্রাপ্তি, জাতীয় রাজস্ব বোর্ডের ধার্যকৃত শুল্ক ও করাদি পরিশোধ সংক্রান্ত দলিলাদি সংগ্রহ এবং বৈদেশিক মুদ্রা লেনদেন বিষয়ে AML/CFT সংশ্লিষ্ট নিয়মাচার যথাযথ অনুসরণ ও পরিপালন সাপেক্ষে এডি ব্যাংক e-Delivery’র মাধ্যমে সংগৃহীত সফটওয়্যার এর মূল্য পরিশোধ করতে পারবে।
- **নগদ নোট আকারে মার্কিন ডলার ছাড়করণ** : বহির্গামী বাংলাদেশি নাগরিকগণের অনুকূলে তাদের স্ব স্ব ব্যক্তিগত ভ্রমণ কোটা/ব্যবসায়িক ভ্রমণ কোটা/বিদেশে চিকিৎসা গ্রহণ/উচ্চ শিক্ষার্থে বিদেশ গমন/অন্যবিধ বিশেষ বা সাধারণ অনুমোদন মোতাবেক বার্ষিক ছাড়যোগ্য বৈদেশিক মুদ্রা হতে প্রতিবার ভ্রমণে যাত্রীপিছু মার্কিন ডলার ছাড়করণের পরিমাণ ৩০০০ হতে বাড়িয়ে ৫০০০ করা হয়েছে। অবশিষ্ট প্রাপ্য অথবা প্রাপ্যতার সম্পূর্ণ অংশ অন্য অবাধ বিনিময়যোগ্য বৈদেশিক মুদ্রায় নগদ নোট আকারে অথবা আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের মাধ্যমে ইস্যু করা যাবে।
- **বাংলাদেশ ব্যাংকে রিটার্ন দাখিল** : বৈদেশিক মুদ্রা লেনদেন সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে মাসিক ভিত্তিক রিটার্ন দাখিলের সময় গাইডলাইনস ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স ২০০৯, খণ্ড-১, পঞ্চম অধ্যায় এর অনুচ্ছেদ ১(১) এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক পূর্বানুমোদিত আউটওয়ার্ড রেমিট্যান্সের ক্ষেত্রে TM ফরম এর সাথে সহায়ক ডকুমেন্টসমূহ পুনরায় প্রেরণের প্রয়োজন নেই। TM ফরম এ বাংলাদেশ ব্যাংকের অনুমোদন সূত্রে উল্লেখপূর্বক সংশ্লিষ্ট শিডিউলের মাধ্যমে তা দাখিল করতে হবে।
- **নিবাসী কর্তৃক ক্রয়কৃত তালিকাবহির্ভূত কোম্পানিতে অনিবাসী মালিকানাধীন শেয়ার (Non-resident owned equity) এর বিক্রয়লব্ধ অর্থ প্রত্যাবাসন** :

তালিকাবহির্ভূত কোম্পানিতে অনিবাসী মালিকানাধীন শেয়ার এর বিক্রয়লব্ধ অর্থ প্রত্যাবাসনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কোম্পানির প্রকৃতি অনুযায়ী বিক্রয়লব্ধ অর্থ প্রদানের তারিখে তিনটি মূল্যনির্ধারণ পন্থার (net asset value approach, market value approach, discounted cash flow approach) সংমিশ্রণের উপর ভিত্তি করে মূল্যায়নকৃত শেয়ারের প্রকৃত মূল্য (fair value) অনুমোদন করবে। ইতিপূর্বে শুধুমাত্র fair value পন্থায় শেয়ারের মূল্য নির্ধারণ করা হতো।

- **অনিবাসী টাকা হিসাবে লেনদেন** : বাংলাদেশ ব্যাংকের অনুমোদন/ফরম A-৭ অনুসারে প্রতিবেদন দাখিলের আবশ্যিকতা পরিপালন সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক অনিবাসী ব্যক্তির টাকা হিসাবের স্থিতি হতে নিম্নলিখিত উদ্দেশ্যে বহিঃরেমিট্যান্স বাবদ বিকলন অনুমোদন করেছেঃ (ক) হিসাবধারী এবং তাদের পরিবারের সদস্যগণ যে দেশে বসবাস করছেন সেখানে জীবন ধারণের তাগিদে উদ্ভূত খরচ এবং (খ) প্রাতিষ্ঠানিক হিসাবধারী কর্তৃক বিদেশ হতে অনুমোদনযোগ্য পণ্য/সেবা ক্রয়ের বিপরীতে চলতি প্রকৃতির ব্যয় পরিশোধ।

### মানিলভারিং প্রতিরোধ কার্যক্রম

১১.২৯ মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) অর্থবছর ১৫-এ দেশব্যাপী নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে।

### রিপোর্টিং সংস্থার জন্য গৃহীত নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাদি

- মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব যথাযথভাবে পরিপালনের লক্ষ্যে উল্লিখিত দু’টি খাতের জন্য বিএফআইইউ কর্তৃক যথাক্রমে ২৮ ডিসেম্বর ২০১৪ এবং ২৯ জুলাই ২০১৫ তারিখে সার্কুলার জারি করা হয়েছে।
- নিজ নিজ প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন ঝুঁকি নিরূপণের জন্য বিএফআইইউ কর্তৃক গত ৮ জানুয়ারি ২০১৫ তারিখে ব্যাংকসমূহের জন্য Money Laundering and

Terrorist Financing Risk Assessment Guidelines জারি করা হয়। সে প্রেক্ষিতে ইতোমধ্যে ব্যাংকসমূহ হতে তাদের নিজস্ব ঝুঁকি নিরূপণ প্রতিবেদন পাওয়া গিয়েছে এবং তা বিএফআইইউ কর্তৃক ভেটিং করা হয়েছে।

### সন্দেহজনক লেনদেন রিপোর্ট গ্রহণ এবং বিতরণ

- অর্থবছর ১৫-এ বিএফআইইউ সর্বমোট ১১৮২টি সন্দেহজনক লেনদেন রিপোর্ট গ্রহণ করেছে। উক্ত সন্দেহজনক লেনদেনগুলো বিশ্লেষণের পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ৬৭টি রিপোর্ট সময়ে সময়ে দুর্নীতি দমন কমিশন ও সিআইডি, বাংলাদেশ পুলিশ বরাবর প্রেরণ করা হয়েছে। বিএফআইইউ সময়ে সময়ে রিপোর্টসমূহের তদন্তের অগ্রগতি তদারকি করে।

### বিএফআইইউকে শক্তিশালীকরণ কার্যক্রম

- সন্দেহজনক লেনদেন বিশ্লেষণ প্রক্রিয়া আরও ফলপ্রসূ করার নিমিত্তে জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইকল্পে বিএফআইইউ বাংলাদেশ নির্বাচন কমিশনের জাতীয় পরিচয়পত্র ডাটাবেইজ ব্যবহার শুরু করেছে। পাশাপাশি সম্প্রতি বিএফআইইউ জন্ম ও মৃত্যু নিবন্ধন ডাটাবেইজ এবং পাসপোর্ট ডাটাবেইজে প্রবেশাধিকারের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে।
- সন্দেহজনক লেনদেন বিশ্লেষণ প্রক্রিয়ায় বিএফআইইউ বাংলাদেশ ব্যাংকের Credit Information Bureau (CIB), Bangladesh Automated Clearing House (BACH) এবং Dash Board (আমদানি, রপ্তানি, ভ্রমণ, ইনওয়ার্ড রেমিট্যান্স ইত্যাদি সংক্রান্ত) এর তথ্যাদি ব্যবহার শুরু করেছে।

### জাতীয় পর্যায়ে গৃহীত উদ্যোগসমূহ

- বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এবং বিএফআইইউ প্রধানের নেতৃত্বে একটি

উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে জাতীয় কৌশলপত্র ২০১৫-২০১৭ প্রণয়ন করেছে যা মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে জাতীয় সমন্বয় কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে।

- বর্তমানে বিএফআইইউ, এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি এবং সমাজসেবা অধিদপ্তর যৌথভাবে বাংলাদেশের NGO/NPO সেক্টরের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন ঝুঁকি নিরূপণ প্রতিবেদন প্রণয়ন করেছে। বিশদ প্রতিবেদনটি বর্তমানে পর্যালোচনাধীন আছে এবং খুব শীঘ্রই তা জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে।

### আন্তর্জাতিক সহযোগিতা ও গৃহীত উদ্যোগসমূহ

- মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সম্পর্কিত তথ্য আদান প্রদানের উদ্দেশ্যে জুন ২০১৫ পর্যন্ত বিএফআইইউ সর্বমোট ৩৫টি দেশের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। তন্মধ্যে অর্থবছর ১৪-এ ৯ (নয়) টি সমঝোতা স্মারক (ভিয়েতনাম, মরক্কো, বাহরাইন, ব্রুনাই দারুস সালাম, রাশিয়া, ফিজি, কিরগিজস্তান, পানামা এবং বার্বাডোজ) স্বাক্ষরিত হয়েছে।
- গত ২৯ জানুয়ারি ২০১৫ তারিখে বিএফআইইউ এগমেন্ট গ্রুপের এশিয়া প্যাসিফিক অঞ্চলের ২৫টি দেশের জন্য আঞ্চলিক প্রতিনিধি হিসেবে মনোনীত হয়েছে। ২৫-৩০ জানুয়ারি ২০১৫ সময়ে জার্মানির বার্লিনে অনুষ্ঠিত এগমেন্ট কমিটি ও ওয়ার্কিং গ্রুপের সভাসমূহ, আঞ্চলিক সভাসমূহ এবং এফআইইউ-সমূহের প্রধান ও পর্যবেক্ষকগণের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। আঞ্চলিক প্রতিনিধি হিসেবে বিএফআইইউ ২০১৫-২০১৭ মেয়াদে দায়িত্ব পালন করবে। আবাসিক প্রতিনিধি হিসেবে এশিয়া প্যাসিফিক অঞ্চলের বিএফআইইউ এগমেন্ট কমিটি ও ওয়ার্কিং গ্রুপের বিভিন্ন বিষয় এ অঞ্চলের সদস্য এফআইইউসমূহের সাথে সমন্বয় করবে।

## ১২.১ পেমেন্ট ও সেটেলমেন্ট সিস্টেমস্

১২.১ পেমেন্ট ও সেটেলমেন্ট সিস্টেমস্ ভৌত এবং ইলেক্ট্রনিক অবকাঠামোর সমন্বয়ে গঠিত এবং পণ্য ও সেবা বিনিময়ের ফলে উদ্ভূত আর্থিক দায়বদ্ধতা যথাযথ প্রক্রিয়ানুসারে নিষ্পন্ন করার একটি পদ্ধতি। বাজার ভিত্তিক ইন্সট্রুমেন্টসমূহকে আরও কার্যকরভাবে ব্যবহার করে দক্ষ মুদ্রা নীতি প্রণয়নের মাধ্যমে কাজক্ষিত লক্ষ্য অর্জনে পেমেন্ট ও সেটেলমেন্ট সিস্টেমস্ কেন্দ্রীয় ব্যাংককে সহায়তা করে।

১২.২ বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট পেমেন্ট সিস্টেমস্ কৌশল, অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম, ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার, ন্যাশনাল পেমেন্ট সুইচ, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, এজেন্ট ব্যাংকিং, ই-কমার্স, এম-কমার্স এবং আইনগত ও প্রবিধিগত কাঠামো (Legal and Regulatory Framework) উন্নয়নে কাজ করে যাচ্ছে। দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং বাংলাদেশের সকল নাগরিককে আর্থিক সেবায় অন্তর্ভুক্তির মাধ্যমে দেশের পেমেন্ট সিস্টেমস্কে অত্যাধুনিক করে নিরাপদ, দক্ষ এবং আন্তর্জাতিক মানসম্পন্ন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এ বিভাগ সচেষ্ট রয়েছে।

১২.৩ গতানুগতিক কাগজভিত্তিক পেমেন্ট সিস্টেমস্ ছিল আধা স্বয়ংক্রিয়, সময়ক্ষেপণশীল ও ঝুঁকিবহুল। এ পদ্ধতি আন্তর্জাতিক মানসম্পন্ন সমপর্যায়ের ছিলনা। বাংলাদেশে ৭ অক্টোবর ২০১০ এর পূর্বে চার ধরনের পেমেন্ট ও সেটেলমেন্ট সিস্টেমস্ চালু ছিল। চেক, ব্যাংক ড্রাফট, পে অর্ডার, ডিভিডেন্ড ও রিফান্ড ওয়ারেন্ট প্রভৃতির মাধ্যমে আগে ম্যানুয়েল পদ্ধতিতে নিকাশ ঘরে নিষ্পত্তি করা হতো। তাছাড়া, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড এবং এটিএম লেনদেনও শহর এলাকাগুলোতে জনপ্রিয় হয়ে উঠেছে।

### ১২.৪ দেশে একটি উন্নত পেমেন্ট সিস্টেমস্ চালুর উদ্দেশ্যে ৭ অক্টোবর ২০১০ তারিখ হতে বাংলাদেশ

১২.৪ দেশে একটি উন্নত পেমেন্ট সিস্টেমস্ চালুর উদ্দেশ্যে ৭ অক্টোবর ২০১০ তারিখ হতে বাংলাদেশ

অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম এর বাস্তব কার্যক্রম শুরু করেছে। দেশের পেমেন্ট ও সেটেলমেন্ট সিস্টেমস্ আরো আধুনিকীকরণের কৌশল হিসেবে পরবর্তী সময়ে ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার, ই-কমার্স, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, এম কমার্স চালু করা হয়। এ পেমেন্ট প্ল্যাটফর্মগুলোর সংক্ষিপ্ত পরিচিতি নিম্নের অনুচ্ছেদে বর্ণিত হলো।

১২.৫ বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর দু'টি অংশঃ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম এবং ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার। উভয় পদ্ধতিতেই ব্যাচ প্রসেসে ব্যাংকগুলো থেকে দৈনিক লেনদেনসমূহ গ্রহণ করা হয় এবং পূর্বনির্ধারিত সময়ে প্রক্রিয়াকরণের মাধ্যমে একটি একক মাল্টিপ্ল্যাটারেল নেটিং ফিগারের মাধ্যমে নিষ্পত্তি করা হয়, যা বাংলাদেশ ব্যাংকে রক্ষিত প্রতিটি ব্যাংকের নিজস্ব বইয়ে হিসাব হালনাগাদ করা হয়। BACH সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য আদান প্রদানের জন্য অংশগ্রহণকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ, ডাটা সেন্টার (DC) এবং ডিজাস্টার রিকভারি সাইট (DRS) এর মধ্যে একটি ভার্সুয়াল প্রাইভেট নেটওয়ার্ক (VPN) প্রতিষ্ঠা করা হয়েছে। নিরাপদভাবে ডাটা আদান-প্রদানের জন্য বাংলাদেশে ডিজিটাল সার্টিফিকেটও প্রণয়ন করা হচ্ছে।



১২.৬ BACPS চেক ইমেজিং অ্যান্ড ট্রানকেশন সিস্টেম (Cheque Imaging and Truncation System-CITS) প্রযুক্তির ব্যবহার করে বিভিন্ন কাগজভিত্তিক মাধ্যম হতে ইমেজভিত্তিক মাধ্যম যেমন চেক, ব্যাংক ড্রাফট, পে অর্ডার, ডিভিডেন্ড এবং রিফান্ড ওয়ারেন্ট ইত্যাদি নিকাশ করে থাকে। এ পদ্ধতি অন্তঃএলাকা ও আন্তঃএলাকা উভয় নিকাশে সহায়তা করে এবং পদ্ধতিটি ঢাকায় কেন্দ্রীভূত প্রসেসিং সিস্টেম ও নির্ধারিত নিকাশ অঞ্চলের উপর প্রতিষ্ঠিত। এ পদ্ধতি আন্তর্জাতিক সর্বোত্তম রীতি-নীতির সাথে সংগতিপূর্ণ এবং দেশের মধ্যে চেক প্রসেসিং এর জন্য কার্যকর ব্যয় সাশ্রয়ী সমাধান হিসেবেও বিবেচনা করা হয়।

১২.৭ বর্তমানে BACPS এর মাধ্যমে প্রতি মাসে প্রায় ১.৯০ মিলিয়ন নিয়মিত এবং ০.১৪৩ মিলিয়ন উচ্চ মূল্যের চেক এবং অন্য ইন্সট্রুমেন্টগুলোর নিকাশ করা হয়। প্রতি মাসে নিয়মিত ইন্সট্রুমেন্টসমূহের নিকাশমূল্য প্রায় ৫৮২ বিলিয়ন টাকা এবং উচ্চমূল্যের অন্য ইন্সট্রুমেন্টগুলোর নিকাশমূল্য প্রায় ৭৭৪ বিলিয়ন টাকা। নিকাশ চক্রকাল কমিয়ে উচ্চ মূল্যের চেকের জন্য টি+০ এবং নিয়মিত মূল্যের চেকের জন্য টি+১ করা হয়েছে। চার্ট ১২.১ এবং ১২.২ এর মাধ্যমে অর্থবছর ১৫-এর নিকাশকৃত নিয়মিত এবং উচ্চমূল্যের চেকের সংখ্যার চিত্র দেখানো হয়েছে।

